



সবগুলো অধ্যায়ের সমাধান

গণিত

ষষ্ঠ শ্রেণি

$$a^m \cdot a^n = a^{m+n}$$

$$\frac{a^m}{a^n} = a^{m-n}$$




$$2x-1=5$$

রাইসুল ইসলাম শ্রীদয়



জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ

প্রথম অধ্যায় স্বাভাবিক সংখ্যা ও ভগ্নাংশ



অনুশীলনী ১.১



পাঠ সম্পর্কিত গুরুত্বপূর্ণ বিষয়াদি



২০২৫ সালের নতুন বই থেকে সংযোজিত তথ্যাবলি

■ **অঙ্কপাতন** : পাটিগণিতে দশটি প্রতীক দ্বারা সব সংখ্যাই প্রকাশ করা যায়। এ প্রতীকগুলো হলো :

১, ২, ৩, ৪, ৫, ৬, ৭, ৮, ৯, ০

এদের মধ্যে প্রথম নয়টি প্রতীককে সার্থক অঙ্ক এবং শেষেরটিকে শূন্য (সংখ্যার অভাবজ্ঞাপক অঙ্ক) বলা হয়। উপরে উল্লিখিত সংখ্যাগুলোর স্বকীয় বা প্রকৃত মান যথাক্রমে এক, দুই, তিন, চার, পাঁচ, ছয়, সাত, আট, নয় ও শূন্য।

৯ অপেক্ষা বড় সব সংখ্যাই দুই বা ততোধিক অঙ্ক পাশাপাশি বসিয়ে লেখা যায়। কোনো সংখ্যা অঙ্ক দ্বারা লেখাকে অঙ্ক পাতন বলে। অঙ্কপাতনে দশটি প্রতীকই ব্যবহার করা হয়। দশ-ভিত্তিক সংখ্যা প্রকাশের রীতিকে দশমিক বা দশ-গুণোত্তর রীতি বলা হয়।

■ **স্বকীয় মান** : কোনো সংখ্যায় ব্যবহৃত অঙ্কগুলোর মান তার অবস্থানের ওপর নির্ভর করে। কোনো সার্থক অঙ্ক আলাদাভাবে লিখলে যে সংখ্যা প্রকাশ করে তা অঙ্কের স্বকীয় মান। যেমন, ৫৫ এর সর্বডানে ৫ এর স্বকীয় মান ৫ এবং দ্বিতীয় ৫ এর স্বকীয় মান ৫।

■ **স্থানীয় মান** : কয়েকটি অঙ্ক পাশাপাশি লিখলে কোনো সার্থক অঙ্ক তার অবস্থানের জন্য যে সংখ্যা প্রকাশ করে, তাকে ঐ অঙ্কের স্থানীয় মান বলে। যেমন, ৯৯৯ সংখ্যাটির সর্বডানে ৯ এর স্থানীয় মান ৯, ডানদিক থেকে দ্বিতীয় ও তৃতীয় স্থানে ৯ এর স্থানীয় মান যথাক্রমে ৯০ ও ৯০০।

তাহলে দেখা যাচ্ছে, একই অঙ্কের স্থান পরিবর্তনের ফলে স্থানীয় মানের পরিবর্তন হয়। কিন্তু স্বকীয় মান একই থাকে।

অর্থাৎ $৯৯৯ = ১০০ \times ৯ + ১০ \times ৯ + ৯$

■ **দেশীয় সংখ্যাপঠন রীতি** : পাশাপাশি লিখিত অঙ্কগুলো দ্বারা গঠিত সংখ্যার ডানদিক থেকে প্রথম, দ্বিতীয়, তৃতীয় স্থান (ঘর) যথাক্রমে একক, দশক এবং শতক প্রকাশ করে। চতুর্থ, পঞ্চম, ষষ্ঠ, সপ্তম, অষ্টম স্থানকে যথাক্রমে হাজার, অযুত, লক্ষ, নিযুত, কোটি বলা হয়।

লক্ষ		হাজার		শতক	দশক	একক	
কোটি	নিযুত	লক্ষ	অযুত				হাজার
অষ্টম	সপ্তম	ষষ্ঠ	পঞ্চম	চতুর্থ	তৃতীয়	দ্বিতীয়	প্রথম

এককের ঘরের অঙ্কগুলো কথায় লেখা বা পড়া হয় এক, দুই, তিন, চার ইত্যাদি। কিন্তু দুই অঙ্কের সংখ্যা ২৫, ৩৮, ৭১ কে যথাক্রমে দুই দশক পাঁচ, তিন দশক আট, সাত দশক এক পড়া হয় না। এদের বিশেষ বিশেষ নাম আছে। যেমন, পঁচিশ, আটত্রিশ, একাত্তর।

১০ থেকে ৯৯ পর্যন্ত দুই অঙ্কের সংখ্যাগুলোকে তাদের বিশেষ নামেই পড়া হয়। শতকের ঘরের ১, ২, ৩ ইত্যাদি অঙ্কগুলোকে যথাক্রমে একশ, দুইশ, তিনশ ইত্যাদি পড়া হয়।

চার বা ততোধিক অঙ্ক লিখিত সংখ্যা শূন্যভাবে পড়ার জন্য কমা (,) ব্যবহার করা হয়। যেকোনো সংখ্যার ডানদিক থেকে তিন অঙ্ক পরে একটি কমা এবং এরপর দুই অঙ্ক পর পর কমা ব্যবহার করতে হয়।

বোর্ড বইয়ের অনুশীলনীর প্রশ্ন ও সমাধান

■ অনুশীলনী ১.১ এর প্রশ্ন ও সমাধান

প

প্র-১ নিচের সংখ্যাগুলো অঙ্কে লেখ :

(ক) বিশ হাজার সত্তর, ত্রিশ হাজার আট, পঞ্চাশ হাজার চারশ।

সমাধান : বিশ হাজার সত্তর

কোটি	নিযুত	লক্ষ	অযুত	হাজার	শতক	দশক	একক
			২	০	০	৭	০

কথায় প্রকাশিত সংখ্যাটি অঙ্কপাতনের পর দেখা যায় যে, শতক ও এককের ঘরে কোনো অঙ্ক নেই। সুতরাং এ খালি ঘরগুলোতে শূন্য (০) বসিয়ে সংখ্যাটি পাওয়া যায়।

উত্তর : বিশ হাজার সত্তর = ২০,০৭০।

ত্রিশ হাজার আট

কোটি	নিযুত	লক্ষ	অযুত	হাজার	শতক	দশক	একক
				৩	০	০	৮

কথায় প্রকাশিত সংখ্যাটি অঙ্কপাতনের পর দেখা যায় যে, শতক ও দশকের ঘরে কোনো অঙ্ক নেই। সুতরাং এ খালি ঘরগুলোতে শূন্য (০) বসিয়ে সংখ্যাটি পাওয়া যায়।

উত্তর : ত্রিশ হাজার আট = ৩০,০০৮।

পঞ্চাশ হাজার চারশ

কোটি	নিযুত	লক্ষ	অযুত	হাজার	শত	দশ	এক
			৫	৫	৪	০	০

কথায় প্রকাশিত সংখ্যাটি অঙ্কপাতনের পর দেখা যায় যে, দশক ও এককের ঘরে কোনো অঙ্ক নেই। সুতরাং এ খালি ঘরগুলোতে শূন্য (০) বসিয়ে সংখ্যাটি পাওয়া যায়।

উত্তর : পঞ্চাশ হাজার চারশত = ৫৫,৪০০।

(খ) চার লক্ষ পঁচ হাজার, সাত লক্ষ দুই হাজার পঁচাত্তর।

সমাধান : চার লক্ষ পঁচ হাজার

কোটি	নিযুত	লক্ষ	অযুত	হাজার	শত	দশক	এক
			৪	০	৫	০	০

কথায় প্রকাশিত সংখ্যাটি অঙ্কপাতনের পর দেখা যায় যে, অযুত, শতক, দশক ও এককের ঘরে কোনো অঙ্ক নেই। সুতরাং এ খালি ঘরগুলোতে শূন্য (০) বসিয়ে সংখ্যাটি পাওয়া যায়।

উত্তর : চার লক্ষ পঁচ হাজার = ৪,০৫,০০০।

সাত লক্ষ দুই হাজার পঁচাত্তর

কোটি	নিযুত	লক্ষ	অযুত	হাজার	শতক	দশ	একক
			৭	০	২	০	৭

কথায় প্রকাশিত সংখ্যাটি অঙ্কপাতনের পর দেখা যায় যে, অযুত ও শতকের ঘরে কোনো অঙ্ক নেই। সুতরাং এ ঘরগুলোতে শূন্য (০) বসিয়ে সংখ্যাটি পাওয়া যায়।

উত্তর : সাত লক্ষ দুই হাজার পঁচাত্তর = ৭,০২,০৭৫।

(গ) ছিয়াত্তর লক্ষ নয় হাজার সত্তর, ত্রিশ লক্ষ নয়শ চার।

সমাধান : ছিয়াত্তর লক্ষ নয় হাজার সত্তর

কোটি	নিযুত	লক্ষ	অযুত	হাজার	শতক	দশক	একক
			৭	৬	০	৯	০

কথায় প্রকাশিত সংখ্যাটি অঙ্কপাতনের পর দেখা যায় যে, অযুত, শতক ও এককের ঘরে কোনো অঙ্ক নেই। সুতরাং এ খালি ঘরগুলোতে শূন্য (০) বসিয়ে সংখ্যাটি পাওয়া যায়।

উত্তর : ছিয়াত্তর লক্ষ নয় হাজার সত্তর = ৭৬,০৯,০৭০।

ত্রিশ লক্ষ নয়শ চার

কোটি	নিযুত	লক্ষ	অযুত	হাজার	শত	দশক	এক
			৩	০	০	৯	০

কথায় প্রকাশিত সংখ্যাটি অঙ্কপাতনের পর দেখা যায় যে, অযুত, হাজার ও দশকের ঘরে কোনো অঙ্ক নেই। সুতরাং এ ঘরগুলোতে শূন্য (০) বসিয়ে সংখ্যাটি পাওয়া যায়।

উত্তর : ত্রিশ লক্ষ নয়শ চার = ৩০,০০,৯০৪।

(ঘ) পঁচ কোটি তিন লক্ষ দুই হাজার সাত।

সমাধান :

কোটি	নিযুত	লক্ষ	অযুত	হাজার	শতক	দশক	একক
			৫	০	৩	০	২

কথায় প্রকাশিত সংখ্যাটি অঙ্কপাতনের পর দেখা যায় যে, নিযুত, অযুত, শতক ও দশকের ঘরে কোনো অঙ্ক নেই। সুতরাং এ খালি ঘরগুলোতে শূন্য (০) বসিয়ে সংখ্যাটি পাওয়া যায়।

উত্তর : পঁচ কোটি তিন লক্ষ দুই হাজার সাত = ৫,০৩,০২,০০৭।

(ঙ) আটানব্বই কোটি সাত লক্ষ পঁচ হাজার নয়।

সমাধান :

কোটি	নিযুত	লক্ষ	অযুত	হাজার	শতক	দশক	একক
৯৮	০	৭	০	৫	০	০	৯

কথায় প্রকাশিত সংখ্যাটি অঙ্কপাতনের পর দেখা যায় যে, নিযুত, অযুত, শতক ও দশকের ঘরে কোনো অঙ্ক নেই। সুতরাং এ খালি ঘরগুলোতে শূন্য (০) বসিয়ে সংখ্যাটি পাওয়া যায়। যেহেতু কোটির বামে সাধারণত কোনো নাম ব্যবহৃত হয় না, তাই কোটির সম্পূর্ণ মানকে একসাথে কোটির ঘরে বসাই।

উত্তর : আটানব্বই কোটি সাত লক্ষ পঁচ হাজার নয় = ৯৮,০৭,০৫,০০৯।

(চ) একশ দুই কোটি পঁচ হাজার সাতশ আট।

সমাধান :

কোটি	নিযুত	লক্ষ	অযুত	হাজার	শতক	দশক	একক
১০২	০	০	০	৫	৭	০	৮

কথায় প্রকাশিত সংখ্যাটি অঙ্কপাতনের পর দেখা যায় যে, নিযুত, লক্ষ, অযুত ও দশকের ঘরে কোনো অঙ্ক নেই। সুতরাং এ খালি ঘরগুলোতে শূন্য (০) বসিয়ে সংখ্যাটি পাওয়া যায়। যেহেতু কোটির বামে সাধারণত কোনো নাম লেখা হয় না, সেহেতু কোটির সম্পূর্ণ মানকে একত্রে কোটির ঘরে বসাই।

উত্তর : একশ দুই কোটি পঁচ হাজার সাতশ আট = ১০২,০০,০৫,৭০৮।

(ছ) নয়শ পঞ্চাশ কোটি সাত লক্ষ নব্বই।

সমাধান :

কোটি	নিযুত	লক্ষ	অযুত	হাজার	শতক	দশক	একক
৯৫৫	০	৭	০	০	০	৯	০

কথায় প্রকাশিত সংখ্যাটিকে অঙ্কপাতনের পর দেখা যায় যে, নিযুত, অযুত, হাজার, শতক ও এককের ঘরে কোনো অঙ্ক নেই। সুতরাং এ খালি ঘরগুলোতে শূন্য (০) বসিয়ে সংখ্যাটি পাওয়া যায়। যেহেতু কোটির বামে সাধারণত কোনো নাম লেখা হয় না, সেহেতু কোটির সম্পূর্ণ মানকে একত্রে কোটির ঘরে বসাই।

উত্তর : নয়শ পঞ্চাশ কোটি সাত লক্ষ নব্বই = ৯৫৫,০৭,০০,০৯০।

(জ) তিন হাজার পঁচশ কোটি পঁচাশি লক্ষ নয়শ একশ।

সমাধান :

কোটি	নিযুত	লক্ষ	অযুত	হাজার	শতক	দশক	একক
৩,৫০	৮	৫	০	০	৯	২	১

কথায় প্রকাশিত সংখ্যাকে অঙ্কপাতনের পর দেখা যায় যে, অযুত ও হাজারের ঘরে কোনো অঙ্ক নেই। সুতরাং এ খালি ঘরগুলোতে শূন্য (০) বসিয়ে সংখ্যাটি পাওয়া যায়। যেহেতু কোটির বামে সাধারণত কোনো নাম লেখা হয় না, সেহেতু কোটির সম্পূর্ণ মানকে একত্রে কোটির ঘরে বসাই।

উত্তর : তিন হাজার পঁচশ কোটি পঁচাশি লক্ষ নয়শ একশ। = ৩,৫০০,৮৫,০০,৯২১।

(ঝ) পঞ্চাশ বিলিয়ন তিনশ এক মিলিয়ন পঁচশ আটত্রিশ হাজার।

সমাধান :

বিলিয়ন	মিলিয়ন	হাজার	শতক	দশক	একক
৫০	৩০১	৫৩৮	০	০	০

কথায় প্রকাশিত সংখ্যাকে অঙ্কপাতনের পর দেখা যায়- শতক, দশক ও এককের ঘরে কোনো অঙ্ক নেই। সুতরাং এ খালি ঘরগুলোতে শূন্য (০) বসিয়ে সংখ্যাটি পাওয়া যায়। যেহেতু বিলিয়নের বামে কোনো নাম লেখা হয় না, সেহেতু বিলিয়নের সম্পূর্ণ মানকে একত্রে বিলিয়নের ঘরে বসাই।

উত্তর : পঞ্চাশ বিলিয়ন তিনশ এক মিলিয়ন পঁচশ আটত্রিশ হাজার = ৫০,৩০১,৫৩৮,০০০।

প্রশ্ন-২ নিচের সংখ্যাগুলো কথায় লেখ :

(ক) ৪৫৭৮৯; ৪১০০৭; ৮৯১০৭১।

সমাধান : ৪৫৭৮৯

সংখ্যাটির ডানদিক থেকে তিন ঘর পরে কমা (,) বসালে আমরা পাই ৪৫,৭৮৯।

এখন, অযুত ও হাজারের ঘরের দুইটি অঙ্ক মিলিয়ে ৪৫, শতকের ঘরে ৭, দশকের ঘরে ৮ এবং এককের ঘরে ৯ অবস্থিত।

সুতরাং সংখ্যাটিকে কথায় প্রকাশ করলে হয় : পঁয়তাল্লিশ হাজার সাতশ উননব্বই। (উত্তর)

৪১০০৭

সংখ্যাটির ডানদিক থেকে তিন ঘর পরে কমা (,) বসালে আমরা

পাই ৪১,০০৭।

এখন, অযুত এবং হাজারের ঘরের দুইটি অঙ্ক মিলিয়ে ৪১, শতক ও দশকের ঘরে ০ এবং এককের ঘরে ৭ অবস্থিত।

সুতরাং সংখ্যাটিকে কথায় প্রকাশ করলে হয় : একচল্লিশ হাজার সাত।

(উত্তর)

৮৯১০৭১

সংখ্যাটিতে ডানদিক থেকে তিন ঘর পর কমা (,); এরপর দুই ঘর পর কমা (,) বসালে আমরা পাই, ৮,৯১,০৭১।

এখন, লক্ষের ঘরে ৮, অযুত ও হাজারের ঘরের দুইটি অঙ্ক মিলিয়ে ৯১, শতকের ঘরে ০, দশকের ঘরে ৭ এবং এককের ঘরে ১ অবস্থিত।

সুতরাং, সংখ্যাটিকে কথায় প্রকাশ করলে হয় : আট লক্ষ একানব্বই হাজার একাত্তর। (উত্তর)

(খ) ২০০০৭৮; ৭৯০৬৭৮; ৮৯০০৭৫।

সমাধান : ২০০০৭৮

সংখ্যাটিতে ডানদিক থেকে তিন ঘর পর কমা (,); এরপর দুই ঘর পর কমা (,) বসালে আমরা পাই ২,০০,০৭৮।

এখন, লক্ষের ঘরে ২, অযুত ও হাজারের ঘরের দুইটি অঙ্ক মিলিয়ে ০০, শতকের ঘরে ০, দশকের ঘরে ৭ এবং এককের ঘরে ৮ অবস্থিত।

সুতরাং, সংখ্যাটিকে কথায় প্রকাশ করলে হয় : দুই লক্ষ আটাত্তর।

(উত্তর)

৭৯০৬৭৮

সংখ্যাটিতে ডানদিক থেকে তিন ঘর পর কমা (,); এরপর দুই ঘর পর কমা (,) বসালে আমরা পাই ৭,৯০,৬৭৮।

এখন, সংখ্যাটিতে লক্ষের ঘরে ৭, অযুত ও হাজারের ঘরের দুইটি অঙ্ক মিলিয়ে ৯০, শতকের ঘরে ৬, দশকের ঘরে ৭ এবং এককের ঘরে ৮ অবস্থিত।

সুতরাং, সংখ্যাটিকে কথায় প্রকাশ করলে হয় : সাত লক্ষ নব্বই হাজার ছয়শ আটাত্তর। (উত্তর)

৮৯০০৭৫

ডানদিক থেকে তিন ঘর পর কমা (,); এরপর দুই ঘর পর কমা (,) বসালে আমরা পাই ৮,৯০,০৭৫।

এখন, লক্ষের ঘরে ৮, অযুত ও হাজারের ঘরের দুইটি অঙ্ক মিলিয়ে ৯০, শতকের ঘরে ০, দশকের ঘরে ৭ এবং এককের ঘরে ৫ অবস্থিত।

সুতরাং, সংখ্যাটিকে কথায় প্রকাশ করলে হয় : আট লক্ষ নব্বই

হাজার পঁচাত্তর। (উত্তর)

(গ) ৪৪০০৭৮৫; ৬৮৭০৫০৯; ৭১০৫০৭০।

সমাধান : ৪৪০০৭৮৫

সংখ্যাটিতে ডানদিক থেকে তিন ঘর পর কমা (,); এরপর দুই ঘর পর কমা (,) বসালে আমরা পাই ৪৪,০০,৭৮৫।

এখন, নিযুত ও লক্ষের ঘরের দুইটি অঙ্ক মিলিয়ে ৪৪, অযুত ও হাজারের ঘরের দুইটি অঙ্ক মিলিয়ে ০০, শতকের ঘরে ৭, দশকের ঘরে ৮ এবং এককের ঘরে ৫ অবস্থিত।

সুতরাং, সংখ্যাটিকে কথায় প্রকাশ করলে হয় : চুয়াল্লিশ লক্ষ সাতশ পঁচাশি।

(উত্তর)

৬৮৭০৫০৯

সংখ্যাটিতে ডানদিক থেকে তিন ঘর পর কমা (,); এরপর দুই ঘর পর কমা (,) বসালে আমরা পাই ৬৮,৭০,৫০৯।

এখন, নিযুত ও লক্ষের ঘরের দুইটি অঙ্ক মিলিয়ে ৬৮, অযুত ও হাজারের ঘরের দুইটি অঙ্ক মিলিয়ে ৭০, শতকের ঘরে ৫, দশকের ঘরে ০ এবং এককের ঘরে ৯ অবস্থিত।

সুতরাং, সংখ্যাটিকে কথায় প্রকাশ করলে হয় : আটষাট লক্ষ সত্তর হাজার পঁচাশ নয়। (উত্তর)

৭১০৫০৭০

সংখ্যাটিতে ডানদিক থেকে তিন ঘর পর কমা (,); এরপর দুই ঘর পর কমা (,) বসালে আমরা পাই ৭১,০৫,০৭০।

এখন, নিযুত ও লক্ষের ঘরের দুইটি অঙ্ক মিলিয়ে ৭১, অযুত ও হাজারের ঘরের দুইটি অঙ্ক মিলিয়ে ০৫, শতকের ঘরে ০, দশকের ঘরে ৭ এবং এককের ঘরে ০ অবস্থিত।

সুতরাং, সংখ্যাটিকে কথায় প্রকাশ করলে হয় : একাত্তর লক্ষ পঁচ হাজার সত্তর। (উত্তর)

(ঘ) ৫০৮৭৭০০৩; ৯৪৩০৯৭৯৯; ৮৩৯০০৭৬৫।

সমাধান : ৫০৮৭৭০০৩

সংখ্যাটিতে ডানদিক থেকে তিন ঘর পর কমা (,); এরপর দুই ঘর পর কমা (,) বসালে আমরা পাই ৫,০৮,৭৭,০০৩।

এখন, কোটির ঘরে ৫, নিযুত ও লক্ষের ঘরের দুইটি অঙ্ক মিলিয়ে ০৮, অযুত ও হাজারের ঘরের দুইটি অঙ্ক মিলিয়ে ৭৭, শতকের ঘরে ০, দশকের ঘরে ০ এবং এককের ঘরে ৩ অবস্থিত।

সুতরাং, সংখ্যাটিকে কথায় প্রকাশ করলে হয় : পাঁচ কোটি আট লক্ষ সাতাত্তর হাজার তিন। (উত্তর)

৯৪৩০৯৭৯৯

সংখ্যাটিতে ডানদিক থেকে তিন ঘর পর কমা (,); এরপর দুই ঘর পর পর কমা (.) বসালে আমরা পাই ৯,৪৩.০৯,৭৯৯।

এখন, কোটির ঘরে ৯, নিযুত ও লক্ষের ঘরের দুইটি অঙ্ক মিলিয়ে ৪৩, অযুত ও হাজারের ঘরের দুইটি অঙ্ক মিলিয়ে ০৯, শতকের ঘরে ৭, দশকের ঘরে ৯ এবং এককের ঘরে ৯ অবস্থিত।

সুতরাং, সংখ্যাটিকে কথায় প্রকাশ করলে হয়: নয় কোটি তেতাল্লিশ লক্ষ নয় হাজার সাতশ নিরানব্বই। (উত্তর)

৮৩৯০০৭৬৫

সংখ্যাটিতে ডানদিক থেকে তিন ঘর পর কমা (,); এরপর দুই ঘর পর পর কমা (.) বসালে আমরা পাই ৮,৩৯,০০,৭৬৫।

এখন, কোটির ঘরে ৮, নিযুত ও লক্ষের ঘরের দুইটি অঙ্ক মিলিয়ে ৩৯, অযুত ও হাজারের ঘরের দুইটি অঙ্ক মিলিয়ে ০০, শতকের ঘরে ৭, দশকের ঘরে ৬ এবং এককের ঘরে ৫ অবস্থিত।

সুতরাং, সংখ্যাটিকে কথায় প্রকাশ করলে হয় : আট কোটি উনচল্লিশ লক্ষ সাত শত পঁয়ষড়ি। (উত্তর)

প্রশ্ন- ৩ নিচের সংখ্যাগুলোতে যে সকল সার্থক অঙ্ক আছে তাদের স্থানীয় মান নির্ণয় কর :

- (ক) ৭২ (খ) ৩৫৯ (গ) ৪২০৩ (ঘ) ৭০৮০৯ (ঙ) ১৩০০৪৫০৭৮
(চ) ২৫০০০৯৭০৯ (ছ) ৫৯০০০০৭৮৪৫ (জ) ৯০০৭৫৮৪৩২
(ঝ) ১০৫৭৮০৯২৩০০৪।

সমাধান :

- (ক) ৭২ সংখ্যাটিতে,
২ এর স্থানীয় মান ২ একক বা ২×১ বা ২ বা দুই
৭ এর স্থানীয় মান ৭ দশক বা ৭×১০ বা ৭০ বা সত্তর
উত্তর : ৭২ সংখ্যাটিতে ৭ ও ২ এর স্থানীয় মান যথাক্রমে সত্তর ও দুই।

- (খ) ৩৫৯ সংখ্যাটিতে,
৯ এর স্থানীয় মান ৯ একক বা ৯×১ বা ৯ বা নয়।
৫ এর স্থানীয় মান ৫ দশক বা ৫×১০ বা ৫০ বা পঞ্চাশ।
৩ এর স্থানীয় মান ৩ শতক বা ৩×১০০ বা ৩০০ বা তিনশ।
উত্তর : ৩৫৯ সংখ্যাটিতে ৩, ৫ ও ৯ এর স্থানীয় মান যথাক্রমে তিনশ, পঞ্চাশ ও নয়।

- (গ) ৪২০৩ সংখ্যাটিতে,
৩ এর স্থানীয় মান ৩ একক বা ৩×১ বা ৩ বা তিন।

২ এর স্থানীয় মান ২ শতক বা ২×১০০ বা ২০০ বা দুইশ।

৪ এর স্থানীয় মান ৪ হাজার বা ৪×১০০০ বা ৪০০০ বা চার হাজার।

উত্তর : ৪২০৩ সংখ্যাটিতে ৪, ২ ও ৩ এর স্থানীয় মান যথাক্রমে চার হাজার, দুইশ ও তিন।

- (ঘ) ৭০৮০৯ সংখ্যাটিতে,
৯ এর স্থানীয় মান ৯ একক বা ৯×১ বা ৯ বা নয়।
৮ এর স্থানীয় মান ৮ শতক বা ৮×১০০ বা ৮০০ বা আটশ।
৭ এর স্থানীয় মান ৭ অযুত বা ৭×১০০০০ বা ৭০০০০ বা সত্তর হাজার।

উত্তর : ৭০৮০৯ সংখ্যাটিতে ৭, ৮ ও ৯ এর স্থানীয় মান যথাক্রমে সত্তর হাজার, আটশ ও নয়।

- (ঙ) ১৩০০৪৫০৭৮ সংখ্যাটিতে,
৮ এর স্থানীয় মান ৮ একক বা ৮×১ বা ৮ বা আট।
৭ এর স্থানীয় মান ৭ দশক বা ৭×১০ বা ৭০ বা সত্তর।
৫ এর স্থানীয় মান ৫ হাজার বা ৫×১০০০ বা ৫০০০ বা পাঁচ হাজার।

৪ এর স্থানীয় মান ৪ অযুত বা ৪×১০০০০ বা ৪০০০০ বা চল্লিশ হাজার।

৩ এর স্থানীয় মান ৩ কোটি বা ৩×১০০০০০০ বা ৩০০০০০০ বা তিন কোটি।

১ এর স্থানীয় মান ১ দশক কোটি বা ১০×১০০০০০০ বা ১০০০০০০০ বা দশ কোটি।

উত্তর : ১৩০০৪৫০৭৮ সংখ্যাটিতে ১, ৩, ৪, ৫, ৭, ৮ এর স্থানীয় মান যথাক্রমে দশ কোটি, তিন কোটি, চল্লিশ হাজার, পাঁচ হাজার, সত্তর ও আট।

- (চ) ২৫০০০৯৭০৯ সংখ্যাটিতে,
৯ এর স্থানীয় মান ৯ একক বা ৯×১ বা ৯ বা নয়।
৭ এর স্থানীয় মান ৭ শতক বা ৭×১০০ বা ৭০০ বা সাতশ।
৯ এর স্থানীয় মান ৯ সহস্র বা ৯×১০০০ বা ৯০০০ বা নয় হাজার।

৫ এর স্থানীয় মান ৫ কোটি বা ৫×১০০০০০০ বা ৫০০০০০০ বা পাঁচ কোটি।

২ এর স্থানীয় মান ২ দশক কোটি বা ২০×১০০০০০০ বা ২০০০০০০০ বা বিশ কোটি।

উত্তর : ২৫০০০৯৭০৯ সংখ্যাটিতে ২, ৫, ৯, ৭, ৯ এর স্থানীয় মান যথাক্রমে বিশ কোটি, পাঁচ কোটি, নয় হাজার, সাতশ ও নয়।

(ছ) ৫৯০০০০৭৮৪৫ সংখ্যাটিতে,

৫ এর স্থানীয় মান ৫ একক বা ৫×১ বা ৫ বা পাঁচ

৪ এর স্থানীয় মান ৪ দশক বা ৪×১০ বা ৪০ বা চল্লিশ

৮ এর স্থানীয় মান ৮ শতক বা ৮×১০০ বা ৮০০ বা আটশ

৭ এর স্থানীয় মান ৭ সহস্র বা ৭×১০০০ বা ৭০০০ বা সাত হাজার।

৯ এর স্থানীয় মান ৯ দশক কোটি বা ৯০×১০০০০০০০ বা ৯০০০০০০০০ বা নব্বই কোটি

৫ এর স্থানীয় মান ৫ শতক কোটি বা ৫০০×১০০০০০০০ বা ৫০০০০০০০০০ বা পঁচাত্তর কোটি

উত্তর : ৫৯০০০০৭৮৪৫ সংখ্যাটিতে ৫, ৯, ৭, ৮, ৪, ৫ এর স্থানীয় মান যথাক্রমে পঁচাত্তর কোটি, নব্বই কোটি, সাত হাজার, আটশ, চল্লিশ ও পাঁচ।

(জ) ৯০০৭৫৮৪৩২ সংখ্যাটিতে,

২ এর স্থানীয় মান ২ একক বা ২×১ বা ২ বা দুই

৩ এর স্থানীয় মান ৩ দশক বা ৩×১০ বা ৩০ বা ত্রিশ

৪ এর স্থানীয় মান ৪ শতক বা ৪×১০০ বা ৪০০ বা চারশ

৮ এর স্থানীয় মান ৮ সহস্র বা ৮×১০০০ বা ৮০০০ বা আট হাজার

৫ এর স্থানীয় মান ৫ অযুত বা ৫×১০০০০ বা ৫০০০০ বা পঞ্চাশ হাজার

৭ এর স্থানীয় মান ৭ লক্ষ বা ৭×১০০০০০ বা ৭০০০০০ বা সাত লক্ষ

৯ এর স্থানীয় মান ৯ দশক কোটি বা ৯০×১০০০০০০০ বা ৯০০০০০০০০ বা নব্বই কোটি

উত্তর : ৯০০৭৫৮৪৩২ সংখ্যাটিতে ৯, ৭, ৫, ৮, ৪, ৩ ও ২ এর স্থানীয় মান যথাক্রমে নব্বই কোটি, সাত লক্ষ, পঞ্চাশ হাজার, আট হাজার, চারশ, ত্রিশ ও দুই।

(ঝ) ১০৫৭৮০৯২৩০০৪ সংখ্যাটিতে,

৪ এর স্থানীয় মান ৪ একক বা ৪×১ বা ৪ বা চার

৩ এর স্থানীয় মান ৩ সহস্র বা ৩×১০০০ বা ৩০০০ বা তিন হাজার

২ এর স্থানীয় মান ২ অযুত বা ২×১০০০০ বা ২০০০০ বা বিশ হাজার

৯ এর স্থানীয় মান ৯ লক্ষ বা ৯×১০০০০০ বা ৯০০০০০ বা নয় লক্ষ

৮ এর স্থানীয় মান ৮ কোটি বা ৮×১০০০০০০০ বা ৮০০০০০০০ বা আট কোটি

৭ এর স্থানীয় মান ৭ দশক কোটি বা ৭০×১০০০০০০০ বা ৭০০০০০০০০ বা সত্তর কোটি

৫ এর স্থানীয় মান ৫ শতক কোটি বা ৫০০×১০০০০০০০ বা ৫০০০০০০০০০ বা পঁচাত্তর কোটি

১ এর স্থানীয় মান ১ অযুত কোটি বা ১০০০০×১০০০০০০০ বা ১০০০০০০০০০০ বা দশ হাজার কোটি

উত্তর : ১০৫৭৮০৯২৩০০৪ সংখ্যাটিতে ১, ৫, ৭, ৮, ৯, ২, ৩ ও ৪ এর স্থানীয় মান যথাক্রমে দশ হাজার কোটি, পঁচাত্তর কোটি, সত্তর কোটি, আট কোটি, নয় লক্ষ, বিশ হাজার, তিন হাজার ও চার।

প্রশ্ন- ৪ নয় অঙ্কের বৃহত্তম ও ক্ষুদ্রতম সংখ্যা লেখ।

সমাধান : আমরা জানি, বৃহত্তম সংখ্যা হলো ৯। অঙ্কপাতনের যে কোনো অবস্থানে ৯ এর স্থানীয় মান বৃহত্তম হবে। সুতরাং ৯টি ৯ পর পর লিখলেই নয় অঙ্কের বৃহত্তম সংখ্যা পাওয়া যাবে।

উত্তর : নয় অঙ্কের বৃহত্তম সংখ্যা ৯৯,৯৯,৯৯,৯৯৯

আবার, ক্ষুদ্রতম সংখ্যা হলো ০। পর পর ৯টি শূন্য লিখলে কোনো সংখ্যা প্রকাশ করে না। সুতরাং সর্ববামে সার্থক ক্ষুদ্রতম অঙ্ক ১ নিয়ে পর পর আটটি ০ (শূন্য) বসালে নয় অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা পাওয়া যাবে।

উত্তর : নয় অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা ১০,০০,০০,০০০

প্রশ্ন- ৫ একই অঙ্ক মাত্র একবার ব্যবহার করে সাত অঙ্কের বৃহত্তম ও ক্ষুদ্রতম সংখ্যা গঠন কর :

(ক) ৪, ৫, ১, ২, ৮, ৯, ৩ (খ) ৪, ০, ৫, ৩, ৯, ৮, ৭।

সমাধান :

(ক) ৪, ৫, ১, ২, ৮, ৯, ৩

অঙ্কপাতনে যেকোনো অবস্থানে বৃহত্তর অঙ্কের স্থানীয় মান ক্ষুদ্রতর অঙ্কের স্থানীয় মান অপেক্ষা বড় হবে।

এখানে, $৯ > ৮ > ৫ > ৪ > ৩ > ২ > ১$

সুতরাং, বড় থেকে ছোট ক্রমে অঙ্কপাতন করলেই বৃহত্তম সংখ্যাটি পাওয়া যাবে।

উত্তর : বৃহত্তম সংখ্যা ৯৮,৫৪,৩২১।

আবার, $১ < ২ < ৩ < ৪ < ৫ < ৬ < ৯$

সুতরাং, ছোট থেকে বড় ক্রমে অঙ্কপাতন করলেই ক্ষুদ্রতম সংখ্যাটি পাওয়া যাবে।

উত্তর : ক্ষুদ্রতম সংখ্যা ১২,৩৪,৫৮৯।

(খ) ৪, ০, ৫, ৩, ৯, ৮, ৭

অঙ্কপাতনে যেকোনো অবস্থানে বৃহত্তর অঙ্কের স্থানীয় মান ক্ষুদ্রতর অঙ্কের স্থানীয় মান হতে বড় হবে।

এখানে, $৯ > ৮ > ৭ > ৫ > ৪ > ৩ > ০$

সুতরাং, বড় থেকে ছোট ক্রমে অঙ্কপাতন করলেই বৃহত্তম সংখ্যাটি পাওয়া যাবে।

উত্তর : বৃহত্তম সংখ্যা ৯৮,৭৫,৪৩০

আবার, $০ < ৩ < ৪ < ৫ < ৭ < ৮ < ৯$

সুতরাং, ছোট থেকে বড় ক্রমে অঙ্কপাতন করলেই ক্ষুদ্রতম সংখ্যাটি পাওয়া যাবে। কিন্তু সর্ববামে শূন্য বসালে প্রাপ্ত সংখ্যাটি অর্থবোধক ৭ অঙ্কের সংখ্যা না হয়ে ছয় অঙ্কের হবে। অতএব, ০ বাদে ক্ষুদ্রতম অঙ্কটি সর্ববামে লিখে শূন্যসহ অন্য অঙ্কগুলো ছোট থেকে বড় ক্রমে লিখলে ক্ষুদ্রতম সংখ্যাটি পাওয়া যাবে।

উত্তর : ক্ষুদ্রতম সংখ্যা ৩০,৪৫,৭৮৯।

প্রশ্ন- ৬ সাত অঙ্ক বিশিষ্ট কোন বৃহত্তম ও ক্ষুদ্রতম সংখ্যার প্রথমে ৭ এবং শেষে ৬ আছে?

সমাধান : আমরা জানি, বৃহত্তম অঙ্ক হলো ৯। সাত অঙ্কবিশিষ্ট বৃহত্তম অঙ্কটি হবে ৭টি পর পর ৯ বিশিষ্ট সংখ্যা, যেখানে অঙ্ক

পাতনের যেকোনো অবস্থানে ৯ এর স্থানীয় মান বৃহত্তম হবে।

কিন্তু, প্রথমে ৭ এবং শেষে ৬ বিশিষ্ট সাত অঙ্কের বৃহত্তম সংখ্যা হবে ৭৯,৯৯,৯৯৬। (উত্তর)

আবার, সর্ববামে সার্থক ক্ষুদ্রতম অঙ্ক ১ নিয়ে পর পর ৬টি ০ (শূন্য) বসালে সাত অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা পাওয়া যাবে।

কিন্তু, প্রথমে ৭ এবং শেষে ৬ বিশিষ্ট সাত অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা হবে ৭০,০০,০০৬। (উত্তর)

প্রশ্ন- ৭ ৭৩৪৫৫ এর অঙ্কগুলোকে বিপরীতভাবে সাজালে যে সংখ্যা হয় তা কথায় প্রকাশ কর।

সমাধান : প্রদত্ত সংখ্যা = ৭৩,৪৫৫

বিপরীতক্রমে সাজালে সংখ্যাটি হবে = ৫৫, ৪৩৭

সুতরাং, কথায় প্রকাশিত হলে সংখ্যাটি হয় পঞ্চগুন হাজার চারশ সাঁইত্রিশ। (উত্তর)

অতিরিক্ত সৃজনশীলন প্রশ্ন ও সমাধানঃ

অনুশীলনী ১.১ এর আলোকে

প্রশ্ন- ১▶▶ দেশীয় ও আন্তর্জাতিক গণনা পদ্ধতি

৪০০৩০৮৫০২৬ একটি অঙ্কে প্রকাশিত সংখ্যা।

- ক. ৪ বিলিয়নে কত কোটি? ২
- খ. সংখ্যাটিকে দেশীয় ও আন্তর্জাতিক গণনা পদ্ধতিতে কথায় লেখ। ৪
- গ. সংখ্যার সার্থক অঙ্কগুলোর স্থানীয় মান লেখ। ৪

২ নং প্রশ্নের সমাধান

ক. ১ বিলিয়ন = ১০০ কোটি

$$\therefore ৪ \text{ ”} = ৪ \times ১০০ \text{ কোটি} \\ = ৪০০ \text{ কোটি}$$

উত্তর : ৪০০ কোটি।

খ. ৪০০,৩০,৮৫,০২৬

দেশীয় পদ্ধতিতে সংখ্যাটিকে প্রকাশ করলে হয় :

চারশ কোটি ত্রিশ লক্ষ পঁচাশি হাজার ছাব্বিশ।

আন্তর্জাতিক গণনা পদ্ধতিতে প্রকাশ করলে হয় :

চার বিলিয়ন তিন মিলিয়ন পঁচাশি হাজার ছাব্বিশ। (উত্তর)

গ. ৪০০৩০৮৫০২৬

সংখ্যাটির সার্থক অঙ্কগুলো হলো :	৪, ৩, ৮, ৫, ২, ৬
৪ এর স্থানীয় মান	৪০০০০০০০ বা চারশ কোটি
৩ " " "	৩০০০০০ বা ত্রিশ লক্ষ
৮ " " "	৮০০০ বা আশি হাজার
৫ " " "	৫০০০ বা পঁচ হাজার
২ " " "	২০ বা বিশ
৬ " " "	৬ বা ছয়।

প্রশ্ন- ২ ▶▶

বৃহত্তম ও ক্ষুদ্রতম সংখ্যা

৪, ০, ৫, ২, ৯, ৮, ৭ কয়েকটি অঙ্ক। [সিলেট সরকারি পাইলট উচ্চ বিদ্যালয়]

- ক. অঙ্কগুলো একবার মাত্র ব্যবহার করে ৭ অঙ্কের বৃহত্তম সংখ্যা লেখ। ২
- খ. উপর্যুক্ত অঙ্কগুলো দ্বারা বৃহত্তম ও ক্ষুদ্রতম সংখ্যা লেখ যার প্রথমে ২ এবং শেষে ৮ আছে। ৪
- গ. খ থেকে প্রাপ্ত বৃহত্তম সংখ্যাটির সার্থক অঙ্কগুলোর স্থানীয় মান নির্ণয় কর। ৪

২ নং প্রশ্নের সমাধান

- ক. এখানে, $৯ > ৮ > ৭ > ৫ > ৪ > ২ > ০$
নির্ণেয় বৃহত্তম সংখ্যা = ৯৮৭৫৪২০
উত্তর : ৯৮৭৫৪২০
- খ. উপর্যুক্ত অঙ্কগুলো দ্বারা গঠিত বৃহত্তম সংখ্যা যার প্রথমে ২ এবং শেষে ৮ আছে তা হলো ২৯৭৫৪০৮ এবং ক্ষুদ্রতম সংখ্যা হলো ২০৪৫৭৯৮।
উত্তর : ২৯৭৫৪০৮, ২০৪৫৭৯৮
- গ. খ থেকে প্রাপ্ত বৃহত্তম সংখ্যাটি হলো ২৯৭৫৪০৮
উপর্যুক্ত সংখ্যাটিতে সার্থক অঙ্কগুলোর স্থানীয় মান নিম্নরূপ,
২ এর স্থানীয় মান ২০০০০০ বা বিশ লক্ষ
৯ " " " ৯০০০০০ বা নয় লক্ষ
৭ " " " ৭০০০০ বা সত্তর হাজার
৫ " " " ৫০০০ বা পঁচ হাজার
৪ " " " ৪০০ বা চারশ
৮ " " " ৮ বা আট।

প্রশ্ন- ৩ ▶▶

বৃহত্তম ও ক্ষুদ্রতম সংখ্যা

৩০৪২৪০৪৩৬০০৪ এবং ১২৩২২০২৫৭০৬ দুইটি সংখ্যা।

- ক. প্রথম সংখ্যাটিকে দেশীয় পদ্ধতিতে কথায় লেখ। ২
- খ. সংখ্যা দুটিকে আন্তর্জাতিক পদ্ধতিতে কথায় লেখ। ৪
- গ. প্রথম সংখ্যাটির সার্থক অঙ্কগুলো মাত্র একবার করে বৃহত্তম ও ক্ষুদ্রতম সংখ্যাটি লিখে এদের স্থানীয় মান নির্ণয় কর। ৪

৩ নং প্রশ্নের সমাধান

- ক. সংখ্যাটিকে কথায় প্রকাশ করলে হয়,
ত্রিশ হাজার চারশ চব্বিশ কোটি চার লক্ষ ছত্রিশ হাজার চার।


খ.

	বিলিয়ন	মিলিয়ন	হাজার	শতক	দশক	একক
১ম সংখ্যাটি	৩০৪	২৪০	৪৩৬	০	০	৪
২য় সংখ্যাটি	১২	৩২২	০২৫	৭	০	৬

আন্তর্জাতিক পদ্ধতিতে কোনো সংখ্যা সহজে পড়ার জন্য ডানদিক হতে তিন অঙ্ক পরপর কমা বসাতে হয়।

∴ ১ম সংখ্যাটিকে কথায় প্রকাশ করলে হয়,
তিনশ চার বিলিয়ন দুইশ চল্লিশ মিলিয়ন চারশ ছত্রিশ হাজার চার।
২য় সংখ্যা হলো : বারো বিলিয়ন তিনশ বাইশ মিলিয়ন পঁচিশ হাজার সাতশ ছয়।

- গ. ১ম সংখ্যাটির সার্থক অঙ্কগুলো হলো ২, ৩, ৪, ৬।
এদের মাত্র একবার ব্যবহার করে গঠিত বৃহত্তম সংখ্যা ৬৪৩২ এবং ক্ষুদ্রতম সংখ্যা ২৩৪৬।



প্রশ্ন- ৪ ▶▶

আন্তর্জাতিক ও দেশীয় গণনা পদ্ধতি

‘নয় লক্ষ সাতাত্তর হাজার একশ পঁচাশি’ কথায় লেখা একটি সংখ্যা।

- ক. সংখ্যাটিকে অঙ্কে লেখ। ২

- খ. অঙ্কে লেখা সংখ্যাটিকে বিপরীতভাবে সাজালে যে সংখ্যা পাওয়া যায় তা আন্তর্জাতিক পদ্ধতিতে ও দেশীয় পদ্ধতিতে কথায় লেখ। ৪
- গ. 'খ' এ প্রাপ্ত সংখ্যাটির সার্থক অঙ্কগুলোর স্থানীয় মান নির্ণয় কর। ৪

৪ নং প্রশ্নের সমাধান

- ক. প্রদত্ত সংখ্যাটিকে অঙ্কপাতন করে পাই,

লক্ষ	অযুত	হাজার	শতক	দশক	একক
৯	৭	৭	১	৮	৫

কথায় প্রকাশিত সংখ্যাটি অঙ্ক পাতনের পর সংখ্যাটি পাওয়া যায়।

সংখ্যাটি ৯,৭৭,১৮৫।

উত্তর : ৯,৭৭,১৮৫

- খ. 'ক' হতে পাই, সংখ্যাটি ৯,৭৭,১৮৫।

সংখ্যাটির অঙ্কগুলোকে বিপরীতভাবে সাজালে পাওয়া যায় ৫৮১৭৭৯।

সংখ্যাটিকে ডানদিক থেকে তিন অঙ্ক পরপর কমা বসিয়ে পাই, ৫৮১, ৭৭৯।

সুতরাং, আন্তর্জাতিক পদ্ধতিতে কথায় প্রকাশ করলে হয় :

পাঁচশ একাশি হাজার সাতশ উনআশি।

উত্তর : পাঁচশ একাশি হাজার সাতশ উনআশি।

আবার,

সংখ্যাটিতে দেশীয় পদ্ধতিতে কমা বসিয়ে পাই, ৫,৮১,৭৭৯ এখন, লক্ষের ঘরে একটি অঙ্ক ৫, অযুত ও হাজারের ঘরে দুইটি অঙ্ক মিলিয়ে ৮১, শতকের ঘরে ৭, দশকের ঘরে ৭ এবং এককের ঘরে ৯।

সুতরাং, সংখ্যাটিকে কথায় প্রকাশ করলে হয় :

পাঁচ লক্ষ একাশি হাজার সাতশ উনআশি

উত্তর : পাঁচ লক্ষ একাশি হাজার সাতশ উনআশি।

- গ. 'খ' এ প্রাপ্ত অঙ্কে লেখা সংখ্যাটি হলো, ৫,৮১,৭৭৯।

সংখ্যাটিতে সার্থক অঙ্কগুলোর স্থানীয় মান হলো :

৯ এর স্থানীয় মান ৯ একক বা $৯ \times ১ = ৯$ বা নয়

৭ এর স্থানীয় মান ৭ দশক বা $৭ \times ১০ = ৭০$ বা সত্তর

৭ এর স্থানীয় মান ৭ শতক বা $৭ \times ১০০ = ৭০০$ বা সাতশ

১ এর স্থানীয় মান ১ হাজার বা $১ \times ১০০০ = ১০০০$ বা এক হাজার

৮ এর স্থানীয় মান ৮ অযুত বা $৮ \times ১০০০০ = ৮০০০০$ বা আশি হাজার

৫ এর স্থানীয় মান ৫ লক্ষ বা $৫ \times ১০০০০০ = ৫০০০০০$ বা পাঁচ লক্ষ

∴ ৫, ৮১, ৭৭৯, সংখ্যাটিতে সার্থক অঙ্কগুলো ৫, ৮, ১, ৭, ৭, ৯ এর স্থানীয় মান যথাক্রমে পাঁচ লক্ষ, আশি হাজার, এক হাজার, সাতশ, সত্তর এবং নয়।

উত্তর : পাঁচ লক্ষ, আশি হাজার, এক হাজার, সাতশ, সত্তর এবং নয়।

অনুশীলনের জন্য সৃজনশীল প্রশ্নব্যাংক (উত্তরসংকেতসহ)

■ অনুশীলনী ১.১ এর আলোকে

প্রশ্ন- ৩৩ ▶▶ _____ বৃহত্তম ও ক্ষুদ্রতম সংখ্যা

৭, ২, ০, ৬, ৩, ৫ কয়েকটি অঙ্ক।

ক. উপরে প্রদত্ত সংখ্যাগুলোর মধ্যে কোনগুলো স্বাভাবিক সংখ্যা?

২

খ. উপরে প্রদত্ত অঙ্কগুলো দ্বারা গঠিত ছয় অঙ্কের বৃহত্তম ও ক্ষুদ্রতম সংখ্যা নির্ণয় কর। ৪

গ. উপরে প্রদত্ত অঙ্কগুলো দ্বারা গঠিত বৃহত্তম ও ক্ষুদ্রতম সংখ্যার অঙ্কগুলোর স্থানীয় মান নির্ণয় কর। ৪

উত্তর : ক. ৭, ২, ৬, ৩, ৫ স্বাভাবিক সংখ্যা;

খ. বৃহত্তম সংখ্যা ৭৬৫৩২০, ক্ষুদ্রতম সংখ্যা ২০৩৫৬৭।

প্রশ্ন- ৩৪ ▶▶ _____ বৃহত্তম ও ক্ষুদ্রতম সংখ্যা

অঙ্কগুলো লক্ষ কর : ৭, ৩, ২, ০, ৬, ১।

ক. উপরে প্রদত্ত অঙ্কগুলো দ্বারা গঠিত ছয় অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা লেখ।

২

খ. উপরে প্রদত্ত অঙ্কগুলো দ্বারা এমন বৃহত্তম ও ক্ষুদ্রতম সংখ্যা নির্ণয় কর যার প্রথমে ৬ ও শেষে ২ আছে।

৪

গ. ক-হতে প্রাপ্ত এবং খ-হতে প্রাপ্ত ক্ষুদ্রতম সংখ্যাকে বিপরীতক্রমে সাজিয়ে কথায় লেখ।

৪

উত্তর : ক. ক্ষুদ্রতম সংখ্যা ১০২৩৬৭; খ. বৃহত্তম সংখ্যা ৭৬৩২১০,

ক্ষুদ্রতম সংখ্যাটি হবে ৬০১৩৭২; গ. সাত লক্ষ তেঁষড়ি হাজার দুইশ এক; দুই লক্ষ তিয়ান্তর হাজার একশ ছয়।

প্রশ্ন- ৩৫ বৃহত্তম ও ক্ষুদ্রতম সংখ্যা

৬, ০, ৫, ৩, ২, ৮ অঙ্কগুলো লক্ষ কর।

ক. সার্থক অঙ্কগুলো লেখ।

২

খ. একই অঙ্ক একবার ব্যবহার করে ছয় অঙ্কের বৃহত্তম ও ক্ষুদ্রতম সংখ্যা গঠন কর।

৪

গ. বৃহত্তম ও ক্ষুদ্রতম সংখ্যাটিকে আন্তর্জাতিক পদ্ধতিতে কথায় লেখ।

৪

উত্তর : ক. ২, ৩, ৫, ৬, ৮; খ. বৃহত্তম সংখ্যা ৮, ৬৫, ৩২০, ছয় অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা ২,০৩,৫৬৮ ; গ. আটশ পয়ষড়ি হাজার তিনশ বিশ; দুইশ তিন হাজার পাঁচশ আটষড়ি।

বহুনির্বাচনী প্রশ্ন অনুশীলনী ১.১ এর আলোকে

সাধারণ বহুনির্বাচনী প্রশ্নোত্তর

১. দশভিত্তিক সংখ্যা প্রকাশের রীতিকে কী বলে? (সহজ)

● দশমিক (খ) বাইনারি (গ) মেট্রিক (ঘ) শতকীয়

২. পাটিগণিতে সংখ্যা প্রকাশের প্রতীক কয়টি?

(ক) ৫টি (খ) ৮টি (গ) ১০টি (ঘ) ৯টি

৩. কোনো সার্থক অঙ্ক আলাদাভাবে লিখলে যে সংখ্যা প্রকাশ করে তাকে অঙ্কের কী বলে?

- ক স্থানীয় মান
● স্বকীয় মান
গ সংখ্যা পাতন
ঘ বিভাজ্যতা

৪. সংখ্যায় ব্যবহৃত কোনো সার্থক অঙ্ক তার অবস্থানের জন্য যে সংখ্যা প্রকাশ করে তাকে ঐ অঙ্কের কী বলে?(সহজ)

- ক সংখ্যা পাতন খ স্বকীয় মান
● স্থানীয় মান ঘ বিভাজ্যতা

৫. পাটিগণিতে সংখ্যা প্রকাশের প্রতীকগুলোর মধ্যে স্বাভাবিক সংখ্যা কয়টি?

- ক ৭টি খ ৮টি ● ৯টি ঘ ১০টি

৬. সার্থক অঙ্ক কয়টি? [ভি.জে. সরকারি উচ্চ বিদ্যালয়, চুয়াডাঙ্গা]

- ক ৫টি খ ৬টি গ ৮টি ● ৯টি

৭. কোনো সংখ্যা অঙ্ক দ্বারা লেখাকে কী বলে?
(সহজ)

- ক সংখ্যাপাতন খ বিভাজ্যতা
● অঙ্কপাতন ঘ স্বকীয় মান

৮. নিচের কোনটি অভাবজ্ঞাপক অঙ্ক?

- ০ খ ১ গ ৮ ঘ ৯

৯. কোনো অঙ্ক এক এক স্থান করে বামদিকে সরে গেলে তার মান উত্তরোত্তর কতগুণ করে বৃদ্ধি পায়? (সহজ)

- ক দুই গুণ খ তিন গুণ গ পাঁচ গুণ ● দশ গুণ

১০. ৩৩৩ সংখ্যাটির ডানদিক থেকে দ্বিতীয় স্থানে ৩ এর স্থানীয় মান কত?

- ক ৩ ● ৩০ গ ৩০০ ঘ ৩০০০

১১. ২৩০০৫ সংখ্যাটিতে ৩ এর স্থানীয় মান নিচের কোনটি?

- ক ৩০ খ ৩০০ ● ৩০০০ ঘ ৩০০৫

১২. ৪২০৩ সংখ্যাটিতে ২ এর স্থানীয় মান কত?

- ক দুই খ বিশ
● দুইশ ঘ দুই হাজার

১৩. ২৩৫৪ সংখ্যাটিতে ৩ এর স্থানীয় মান কত?

- ক ৩ ● ৩০০ গ ৩০০০ ঘ ৩০০০০

১৪. ৬৬৬৬ সংখ্যাটিতে সর্ব ডানের অবস্থিত ৬ এর স্থানীয় মান কত?
● ৬ খ ৬০ গ ৬০০ ঘ ৬০০০

১৫. সাত হাজার সাতশত সাতকে সংখ্যায় লিখলে নিচের কোনটি সঠিক?

- ক ৭,৭৭৭ খ ৭,০৭৭ ● ৭,৭০৭ ঘ ৭৭,০৭

বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

১৬. নিচের তথ্যগুলো লক্ষ কর :

- i. দশ ভিত্তিক অঙ্ক পাতনের বা সংখ্যা প্রকাশের প্রণালিকে দশমিক বা দশগুণোত্তর প্রণালি বলা হয়
ii. পাটিগণিতে সকল অঙ্কের একটি স্বকীয় মান থাকে
iii. শূন্যকে অভাবজ্ঞাপক অঙ্ক বলা হয়
নিচের কোনটি সঠিক?

- ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

১৭. নিচের তথ্যগুলো লক্ষ কর :

- i. কোনো সংখ্যা অঙ্ক দ্বারা লেখাকে অঙ্ক পাতন বলে
ii. অঙ্কপাতনে দশটি প্রতীকই ব্যবহার করা হয়
iii. ৯ অপেক্ষা বড় সব সংখ্যাই দুই বা ততোধিক অঙ্ক পাশাপাশি বসিয়ে লেখা হয়।
নিচের কোনটি সঠিক? (সহজ)

- ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

১৮. কোনো সংখ্যায় ব্যবহৃত—

- i. অঙ্কগুলোর মান তার অবস্থানের ওপর নির্ভর করে
ii. অঙ্কগুলোর মান তার স্বকীয় মানের ওপর নির্ভর করে
iii. একই অঙ্কের স্থান পরিবর্তনের ফলে স্থানীয় মানের পরিবর্তন হয়
নিচের কোনটি সঠিক?

- ক i ও ii ● i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১৯. ৫৫৫ সংখ্যাটিতে— [অগ্রণী স্কুল এন্ড কলেজ, ঢাকা]

- i. ডানদিক থেকে এর ১ম স্থানের স্থানীয় মান ৫
ii. ডানদিক থেকে এর ২য় স্থানের স্বকীয় মান ৫
iii. শেষের ৫ এর স্থানীয় মান ৫০০০
নিচের কোনটি সঠিক?

- i ও ii খ i ও iii

গ) ii ও iii

ঘ) i, ii ও iii

২০. নিচের তথ্যগুলো লক্ষ কর : [বাগেরহাট সরকারি উচ্চ বিদ্যালয়]

i. পাটিগণিতের দশটি প্রতীক বা অঙ্ক দ্বারা সব সংখ্যাই লেখা যায় না

ii. ১ এর প্রকৃত মান এক

iii. শূন্য এর প্রকৃত মান নেই

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii ● ii ও iii ঘ) i, ii ও iii

অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

নিচের তথ্যের আলোকে ২১ - ২৩ নং প্রশ্নের উত্তর দাও :

২, ০, ৩, ৪, ৬, ৯ কয়েকটি অঙ্ক।

২১. এখানে স্বাভাবিক সংখ্যা কয়টি?

ক) ৪টি ● ৫টি গ) ৬টি ঘ) ৯টি

ব্যাখ্যা : এখানে শূন্য ব্যতীত বাকি সংখ্যাগুলো স্বাভাবিক সংখ্যা।

২২. অঙ্কগুলো দ্বারা গঠিত সংখ্যায় ৩ এর স্থানীয় মান কত?

ক) ৩০০০ ● ৩০০ গ) ৩০০ ঘ) ৩০

২৩. প্রথম তিনটি অঙ্ক দ্বারা গঠিত সংখ্যার ২ এর স্থানীয় মান কত?

ক) ২ খ) ২০ ● ২০০ ঘ) ২০০০

সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

২৪. এক অঙ্কের বৃহত্তম সংখ্যা কোনটি? [সহজ]

ক) ০ খ) ১ গ) ৫ ● ৯

২৫. চার বা ততোধিক অঙ্কে লিখিত সংখ্যা সহজে ও শুদ্ধভাবে পড়ার জন্য কী ব্যবহার করা হয়?

ক) - খ) + ঘ) ৪ ● ,

২৬. “বিশ হাজার সত্তর” সংখ্যাটি কমা ব্যবহার করে অঙ্কে লিখলে কোনটি সঠিক হবে?

ক) ২,০৭০ ● ২০,০৭০ গ) ২,০০,৭০ ঘ) ২,০০,০৭০

২৭. তিন অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যার আগের সংখ্যাটি কত?

ক) ১০০০ খ) ৯৯৯ গ) ১০১ ● ৯৯

ব্যাখ্যা : তিন অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা ১০০। আগের সংখ্যা $(১০০ - ১) = ৯৯$ ।

২৮. পাঁচ অঙ্কের বৃহত্তম সংখ্যা নিচের কোনটি? [বগুড়া জিলা স্কুল]

ক) ৯৯৯ খ) ৯৯৯৯ গ) ১০০০০ ● ৯৯৯৯৯

২৯. নিচের কোনটি পাঁচ অঙ্কের বৃহত্তম সংখ্যার পরের সংখ্যা?

ক) ১০০০০ খ) ৯৯৯৯৯ ● ১০০০০০ ঘ) ১০০০০১

ব্যাখ্যা : পাঁচ অঙ্কের বৃহত্তম সংখ্যা ৯৯৯৯৯। পরের সংখ্যা $(৯৯৯৯৯ + ১) = ১০০০০০$ ।

৩০. চার অঙ্কের বৃহত্তম সংখ্যাটির পরের সংখ্যাটি কত? (মধ্যম)

ক) ১০০০ খ) ১০০১ গ) ১০০ ● ১০০০০

৩১. বড় থেকে ছোট ক্রমে অঙ্কপাতন করলে কোন ধরনের সংখ্যা পাওয়া যায়? (সহজ)

● বৃহত্তম খ) ক্ষুদ্রতম গ) ভগ্নাংশ সংখ্যা ঘ) দশমিক সংখ্যা

৩২. অঙ্কপাতনের যেকোনো অবস্থানে ৯ এর স্থানীয় মান—(সহজ)

● বৃহত্তম খ) ক্ষুদ্রতম গ) ঋণাত্মক ঘ) মিশ্র ভগ্নাংশ

৩৩. নিম্নের ঘরে ২ এবং লক্ষের ঘরে ৫ থাকলে কত পড়া হয়? (মধ্যম)

ক) পঁচিশ খ) বায়ান্ন ● পঁচিশ লক্ষ ঘ) দুই লক্ষ

৩৪. দেশীয় সংখ্যাপঠন রীতিতে সংখ্যার ডানদিক থেকে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান যথাক্রমে প্রকাশ করে— (মধ্যম)

ক) হাজার, অযুত ও লক্ষ খ) লক্ষ, নিযুত ও কোটি

গ) শতক, হাজার, লক্ষ ● একক, দশক ও শতক

৩৫. ২৩, ৩৮, ৯০ কে পড়া হয় যথাক্রমে—

● তেইশ, আটত্রিশ, নব্বই খ) দুই, তিন, নয়

গ) তেইশ, আটত্রিশ, নয় ঘ) বত্রিশ, তিরিশি, নয়

৩৬. ৮, ৩, ০, ৫, ৪ অঙ্কগুলো দ্বারা গঠিত পাঁচ অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা কোনটি? (মধ্যম)

ক) ০৩৪৫৮ ● ৩০৪৫৮ গ) ৩৪৫০৮ ঘ) ৮৫৪৩০

৩৭. ৬, ৭, ২, ০, ৪, ৩ অঙ্কগুলো দ্বারা গঠিত ছয় অঙ্কের বৃহত্তম সংখ্যা নিচের কোনটি? (মধ্যম)

ক) ২০৩৪৬৭ খ) ৭০৬৪৩২ গ) ৭৬৪৩০২ ● ৭৬৪৩২০

৩৮. নিচের কোনটি ছয় অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা? (মধ্যম)

ক) ৯৯৯৯৯৯ খ) ৯০০০০০ গ) ৬৬৬৬৬৬ ● ১০০০০০

৩৯. ৬, ৭, ২, ০, ৪ অঙ্কগুলো দ্বারা গঠিত পাঁচ অঙ্কের বৃহত্তম সংখ্যা কোনটি? [ভি. জে. সরকারি উচ্চ বিদ্যালয়, চুয়াডাঙ্গা]

ক) ৬৭২০৪ খ) ৭০৬২৪ গ) ৭০৬৪২ ● ৭৬৪২০

৪০. পাঁচ অঙ্কবিশিষ্ট একটি সংখ্যার অযুতের ঘরে ৮ ও হাজারের ঘরে ৫ এবং অবশিষ্ট অঙ্কগুলো শূন্য (০) থাকলে সংখ্যাটি কীভাবে পড়তে হবে? [সরকারি জুবিলী উচ্চ বিদ্যালয়, সুনামগঞ্জ]

- (ক) আট লক্ষ পাঁচ হাজার (খ) পঁচাশি লক্ষ
● পঁচাশি হাজার (ঘ) আট হাজার পাঁচশ

৪১. ২৭২৪৫৬২৮ কে কমা বসিয়ে লিখলে কোনটি হবে? (সহজ)

- (ক) ২৭২,৪৫,৬২,৮ (খ) ২৭,২৪,৫৬,২৮
(গ) ২,৭,২,৪,৫,৬,২,৮ ● ২,৭২,৪৫,৬২৮

৪২. ৩২৫৮৫২৩ কে কথায় লিখলে নিচের কোনটি হবে? (সহজ)

- (ক) তিন কোটি পঁচিশ হাজার তেইশ
● বত্রিশ লক্ষ আটানু হাজার পাঁচশ তেইশ
(গ) বত্রিশ লক্ষ পাঁচশ তেইশ
(ঘ) তিন দুই পাঁচ আট দুই তিন

৪৩. ৭৩৪৫৫ সংখ্যাটির অঙ্কগুলোকে বিপরীতভাবে সাজিয়ে কথায় প্রকাশ করলে নিচের কোনটি সঠিক? (মধ্যম)

- (ক) পঞ্চাশ হাজার তিনশ সাঁইত্রিশ
● পঞ্চাশ হাজার চারশ সাঁইত্রিশ
(গ) পঞ্চাশ হাজার তিনশ সাতচল্লিশ
(ঘ) পঞ্চাশ হাজার সাতশ তেতাল্লিশ

৪৪. “এগার কোটি তের লক্ষ পাঁচশ তিন” কে অঙ্কে লিখলে নিচের কোনটি হবে?

- (ক) ১১০১৩০০০৫০৩ (খ) ১১০১৩০০৫০৩
● ১১১৩০০৫০৩ (ঘ) ১১০১৩০৫০৩

৪৫. আটানব্বই কোটি সাত লক্ষ পাঁচ হাজার নয়। নিচের কোনটি এর সঠিক সংখ্যারূপ? [সায়ের উদ্দীন মেমোরিয়াল স্কুল এন্ড কলেজ, নওগাঁ]

- (ক) ৯৮০৭০৫০০৯ (খ) ৯০৮৭০৫০০৯
(গ) ৯৮০৭৫০০০৯ (ঘ) ৯৮৭৫০০৯

৪৬. ৪, ০, ৫, ৩, ৯, ৮, ৭ একই অঙ্কে মাত্র একবার ব্যবহার করে সাত অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা নিচের কোনটি? [নওগাঁ জিলা স্কুল]

- (ক) ৯৮,৭৫,৪৩০ (খ) ৮৯,৭৫,৪৩০
(গ) ৩৪,৫৭,৮৯০ ● ৩০,৪৫,৭৮৯

বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৪৭. নিচের তথ্যগুলো লক্ষ কর :

- i. চার বা ততোধিক অঙ্কে লিখিত সংখ্যা সহজে ও শুম্ভভাবে পড়ার জন্য কমা (,) ব্যবহার করা হয়।
ii. দেশীয় সংখ্যাপঠন রীতিতে সংখ্যার ডানদিক থেকে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান যথাক্রমে হাজার, অযুত ও লক্ষ।
iii. এক অঙ্কের বৃহত্তম সংখ্যা ৯।

নিচের কোনটি সঠিক?

- (ক) i ও ii ● i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৪৮. দেশীয় সংখ্যাপঠন রীতিতে—

- i. অযুত ও হাজারের ঘর মিলিয়ে যত হাজার হয়, তত হাজার পড়া হয়
ii. নিযুত ও লক্ষের ঘর মিলিয়ে যত লক্ষ হয়, তত লক্ষ হিসেবে পড়া হয়
iii. হাজারের ঘরে সর্বোচ্চ দুই অঙ্কবিশিষ্ট সংখ্যা লেখা যায়।

নিচের কোনটি সঠিক?

(কঠিন)

- (ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii ● i, ii ও iii

৪৯. নিচের তথ্যগুলো লক্ষ কর :

[খুলনা জিলা স্কুল]

- i. সাত অঙ্কের বৃহত্তম সংখ্যা ৭০০০০০০
ii. শতকের ঘরের ১, ২, ৩ ইত্যাদি অঙ্কগুলোকে পড়া হয় যথাক্রমে একশ, দুইশ, তিনশ ইত্যাদি
iii. পাঁচ হাজার দুইশত বত্রিশ ৪ ৫২৩২

নিচের কোনটি সঠিক?

- (ক) i ও ii (খ) i ও iii ● ii ও iii (ঘ) i, ii ও iii

অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

নিচের তথ্যের আলোকে ৫০ ও ৫১ নং প্রশ্নের উত্তর দাও :

৪, ০, ৫, ৩, ৯, ৮, ৭

৫০. উদ্দীপকের অঙ্কগুলো মাত্র একবার ব্যবহার করে সাত অঙ্কের বৃহত্তম সংখ্যা নিচের কোনটি?

- (ক) ৯৮,৭৫,৪৩০ (খ) ৮৯,৭৫,৪৩০

- (গ) ৩৪,৫৭,৮৯০ (ঘ) ৩০,৪৫,৭৮৯

৫১. উদ্দীপকের অঙ্কগুলো মাত্র একবার ব্যবহার করে সাত অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা নিচের কোনটি?

- (ক) ৯৮,৭৫,৪৩০ (খ) ৯০,৮৭,৫৪৩

গ) ৩৪,৫৭,৮৯০

● ৩০,৪৫,৭৮৯

নিচের তথ্যের আলোকে ৫২ – ৫৪ নং প্রশ্নের উত্তর দাও :

৬৭৫৮২৩ একটি সংখ্যা।

৫২. উপরে প্রদত্ত সংখ্যাটি কত অঙ্কের সংখ্যা? (সহজ)

ক) ৪

খ) ৫

● ৬

ঘ) ৭

৫৩. উপরে প্রদত্ত সংখ্যাটিকে কথায় প্রকাশ করলে নিচের কোনটি হবে? (কঠিন)

ক) সাতষট্টি লক্ষ পঁচ হাজার আটশ তেইশ

খ) ছয় লক্ষ আটাত্তর হাজার তেইশ

● ছয় লক্ষ পঁচাত্তর হাজার আটশ তেইশ

ঘ) পয়ষট্টি হাজার আটশ তেইশ

৫৪. উপরে প্রদত্ত সংখ্যাটির অঙ্কগুলোকে বিপরীতক্রমে সাজালে সংখ্যাটি কত হবে? (সহজ)

ক) ৭৬৫৮২৩

খ) ৬৭৫৮৩২

গ) ৫৭৬৩২৮

● ৩২৮৫৭৬

ব্যাখ্যা : ৬৭৫৮২৩ সংখ্যাটি বিপরীতক্রমে সাজালে হবে = ৩২৮৫৭৬।

সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৫৫. কোনো সংখ্যা শূন্যভাবে ও সহজে পড়ার জন্য যে রীতিতে ডানদিক থেকে তিন অঙ্ক পরপর কমা (,) বসানো হয়, তা কোন পদ্ধতি?

ক) দেশীয়পঠন রীতি

● আন্তর্জাতিক গণনা পদ্ধতি

গ) ভগ্নাংশ রীতি

ঘ) যৌগিক রীতি

৫৬. আন্তর্জাতিক গণনা পদ্ধতিতে সংখ্যার ডানদিক থেকে কত অঙ্ক পরপর কমা (,) বসানো হয়? (সহজ)

ক) এক অঙ্ক পরপর

খ) দুই অঙ্ক পরপর

● তিন অঙ্ক পরপর

ঘ) চার অঙ্ক পরপর

৫৭. ১ বিলিয়নে কত মিলিয়ন? [খুলনা মডেল স্কুল এন্ড কলেজ]

ক) ১০

খ) ১০০

● ১০০০

ঘ) ১০০০০

৫৮. ২০৪,০০,০০,০০ সংখ্যাটি কথায় প্রকাশ করলে—(মধ্যম)

ক) দুইশ চার বিলিয়ন

খ) ২ বিলিয়ন ৪০ মিলিয়ন

● ২০৪ মিলিয়ন

ঘ) বিশ হাজার মিলিয়ন

৫৯. সঠিক কোনটি? [সাতক্ষীরা পুলিশ লাইন মাধ্যমিক বিদ্যালয়]

● ২০৪, ৩৪০, ৪৩২, ০০৪

খ) ২০, ৪৩, ৪০, ৪৩, ২০০৪

গ) ২০৪৩, ৪০৪, ৩২

ঘ) ২, ০৪৩৪০, ৪৩২, ০০৪

বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৬০. আন্তর্জাতিক গণনা পদ্ধতিতে—

i. হাজারের ঘরে অনূর্ধ্ব তিন অঙ্কবিশিষ্ট সংখ্যা লেখা যায়

ii. হাজারের ঘরের বাম দিকে মিলিয়নের ঘর বিদ্যমান থাকে

iii. বিলিয়নের ঘরে অনূর্ধ্ব তিন অঙ্কবিশিষ্ট সংখ্যা লেখা যায়

নিচের কোনটি সঠিক? (মধ্যম)

ক) i ও ii

খ) i ও iii

গ) ii ও iii

● i, ii ও iii

৬১. নিচের তথ্যগুলো লক্ষ কর :

i. মিলিয়নের ঘরে অনূর্ধ্ব তিন অঙ্কবিশিষ্ট সংখ্যা লেখা যায়

ii. বিলিয়নের ঘরের বামের ঘর মিলিয়নের

iii. মিলিয়নের ঘরের বামের ঘর বিলিয়নের

নিচের কোনটি সঠিক? (মধ্যম)

ক) i ও ii

● i ও iii

গ) ii ও iii

ঘ) i, ii ও iii

অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

নিচের তথ্যের আলোকে ৬২ ও ৬৩ নং প্রশ্নের উত্তর দাও :

হাজার	শতক	দশক	একক
১১১	০	০	০

৬২. ছকে লিখিত সংখ্যাটি আন্তর্জাতিক পদ্ধতিতে পড়লে কী হবে? (মধ্যম)

● একশ এগারো হাজার

খ) এক মিলিয়ন এগারো হাজার

গ) এগারো শ এগারো হাজার

ঘ) এগারো মিলিয়ন এগারো হাজার

৬৩. উপরে উল্লিখিত পদ্ধতিতে শতকের ঘরে সর্বোচ্চ কত অঙ্কবিশিষ্ট সংখ্যা লেখা যায়? (সহজ)

● এক

খ) দুই

গ) তিন

ঘ) চার

নিচের তথ্যের আলোকে ৬৪ – ৬৬ নং প্রশ্নের উত্তর দাও :

১,০০,০০০; ২২২,০০০,০০০,০০০

৬৪. কমা ব্যবহার করে প্রথম সংখ্যাটির আন্তর্জাতিক গণনার সঠিক রূপ কোনটি? (সহজ)

ক) ১,০০০০০

খ) ১০,০০০০

● ১০০,০০০

ঘ) ১,০০,০০০

৬৫. দেশীয় পদ্ধতিতে প্রথম সংখ্যাটির লিখিত রূপ কোনটি?(সহজ)

ক) একশত হাজার

● এক লক্ষ

গ) দশ লক্ষ

ঘ) ১ কোটি

৬৬. দ্বিতীয় সংখ্যাটি কথায় প্রকাশ করলে হবে? (সহজ)

ক) ২০৮ মিলিয়ন

খ) বিশ হাজার মিলিয়ন

গ) ২ বিলিয়ন চল্লিশ মিলিয়ন

● দুইশ বাইশ বিলিয়ন

সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৬৭. আন্তর্জাতিক গণনা রীতিতে মিলিয়নের ঘরে সর্বদানের ১ এর স্থানীয় মান কত? (মধ্যম)

ক) ১ দশক খ) ১ শতক ● ১ মিলিয়ন ঘ) ১ বিলিয়ন

৬৮. ১৫ মিলিয়নে ৫ এর স্থানীয় মান দেশীয় রীতিতে কত লক্ষ?

ক) ২ খ) ১৫ ● ৫০ ঘ) ৫০০

৬৯. ৮০০ কোটিতে কত বিলিয়ন? [ভি.জে. সরকারি উচ্চ বিদ্যালয়, চুয়াডাঙ্গা]

ক) ১ বিলিয়ন

● ৮ বিলিয়ন

গ) ৮০ বিলিয়ন

ঘ) ৮০০ বিলিয়ন

৭০. এক মিলিয়নে কত লক্ষ? [ভোলা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]

ক) ৫ ● ১০ গ) ৫০ ঘ) ১০০

৭১. ১১ মিলিয়নে সর্বদানে অবস্থিত ১ এর স্থানীয় মান দেশীয় রীতিতে কত লক্ষ? [ভোলা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]

ক) ২ ● ১০ গ) ১০০ ঘ) ১০০০

৭২. এক বিলিয়নে কত কোটি? [বগুড়া সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]

● ১০০ খ) ৫০ গ) ১০ ঘ) ৫

৭৩. ৫ মিলিয়নে কত লক্ষ? [বিয়াম মডেল স্কুল এন্ড কলেজ, বগুড়া]

ক) ৫ খ) ১০ গ) ২০ ● ৫০

৭৪. ৫০০ কোটিতে কত বিলিয়ন?

ক) ৫০ খ) ৪০ গ) ২০ ● ৫

৭৫. ১/২ বিলিয়ন = কত লক্ষ? [বাগেরহাট সরকারি উচ্চ বিদ্যালয়]

ক) ১০০ খ) ২০০০ গ) ৪,০০০ ● ৫,০০০

৭৬. ২০০০ কোটিতে কত বিলিয়ন? [চুয়াডাঙ্গা সরকারি বালিকা বিদ্যালয়]

ক) ১০

● ২০

গ) ১০০

ঘ) ২০০

বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৭৭. আন্তর্জাতিক রীতিতে—

i. ১ মিলিয়ন = ১০ লক্ষ

ii. ৫০ মিলিয়ন = ৫০০ লক্ষ

iii. হাজারের ঘরে অনূর্ধ্ব ৩ অঙ্কবিশিষ্ট সংখ্যা লেখা যায় নিচের কোনটি সঠিক? (সহজ)

ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ● i, ii ও iii

৭৮. নিচের তথ্যগুলো লক্ষ কর :

i. বিলিয়নের ঘরের সর্বদানে যে সংখ্যা থাকবে তার স্থানীয় মান তত বিলিয়ন

ii. ১ বিলিয়ন = ১০০ কোটি

iii. ৬০০ লক্ষ = ৬০ মিলিয়ন

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ● i, ii ও iii

অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

নিচের তথ্যের আলোকে ৭৯ - ৮১ নং প্রশ্নের উত্তর দাও :

৫০০০০০০, ১০০ কোটি ও ১০ লক্ষ।

৭৯. কমা ব্যবহার করে তৃতীয় সংখ্যাটির আন্তর্জাতিক সঠিক রূপ কোনটি? (মধ্যম)

ক) ১০,০০০,০০ ● ১,০০০,০০০

গ) ১০০০,০০০ ঘ) ১০,০০,০০,০০


৮০. প্রথম সংখ্যাটি কত মিলিয়নের সমান? (মধ্যম)

● ৫ খ) ৫০ গ) ৫০০ ঘ) ৫০০০

৮১. দ্বিতীয় সংখ্যাটি কত বিলিয়নের সমান? (মধ্যম)

ক) ১০০ খ) ২০ গ) ১০ ● ১

প্রথম অধ্যায় স্বাভাবিক সংখ্যা ও ভগ্নাংশ



অনুশীলনী ১.২



পাঠ সম্পর্কিত গুরুত্বপূর্ণ বিষয়াদি



■ অনুশীলনী ১.২ এর গুরুত্বপূর্ণ তথ্যাবলি

- বিভাজ্যতা সম্পর্কিত একটি সাধারণ নিয়ম : কয়েকটি সংখ্যা আলাদাভাবে কোনো নির্দিষ্ট সংখ্যা দ্বারা বিভাজ্য হলে, তাদের যোগফল ঐ নির্দিষ্ট সংখ্যা দ্বারা বিভাজ্য হবে।
- ☑ মৌলিক সংখ্যা : ১ হতে বৃহত্তর যে সকল সংখ্যার ১ ও ঐ সংখ্যা ছাড়া অপর কোনো গুণনীয়ক থাকে না, তাদের মৌলিক সংখ্যা বলা হয়। যেমন, ২, ৩, ৫, ৭ সংখ্যাগুলোর ১ ও ঐ সংখ্যা ছাড়া আর কোনো গুণনীয়ক নাই। অতএব এগুলো মৌলিক সংখ্যা।
- ☑ যৌগিক সংখ্যা : যেসব সংখ্যার ১ ও ঐ সংখ্যা ছাড়াও অন্য গুণনীয়ক থাকে, তাদের যৌগিক সংখ্যা বলা হয়। যেমন, ৯, ১২, ১৪, ২৭ সংখ্যাগুলোর একটি গুণনীয়ক যথাক্রমে ৩, ৩, ২, ৩। অর্থাৎ এ সংখ্যাগুলোর ১ ও ঐ সংখ্যা ছাড়া আরও গুণনীয়ক আছে।
- ☑ সহমৌলিক সংখ্যা : দুই বা ততোধিক সংখ্যার সাধারণ গুণনীয়ক (উৎপাদক) কেবলমাত্র ১ হলে, ঐ সংখ্যাগুলো পরস্পর সহমৌলিক। যেমন, $১৪ = ২ \times ৭$, $১৫ = ৩ \times ৫$, $১২১ = ১১ \times ১১$ এখানে, ১৪, ১৫ ও ১২১ এর মধ্যে ১ ছাড়া সাধারণ গুণনীয়ক নাই। অতএব, এরা সহমৌলিক সংখ্যা।

■ অনুশীলনী ১.২ এর প্রশ্ন ও সমাধান

প্রশ্ন- ১ ৩০ থেকে ৭০ এর মধ্যে মৌলিক সংখ্যাগুলো লেখ।

সমাধান : আমরা জানি, যেসব সংখ্যার গুণনীয়ক ১ এবং ঐ সংখ্যা ছাড়া অন্য কোনো গুণনীয়ক থাকে না তাদেরকে মৌলিক সংখ্যা বলে।

৩০ থেকে ৭০ এর মধ্যে মৌলিক সংখ্যাগুলো হলো :

৩১, ৩৭, ৪১, ৪৩, ৪৭, ৫৩, ৫৯, ৬১, ৬৭।

উত্তর : ৩১, ৩৭, ৪১, ৪৩, ৪৭, ৫৩, ৫৯, ৬১, ৬৭।

প্রশ্ন- ২ সহমৌলিক জোড়া নির্ণয় কর :

(ক) ২৭, ৫৪

সমাধান : ২৭ ও ৫৪ কে মৌলিক উৎপাদকে বিশ্লেষণ করে পাই,

$$\begin{array}{r} ৩ \overline{) ২৭} \\ ৩ \overline{) ৯} \\ \hline ৩ \end{array}$$

$$\begin{array}{r} ২ \overline{) ৫৪} \\ ৩ \overline{) ২৭} \\ \hline ৩ \overline{) ৯} \\ \hline ৩ \end{array}$$

এখানে, $২৭ = ১ \times ৩ \times ৩ \times ৩$

$$৫৪ = ১ \times ২ \times ৩ \times ৩ \times ৩$$

২৭ এর গুণনীয়কগুলো হলো ১, ৩, ৯, ২৭

৫৪ এর গুণনীয়কগুলো হলো ১, ২, ৩, ৬, ৯, ১৮, ২৭, ৫৪।

∴ ২৭ ও ৫৪ এর মধ্যে সাধারণ গুণনীয়ক ১, ৩, ৯ ও ২৭ বিদ্যমান।

সুতরাং তারা সহমৌলিক নয়।

উত্তর : ২৭ ও ৫৪ সহমৌলিক নয়।

(খ) ৬৩, ৯১

সমাধান : ৬৩ ও ৯১ কে মৌলিক উৎপাদকে বিশ্লেষণ করে পাই।

$$\begin{array}{r} ৩ \overline{) ৬৩} \\ ৩ \overline{) ২১} \\ \hline ৭ \end{array} \quad \begin{array}{r} ৭ \overline{) ৯১} \\ \hline ১৩ \end{array}$$

এখানে, $৬৩ = ১ \times ৩ \times ৩ \times ৭$

$$৯১ = ১ \times ৭ \times ১৩$$

৬৩ এর গুণনীয়কগুলো হলো ১, ৩, ৭, ৯, ২১, ৬৩ এবং ৯১
এর গুণনীয়কগুলো হলো ১, ৭, ১৩, ৯১

∴ ৬৩ ও ৯১ এর মধ্যে সাধারণ গুণনীয়ক ১ ও ৭ বিদ্যমান।
সুতরাং তারা সহমৌলিক নয়।

উত্তর : ৬৩ ও ৯১ সহমৌলিক নয়।

(গ) ১৮৯, ২১০

সমাধান : ১৮৯ ও ২১০ কে মৌলিক উৎপাদকে বিশ্লেষণ করে
পাই,

$$\begin{array}{r} ৩ \overline{) ১৮৯} \\ ৩ \overline{) ৬৩} \\ ৩ \overline{) ২১} \\ ৭ \end{array} \quad \begin{array}{r} ২ \overline{) ২১০} \\ ৩ \overline{) ১০৫} \\ ৫ \overline{) ৩৫} \\ ৭ \end{array}$$

এখানে, $১৮৯ = ১ \times ৩ \times ৩ \times ৩ \times ৭$

$$২১০ = ১ \times ২ \times ৩ \times ৫ \times ৭$$

১৮৯ এর গুণনীয়কগুলো হলো ১, ৩, ৭, ৯, ২১, ২৭, ৬৩,
১৮৯ এবং

২১০ এর গুণনীয়কগুলো হলো ১, ২, ৩, ৫, ৬, ৭, ১০,
১৪, ১৫, ২১, ৩০, ৩৫, ৪২, ৭০, ১০৫, ২১০

∴ ১৮৯ ও ২১০ এর মধ্যে সাধারণ গুণনীয়ক ১, ৩, ৭ ও ২১
বিদ্যমান।

সুতরাং, তারা সহমৌলিক নয়।

উত্তর : ১৮৯ ও ২১০ সহমৌলিক নয়।

(ঘ) ৫২, ৯৭

সমাধান : ৫২ ও ৯৭ কে মৌলিক উৎপাদকে বিশ্লেষণ করে পাই,

$$\begin{array}{r} ২ \overline{) ৫২} \\ ২ \overline{) ২৬} \\ ১৩ \end{array} \quad \begin{array}{r} ৯৭ \overline{) ৯৭} \\ ১ \end{array}$$

$$৫২ = ১ \times ২ \times ২ \times ১৩$$

$$৯৭ = ১ \times ৯৭$$

৫২ এর গুণনীয়কগুলো হলো ১, ২, ৪, ২৬, ৫২ এবং

৯৭ এর গুণনীয়কগুলো হলো ১, ৯৭

∴ ৫২ ও ৯৭ এর মধ্যে ১ ছাড়া অন্য কোনো সাধারণ গুণনীয়ক
নেই।

সুতরাং তারা সহমৌলিক।

উত্তর : ৫২ ও ৯৭ সহমৌলিক।

প্রশ্ন- ৩ নিচের কোন সংখ্যাগুলো নির্দেশিত সংখ্যা দিয়ে নিঃশেষে
বিভাজ্য?

(ক) ৩ দিয়ে : ৫৪৫, ৬৭৭৪, ৮৫৩৫

(খ) ৪ দিয়ে : ৮৫৪২, ২১৮৪, ৫২৭৪

(গ) ৬ দিয়ে : ২১৮৪, ১০৭৪, ৭৮৩২

(ঘ) ৯ দিয়ে : ৫০৭৫, ১৭৩৭, ২১৯৩

সমাধান :

(ক) আমরা জানি, কোনো সংখ্যার অঙ্কগুলোর যোগফল ৩ দ্বারা
বিভাজ্য হলে, ঐ সংখ্যাটি ৩ দ্বারা বিভাজ্য হবে।

৫৪৫ : ৫৪৫, ৩ দ্বারা বিভাজ্য কিনা তা নির্ণয়ের জন্য
সংখ্যার অঙ্কগুলোকে যোগ করি।

$$\text{প্রদত্ত সংখ্যার অঙ্কগুলোর যোগফল} = (৫ + ৪ + ৫) = ১৪$$

∴ অঙ্কগুলোর যোগফল ১৪ = ৭×২ ; যা ৩ দ্বারা বিভাজ্য নয়।

∴ ৫৪৫, ৩ দ্বারা বিভাজ্য নয়।

উত্তর : ৫৪৫, ৩ দ্বারা বিভাজ্য নয়।

৬৭৭৪ : ৬৭৭৪, ৩ দ্বারা বিভাজ্য কিনা তা নির্ণয়ের জন্য
সংখ্যার অঙ্কগুলোকে যোগ করি।

$$\text{প্রদত্ত সংখ্যার অঙ্কগুলোর যোগফল} = (৬ + ৭ + ৭ + ৪) = ২৪$$

∴ অঙ্কগুলোর যোগফল ২৪ = ৮×৩ ; যা ৩ দ্বারা বিভাজ্য।

∴ ৬৭৭৪, ৩ দ্বারা বিভাজ্য।

উত্তর : ৬৭৭৪, ৩ দ্বারা বিভাজ্য।

৮৫৩৫ : ৮৫৩৫, ৩ দ্বারা বিভাজ্য কিনা তা নির্ণয়ের জন্য
সংখ্যার অঙ্কগুলোকে যোগ করি।

$$\text{∴ প্রদত্ত সংখ্যার অঙ্কগুলোর যোগফল} = (৮ + ৫ + ৩ + ৫) = ২১$$

∴ অঙ্কগুলোর যোগফল ২১ = ৭×৩ ; যা ৩ দ্বারা বিভাজ্য।

∴ ৮৫৩৫, ৩ দ্বারা বিভাজ্য।

উত্তর : ৮৫৩৫, ৩ দ্বারা বিভাজ্য।

(খ) আমরা জানি, কোনো সংখ্যার একক ও দশক স্থানের অঙ্ক
দুইটি দ্বারা গঠিত সংখ্যা ৪ দ্বারা বিভাজ্য হলে, ঐ সংখ্যাটি ৪
দ্বারা বিভাজ্য হবে।

আবার একক ও দশক উভয় স্থানের অঙ্ক ০ হলেও প্রদত্ত সংখ্যাটি ৪ দ্বারা বিভাজ্য হবে।

৮৫৪২ : ৮৫৪২ সংখ্যায় একক ও দশক স্থানীয় অঙ্ক দুইটি দ্বারা গঠিত সংখ্যা হচ্ছে ৪২।

এখন, $৪২ = ১ \times ২ \times ৩ \times ৭$; যা ৪ দ্বারা বিভাজ্য নয়।

\therefore ৮৫৪২, ৪ দ্বারা বিভাজ্য নয়।

উত্তর : ৮৫৪২, ৪ দ্বারা বিভাজ্য নয়।

২১৮৪ : ২১৮৪ সংখ্যায় একক ও দশক স্থানীয় অঙ্ক দুইটি দ্বারা গঠিত সংখ্যা হচ্ছে ৮৪।

আবার, $৮৪ = ১ \times ২ \times ২ \times ৩ \times ৭ = ১ \times ৪ \times ৩ \times ৭$; যা ৪ দ্বারা বিভাজ্য।

\therefore ২১৮৪, ৪ দ্বারা বিভাজ্য।

উত্তর : ২১৮৪, ৪ দ্বারা বিভাজ্য।

৫২৭৪ : ৫২৭৪ সংখ্যায় একক ও দশক স্থানীয় অঙ্ক দুইটি দ্বারা গঠিত সংখ্যা হচ্ছে ৭৪।

আবার, $৭৪ = ১ \times ৩৭ \times ২$; যা ৪ দ্বারা বিভাজ্য নয়।

\therefore ৫২৭৪, ৪ দ্বারা বিভাজ্য নয়।

উত্তর : ৫২৭৪, ৪ দ্বারা বিভাজ্য নয়।

(গ) আমরা জানি, কোনো সংখ্যা ২ এবং ৩ দ্বারা বিভাজ্য হলে সংখ্যাটি ৬ দ্বারাও বিভাজ্য হবে।

২১৮৪ : ২১৮৪ সংখ্যার একক স্থানীয় অঙ্ক ৪ জোড় সংখ্যা।

\therefore ২১৮৪, ২ দ্বারা বিভাজ্য।

আবার, সংখ্যাটির অঙ্কগুলোর যোগফল = $(২ + ১ + ৮ + ৪) = ১৫$

\therefore অঙ্কগুলোর যোগফল $১৫ = ৫ \times ৩$; যা ৩ দ্বারা বিভাজ্য।

\therefore ২১৮৪, ৩ দ্বারা বিভাজ্য।

যেহেতু, সংখ্যাটি ২ ও ৩ দ্বারা বিভাজ্য সেহেতু, সংখ্যাটি ৬ দ্বারা বিভাজ্য।

\therefore ২১৮৪, ৬ দ্বারা বিভাজ্য।

উত্তর : ২১৮৪, ৬ দ্বারা বিভাজ্য।

১০৭৪ : ১০৭৪ সংখ্যায় একক স্থানীয় অঙ্ক ৪ জোড় সংখ্যা।

\therefore ১০৭৪, ২ দ্বারা বিভাজ্য।

আবার, সংখ্যাটির অঙ্কগুলোর যোগফল = $১ + ০ + ৭ + ৪ = ১২$ ।

\therefore অঙ্কগুলোর যোগফল $১২ = ১ \times ৪ \times ৩$; যা ৩ দ্বারা বিভাজ্য।

\therefore ১০৭৪, ৩ দ্বারা বিভাজ্য।

যেহেতু, সংখ্যাটি ২ ও ৩ দ্বারা বিভাজ্য সেহেতু, সংখ্যাটি ৬ দ্বারা বিভাজ্য।

\therefore ১০৭৪, ৬ দ্বারা বিভাজ্য।

উত্তর : ১০৭৪, ৬ দ্বারা বিভাজ্য।

৭৮৩২ : ৭৮৩২ সংখ্যার একক স্থানীয় অঙ্ক ২ জোড় সংখ্যা।

\therefore ৭৮৩২, ২ দ্বারা বিভাজ্য।

আবার, সংখ্যাটির অঙ্কগুলোর যোগফল = $৭ + ৮ + ৩ + ২ = ২০$

\therefore অঙ্কগুলোর যোগফল $২০ = ১ \times ৫ \times ৪$; যা ৩ দ্বারা বিভাজ্য নয়।

\therefore ৭৮৩২, ৩ দ্বারা বিভাজ্য নয়।

৭৮৩২ সংখ্যাটি ২ দ্বারা বিভাজ্য হলেও ৩ দ্বারা বিভাজ্য না হওয়ায় ৭৮৩২, ৬ দ্বারা বিভাজ্য নয়।

উত্তর : ৭৮৩২, ৬ দ্বারা বিভাজ্য নয়।

(ঘ) আমরা জানি, কোনো সংখ্যার অঙ্কগুলোর যোগফল ৯ দ্বারা বিভাজ্য হলে, প্রদত্ত সংখ্যাটি ৯ দ্বারা বিভাজ্য হবে।

৫০৭৫ : ৫০৭৫, ৯ দ্বারা বিভাজ্য কিনা তা নির্ণয়ের জন্য সংখ্যার অঙ্কগুলোকে যোগ করি।

প্রদত্ত সংখ্যার অঙ্কগুলোর যোগফল = $(৫ + ০ + ৭ + ৫) = ১৭$ ।

\therefore অঙ্কগুলোর যোগফল $১৭ = ১৭ \times ১$; যা ৯ দ্বারা বিভাজ্য নয়।

\therefore ৫০৭৫, ৯ দ্বারা বিভাজ্য নয়।

উত্তর : ৫০৭৫, ৯ দ্বারা বিভাজ্য নয়।

১৭৩৭ : ১৭৩৭, ৯ দ্বারা বিভাজ্য কিনা তা নির্ণয়ের জন্য সংখ্যার অঙ্কগুলোকে যোগ করি।

প্রদত্ত সংখ্যার অঙ্কগুলোর যোগফল = $১ + ৭ + ৩ + ৭ = ১৮$

\therefore অঙ্কগুলোর যোগফল $১৮ = ১ \times ৯ \times ২$; যা ৯ দ্বারা বিভাজ্য।

\therefore ১৭৩৭, ৯ দ্বারা বিভাজ্য।

উত্তর : ১৭৩৭, ৯ দ্বারা বিভাজ্য।

: ২১৯৩, ৯ দ্বারা বিভাজ্য কিনা তা নির্ণয়ের জন্য সংখ্যার অঙ্কগুলোকে যোগ করি।

প্রদত্ত সংখ্যার অঙ্কগুলোর যোগফল = $(২ + ১ + ৯ + ৩) = ১৫$

∴ অঙ্কগুলোর যোগফল $১৫ = ১ \times ৫ \times ৩$; যা ৯ দ্বারা বিভাজ্য নয়।

∴ ২১৯৩, ৯ দ্বারা বিভাজ্য নয়।

উত্তর : ২১৯৩, ৯ দ্বারা বিভাজ্য নয়।

(গ)

এ ব্যবহৃত অঙ্কগুলোর যোগফল

$$= (৪ + ১ + ৫ + ৭ + ৮) = ২৫।$$

∴ $২৫ = ৫ \times ৫$; যা ৯ দ্বারা বিভাজ্য নয়।

কিন্তু ২৫ এর কাছাকাছি এবং ২৫ অপেক্ষা বড় ৯ দ্বারা বিভাজ্য সংখ্যা হবে ২৭।

∴ অঙ্কটি $(২৭ - ২৫) = ২$

উত্তর : এর স্থানে ২ বসালে সংখ্যাটি ৯ দ্বারা বিভাজ্য হবে।

(ঘ) ৫৭৪২

৫৭৪২ এ ব্যবহৃত অঙ্কগুলোর যোগফল = $(৫ + ৭ + ৪ + ২) = ১৮$

∴ $১৮ = ৯ \times ২$; যা ৯ দ্বারা বিভাজ্য।

∴ এর স্থানে ০ বসালে সংখ্যাটি ৯ দ্বারা বিভাজ্য হবে।
আবার, অঙ্কগুলোর যোগফলের সাথে ৯ যোগ করলে হয় $১৮ + ৯ = ২৭$

∴ $২৭ = ৯ \times ৩$; যা ৯ দ্বারা বিভাজ্য।

উত্তর : এর স্থানে ০ অথবা ৯ বসালে সংখ্যাটি ৯ দ্বারা বিভাজ্য হবে।

প্রশ্ন- ৫ পাঁচ অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা নির্ণয় কর যা ৩ দ্বারা বিভাজ্য।

সমাধান : পাঁচ অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা = ১০০০০

আমরা জানি, কোনো সংখ্যার অঙ্কগুলোর যোগফল ৩ দ্বারা বিভাজ্য হলে, ঐ সংখ্যাটি ৩ দ্বারা বিভাজ্য হবে।

এখন, ১০০০০ সংখ্যাটির অঙ্কগুলোর যোগফল

$$= ১ + ০ + ০ + ০ + ০ = ১; যা ৩ দ্বারা বিভাজ্য নয়।$$

কিন্তু ১ এর কাছাকাছি এবং ১ অপেক্ষা বড় ৩ দ্বারা বিভাজ্য সংখ্যা হবে ৩।

∴ ক্ষুদ্রতম সংখ্যাটির সাথে $(৩ - ১)$ বা ২ যোগ করলে সংখ্যাটি ৩ দ্বারা বিভাজ্য হবে।

নির্ণেয় পাঁচ অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যাটি $(১০০০০ + ২) = ১০০০২$

উত্তর : ১০০০২

প্রশ্ন- ৬ সাত অঙ্কের বৃহত্তম সংখ্যা নির্ণয় কর যা ৬ দ্বারা বিভাজ্য।

সমাধান : সাত অঙ্কের বৃহত্তম সংখ্যা ৯৯৯৯৯৯৯

আমরা জানি, কোনো সংখ্যা ৬ দ্বারা বিভাজ্য হবে যদি সেই সংখ্যা ২ ও ৩ দ্বারা বিভাজ্য হয়।

প্রশ্ন- ৪ নিচের চিহ্নিত স্থানে কোন কোন অঙ্ক বসালে সংখ্যাটি ৯ দ্বারা বিভাজ্য হবে?

(ক) ৫ (খ) ৮১২ (গ) (ঘ)

৫৭৪২

সমাধান : আমরা জানি, কোনো সংখ্যার অঙ্কগুলোর যোগফল ৯ দ্বারা বিভাজ্য হলে সংখ্যাটি ৯ দ্বারা বিভাজ্য হবে।

(ক) ৫

৫ এ ব্যবহৃত অঙ্কগুলোর যোগফল

$$= (৫ + ৭ + ২ + ৩) = ১৭।$$

∴ $১৭ = ১ \times ১৭$; যা ৯ দ্বারা বিভাজ্য নয়।

কিন্তু, ১৭ এর কাছাকাছি এবং ১৭ অপেক্ষা বড় ৯ দ্বারা বিভাজ্য সংখ্যা ২৭।

∴ অঙ্কটি $(২৭ - ১৭) = ১০$

উত্তর : এর স্থানে ১০ বসালে সংখ্যাটি ৯ দ্বারা বিভাজ্য হবে।

(খ) ৮১২

৮১২ এ ব্যবহৃত অঙ্কগুলোর যোগফল

$$= (৮ + ১ + ২ + ৯ + ৪) = ২৪$$

∴ $২৪ = ১১ \times ২$; যা ৯ দ্বারা বিভাজ্য নয়।

কিন্তু ২৪ এর কাছাকাছি এবং ২৪ অপেক্ষা বড় ৯ দ্বারা বিভাজ্য সংখ্যা ২৭।

∴ অঙ্কটি $(২৭ - ২৪) = ৩$

উত্তর : এর স্থানে ৩ বসালে সংখ্যাটি ৯ দ্বারা বিভাজ্য হবে।

এখন, ৯৯৯৯৯৯৯ সংখ্যাটির অঙ্কগুলোর যোগফল = (৯ + ৯ + ৯ + ৯ + ৯ + ৯ + ৯ + ৯) = ৬৩, যা ৩ দ্বারা বিভাজ্য।

কিন্তু ৯৯৯৯৯৯৯ এর একক স্থানীয় অঙ্কটি জোড় বা শূন্য না হওয়ায় তা ২ দ্বারা বিভাজ্য নয়।

∴ ৯৯৯৯৯৯৯ সংখ্যাটি ৩ দ্বারা বিভাজ্য হলেও ২ দ্বারা বিভাজ্য না হওয়ায় তা ৬ দ্বারা বিভাজ্য নয়।

এখন, যেহেতু ৯৯৯৯৯৯৯, ৩ দ্বারা বিভাজ্য সেহেতু সংখ্যাটি থেকে ৩ বিয়োগ করলে সাত অংকের ৩ দ্বারা বিভাজ্য আরেকটি বৃহত্তম সংখ্যা পাওয়া যাবে।

∴ প্রাপ্ত সংখ্যাটি (৯৯৯৯৯৯৯ - ৩) = ৯৯৯৯৯৯৬।

প্রাপ্ত সংখ্যাটির একক স্থানীয় সংখ্যাটি ৬, যা একটি জোড় সংখ্যা।

∴ ৯৯৯৯৯৯৬, ২ দ্বারা বিভাজ্য।

৯৯৯৯৯৯৬, সংখ্যাটি একই সাথে ৩ ও ২ দ্বারা বিভাজ্য হওয়ায় তা ৬ দ্বারাও বিভাজ্য।

উত্তর : ৬ দ্বারা বিভাজ্য সাত অঙ্কের বৃহত্তম সংখ্যাটি হলো ৯৯৯৯৯৯৬।

প্রশ্ন- ৭ ৩, ০, ৫, ২, ৭ অঙ্কগুলো দ্বারা গঠিত বৃহত্তম সংখ্যা ৪ এবং ৫ দ্বারা বিভাজ্য কিনা তা নির্ণয় কর।

সমাধান : ৩, ০, ৫, ২, ৭ অঙ্কগুলো দ্বারা গঠিত বৃহত্তম সংখ্যাটি ৭৫৩২০

আমরা জানি, কোনো সংখ্যার একক ও দশক স্থানের অঙ্ক দুইটি দ্বারা গঠিত সংখ্যা ৪ দ্বারা বিভাজ্য হলে, ঐ সংখ্যাটি ৪ দ্বারা বিভাজ্য হবে।

এখানে, ৭৫৩২০ সংখ্যাটির একক ও দশক স্থানীয় অঙ্ক দ্বারা গঠিত সংখ্যা ২০।

২০ = ৫ × ৪; যা ৪ দ্বারা বিভাজ্য।

∴ সংখ্যাটি ৪ দ্বারা বিভাজ্য।

আবার, আমরা জানি, কোনো সংখ্যার একক স্থানীয় অঙ্ক ০ বা ৫ হলে, সংখ্যাটি ৫ দ্বারা বিভাজ্য হবে।

এখানে, ৭৫৩২০ সংখ্যাটির একক স্থানীয় অঙ্ক ০।

∴ সংখ্যাটি ৫ দ্বারা বিভাজ্য।

উত্তর : ৭৫৩২০ বৃহত্তম সংখ্যাটি ৪ ও ৫ দ্বারা বিভাজ্য।

অতিরিক্ত সৃজনশীল প্রশ্ন ও সমাধান

প্রশ্ন- ৫১

বিভাজ্যতা

৮, ০, ৬, ৫, ৭ অঙ্কগুলো লক্ষ কর।

- ক. প্রদত্ত সংখ্যাগুলো একবার মাত্র ব্যবহার করে ক্ষুদ্রতম সংখ্যা গঠন কর। ২
- খ. সংখ্যাটি ৬ দ্বারা বিভাজ্য কিনা নির্ধারণ কর। ৪
- গ. সংখ্যাটির শেষে কোন কোন অঙ্ক বসালে সংখ্যাটি ৩ দ্বারা বিভাজ্য হবে? ৪

৫ নং প্রশ্নের সমাধান

ক. উদ্দীপকে উল্লিখিত সংখ্যাগুলো ছোট থেকে বড় ক্রমে অঙ্কপাতন করলে ক্ষুদ্রতম সংখ্যাটি পাওয়া যাবে।

এখানে, $০ < ৫ < ৬ < ৭ < ৮$

কিন্তু সর্ববামে ০ বসালে সংখ্যাটি অর্থবোধক পাঁচ অঙ্কের সংখ্যা না হয়ে চার অঙ্কের হবে। অতএব, ০ বাদে ক্ষুদ্রতম সংখ্যাটি সর্ববামে লিখে শূন্যসহ অন্যান্য অঙ্কগুলো ছোট থেকে বড় ক্রমে লিখলে ক্ষুদ্রতম সংখ্যাটি পাওয়া যাবে।

উপরিউক্ত পদ্ধতিতে প্রাপ্ত ক্ষুদ্রতম সংখ্যা ৫০৬৭৮।

উত্তর : ক্ষুদ্রতম সংখ্যা ৫০৬৭৮।

খ. ক অংশ হতে প্রাপ্ত সংখ্যাটি হলো ৫০৬৭৮।
৫০৬৭৮, ৬ দ্বারা বিভাজ্য হবে যদি সংখ্যাটি ২ ও ৩ দ্বারা বিভাজ্য হয়।

সংখ্যাটি একক স্থানীয় অঙ্কটি ৮ যা একটি জোড় সংখ্যা।
একারণে ৫০৬৭৮ সংখ্যাটি ২ দ্বারা বিভাজ্য।

কোনো সংখ্যার অঙ্কগুলোর যোগফল ৩ দ্বারা বিভাজ্য হলে ঐ সংখ্যা ৩ দ্বারা বিভাজ্য হবে।

৫০৬৭৮ এর ক্ষেত্রে = (৫ + ০ + ৬ + ৭ + ৮) = ২৬

= ১ × ২ × ১৩; যা ৩ দ্বারা বিভাজ্য নয়।

যেহেতু ৫০৬৭৮ সংখ্যাটি ২ দ্বারা বিভাজ্য হলেও ৩ দ্বারা বিভাজ্য নয় সেহেতু ৫০৬৭৮, ৬ দ্বারা বিভাজ্য নয়।

উত্তর : সংখ্যাটি ৬ দ্বারা বিভাজ্য নয়।

গ. ৫০৬৭৮ এর অঙ্কগুলোর যোগফল = (৫ + ০ + ৬ + ৭ + ৮)

= ২৬, যা ৩ দ্বারা বিভাজ্য নয়।

১ থেকে ৯ পর্যন্ত অঙ্কগুলোর মধ্যে যে অঙ্কগুলো ২৬ এর সাথে যোগ করার পর যোগফল ৩ দ্বারা বিভাজ্য হবে সেই অঙ্কগুলো সংখ্যাটির শেষে বসালে প্রাপ্ত সংখ্যাটিও ৩ দ্বারা বিভাজ্য হবে। যেমন: $২৬ + ১ = ২৭ = ৩ \times ৯$; যা ৩ দ্বারা বিভাজ্য।

∴ ৫০৬৭৮১, ৩ দ্বারা বিভাজ্য।

অনুরূপভাবে, $২৬ + ২ = ২৮$; ৩ দ্বারা বিভাজ্য নয়।

$২৬ + ৩ = ২৯$; ৩ দ্বারা বিভাজ্য নয়।

সমাধান : প্রদত্ত রাশি = ০.১৬৮ ÷ ০.০১২৫

$$\begin{aligned} &= \frac{০.১৬৮}{০.০১২৫} = \frac{০.১৬৮ \times ১০০০০}{০.০১২৫ \times ১০০০০} \\ &= \frac{১৬৮০}{১২৫} \\ &= ১৩.৪৪ \end{aligned}$$

উত্তর : ভাগফল ১৩.৪৪।

প্রশ্ন ১৬ ৥ সরল কর : [৩.৫ {৭.৮ - ২.৩ - (১২.৭৫ - ৯.২৫)}] ÷

৫

সমাধান : [৩.৫ {৭.৮ - ২.৩ - (১২.৭৫ - ৯.২৫)}] ÷ ০.৫

$$= [৩.৫ \{৭.৮ - ২.৩ - ৩.৫\}] \div ০.৫$$

$$= [৩.৫ \{৭.৮ - ৫.৮\}] \div ০.৫$$

$$= [৩.৫ এর ২] \div ০.৫$$

$$= \left[\frac{৩৫}{১০} এর ২ \right] \div ০.৫ = \frac{৭০}{১০} \div ০.৫$$

$$= \frac{৭০}{১০} \div \frac{৫}{১০} = \frac{৭০}{১০} \times \frac{১০}{৫} = ১৪$$

উত্তর : সরলফল ১৪।

প্রশ্ন ১৭ ৥ তমার নিকট ৫০ টাকা ছিল। সে তার ছোট ভাইকে ১৫.৫০ টাকা এবং তার বন্ধুকে ১২.৭৫ টাকা দিল। তার নিকট আর কত রইল?

সমাধান : তমার নিকট ছিল ৫০ টাকা।

$$\begin{aligned} \text{সে তার ছোট ভাই এবং বন্ধুকে দিল} &= (১৫.৫০ + ১২.৭৫) \text{ টাকা} \\ &= ২৮.২৫ \text{ টাকা} \end{aligned}$$

$$\begin{aligned} \text{তমার নিকট রইল} &= (৫০ - ২৮.২৫) \text{ টাকা} \\ &= (৫০.০০ - ২৮.২৫) \text{ টাকা} \\ &= ২১.৭৫ \text{ টাকা} \end{aligned}$$

উত্তর : মার নিকট রইল ২১.৭৫ টাকা।

প্রশ্ন ১৮ ৥ পারুল বেগমের ১০০ শতাংশ জমি আছে। তিনি ৪০.৫ শতাংশে ধান, ২০.২ শতাংশে মরিচ, ১০.৭৫ শতাংশে আলু এবং অবশিষ্ট জমিতে বেগুন চাষ করলেন। তিনি কতটুকু জমিতে বেগুন চাষ করলেন?

সমাধান : পারুল বেগমের জমি আছে ১০০ শতাংশ

ধান চাষ করলেন ৪০.৫ শতাংশ

মরিচ চাষ করলেন ২০.২ শতাংশ

আলু চাষ করলেন ১০.৭৫ শতাংশ

∴ তিনি জমিতে ধান, মরিচ ও আলু চাষ করলেন

$$= (৪০.৫ + ২০.২ + ১০.৭৫) \text{ শতাংশ}$$

$$= (৪০.৫০ + ২০.২০ + ১০.৭৫) \text{ শতাংশ}$$

$$= ৭১.৪৫ \text{ শতাংশ}$$

∴ জমির অবশিষ্ট রইল = (১০০ - ৭১.৪৫) শতাংশ

$$= (১০০.০০ - ৭১.৪৫) \text{ শতাংশ}$$

$$= ২৮.৫৫ \text{ শতাংশ}$$

উত্তর : পারুল বেগম ২৮.৫৫ শতাংশ জমিতে বেগুন চাষ করলেন।

প্রশ্ন ১৯ ৥ ১ ইঞ্চি সমান ২.৫৪ সেন্টিমিটার হলে, ৮.৫ ইঞ্চিতে কত সেন্টিমিটার?

সমাধান : ১ ইঞ্চি = ২.৫৪ সে.মি.

∴ ৮.৫ ইঞ্চি = (২.৫৪ × ৮.৫) সে.মি. বা ২১.৫৯
সে.মি.

উত্তর : ২১.৫৯ সে.মি.।

প্রশ্ন ২০ ৥ একটি গাড়ি ঘণ্টায় ৪৫.৬ কিলোমিটার যায়। ৩১৯.২
কিলোমিটার যেতে গাড়িটির কত ঘণ্টা লাগবে?

সমাধান : একটি গাড়ি ঘণ্টায় যায় ৪৫.৬ কিলোমিটার।

∴ ৩১৯.২ কিলোমিটার যেতে সময় লাগবে = (৩১৯.২ ÷ ৪৫.৬)
ঘণ্টা

$$\begin{aligned} &= \left(\frac{৩১৯২}{১০} \div \frac{৪৫৬}{১০} \right) \text{ ঘণ্টা} \\ &= \left(\frac{৩১৯২}{১০} \times \frac{১০}{৪৫৬} \right) \text{ ঘণ্টা} \\ &= ৭ \text{ ঘণ্টা} \end{aligned}$$

উত্তর : ৭ ঘণ্টা লাগবে।

প্রশ্ন ২১ ৥ একজন শিক্ষক ৬০.৬০ টাকা ডজন দরে ৭২২.১৫
টাকার কমলা কিনে ১৩ জন শিক্ষার্থীর মধ্যে সমানভাবে ভাগ করে
দেন। তাহলে প্রত্যেক শিক্ষার্থী কয়টি করে কমলা পাবে?

সমাধান : এক ডজন = ১২টি

৬০.৬০ টাকায় কমলা কিনে ১২টি

∴ ১ " " " $\frac{১২}{৬০.৬০}$ টি

∴ ৭২২.১৫ " " " $\frac{১২ \times ৭২২.১৫}{৬০.৬০}$ টি

$$= \frac{১২ \times ৭২২.১৫}{৬০.৬০} \text{ টি বা } ১৪৩ \text{ টি}$$

এখন, ১৪৩টি কমলা ১৩ জন শিক্ষার্থীর মধ্যে সমানভাবে ভাগ
করে দিতে হবে।

∴ প্রত্যেক শিক্ষার্থী কমলা পাবে (১৪৩ ÷ ১৩)টি = ১১টি।

উত্তর : প্রত্যেক শিক্ষার্থী ১১টি করে কমলা পাবে।

প্রশ্ন ২২ ৥ একটি বাঁশের ০.১৫ অংশ কাদায় ও ০.৬৫ অংশ
পানিতে আছে। যদি পানির উপরে বাঁশটির দৈর্ঘ্য ৪ মিটার হয়,
তাহলে সম্পূর্ণ বাঁশটির দৈর্ঘ্য কত?

সমাধান : মনে করি, বাঁশটির সম্পূর্ণ দৈর্ঘ্য = ১ অংশ

প্রশ্নানুসারে, বাঁশের কাদার অংশ = ০.১৫

" পানির অংশ = ০.৬৫

∴ বাঁশটির কাদায় ও পানিতে আছে = (০.১৫ + ০.৬৫) অংশ
= ০.৮০ অংশ

∴ বাঁশের পানির উপরে আছে = (১ - ০.৮) = ০.২ অংশ
প্রশ্নানুসারে, ০.২ অংশ = ৪ মিটার

∴ ১ বা সম্পূর্ণ অংশ = (৪ ÷ ০.২) মিটার বা ২০ মিটার

উত্তর : সম্পূর্ণ বাঁশটির দৈর্ঘ্য ২০ মিটার।

প্রশ্ন ২৩ ৥ আব্দুর রহমান তাঁর সম্পত্তির ০.১২৫ অংশ স্ত্রীকে দান
করলেন। বাকি সম্পত্তির ০.৫০ অংশ পুত্রকে ও ০.২৫ অংশ
কন্যাকে দেওয়ার পরও তিনি দেখলেন যে তাঁর অবশিষ্ট সম্পত্তির
মূল্য ৩,১৫,০০০.০০ টাকা। আব্দুর রহমানের সম্পত্তির মোট মূল্য
কত?

সমাধান : মনে করি, আব্দুর রহমানের সম্পত্তির পরিমাণ ১ অংশ

স্ত্রীকে দান করলেন ০.১২৫ অংশ

বাকি রইল = (১ - ০.১২৫) অংশ

= (১.০০ - ০.১২৫) অংশ

= ০.৮৭৫ অংশ

পুত্রকে দিলেন = (০.৮৭৫ এর ০.৫০) অংশ

= $\left(\frac{৮৭৫}{১০০০} \text{ এর } \frac{৫০}{১০০} \right)$ অংশ

= $\frac{৪৩৭৫০}{১০০০০০}$ অংশ

= ০.৪৩৭৫ অংশ

কন্যাকে দিলেন = (০.৮৭৫ এর ০.২৫) অংশ

= $\left(\frac{৮৭৫}{১০০০} \text{ এর } \frac{২৫}{১০০} \right)$ অংশ

= $\frac{২১৮৭৫}{১০০০০০}$ অংশ

= ০.২১৮৭৫ অংশ

অবশিষ্ট রইল = {০.৮৭৫ - (০.৪৩৭৫ + ০.২১৮৭৫)} অংশ

= (০.৮৭৫ - ০.৬৫৬২৫) অংশ

= (০.৮৭৫০০ - ০.৬৫৬২৫) অংশ

= ০.২১৮৭৫ অংশ

এখন, ০.২১৮৭৫ অংশের সম্পত্তির মূল্য ৩,১৫,০০০.০০ টাকা

∴ ১ (সমস্ত) " " " " " $\frac{৩,১৫,০০০.০০}{০.২১৮৭৫}$ টাকা

= ১৪,৪০,০০০.০০ টাকা

উত্তর : আব্দুর রহমানের সম্পত্তির মোট মূল্য ১৪,৪০,০০০.০০ টাকা।

প্রশ্ন ২৪ ৥ এক কৃষক তাঁর ২৫০ শতাংশ জমির $\frac{৩}{৮}$ অংশ জমিতে ধান এবং $\frac{৫}{১২}$ অংশ জমিতে সবজি চাষ করলেন এবং বাকি জমি পতিত রাখলেন।

- (ক) পতিত জমির পরিমাণ বের কর।
(খ) সবজির বিক্রয়মূল্যের চেয়ে ধানের বিক্রয়মূল্য ২৪০০ টাকা কম হলে, মোট কত টাকার সবজি বিক্রি করেছিলেন?
(গ) সম্পূর্ণ জমিতে ধান চাষ করলে তিনি কত টাকার ধান বিক্রি করতে পারবেন?

সমাধান :

(ক) কৃষকের জমির পরিমাণ ২৫০ শতাংশ

ধান চাষ করলেন = ২৫০ এর $\frac{৩}{৮}$ অংশ = $\frac{৩৭৫}{৪}$ শতাংশ

সবজি চাষ করলেন = ২৫০ এর $\frac{৫}{১২}$ অংশ = $\frac{৬২৫}{৬}$ শতাংশ

$$\begin{aligned} \therefore \text{পতিত জমির পরিমাণ} &= ২৫০ - \left(\frac{৩৭৫}{৪} + \frac{৬২৫}{৬} \right) \text{ শতাংশ} \\ &= ২৫০ - \left(\frac{১১২৫ + ১২৫০}{১২} \right) \text{ শতাংশ} \\ &= ২৫০ - \frac{২৩৭৫}{১২} \text{ শতাংশ} \\ &= \frac{৩০০০ - ২৩৭৫}{১২} \text{ শতাংশ} \\ &= \frac{৬২৫}{১২} \text{ শতাংশ} = ৫২ \frac{১}{১২} \text{ শতাংশ} \end{aligned}$$

উত্তর : পতিত জমির পরিমাণ $৫২ \frac{১}{১২}$ শতাংশ।

(খ) সবজি ও ধান চাষের জমির পরিমাণের পার্থক্য

$$\begin{aligned} &= \left(\frac{৬২৫}{৬} - \frac{৩৭৫}{৪} \right) \text{ শতাংশ} \\ &= \left(\frac{১২৫০ - ১১২৫}{১২} \right) \text{ শতাংশ} = \frac{১২৫}{১২} \text{ শতাংশ} \end{aligned}$$

প্রশ্নমতে, $\frac{১২৫}{১২}$ অংশের সবজির বিক্রয়মূল্য ২৪০০ টাকা

$$\therefore ১ \text{ (সম্পূর্ণ) " " " " } \frac{২৪০০ \times ১২}{১২৫} \text{ টাকা}$$

$$\therefore \frac{৬২৫}{৬} \text{ " " " " } \frac{২৪০০ \times ১২ \times ৬২৫}{১২৫ \times ৬}$$

টাকা

$$= ২৪০০০ \text{ টাকা}$$

উত্তর : সবজির বিক্রয় মূল্য ২৪০০০ টাকা।

(গ) ধানের বিক্রয়মূল্য = (২৪০০০ - ২৪০০) টাকা
= ২১৬০০ টাকা

$\frac{৩৭৫}{৪}$ শতাংশ জমির ধান বিক্রি করেন ২১৬০০ টাকায়

$$\therefore ১ \text{ " " " " " } \frac{২১৬০০ \times ৪}{৩৭৫} \text{ টাকায়}$$

$$২৫০ \text{ " " " " " } \frac{২১৬০০ \times ৪ \times ২৫০}{৩৭৫}$$

টাকায়

$$= ৫৭৬০০ \text{ টাকা}$$

উত্তর : সম্পূর্ণ জমিতে ধান চাষ করলে ৫৭৬০০ টাকার ধান বিক্রি করতে পারতেন।

অতিরিক্ত সৃজনশীল প্রশ্ন ওসমাধান

■ অনুশীলনী ১.৬ এর আলোকে

প্রশ্ন- ২৯ ▶▶ _____ দশমিক ভগ্নাংশের যোগ ও বিয়োগ ▶▶

আজিজ সাহেব তার সম্পত্তির ০.১২৫ অংশ স্ত্রীকে দান করলেন।
বাকি সম্পত্তি ০.৪৫ অংশ পুত্রকে ও ০.২৫ অংশ কন্যাকে দেওয়ার

পরও তিনি দেখলেন যে তার অবশিষ্ট সম্পত্তির মূল্য ৩১৫০০.০০ টাকা।

[বিয়াম মডেল স্কুল এন্ড কলেজ, বগুড়া]

?

- ক. ০.১২৫ ও ০.২৫ এর সমষ্টি নির্ণয় কর। ২
- খ. পুত্র ও কন্যাকে সম্পত্তির মোট কত অংশ দান করলেন? ৪
- গ. আজিজ সাহেবের সম্পত্তির মোট কত অংশ দান করলেন? ৪

২৯ নং প্রশ্নের সমাধান

ক. ০.১২৫ এবং ০.২৫ এর সমষ্টি = $০.১২৫ + ০.২৫ = ০.৩৭৫$

উত্তর : ০.৩৭৫

- খ. মনে করি, আজিজ সাহেবের মোট সম্পত্তি ১ স্ত্রীকে দান = ০.১২৫ অংশ
- \therefore বাকি থাকে = $(১ - ০.১২৫)$ অংশ = $(১ - ০.১২৫)$ অংশ
- = ০.৮৭৫ অংশ

পুত্র ও কন্যাকে দেন = $(০.৪৫ + ০.২৫)$ অংশ = ০.৭০ অংশ

বাকি সম্পত্তির পুত্র ও কন্যাকে দেন = $(০.৮৭৫$ এর $০.৭০)$ অংশ

= ০.৬১২৫ অংশ

উত্তর : পুত্র ও কন্যা পায় মোট সম্পত্তির ০.৬১২৫ অংশ

- গ. আজিজ সাহেব, স্ত্রীকে দান করলেন = ০.১২৫ অংশ
- পুত্র ও কন্যাকে দান করলেন = ০.৬১২৫ অংশ
- \therefore মোট দান করলেন = $(০.১২৫ + ০.৬১২৫)$ অংশ
- = ০.৭৩৭৫ অংশ

উত্তর : আজিজ সাহেব সম্পত্তির মোট ০.৭৩৭৫ অংশ দান করলেন।

প্রশ্ন- ৩০

দশমিক ভগ্নাংশের যোগ, বিয়োগ, গুণ, ভাগ

সাইফুর রহমানের ১০০ শতাংশ জমি আছে। তিনি ২৫.৫ শতাংশে আলু, ৪০.২৫ শতাংশে মরিচ এবং অবশিষ্ট জমিতে বেগুন চাষ করলেন। মরিচের উৎপাদন ৪০.৫ কেজি এবং বেগুনের উৎপাদন মরিচের উৎপাদনের সমান।

?

- ক. কত শতাংশ জমিতে বেগুন চাষ করলেন? ২
- খ. প্রতি কেজি মরিচ উৎপাদনে খরচ হয় ২৫.৫০ টাকা। মরিচ ও আলুর উৎপাদন খরচ একই

- হলে প্রতি শতাংশে আলু উৎপাদনে কত টাকা খরচ হয়? ৪
- গ. যদি তিনি চাষ করে শতাংশ প্রতি ২.২ মন আলু, শতাংশ প্রতি ০.৭৫ মন বেগুন এবং শতাংশ প্রতি ১.২ মন মরিচ পান। তবে তিনি মোট কত মন ফসল পান? ৪

৩০ নং প্রশ্নের সমাধান

- ক. মোট জমির পরিমাণ = ১০০ শতাংশ
- তিনি আলু ও মরিচ চাষ করলেন = $(২৫.৫ + ৪০.২৫)$ শতাংশ
- = ৬৫.৭৫ শতাংশ।

\therefore বেগুন চাষ করলেন = $(১০০ - ৬৫.৭৫)$ শতাংশ

= ৩৪.২৫ শতাংশ।

উত্তর : বেগুন চাষ করলেন ৩৪.২৫ শতাংশ জমিতে।

- খ. দেওয়া আছে,
- প্রতি কেজি মরিচ উৎপাদনে খরচ হয় ২৫.৫০ টাকা।
- ৪০.৫ কেজি মরিচ উৎপাদনে খরচ (২৫.৫০×৪০.৫) টাকা।
- = ১০৩২.৭৫ টাকা।

\therefore আলুর উৎপাদন খরচ ১০৩২.৭৫ টাকা।

২৫.৫০ শতাংশ জমিতে খরচ ১০৩২.৭৫ টাকা।

\therefore ১ শতাংশ জমিতে খরচ $(১০৩২.৭৫ \div ২৫.৫০)$ টাকা

= ৪০.৫০ টাকা।

উত্তর : প্রতি শতাংশে আলু উৎপাদনে খরচ হয় ৪০.৫০ টাকা

- গ. ১ শতাংশ জমি চাষ করে আলু পান ২.২ মণ
- \therefore ২৫.৫০ শতাংশ জমি চাষ করে আলু পান
- = ২৫.৫০×২.২ মণ = ৫৬.১ মণ

১ শতাংশ জমি চাষ করে বেগুন পান ০.৭৫ মণ

\therefore ৩৪.২৫ শতাংশ জমি চাষ করে বেগুন পান

= ৩৪.২৫×০.৭৫ মণ = ২৫.৬৮৭৫ মণ

= ২৫.৬৯ মণ

১ শতাংশ জমি চাষ করে মরিচ পান ১.২ মণ

\therefore ৪০.২৫ শতাংশ জমি চাষ করে মরিচ পান

= ৪০.২৫×১.২ মণ = ৪৮.৩ মণ

\therefore তিনি জমি চাষ করে মোট ফসল পান

= $(৫৬.১ + ২৫.৬৯ + ৪৮.৩)$ মণ

$$= 130.09 \text{ মণ}$$

উত্তর : তিনি মোট ফসল পান 130.09 মণ।

প্রশ্ন- ৩১ ▶▶ দশমিক ভগ্নাংশের যোগ ও বিয়োগ

একটি বাঁশের ০.২৫ অংশ কাদায় ও ০.৬৫ অংশ পানিতে আছে।
পানির উপরে বাঁশটির দৈর্ঘ্য ৪ মিটার।

ক. ০.২৫ কে সাধারণ ভগ্নাংশে পরিণত কর। ২

খ. বাঁশের মোট কত অংশ কাদা ও পানিতে
আছে? ৪

গ. সম্পূর্ণ বাঁশটির দৈর্ঘ্য নির্ণয় কর। ৪

৩১ নং প্রশ্নের সমাধান

$$\text{ক. } 0.25 = \frac{0.25 \times 100}{100}$$

$$= \frac{25}{100} = \frac{1}{4}$$

উত্তর : $\frac{1}{4}$

খ. মনে করি, বাঁশটির সম্পূর্ণ অংশ = ১

দেওয়া আছে, কাদায় বাঁশের অংশ এবং ০.২৫ পানিতে
বাঁশের অংশ ০.৬৫

∴ কাদায় ও পানিতে আছে বাঁশের মোট = (০.২৫ + ০.৬৫)
অংশ

$$= 0.90 \text{ অংশ}$$

উত্তর : কাদায় ও পানিতে আছে বাঁশের মোট ০.৯ অংশ।

গ. বাঁশটির পানির উপরে আছে = (১ - ০.৯০) অংশ

$$= 0.1 \text{ অংশ}$$

প্রশ্নানুসারে, ০.১ অংশ = ৪ মি.

$$\therefore 1 \text{ (সম্পূর্ণ) অংশ} = \frac{4}{0.1} \text{ মি.}$$

$$= 40 \text{ মি.}$$

উত্তর : সম্পূর্ণ বাঁশটির দৈর্ঘ্য ৪০ মিটার।

প্রশ্ন- ৩২ ▶▶ দশমিক ভগ্নাংশের গুণ

নাদিম সাহেব প্রতি কেজি ২৭.৭৫ টাকা দরে ৬০ কুইন্টাল চাল,
প্রতি কেজি ৩৩.২৫ টাকা দরে ১০ কুইন্টাল পৈয়াজ ও প্রতি কেজি
২০.৫০ টাকা দরে ১০ কুইন্টাল গম বিক্রি করলেন। প্রাপ্ত টাকা
থেকে ১,১০,০০০.০০ টাকা তিনি ব্যাংকে জমা দিলেন।

?

ক. ২৭.৭৫ কে সাধারণ ভগ্নাংশে প্রকাশ কর। ২

খ. মোট চাল ও গমের দাম পৃথকভাবে বের কর। ৪

গ. ব্যাংকে জমা দেওয়ার পর তাঁর নিকট কত
রইল? ৪

৩২ নং প্রশ্নের সমাধান

$$\text{ক. } 27.75 = \frac{27.75 \times 100}{100}$$

$$= \frac{2775}{100} = 27\frac{75}{100}$$

$$= 27\frac{3}{4}$$

$$= 27\frac{3}{4}$$

$$= 27\frac{3}{4}$$

উত্তর : $27\frac{3}{4}$

খ. ১ কুইন্টাল = ১০০ কেজি

∴ ৬০ " = (৬০ × ১০০) কেজি = ৬০০০ কেজি

১ কেজি চালের দাম ২৭.৭৫ টাকা

∴ ৬০০০ " " (২৭.৭৫ × ৬০০০) টাকা = ১৬৬৫০০
টাকা

উত্তর : অর্থাৎ ৬০ কুইন্টাল চালের দাম ১৬৬৫০০ টাকা।

আবার, ১ কুইন্টাল = ১০০ কেজি

∴ ১০ " = (১০০ × ১০) কেজি

$$= ১০০০ \text{ কেজি}$$

১ কেজি গমের দাম ২০.৫০ টাকা

∴ ১০০০ " " " (২০.৫০ × ১০০০) টাকা

$$= ২০৫০০ \text{ টাকা।}$$

অর্থাৎ ১০ কুইন্টাল গমের দাম ২০,৫০০ টাকা।

উত্তর : মোট চাল ও গমের দাম যথাক্রমে ১৬৬৫০০ টাকা

এবং ২০৫০০ টাকা।

গ. 'খ' হতে ৬০ কুইন্টাল চালের দাম ১৬৬৫০০ টাকা

১ কুইন্টাল = ১০০ কেজি

∴ ১০ " = (১০০ × ১০) কেজি

$$= ১০০০ \text{ কেজি}$$

১ কেজি পৈয়াজের দাম ৩৩.২৫ টাকা

∴ ১০০০ ,, ,, ,, (৩৩.২৫ × ১০০০) টাকা

= ৩৩২৫০ টাকা।

অর্থাৎ ১০ কুইন্টাল পেঁয়াজের দাম ৩৩২৫০ টাকা।

‘খ’ হতে, ১০ কুইন্টাল গমের দাম ২০৫০০ টাকা।

∴ আজিম সাহেবের প্রাপ্ত মোট টাকা

= (১৬৬৫০০ + ৩৩২৫০ + ২০৫০০) টাকা = ২২০২৫০

টাকা

ব্যাংকে জমা দিলেন = ১১০০০০ টাকা।

∴ আজিম সাহেবের নিকট রইল

(২,২০,২৫০ – ১,১০,০০০) টাকা = ১১০২৫০ টাকা।

উত্তর : তার নিকট রইল ১১০২৫০ টাকা।

অনুশীলনের জন্য সৃজনশীল প্রশ্নব্যাংক (উত্তরসংকেতসহ)

অনুশীলনী ১.৬ এর আলোকে

প্রশ্ন- ৫২ ▶▶ দশমিক ভগ্নাংশের যোগ, বিয়োগ ও ভাগ

আবদুর রহমান তার সম্পত্তির ০.১২৫ অংশ স্ত্রীকে দান করলেন। বাকী সম্পত্তির ০.৪৫ অংশ পুত্রকে ও ০.২৫ অংশ কন্যাকে দান করলেন।

ক. আবদুর রহমানের মোট সম্পত্তি “ক” ধরলে, স্ত্রীকে দেওয়ার পর সম্পত্তির কত অংশ রইল? ২

খ. তিনি পুত্র ও কন্যাকে মোট কত অংশ দান করলেন? ৪

গ. পুত্র ও কন্যাকে দেওয়ার পরে তিনি দেখলেন যে, তার অবশিষ্ট সম্পত্তির মূল্য ৩১০০ টাকা। তাঁর সম্পত্তির মোট মূল্য কত? ৪

উত্তর : ক. ০.৮৭৫ ক অংশ; খ. ০.৬১২৫ অংশ; গ. ৮০০০ টাকা

প্রশ্ন- ৫৩ ▶▶ দশমিক ভগ্নাংশের যোগ, বিয়োগ ও ভাগ

একটি খুঁটির ০.১৫ অংশ লাল, ০.৬৫ অংশ সবুজ এবং বাকী ৪ মিটার কালো রং করা হয়েছে।

ক. খুঁটিটির মোট কত লাল ও সবুজ রং করা হয়েছে? ২

খ. সম্পূর্ণ খুঁটির দৈর্ঘ্য নির্ণয় কর। ৪

গ. প্রতি মিটার খুঁটি লাল রং করতে ২০ টাকা এবং সবুজ রং করতে ২৫ টাকা খরচ হয়। লাল ও সবুজ রং করতে মোট কত খরচ হবে। ৪

উত্তর : ক. ০.৮ অংশ; খ. ২০ মি.; গ. ৩৮৫ টাকা

প্রশ্ন- ৫৪ ▶▶ দশমিক ভগ্নাংশের যোগ, বিয়োগ ও ভাগ

শ্যামবাবু তার মাসিক বেতনের ০.১৫ অংশ আয়কর দেন। বাকি টাকার ০.৪৫ অংশ সংসারের কাজে এবং ০.৩৫ অংশ বাড়িভাড়া দেন। অবশিষ্ট টাকা সঞ্চয় করেন। বছরে তার সঞ্চয়ের পরিমাণ ১৮,৬০০ টাকা।

ক. আয়কর দেওয়ার পর শ্যামবাবুর আয়ের কত অংশ বাকি থাকে? ২

খ. তিনি সংসার খরচ ও বাড়িভাড়া বাবদ আয়ের মোট কত অংশ খরচ করেন? ৪

গ. শ্যামবাবুর মাসিক আয় কত এবং তিনি কত টাকা বাড়িভাড়া দেন? ৪

উত্তর : ক. ০.৮৫ অংশ; খ. ০.৬৮ অংশ; গ. ১৪৪১ টাকা

অনুশীলনী ১.৬ এর আলোকে

সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

১. নিচের কোন দশমিক ভগ্নাংশটিতে সহস্রাংশের স্থান ৫ আছে?

(সহজ)

ক) ১০.৫৩৮

খ) ১৪.১৫৬

- ১০.০১৫ ঘ) ২৪৪.৩৫
২. নিচের কোন দশমিক সংখ্যাটিতে সহস্রাংশ ও শতাংশের স্থানে কোনো অঙ্ক নেই? (সহজ)
- ক) ৬.৫৩ ● ৩.২ গ) ১০.২৬৮ ঘ) ১২.২৩৫
৩. $৫.৫০০ + ০.০৫০ + ০.০০৫ =$ কত? (মধ্যম)
- ক) ৫.৫০০ খ) ৫.৫৫০ ● ৫.৫৫৫ ঘ) ৫.৫৫৫৫
৪. ১.০১, ০.০০১ ও ০.০১ এর যোগফল কত? (মধ্যম)
- ক) ১.০২০ ● ১.০২১ গ) ১.০২২ ঘ) ১.২০১
৫. $০.০৯ + ৯.০০৯ + ৯৯.০০০৯ =$ কত? (কঠিন)
- ক) ১০০.০৯৯৯ খ) ১০৮.৯৯৯
- ১০৮.০৯৯৯ ঘ) ১০০.৯৯৯
৬. ২.৭ ও ৩.৬ সংখ্যা দুইটির যোগফল নিচের কোনটি? (মধ্যম)
- ক) ৪.২ ● ৬.৩ গ) ৭.৩ ঘ) ৮.৫

বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৭. দশমিক ভগ্নাংশের ক্ষেত্রে—
- i. ০.১ ও ০.৯ এর যোগফল ১ এর সমান
- ii. ১০.৫ ও ২.০৮ এর যোগফলে দশমিক বিন্দুর পর মাত্র একটি অঙ্ক আছে
- iii. ১৬.৭৪৫ এর সহস্রাংশের স্থানে ৫ আছে
- নিচের কোনটি সঠিক? (মধ্যম)
- ক) i ও ii ● i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii
৮. নিচের তথ্যগুলো লক্ষ কর :
- i. $১০.২৫ + ৫.২৫ + ৩.৭৫ = ১৮.২৫$
- ii. $৪.৬২ + ৩.২২ + ৫ = ১২.৮৪$
- iii. $৩.৬৫ + ২.৩৫ = ৬.০০$
- নিচের কোনটি সঠিক?
- ক) i ও ii খ) i ও iii ● ii ও iii ঘ) i, ii ও iii

অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

নিচের তথ্যের আলোকে ৩৯৬ ও ৩৯৭ নং প্রশ্নের উত্তর দাও:

বিনা, রিনা ও পপির নিকট যথাক্রমে ১২৯.২৫ টাকা, ১২.৭৫ টাকা ও ০.৮০ টাকা আছে।

৯. রিনা ও পপির একত্রে কত টাকা আছে?
- ক) ১২.৩৫ ● ১৩.৫৫ গ) ১৪.৩৫ ঘ) ২৫.১৫

ব্যাখ্যা : রিনা ও পপির একত্রে আছে = $(১২.৭৫ + ০.৮০) = ১৩.৫৫$ টাকা

১০. তিন জনের টাকার সমষ্টি নিচের কোনটি?

- ১৪২.৮০ খ) ১৪০.৮০
- গ) ১২৪.৮০ ঘ) ১২৪.৫০

ব্যাখ্যা : তিনজনের টাকার সমষ্টি = $(১২৯.২৫ + ১২.৭৫ + ০.৮০)$ টাকা = ১৪২.৮০ টাকা

→ ১.২১ : দশমিক ভগ্নাংশের বিয়োগ → বোর্ড বই, পৃষ্ঠা ৩২

সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

১১. ২৩.৬৫৭ থেকে ১.৭১ এর বিয়োগফল কত? (মধ্যম)
- ক) ১৯.৯৪ খ) ২০.৪৭ ● ২১.৯৪৭ ঘ) ২১.৭৪৯
১২. $০.০০৮ - ০.০০৭ =$ কত? (সহজ)
- ০.০০১ খ) ০.০০২ গ) ০.০০০১ ঘ) ০.০০০২
১৩. $১০১.০১ - ১.০১ =$ কত?
- ক) ১০০.০১ খ) ১০১.০০
- গ) ১১.১ ● ১০০.০০
১৪. ৯০.৯৯ থেকে ১.০১০ এর বিয়োগফল কত? (মধ্যম)
- ক) ৯৯.৯৮ ● ৮৯.৯৮ গ) ৮৯.৮৯ ঘ) ৮.৯৯৮
১৫. ১০০ থেকে ৯৯.৯ এর বিয়োগফল কত?
- ০.১ খ) ০.০২ গ) ০.০৩ ঘ) ০.৮
- ব্যাখ্যা : $১০০ - ৯৯.৯ = ০.১$
১৬. ২০৫ থেকে কত বিয়োগ করলে বিয়োগফল ১৯৯.৯ হবে? (মধ্যম)
- ৫.১০ খ) ৫.৯০ গ) ৫.৯৯ ঘ) ৬.০১

বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

১৭. দশমিক ভগ্নাংশের বিয়োগের ক্ষেত্রে—
- i. ১ থেকে ০.৯ বিয়োগ করলে বিয়োগফল পূর্ণ সংখ্যা হবে।
- ii. ১০০ থেকে ০.৯৯ বিয়োগ করলে বিয়োগফল হবে ৯৯.০১।
- iii. $২৩.৬৫৭ - ১.০০৭ = ২২.৬৫০$
- নিচের কোনটি সঠিক? (মধ্যম)
- ক) i ও ii খ) i ও iii ● ii ও iii ঘ) i, ii ও iii
- ব্যাখ্যা: i. $১ - ০.৯ = ০.১$ যা দশমিক সংখ্যা; সুতরাং উক্তিটি সঠিক নয়।
- ii. $১০০.০০ - ০.৯৯ = ৯৯.০১$

১৮. নিচের তথ্যগুলো লক্ষ কর :

i. $১২.৬৩৫ - ৪.৩২৮ = ৮.৩০৭$

ii. $৪.৩৫ - ২.৩৩ = ২.০২$

iii. $৮.৩০ - ৫.৬৪ = ৩.৬৬$

নিচের কোনটি সঠিক? (মধ্যম)

- i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

নিচের তথ্যের আলোকে ৪০৬ - ৪০৮ নং প্রশ্নের উত্তর দাও:

২.৪, ১.২ ও ০.০৭ তিনটি দশমিক ভগ্নাংশ।

১৯. প্রথম ভগ্নাংশ থেকে দ্বিতীয় ভগ্নাংশের বিয়োগফল কত?(সহজ)

- ১.২ খ) ০.২ গ) ২.২ ঘ) ৩.৪

ব্যাখ্যা : $২.৪ - ১.২ = ১.২$

২০. দ্বিতীয় ভগ্নাংশ থেকে তৃতীয় ভগ্নাংশের বিয়োগফল কত?(সহজ)

- ক) ১.২ ● ১.১৩ গ) ১.২৩ ঘ) ২.১৩

ব্যাখ্যা: $১.২ - ০.০৭ = ১.১৩$

২১. ৪০৬ নং এর ফলাফল থেকে ৪০৭ নং প্রশ্নের ফলাফলের বিয়োগফল কত? (মধ্যম)

- ক) ১.২ খ) ১.২৩ গ) ১.০৭ ● ৩.০৭

ব্যাখ্যা: $১.২ - ১.১৩ = ০.০৭$

সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

২২. $০.০৫ \times ০.৫ \times ০.১$ এর মান নিচের কোনটি?(সহজ)

- ক) ২৫ খ) ২.৫ গ) ০.২৫ ● ০.০০২৫

২৩. $১০ \times ০.৫ \times ০.২$ এর মান নিচের কোনটি? (সহজ)

- ১ খ) ০.১ গ) ০.০০১ ঘ) ১০০

ব্যাখ্যা : $১০ \times ০.৫ \times ০.২ = ১০ \times \frac{৫}{১০} \times \frac{২}{১০} = \frac{১০}{১০} = ১$

২৪. $০.২ \times ০.০১ \times ০.০৩ =$ কত?

- ক) ০.০০০৬ খ) ০.০০০৬০
● ০.০০০০৬ ঘ) ০.০০৬০৬

২৫. $৫৬.৪২৫ \times ১০০০ =$ কত? (মধ্যম)

- ক) ৫৬৪২৫ খ) ৫৬৪২.৫ ● ৫৬৪২৫ ঘ) ৫৬২৪৫

২৬. $০.১ \times ০.০১ \times ০.০০১ =$ কত? (মধ্যম)

ক) ০.০০০১

খ) ০.০০০০১০

● ০.০০০০০১

ঘ) ০.০০০০০০১

২৭. $০.০১ \times ০.০০২ =$ কত? (মধ্যম)

ক) ০.৩

খ) ০.০৩

গ) ০.০০৩

● ০.০০০০২

২৮. একটি বাঁশের দৈর্ঘ্য ৩০ মিটার এর ০.৫ অংশ পানিতে বাঁশটির কত মিটার পানিতে? (সহজ)

ক) ২০ মিটার

খ) ১০ মিটার

● ১৫ মিটার

ঘ) ৫ মিটার

২৯. $০.৫ \times ০.২ \times \square = ০.০১$ ফাঁকা ঘরের সংখ্যাটি কত?

- ক) ০.০০১ খ) ০.০১ ● ০.১ ঘ) ১.০

বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৩০. i. $৫ \times ০.০৫ = ০.২৫$

ii. $০.০৮ \times ০.০৫ = ০.০০৪$

iii. $০.১ \times ০.০১ \times ০.০০১ = ০.০০০০০১$

নিচের কোনটি সঠিক? (মধ্যম)

- ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ● i, ii ও iii

৩১. i. ১৫০ মিটার এর ০.৫ = ৭৫ মিটার।

ii. ১২৫০ টাকার ০.১০ = ১২৫ টাকা।

iii. একটি জমির দৈর্ঘ্য ৩.৫ মিটার, প্রস্থ ২.৫ মিটার হলে ক্ষেত্রফল ৮.৭৫ বর্গমিটার।

নিচের কোনটি সঠিক? (মধ্যম)

- ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ● i, ii ও iii

অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

নিচের তথ্যের আলোকে ৪১৯ - ৪২১ নং প্রশ্নের উত্তর দাও:

০.০২৯, ২৫.৫১২ ও ৯ তিনটি সংখ্যা।

৩২. ১ম ও ২য় সংখ্যা দুইটির গুণফল নিচের কোনটি?(মধ্যম)

ক) ০.০৭৩৯৮৪৮ ● ০.৭৩৯৮৪৮

গ) ৭.৩৯৮৪৮

ঘ) ৭৩.৯৮৪৮০

৩৩. ৩য় ও ১ম সংখ্যা দুইটির গুণফল নিচের কোনটি?(মধ্যম)

ক) ২.৬১

খ) ০.১২৬

গ) ০.২১৬

● ০.২৬১

৩৪. ২য় ও ৩য় সংখ্যা দুইটির গুণফল নিচের কোনটি?(মধ্যম)

- কি ২২.৯৬০৮ ● ২২৯.৬০৮
গি ২৯.২৬০৮ ঘি ২৯২.৬০৮

নিচের তথ্যের আলোকে ৪২২ – ৪২৪ নং প্রশ্নের উত্তর দাও:

২.৪, ১.২, ০.০৮ তিনটি দশমিক ভগ্নাংশ।

৩৫. প্রদত্ত দশমিক সংখ্যাগুলোর যোগফল কত? (মধ্যম)

- কি ৪.৬৮ খি ৪.২ ● ৩.৬৮ ঘি ২.১৮

৩৬. প্রদত্ত প্রথম দশমিক ভগ্নাংশ হতে দ্বিতীয় দশমিক ভগ্নাংশের বিয়োগফল কত? (মধ্যম)

- কি ৩.৮ খি ৩.৬ ● ১.২ ঘি ০.২

৩৭. প্রদত্ত তিনটি দশমিক ভগ্নাংশের গুণফল কত? (মধ্যম)

- ০.২৩০৪ খি ২.৫২০০ গি ২৩.৪০০
ঘি ২৫.৫২০০

সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৩৮. ৮০৮.৯ কে ২৫ দিয়ে ভাগ করলে নিচের কোনটি সঠিক?

(মধ্যম)

- কি ৩২.৫৬ ● ৩২.৩৫৬ গি ৩৩.৩৫৬ ঘি ৩৩.৫৬

$$\text{ব্যাখ্যা: } ৮০৮.৯ \div ২৫ = \frac{৮০৮.৯}{২৫} = \frac{৮০৮.৯ \times ৪}{২৫ \times ৪} = \frac{৩২৩৫.৬}{১০০} = ৩২.৩৫৬$$

৩৯. $১১১ \div ০.০১৪৮ =$ কত?

- কি ৬৫০০ ● ৭৫০০ গি ৮৫০০ ঘি ৯৫০০

৪০. $২০.২৫৬ \div ০.৫$ এর মান কত? (মধ্যম)

- কি ৪০.১২৫ ● ৪০.৫১২

- গি ৪০১.৫২ ঘি ৪০৫.১২

$$\text{ব্যাখ্যা: } \frac{২০.২৫৬}{০.৫} = \frac{২০ \times ২০.২৫৬}{২০ \times ০.৫} = \frac{৪০৫.১২}{১০} = ৪০.৫১২$$

৪১. $৭৫.২৪ \div ২৫০ =$ কত?

- কি ০.০০৭৫৪ খি ০.১৫৩৪২

- ০.৩০০৯৬ ঘি ০.৭৫২৩

৪২. ১৭.৬৮ কে ৩.৪ দ্বারা ভাগ করলে ভাগফল নিচের কোনটি? (মধ্যম)

- ৫.২ খি ৫.৫ গি ৫.৭ ঘি ৫.৯

৪৩. ০.০০০০১ কে ০.০১ দ্বারা ভাগ করলে ভাগফলের মান কত?

(মধ্যম)

- কি ০.০১ খি ০.০০১ ● ০.০০১ ঘি .০০০০১

৪৪. $০.৭৫ \div ০.০০৫ =$ কত? (কঠিন)

- কি ১০০ খি ১৩০ ● ১৫০ ঘি ১৭৫

$$\text{ব্যাখ্যা: } \frac{০.৭৫}{০.০০৫} = \frac{৭৫ \times ১০০০}{৫ \times ১০০} = ১৫০$$

বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৪৫. দশমিক ভগ্নাংশের হিসাবের ক্ষেত্রে—

i. $০.০০০৫ \div ১০০০০ = ০.০০০০৫$

ii. $০.৪৮ \div ১৬ = ০.০৩$

iii. $০.৮৪ \div ১০ = ০.০৮৪$

নিচের কোনটি সঠিক? (মধ্যম)

- কি i ও ii খি i ও iii ● ii ও iii ঘি i, ii ও iii

ব্যাখ্যা : i. $০.০০০৫ \div ১০০০০ = ০.০০০০০০৫$; উক্তিটি সঠিক নয়।

৪৬. i. ১০টি বইয়ের মূল্য ২৫৫ টাকা। একটি বইয়ের মূল্য ২৫.৫০ টাকা

ii. $০.০৫ \div ০.৫ = ০.১$

iii. $২৫ \div ০.১০ = ০.২৫$

নিচের কোনটি সঠিক? (মধ্যম)

- i ও ii খি i ও iii গি ii ও iii ঘি i, ii ও iii

অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

নিচের তথ্যের আলোকে ৪৩৪ – ৪৩৬ নং প্রশ্নের উত্তর দাও:

১.০০, ০.০০১, ০.০২ তিনটি দশমিক ভগ্নাংশ।

৪৭. প্রথম দশমিক ভগ্নাংশকে দ্বিতীয় দশমিক ভগ্নাংশ দ্বারা ভাগ করলে ভাগফল কোনটি? (মধ্যম)

- ১০০০ খি ১.০০০ গি ০.০০১ ঘি ০.০০০১

$$\text{ব্যাখ্যা: } ১.০০ \div ০.০০১ = \frac{১.০০}{০.০০১} = \frac{১.০০ \times ১০০০}{০.০০১ \times ১০০০} =$$

$$\frac{১০০০}{১} = ১০০০$$

৪৮. দ্বিতীয় দশমিক ভগ্নাংশকে তৃতীয় দশমিক ভগ্নাংশ দ্বারা ভাগ করলে কত হয়? (মধ্যম)

- কি ০.০৬ ● ০.০৫ গি ০.০২ ঘি ০.০১

৪৯. তৃতীয় দশমিক ভগ্নাংশকে দ্বিতীয় দশমিক ভগ্নাংশ দ্বারা ভাগ করলে কত হয়? (মধ্যম)
- কি ০.০০১ খি ০.০২ ● ২০ ঘি ২০.০১

সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৫০. ২, ১.২ ও ০.০৮ সংখ্যা তিনটির গ.সা.গু নিচের কোনটি? (মধ্যম)

কি ১.২ খি ০.২ গি ০.০৮ ● ০.০৮

৫১. ২, ১.২ ও ০.০৮ এর ল.সা.গু. কত? (মধ্যম)

কি $\frac{1}{6}$ খি ০.৬ গি $\frac{6}{10}$ ● ৬.০

৫২. ০.৫ ও ০.২৫ এর ল.সা.গু. কত? (মধ্যম)

কি ২ ● $\frac{1}{2}$ গি ০.২৫ ঘি ০.০৫

৫৩. সংখ্যা দুইটির গ. সা. গু নিচের কোনটি? সংখ্যা দুইটি হচ্ছে ২.৭ ও ৩.৬।

কি ০.৫ ● ০.৯ গি ৪.২ ঘি ৬.৩

৫৪. ০.৩, ০.৬, ০.৮ এর ল.সা.গু. নিচের কোনটি? (মধ্যম)

কি ০.৫ খি ১.৫ গি ১.৮ ● ২.৪

৫৫. ০.০২ ও ০.২০ এর গ.সা.গু. কত? (মধ্যম)

কি .০০১ ● ০.০২ গি ০.০৫১ ঘি ০.৫০১

৫৬. ১.২, ২.৪, ৪.৮ এর গ.সা.গু. নিচের কোনটি? (মধ্যম)

● ১.২ খি ১.৫ গি ২.৪ ঘি ৩.৬

বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৫৭. ল.সা.গু. ও গ.সা.গু. এর ক্ষেত্রে—

i. ভগ্নাংশের ল.সা.গু. = $\frac{\text{ভগ্নাংশের লবগুলোর ল.সা.গু.}}{\text{ভগ্নাংশের হরগুলোর গ.সা.গু.}}$

ii. ভগ্নাংশের গ.সা.গু. = $\frac{\text{ভগ্নাংশের লবগুলোর গ.সা.গু.}}{\text{ভগ্নাংশের হরগুলোর ল.সা.গু.}}$

iii. ০.২, ০.৩ ও ০.৪ এর ল.সা.গু. ১.২

নিচের কোনটি সঠিক? (মধ্যম)

কি i ও ii খি i ও iii গি ii ও iii ● i, ii ও iii

অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

- নিচের তথ্যের আলোকে ৪৪৫ – ৪৪৭ নং প্রশ্নের উত্তর দাও:

১.৫, ২.৫ দুইটি দশমিক ভগ্নাংশ।

৫৮. ১.৫ ও ২.৫ এর গ.সা.গু. নিচের কোনটি? (মধ্যম)

● ০.৫ খি ২ গি ২.৫ ঘি ১.৫

৫৯. ১.৫ ও ২.৫ এর ল.সা.গু. নিচের কোনটি? (মধ্যম)

● ৭.৫ খি ২.৫ গি ১.৫ ঘি ০.১৩

৬০. ১.৫ ও ২.৫ এর ল.সা.গু. ও গ.সা.গু. 'র গুণফল নিচের কোনটি? (মধ্যম)

কি ০.৫ ● ৩.৭৫ গি ৭.৫ ঘি ৩৭.৫

- নিচের তথ্যের আলোকে ৪৪৮ ও ৪৪৯ নং প্রশ্নের উত্তর দাও:

তিনটি কলসিতে যথাক্রমে ২.৪ লিটার, ৪.৮০ লিটার ও ৩.৬ লিটার পানি ধরে।

৬১. সর্বাধিক কত লিটার মাপের পাত্র দ্বারা কলসি তিনটি পানি পূর্ণ করা যাবে?

কি ০.০৭ খি ০.০৮ ● ১.২ ঘি ৩.২০


৬২. কলসি তিনটিতে মোট কত লিটার পানি ধরে?

কি ১০.০৮ খি ১০.২০

● ১০.৮০ ঘি ১০.৮৫

ব্যাখ্যা : ২.৪ + ৪.৮ + ৩.৬ = ১০.৮।

দ্বিতীয় অধ্যায় অনুপাত ও শতকরা



অনুশীলনী ২.১



পাঠ সম্পর্কিত গুরুত্বপূর্ণ বিষয়াদি



অনুশীলনী ২.১ এর গুরুত্বপূর্ণ তথ্যাবলি

- **অনুপাত** : দুইটি সমজাতীয় রাশির একটি অপরটির তুলনায় কতগুণ বা কত অংশ তা একটি ভগ্নাংশ দ্বারা প্রকাশ করা যায়। এই ভগ্নাংশটিকে রাশি দুইটির অনুপাত বলে। ‘:’ চিহ্ন দ্বারা অনুপাত প্রকাশ করা হয়। অনুপাতের রাশি দুইটি সমজাতীয় বলে এর কোনো একক নেই। অনুপাতের প্রথম রাশিকে পূর্ব রাশি এবং দ্বিতীয় রাশিকে উত্তর রাশি বলে।
- **সমতুল অনুপাত** : কোনো অনুপাতের পূর্ব ও উত্তর রাশিকে শূন্য (০) ব্যতীত কোনো সংখ্যা দ্বারা গুণ বা ভাগ করলে অনুপাতের মানের কোনো পরিবর্তন হয় না। এরূপ অনুপাতকে সমতুল অনুপাত বলা হয়। যেমন, $২ : ৫ = (২ \times ২) : (৫ \times ২) = ৪ : ১০$ ∴ $২ : ৫$ ও $৪ : ১০$ সমতুল অনুপাত।
- **সরল অনুপাত** : অনুপাতে দুইটি রাশি থাকলে তাকে সরল অনুপাত বলে। যেমন, $৩ : ৫$ একটি সরল অনুপাত, এখানে ৩ হলো পূর্ব রাশি ও ৫ হলো উত্তর রাশি।
- **লঘু অনুপাত** : সরল অনুপাতের পূর্ব রাশি, উত্তর রাশি থেকে ছোট হলে, তাকে লঘু অনুপাত বলে। যেমন, $৪ : ৭$ একটি লঘু অনুপাত। এই অনুপাতটির পূর্ব রাশি ৪, উত্তর রাশি ৭ অপেক্ষা ছোট হওয়ায় এটি একটি লঘু অনুপাত।
- **গুরু অনুপাত** : কোনো সরল অনুপাতের পূর্ব রাশি, উত্তর রাশি থেকে বড় হলে, তাকে গুরু অনুপাত বলে। যেমন, $৫ : ৩$ একটি গুরু অনুপাত। পূর্ব রাশি ৫ উত্তর রাশি ৩ অপেক্ষা বড় হওয়ায় এটি একটি গুরু অনুপাত।
- **একক অনুপাত** : যে সরল অনুপাতের পূর্ব রাশি ও উত্তর রাশি সমান সে অনুপাতকে একক অনুপাত বলে। যেমন, $১৫ : ১৫$ বা $১ : ১$ এটি একক অনুপাত।
- **ব্যস্ত অনুপাত** : সরল অনুপাতের পূর্ব রাশিকে উত্তর রাশি এবং উত্তর রাশিকে পূর্ব রাশি করে প্রাপ্ত অনুপাতকে পূর্বের অনুপাতের ব্যস্ত অনুপাত বলে। যেমন, $১৩ : ৫$ -এর ব্যস্ত অনুপাত $৫ : ১৩$ ।
- **মিশ্র অনুপাত** : একাধিক সরল অনুপাতের পূর্ব রাশিগুলোর গুণফলকে পূর্ব রাশি এবং উত্তর রাশিগুলোর গুণফলকে উত্তর রাশি ধরে প্রাপ্ত অনুপাতকে মিশ্র অনুপাত বলে। যেমন, $২ : ৩$ এবং $৪ : ৫$ সরল অনুপাতগুলোর মিশ্র অনুপাত হলো $(২ \times ৪) : (৩ \times ৫) = ৮ : ১৫$ ।

অনুশীলনী ২.১ এর প্রশ্ন ও সমাধান

প্রশ্ন ১১ নিচের সংখ্যাঘয়ের প্রথম রাশির সাথে দ্বিতীয় রাশিকে

সমাধান : এখানে, ১ম রাশি = ২৫, ২য় রাশি = ৩৫

অনুপাতে প্রকাশ কর :

∴ ১ম রাশি : ২য় রাশি = ২৫ : ৩৫

(ক) ২৫ ও ৩৫

$$= 5 : 9 \text{ [উভয় রাশিকে 5 দ্বারা ভাগ}$$

করে]

নির্ণেয় অনুপাত 5 : 9।

$$(খ) 9\frac{1}{3} \text{ ও } 9\frac{2}{5}$$

$$\text{সমাধান : এখানে, 1ম রাশি} = 9\frac{1}{3} \text{ বা } \frac{22}{3}, \text{ 2য় রাশি} = 9\frac{2}{5} \text{ বা } \frac{89}{5}$$

$$\therefore \text{1ম রাশি} : \text{2য় রাশি} = \frac{22}{3} : \frac{89}{5} = \frac{22}{3} \times \frac{5}{89}$$

$$= \frac{110}{89} = 110 : 89$$

নির্ণেয় অনুপাত 110 : 89।

(গ) 1 বছর 2 মাস ও 9 মাস

$$\text{সমাধান : 1ম রাশি} = 1 \text{ বছর } 2 \text{ মাস}$$

$$= 12 \text{ মাস} + 2 \text{ মাস}$$

$$[\because 1 \text{ বছর} = 12 \text{ মাস}]$$

$$= 14 \text{ মাস}$$

$$\text{2য় রাশি} = 9 \text{ মাস}$$

$$\therefore \text{1ম রাশি} : \text{2য় রাশি} = 14 : 9$$

$$= 2 : 1 \text{ [উভয় রাশিকে 9 দ্বারা ভাগ করে]}$$

নির্ণেয় অনুপাত 2 : 1।

(ঘ) 9 কেজি ও 2 কেজি 300 গ্রাম

$$\text{সমাধান : আমরা জানি, 1 কেজি} = 1000 \text{ গ্রাম।}$$

$$\text{1ম রাশি} = 9 \text{ কেজি}$$

$$= (9 \times 1000) \text{ গ্রাম} = 9000 \text{ গ্রাম}$$

$$\text{2য় রাশি} = 2 \text{ কেজি } 300 \text{ গ্রাম}$$

$$= (2 \times 1000) \text{ গ্রাম} + 300 \text{ গ্রাম}$$

$$= 2000 \text{ গ্রাম} + 300 \text{ গ্রাম} = 2300 \text{ গ্রাম}$$

$$\therefore \text{1ম রাশি} : \text{2য় রাশি} = 9000 : 2300$$

$$= 90 : 23 \text{ [উভয় রাশিকে 100 দ্বারা ভাগ}$$

করে]

নির্ণেয় অনুপাত 90 : 23।

(ঙ) 2 টাকা ও 80 পয়সা

$$\text{সমাধান : আমরা জানি, 1 টাকা} = 100 \text{ পয়সা।}$$

$$\text{1ম রাশি} = 2 \text{ টাকা}$$

$$= (2 \times 100) \text{ পয়সা} = 200 \text{ পয়সা}$$

$$\text{2য় রাশি} = 80 \text{ পয়সা}$$

$$\therefore \text{1ম রাশি} : \text{2য় রাশি} = 200 : 80$$

$$= 5 : 2 \text{ [উভয় রাশিকে 80 দ্বারা ভাগ করে]}$$

নির্ণেয় অনুপাত 5 : 2।

প্রশ্ন II 2 II নিচের অনুপাতগুলোকে সরলীকরণ কর :

(ক) 9 : 12

$$\text{সমাধান : প্রদত্ত অনুপাত} = 9 : 12$$

$$= 3 : 4 \text{ [উভয় রাশিকে 3 দ্বারা ভাগ করে]}$$

নির্ণেয় সরল অনুপাত 3 : 4।

(খ) 15 : 21

$$\text{সমাধান : প্রদত্ত অনুপাত} = 15 : 21$$

$$= 5 : 7 \text{ [উভয় রাশিকে 3 দ্বারা ভাগ করে]}$$

নির্ণেয় সরল অনুপাত 5 : 7।

(গ) 85 : 96

$$\text{সমাধান : প্রদত্ত অনুপাত} = 85 : 96$$

$$= 5 : 8 \text{ [উভয় রাশিকে 9 দ্বারা ভাগ করে]}$$

নির্ণেয় সরল অনুপাত 5 : 8।

(ঘ) 65 : 26

$$\text{সমাধান : প্রদত্ত অনুপাত} = 65 : 26$$

$$= 5 : 2 \text{ [উভয় রাশিকে 13 দ্বারা ভাগ করে]}$$

নির্ণেয় সরল অনুপাত 5 : 2।

প্রশ্ন II 3 II নিচের সমতুল অনুপাতগুলোর খালিঘর পূরণ কর :

(ক) 2 : 3 = 8 :

$$\text{সমাধান : } 2 : 3 = 8 :$$

$$\text{বা, } \frac{2}{3} = \frac{8}{$$

$$\text{বা, } 2 \times = 8 \times 3 \quad \text{[আড়া গুণন করে]}$$

$$\text{বা, } = \frac{8 \times 3}{2}$$

$$\therefore = 12$$

উত্তর : ২ : ৩ = ৮ :

(খ) ৫ : ৬ = : ৩৬

সমাধান : ৫ : ৬ = : ৩৬

বা, $\frac{৫}{৬} = \frac{\text{}}{৩৬}$

বা, $৬ \times \text{} = ৫ \times ৩৬$ [আড় গুণন করে]

বা, $\text{} = \frac{৫ \times ৩৬}{৬}$

$\therefore \text{} = ৩০$

উত্তর : ৫ : ৬ = : ৩৬

(গ) ৭ : = ৪২ : ৫৪

সমাধান : ৭ : = ৪২ : ৫৪

বা, $\frac{৭}{\text{}} = \frac{৪২}{৫৪}$

বা, $৪২ \times \text{} = ৭ \times ৫৪$ [আড় গুণন করে]

বা, $\text{} = \frac{৭ \times ৫৪}{৪২}$

$\therefore \text{} = ৯$

উত্তর : ৭ : = ৪২ : ৫৪

(ঘ) : ৯ = ৬৩ : ৮১

সমাধান : : ৯ = ৬৩ : ৮১

বা, $\frac{\text{}}{৯} = \frac{৬৩}{৮১}$

বা, $৮১ \times \text{} = ৯ \times ৬৩$ [আড় গুণন করে]

বা, $\text{} = \frac{৯ \times ৬৩}{৮১}$

$\therefore \text{} = ৭$

উত্তর : : ৯ = ৬৩ : ৮১

প্রশ্ন ১৪ ৥ একটি হলঘরের প্রস্থ ও দৈর্ঘ্যের অনুপাত ২ : ৫। প্রস্থ ও দৈর্ঘ্যের সম্ভাব্য মান বসিয়ে সারণিটি পূরণ কর :

হলঘরের প্রস্থ (মি:)	১০		৪		১৬
হলঘরের দৈর্ঘ্য (মি:)	২৫	৫০		২০০	

সমাধান :

প্রস্থ ও দৈর্ঘ্যের অনুপাত = ২ : ৫

২য় অংশে দৈর্ঘ্য = ৫০

\therefore ২য় অংশে প্রস্থ = $২ \times ১০ = ২০$ [$\because ৫০ \div ৫ = ১০$]

৩য় অংশে প্রস্থ = ৪০

\therefore ৩য় অংশে দৈর্ঘ্য = ৫×২০ [$\because ৪০ \div ২ = ২০$]
= ১০০

৪র্থ অংশে দৈর্ঘ্য = ২০০

\therefore ৪র্থ অংশে প্রস্থ = ২×৪০ [$\because ২০০ \div ৫ = ৪০$]
= ৮০

৫ম অংশে প্রস্থ = ১৬০

\therefore ৫ম অংশে দৈর্ঘ্য = ৫×৮০ [$\because ১৬০ \div ২ = ৮০$]
= ৪০০

এখন প্রাপ্ত মানগুলো বসিয়ে সারণিটি পূরণ করি :

হলঘরের প্রস্থ	১০	২০	৪০	৮০	১৬০
হলঘরের দৈর্ঘ্য	২৫	৫০	১০০	২০০	৪০০

প্রশ্ন ১৫ ৥ নিচের সমতুল অনুপাতগুলোকে চিহ্নিত কর :

১২ : ১৮; ৬ : ১৮; ১৫ : ১০; ৩ : ২; ৬ : ৯; ২ : ৩; ১ : ৩; ২ : ৬; ১২ : ৮

সমাধান : ১২ : ১৮

= ৬ : ৯ [উভয় রাশিকে ২ দ্বারা ভাগ করে]

= ২ : ৩ [উভয় রাশিকে ৩ দ্বারা ভাগ করে]

\therefore ১২ : ১৮ ; ৬ : ৯ ; ২ : ৩ সমতুল অনুপাত।

৬ : ১৮

= ২ : ৬ [উভয় রাশিকে ৩ দ্বারা ভাগ করে]

= ১ : ৩ [উভয় রাশিকে ২ দ্বারা ভাগ করে]

\therefore ৬ : ১৮ ; ২ : ৬ ; ১ : ৩ সমতুল অনুপাত।

১৫ : ১০

= ৩ : ২ [উভয় রাশিকে ৫ দ্বারা ভাগ করে]

= ১২ : ৮ [উভয় রাশিকে ৪ দ্বারা গুণ করে]

∴ ১৫ : ১০; ৩ : ২; ১২ : ৮ সমতুল অনুপাত।

উত্তর : ১২ : ১৮; ৬ : ৯; ২ : ৩ সমতুল অনুপাত,

৬ : ১৮; ২ : ৬; ১ : ৩ সমতুল অনুপাত,

১৫ : ১০; ৩ : ২; ১২ : ৮ সমতুল অনুপাত।

প্রশ্ন ১৬ ৥ নিচের সরল অনুপাতগুলোকে মিশ্র অনুপাতে প্রকাশ কর

:

(ক) ৩ : ৫, ৫ : ৭ ও ৭ : ৯

সমাধান : অনুপাত তিনটির পূর্ব রাশিগুলোর গুণফল = ৩ × ৫ × ৭ =

১০৫

এবং উত্তর রাশিগুলোর গুণফল = ৫ × ৭ × ৯ =

৩১৫

নির্ণেয় মিশ্র অনুপাত = ১০৫ : ৩১৫

= ১ : ৩ [উভয় রাশিকে ১০৫ দ্বারা ভাগ করে]

(খ) ৫ : ৩ ; ৭ : ৫ ও ৯ : ৭

সমাধান : অনুপাত তিনটির পূর্ব রাশিগুলোর গুণফল = ৫ × ৭ × ৯ =

৩১৫

এবং উত্তর রাশিগুলোর গুণফল = ৩ × ৫ × ৭ =

১০৫

নির্ণেয় মিশ্র অনুপাত = ৩১৫ : ১০৫

= ৩ : ১ [উভয় রাশিকে ১০৫ দ্বারা ভাগ করে]

প্রশ্ন ১৭ ৥ ৯ : ১৬ অনুপাতটিকে ব্যস্ত অনুপাতে প্রকাশ কর।

সমাধান : সরল অনুপাতের পূর্ব রাশিকে উত্তর রাশি এবং উত্তর

রাশিকে পূর্ব রাশি ধরে প্রাপ্ত অনুপাতটি হবে ব্যস্ত অনুপাত।

∴ ৯ : ১৬ এর ব্যস্ত অনুপাত ১৬ : ৯

প্রশ্ন ১৮ ৥ নিম্নের অনুপাতগুলোর কোনটি একক অনুপাত?

(ক) ১৬ : ১৩

সমাধান : এখানে, অনুপাতের পূর্ব রাশি ও উত্তর রাশি সমান নয়।

সুতরাং ১৬ : ১৩ একক অনুপাত নয়।

(খ) ১৩ : ১৭

সমাধান : এখানে, অনুপাতের পূর্ব রাশি ও উত্তর রাশি সমান নয়।

সুতরাং ১৩ : ১৭ একক অনুপাত নয়।

(গ) ২১ : ২১

সমাধান : এখানে, অনুপাতের পূর্ব রাশি ও উত্তর রাশি সমান।

সুতরাং ২১ : ২১ একক অনুপাত।

প্রশ্ন ১৯ ৥ ৫৫০ টাকাকে ৫ : ৬ ও ৪ : ৭ অনুপাতে ভাগ কর।

সমাধান : ১ম অনুপাত = ৫ : ৬

অনুপাতটির পূর্ব ও উত্তর রাশির যোগফল = ৫ + ৬ = ১১

১ম অংশ = ৫৫০ এর $\frac{৫}{১১}$ = ২৫০ টাকা

২য় অংশ = ৫৫০ এর $\frac{৬}{১১}$ = ৩০০ টাকা

২য় অনুপাত = ৪ : ৭

অনুপাতটির পূর্ব ও উত্তর রাশির যোগফল = ৪ + ৭ = ১১

১ম অংশ = ৫৫০ এর $\frac{৪}{১১}$ = ২০০ টাকা

২য় অংশ = ৫৫০ এর $\frac{৭}{১১}$ = ৩৫০ টাকা

উত্তর : ভাগকৃত টাকার পরিমাণ ২৫০ টাকা ও ৩০০ টাকা এবং ২০০ টাকা ও ৩৫০ টাকা।

প্রশ্ন ১০ ৥ পিতা ও পুত্রের বয়সের অনুপাত ১৪ : ৩। পিতার

বয়স ৫৬ বছর হলে, পুত্রের বয়স কত?

সমাধান : পিতা ও পুত্রের বয়সের অনুপাত = ১৪ : ৩

অর্থাৎ পিতার বয়স পুত্রের বয়সের $\frac{১৪}{৩}$ গুণ

দেওয়া আছে, পিতার বয়স ৫৬ বছর।

∴ ৫৬ বছর = পুত্রের বয়স × $\frac{১৪}{৩}$

বা, পুত্রের বয়স × $\frac{১৪}{৩}$ = ৫৬ বছর

বা, পুত্রের বয়স = $\frac{৫৬ \times ৩}{১৪}$ বছর = ১২ বছর।

উত্তর : পুত্রের বয়স ১২ বছর।

প্রশ্ন ১১ ৥ দুইটি সংখ্যার যোগফল ৬৩০। এদের অনুপাত ১০ :

১১ হলে, সংখ্যা দুইটি নির্ণয় কর।

সমাধান : প্রদত্ত অনুপাত ১০ : ১১

অনুপাত দুইটির পূর্ব ও উত্তর রাশির যোগফল = ১০ + ১১ =

২১

∴ ১ম সংখ্যা = ৬৩০ এর $\frac{১০}{২১}$ = ৩০০

$$\therefore \text{২য় সংখ্যা} = ৬৩০ \text{ এর } \frac{১১}{২১} = ৩৩০$$

উত্তর : সংখ্যা দুইটি ৩০০ ও ৩৩০।

প্রশ্ন ১২ ৥ দুইটি বইয়ের মূল্যের অনুপাত ৫ : ৭। দ্বিতীয়টির মূল্য ৮৪ টাকা হলে, প্রথমটির মূল্য কত?

সমাধান : দুইটি বইয়ের মূল্যের অনুপাত ৫ : ৭

প্রথম বইয়ের মূল্য দ্বিতীয় বইয়ের মূল্যের $\frac{৫}{৭}$ গুণ

দেওয়া আছে, দ্বিতীয় বইয়ের মূল্য ৮৪ টাকা

$$\therefore \text{প্রথম বইয়ের মূল্য} = \left(\frac{৫}{৭} \times \text{দ্বিতীয় বইয়ের মূল্য} \right) \text{ টাকা}$$

$$= \left(\frac{৫}{৭} \times ৮৪ \right) \text{ টাকা} = ৬০ \text{ টাকা}$$

উত্তর : প্রথম বইয়ের মূল্য ৬০ টাকা।

প্রশ্ন ১৩ ৥ ১৮ ক্যারেটের ২০ গ্রাম ওজনের সোনার গহনায় সোনা ও খাদের অনুপাত ৩ : ১ হলে, ঐ গহনায় সোনা ও খাদের পরিমাণ নির্ণয় কর।

সমাধান : সোনা ও খাদের অনুপাত = ৩ : ১

অনুপাতের রাশি দুইটির যোগফল = ৩ + ১ = ৪

\therefore গহনায় সোনার পরিমাণ = ২০ গ্রাম এর $\frac{৩}{৪}$ অংশ

$$= \left(২০ \times \frac{৩}{৪} \right) \text{ গ্রাম}$$

$$= ১৫ \text{ গ্রাম}$$

\therefore গহনায় খাদের পরিমাণ = ২০ গ্রাম এর $\frac{১}{৪}$ অংশ

$$= \left(২০ \times \frac{১}{৪} \right) \text{ গ্রাম}$$

$$= ৫ \text{ গ্রাম}$$

উত্তর : ঐ গহনায় সোনার পরিমাণ ১৫ গ্রাম এবং খাদের পরিমাণ ৫ গ্রাম।

প্রশ্ন ১৪ ৥ দুই বন্ধুর বাড়ি হতে স্কুলে আসা যাওয়ার সময়ের অনুপাত ২ : ৩। ১ম বন্ধুর বাড়ি হতে স্কুলের দূরত্ব ৫ কি.মি. হলে, দ্বিতীয় বন্ধুর বাড়ি হতে স্কুলের দূরত্ব কত?

সমাধান : দুই বন্ধুর স্কুলে আসা যাওয়ার সময়ের অনুপাত ২ : ৩।

২য় বন্ধুর বাড়ি হতে স্কুলের দূরত্ব = ১ম বন্ধুর বাড়ি হতে স্কুলের দূরত্বের $\frac{৩}{২}$ গুণ

দেওয়া আছে, ১ম বন্ধুর বাড়ি হতে স্কুলের দূরত্ব ৫ কি.মি.।

\therefore ২য় বন্ধুর বাড়ি হতে স্কুলের দূরত্ব

$$= ৫ \text{ কি.মি এর } \frac{৩}{২} \text{ অংশ}$$

$$= \left(৫ \times \frac{৩}{২} \right) \text{ কি.মি.}$$

$$= \frac{১৫}{২} \text{ কি.মি.} = ৭ \frac{১}{২} \text{ কি.মি.}$$

উত্তর : ২য় বন্ধুর বাড়ি হতে স্কুলের দূরত্ব $৭ \frac{১}{২}$ কি.মি.।

প্রশ্ন ১৫ ৥ পায়সে দুধ ও চিনির অনুপাত ৭ : ২। ঐ পায়সে চিনির পরিমাণ ৪ কেজি হলে, দুধের পরিমাণ কত?

সমাধান : দেওয়া আছে, পায়সে দুধ ও চিনির অনুপাত ৭ : ২

অর্থাৎ, দুধের পরিমাণ চিনির পরিমাণের $\frac{৭}{২}$ গুণ

দেওয়া আছে, চিনির পরিমাণ ৪ কেজি।

$$\therefore \text{দুধের পরিমাণ} = \left(৪ \times \frac{৭}{২} \right) \text{ কেজি} = ১৪ \text{ কেজি}$$

উত্তর : পায়সে দুধের পরিমাণ ১৪ কেজি।

প্রশ্ন ১৬ ৥ দুইটি কম্পিউটারের দামের অনুপাত ৫ : ৬। প্রথমটির দাম ২৫০০০ টাকা হলে, দ্বিতীয়টির দাম কত? মূল্য বৃদ্ধির ফলে যদি প্রথমটির দাম ৫০০০ টাকা বেড়ে যায়, তখন তাদের দামের অনুপাতটি কী ধরনের অনুপাত?

সমাধান : দুইটি কম্পিউটারের দামের অনুপাত ৫ : ৬

অর্থাৎ, দ্বিতীয়টির দাম, প্রথমটির দামের $\frac{৬}{৫}$ গুণ

দেওয়া আছে, প্রথমটির দাম ২৫০০০ টাকা

\therefore দ্বিতীয়টির দাম = ২৫০০০ টাকার $\frac{৬}{৫}$ অংশ

$$= ২৫০০০ \text{ এর } \frac{৬}{৫} \text{ টাকা}$$

$$= ৩০০০০ \text{ টাকা}$$

মূল্য বৃদ্ধির ফলে প্রথমটির দাম = (২৫০০০ + ৫০০০) টাকা
= ৩০০০০ টাকা

এখন, তাদের দামের অনুপাত = ৩০০০০ : ৩০০০০
= ১ : ১ [উভয় রাশিকে ৩০০০০
দ্বারা ভাগ করে]

এটি একটি একক অনুপাত।

উত্তর : দ্বিতীয় কম্পিউটারের দাম ৩০০০০ টাকা, মূল্য বৃদ্ধির
ফলে উভয় কম্পিউটারের দামের অনুপাত ১ : ১ একটি একক
অনুপাত।

রাইসুল ইসলাম হুদয়

অতিরিক্ত সৃজনশীল প্রশ্ন ও সমাধানঃ

■ অনুশীলনী ২.১ এর আলোকে

প্রশ্ন- ১ ▶▶

অনুপাত

করিম ও রহিম দুই ভাই। করিম ও তার পিতার বয়সের অনুপাত ৯
: ২১ এবং সমষ্টি ৮০ বছর। রহিম ও তার পিতার বয়সের অনুপাত ২
: ৭।

- ক. করিম ও তার পিতার বয়সের অনুপাতকে
সরলীকরণ কর। ২
- খ. করিম ও তার পিতার বয়স নির্ণয় কর। ৪

গ. করিম ও রহিমের বয়সের অনুপাত নির্ণয় কর। ৪

১ নং প্রশ্নের সমাধান স্বঃ

ক. দেওয়া আছে,

$$\text{করিম ও তার পিতার বয়সের অনুপাত} = ৯ : ২১ = \frac{৯}{২১}$$

$$= \frac{৩}{৭} \text{ [৩ দ্বারা ভাগ করে]}$$

$$= ৩ : ৭$$

খ. দেওয়া আছে, করিম ও তার পিতার বয়সের সমষ্টি ৮০ বছর

‘ক’ হতে পাই,

করিম ও তার পিতার বয়সের অনুপাত = ৩ : ৭

∴ অনুপাতের রাশির যোগফল = ৩ + ৭ = ১০

∴ করিমের বয়স = ৮০ বছরের $\frac{৩}{১০}$ অংশ

$$= \left(৮০ \times \frac{৩}{১০} \right) \text{ বছর} = ২৪ \text{ বছর}$$

এবং পিতার বয়স = ৮০ বছরের $\frac{৭}{১০}$ অংশ

$$= \left(৮০ \times \frac{৭}{১০} \right) \text{ বছর} = ৫৬ \text{ বছর}$$

উত্তর : করিমের বয়স ২৪ বছর ও পিতার বয়স ৫৬ বছর।

গ. ‘খ’ হতে পাই, করিমের বয়স ২৪ বছর

এবং তার পিতার বয়স ৫৬ বছর

দেওয়া আছে,

রহিম ও তার পিতার বয়সের অনুপাত = ২ : ৭

অর্থাৎ, রহিমের বয়স তার পিতার বয়সের $\frac{২}{৭}$ গুণ

∴ রহিমের বয়স $\left(৫৬ \times \frac{২}{৭} \right)$ বছর = ১৬ বছর

এখন, করিমের বয়স : রহিমের বয়স

$$= ২৪ : ১৬ = \frac{২৪}{১৬} = \frac{৩}{২} \text{ [৮ দ্বারা ভাগ করে]}$$

$$= ৩ : ২$$

উত্তর : করিম ও রহিমের বয়সের অনুপাত ৩ : ২।

প্রশ্ন- ২ ▶▶

অনুপাত

সুমনা নীলক্ষেত থেকে দুটি বই এবং নিউমার্কেট থেকে একটি সোনার হার কিনল। বই দুটির মূল্যের অনুপাত ৫ : ৭ এবং হারটিতে সোনা ও খাদের অনুপাত ৪ : ১। [বরিশাল সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]

ক. অনুপাত দুটিকে মিশ্র অনুপাতে প্রকাশ কর। ২

খ. দ্বিতীয় বইটির মূল্য ৮৪ টাকা হলে, প্রথম বইটির মূল্য কত? ৪

গ. হারটির ওজন ১২৫ গ্রাম হলে, ঐ গহনায় সোনা ও খাদের পরিমাণ বের কর। ৪

২ নং প্রশ্নের সমাধান ✎

ক. বই দুইটির মূল্যের অনুপাত ৫ : ৭

এবং সোনা ও খাদের অনুপাত ৪ : ১

∴ অনুপাত দুইটির মিশ্র অনুপাত $৫ \times ৪ : ৭ \times ১ = ২০ : ৭$

উত্তর : ২০ : ৭।

খ. দেওয়া আছে, দ্বিতীয় বইটির মূল্য = ৮৪ টাকা এবং

প্রথম ও দ্বিতীয় বইটির মূল্যের অনুপাত = ৫ : ৭

অর্থাৎ প্রথম বইয়ের মূল্য দ্বিতীয় বইয়ের মূল্যের $\frac{৫}{৭}$ গুণ

∴ প্রথম বইটির মূল্য = $৮৪ \times \frac{৫}{৭}$ টাকা = ৬০ টাকা।

উত্তর : ৬০ টাকা।

গ. দেওয়া আছে, সোনা ও খাদের ওজনের অনুপাত ৪ : ১

অনুপাতের যোগফল = ৪ + ১ = ৫

যেহেতু হারটির ওজন ১২৫ গ্রাম।

∴ সোনার ওজন = ১২৫ এর $\frac{৪}{৫}$ = ১০০ গ্রাম

এবং খাদের ওজন = ১২৫ এর $\frac{১}{৫}$ = ২৫ গ্রাম

উত্তর : গহনায় সোনার পরিমাণ ১০০ গ্রাম এবং খাদের পরিমাণ ২৫ গ্রাম।

প্রশ্ন- ৩ ▶▶

অনুপাত

‘ক’ পাত্রের পায়সের দুধ ও চিনির মোট পরিমাণ ২৮ কেজি এবং অনুপাত ৩ : ৪। ‘খ’ পাত্রের পায়সে চিনি ও দুধের অনুপাত ৫ : ৭ এবং দুধ ৫৬ কেজি। [বীরশ্রেষ্ঠ নূর মোহাম্মদ পাবলিক কলেজ, ঢাকা]

ক. ৩ : ৪ কে শতকরায় প্রকাশ কর। ২

খ. ‘খ’ পাত্রের চিনির পরিমাণ নির্ণয় কর। ৪

গ. ‘ক’ পাত্রের চিনি ও দুধের পরিমাণ নির্ণয় কর। ৪

৩ নং প্রশ্নের সমাধান ✎

$$\text{ক. } ৩ : ৪ = \frac{৩}{৪} = \frac{৩}{৪} \times \frac{১০০}{১০০} = \frac{৭৫}{১০০} = ৭৫\%$$

উত্তর : ৭৫%।

খ. দেওয়া আছে, 'খ' পাত্রে চিনি ও দুধের অনুপাত ৫ : ৭ এবং দুধ ৫৬ কেজি।

ধরি, চিনির পরিমাণ x কেজি।

প্রশ্নমতে, $x : ৫৬ = ৫ : ৭$

$$\text{বা, } \frac{x}{৫৬} = \frac{৫}{৭}$$

$$\text{বা, } x = \frac{৫ \times ৫৬}{৭}$$

$$\therefore x = ৪০$$

উত্তর : 'খ' পাত্রে চিনির পরিমাণ ৪০ কেজি।

গ. 'ক' পাত্রে চিনি ও দুধের অনুপাত ৩ : ৪

অনুপাতের যোগফল = ৩ + ৪ = ৭

কিন্তু চিনি ও দুধের মোট পরিমাণ ২৮ কেজি।

$$\therefore \text{চিনির পরিমাণ} = ২৮ \text{ এর } \frac{৩}{৭} = ১২ \text{ কেজি}$$

$$\text{এবং দুধের পরিমাণ} = ২৮ \text{ এর } \frac{৪}{৭} = ১৬ \text{ কেজি}$$

উত্তর : ক পাত্রে চিনির পরিমাণ ১২ কেজি এবং দুধের পরিমাণ ১৬ কেজি।

প্রশ্ন- ৪ ▶▶

অনুপাত

দুইটি টেলিভিশনের দামের অনুপাত ৪ : ৩ এবং দ্বিতীয়টির দাম ২১,০০০ টাকা। [শেরপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]

ক. ব্যস্তানুপাত কাকে বলে? ৪ : ৩ অনুপাতটির ব্যস্তানুপাত লেখ। ২

খ. প্রথমটির দাম ১,০০০ টাকা বেশি হলে, এদের দামের অনুপাত কত হবে? ৪

গ. যদি টেলিভিশন দুটির মোট দাম ৬৩,০০০ টাকা হয়, তবে টেলিভিশন দুটির দামের অনুপাত নির্ণয় কর। ৪

৪ নং প্রশ্নের সমাধান

ক. ব্যস্তানুপাত : সরল অনুপাতের পূর্ব রাশিকে উত্তর রাশি এবং উত্তর রাশিকে পূর্ব রাশি করে প্রাপ্ত অনুপাতকে পূর্বের অনুপাতের ব্যস্তানুপাত বলে।

৪ : ৩ এর ব্যস্তানুপাত ৩ : ৪।

খ. মনে করি, ১ম টেলিভিশনের দাম = ৪ক টাকা।
এবং ২য় টেলিভিশনের দাম = ৩ক টাকা।

প্রশ্নমতে, ৩ক = ২১,০০০

$$\text{বা, } k = \frac{২১০০০}{৩} = ৭০০০ \text{ টাকা}$$

\therefore ১ম টেলিভিশনের দাম = ৪ক টাকা = ৪×৭০০০ টাকা
= ২৮,০০০ টাকা

১ম টেলিভিশনের দাম ১,০০০ টাকা বেশি হলে এর দাম হবে (২৮০০০ + ১০০০) টাকা = ২৯,০০০ টাকা।

এখন, প্রথমটির দাম : দ্বিতীয়টির দাম = ২৯০০০ : ২১০০০।

$$= ২৯ : ২১$$

[উভয় রাশিকে ১০০০ দ্বারা ভাগ করে]

উত্তর : টেলিভিশন দুটির দামের অনুপাত ২৯ : ২১।

গ. দেওয়া আছে, টেলিভিশনের দুইটির দামের অনুপাত = ৪ : ৩ অনুপাত রাশিগুলোর যোগফল = ৪ + ৩ = ৭

$$\therefore \text{১ম টেলিভিশনের দাম} = ৬৩,০০০ \text{ টাকার } \frac{৪}{৭} \text{ অংশ}$$
$$= ৩৬,০০০ \text{ টাকা}$$

$$\therefore \text{২য় টেলিভিশনের দাম} = ৬৩,০০০ \text{ টাকার } \frac{৩}{৭} \text{ অংশ}$$
$$= ২৭,০০০ \text{ টাকা}$$

এখন, ১ম টেলিভিশনের দাম : ২য় টেলিভিশনের দাম
= ৬৩০০০ : ২৭০০০

$$= ৬৩ : ২৭ \text{ [উভয় রাশিকে ১০০০ দ্বারা ভাগ করে]}$$
$$= ৭ : ৩ \text{ [উভয় রাশিকে ৯ দ্বারা ভাগ করে]}$$

উত্তর : টেলিভিশন দুইটির দামের অনুপাত ৭ : ৩।

প্রশ্ন- ৫ ▶▶

অনুপাত

২৫ গ্রাম ওজনের সোনার গহনায় সোনা ও খাদের অনুপাত ৪ : ১ ছিল। পরে এতে ৫ গ্রাম খাদ যুক্ত করা হলো।

ক. গহনাটিতে সোনার ওজন কত? ২

খ. গহনাটিতে সোনা ও খাদের ওজনের অনুপাত কত হলো? ৪

গ. খাদের পরিমাণ কী পরিমাণ বৃদ্ধি করলে সোনার ও খাদের ওজনের অনুপাত ৩ : ১ হবে? ৪

৫ নং প্রশ্নের সমাধান

ক. দেওয়া আছে, সোনা ও খাদের অনুপাত = ৪ : ১

$$\text{অনুপাতের যোগফল} = 8 + 1 = 9$$

গহনার ওজন ২৫ গ্রাম।

$$\therefore \text{সোনার ওজন} = ২৫ \text{ এর } \frac{8}{9} = ২০ \text{ গ্রাম}$$

উত্তর : গহনাটিতে সোনার ওজন ২০ গ্রাম।

$$\text{খ. খাদের ওজন} = ২৫ \text{ এর } \frac{1}{2} = ৫ \text{ গ্রাম।}$$

আরও ৫ গ্রাম খাদ যুক্ত হলে খাদ হবে (৫ + ৫) গ্রাম = ১০ গ্রাম

$$\therefore \text{বর্তমানে সোনা ও খাদের ওজনের অনুপাত} = ২০ : ১০ \\ = ২ : ১$$

উত্তর : গহনাটিতে সোনা ও খাদের ওজনের অনুপাত ২ : ১।

গ. মনে করি, খাদের পরিমাণ ক গ্রাম বৃদ্ধি করতে হবে

$$\therefore \text{মোট খাদ} = (৫ + ক) \text{ গ্রাম}$$

$$\text{এবং সোনা} = ২০ \text{ গ্রাম}$$

$$\text{প্রশ্নমতে, } ২০ : (৫ + ক) = ৩ : ১$$

$$\text{বা, } \frac{২০}{৫ + ক} = \frac{৩}{১}$$

$$\text{বা, } ১৫ + ৩ক = ২০$$

$$\text{বা, } ৩ক = ২০ - ১৫$$

$$\text{বা, } ৩ক = ৫$$

$$\text{বা, } ক = \frac{৫}{৩}$$

$$\therefore ক = ১ \frac{২}{৩}$$

উত্তর : খাদের পরিমাণ $১ \frac{২}{৩}$ গ্রাম বৃদ্ধি করতে হবে।

অনুশীলনী ২.১ এর আলোকে

প্রশ্ন- ১৭ ▶▶

অনুপাত

সমান মাপের তিনটি গ্লাসে পানি ও সিরাপের অনুপাত যথাক্রমে ৩ : ১, ৫ : ৩ ও ৯ : ৭। গ্লাস তিনটির শরবতকে একটি বড় নতুন পাত্রে ঢালা হলো।

ক. লঘু অনুপাত ও গুরু অনুপাত কাকে বলে? ২

খ. তিনটি গ্লাসে মোট কত অংশ সিরাপ আছে? ৪

গ. নতুন পাত্রে পানি ও সিরাপের অনুপাত কত হবে? ৪

উত্তর : খ. তিনটি গ্লাসে মোট $\frac{১৭}{১৬}$ অংশ সিরাপ আছে; গ. ৩১ : ১৭

প্রশ্ন- ১৮ ▶▶

অনুপাত

পিতা ও পুত্রের বর্তমান বয়স যথাক্রমে ৫৫ বছর এবং ১৫ বছর।

ক. তাদের বর্তমান বয়সের অনুপাত কত? ২

খ. পিতার বয়স যখন ৬০ বছর হবে তখন পিতা ও পুত্রের বয়সের অনুপাত কত হবে? ৪

গ. কত বছর পর পিতা ও পুত্রের বয়সের অনুপাত ২ : ১ হবে, তা নির্ণয় কর। ৪

উত্তর : ক. ১১ : ৩; খ. ৩ : ১; গ. ২৫ বছর পর পিতা ও পুত্রের বয়সের অনুপাত হবে ২ : ১

প্রশ্ন- ১৯ ▶▶

অনুপাত

তামা ও দস্তা মিশ্রিত একটি পিতলের বাটির ওজন ১৫৬ গ্রাম। ঐ বাটিতে তামা ও দস্তার ওজনের অনুপাত ৭ : ৬।

ক. তামা ও দস্তার ওজনের অনুপাতের দুটি সমতুল অনুপাত লেখ। ২

খ. পিতলের বাটিতে দস্তার পরিমাণ কত? ৪

গ. পিতলের বাটিতে কত গ্রাম দস্তা মিশালে তামা ও দস্তার ওজনের অনুপাত ৬ : ৭ হবে? ৪

উত্তর : ক. সমতুল অনুপাত দুইটি ১৪ : ১২ ও ২১ : ১৮;

খ. পিতলের বাটিতে তামা ৮৪ গ্রাম এবং দস্তা ৭২ গ্রাম; গ. ৬ : ৭ হবে

প্রশ্ন- ২০ ▶▶

অনুপাত

নিচের অনুপাতগুলো লক্ষ কর : ২ : ৩, ৩ : ২, ৬ : ৯, ১২ : ৮।

ক. উদ্দীপকের অনুপাতগুলোর মধ্যে সমতুল অনুপাত চিহ্নিত কর। ২

খ. সমতুল অনুপাতগুলোকে লঘু ও গুরু অনুপাতে আলাদা কর এবং দেখাও যে, এদের মিশ্র অনুপাত একটি একক অনুপাত। ৪

গ. ৫৮৫ টাকাকে ২ : ৩ ও ৬ : ৯ এর মিশ্র অনুপাতে ভাগ কর। ৪

উত্তর : ক. ৩ : ২ ও ১২ : ৮ সমতুল অনুপাত; খ. ১ : ১ যা একটি একক অনুপাত; গ. যথাক্রমে ১৮০ টাকা ও ৪০৫ টাকা

প্রশ্ন- ২১ >> _____ অনুপাত

দুইটি কম্পিউটারের দামের অনুপাত ৫ : ৬। প্রথম কম্পিউটারের দাম ২৫০০০ টাকা।

ক. একক অনুপাত কী? ২

খ. দ্বিতীয় কম্পিউটারের দাম কত? ৪

গ. ১মটির দাম ৫০০০ টাকা বেড়ে গেলে তাদের দামের অনুপাতটি কী ধরনের অনুপাত? ৪

উত্তর : খ. ৩০,০০০ টাকা; গ. নির্ণেয় অনুপাত একটি একক অনুপাত

প্রশ্ন- ২২ >> _____ অনুপাত

পিতা ও পুত্রের বয়সের অনুপাত ১৩ : ৪।

ক. প্রদত্ত অনুপাতের ব্যস্ত অনুপাত নির্ণয় কর। ২

খ. পিতার বয়স ৫২ বছর হলে, পুত্রের বয়স কত? ৪

গ. যদি পিতা ও পুত্রের বয়সের সমষ্টি ১০২ বছর হলে, তাদের প্রত্যেকের বয়স পৃথকভাবে নির্ণয় কর। ৪

উত্তর : ক. ৪ : ১৩; খ. পুত্রের বয়স ১৬ বছর।; গ. পিতার বয়স ৭৮ বছর এবং পুত্রের বয়স ২৪ বছর।

বাইসুল ইসলাম হুদয়

■ অনুশীলনী ২.১ এর আলোকে

➔ ২.১ : অনুপাত ➔ বোর্ড বই, পৃষ্ঠা ৩৮ – ৪০

সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

১. নিচের কোন চিহ্নটি অনুপাতের গাণিতিক প্রতীক? (সহজ)
● : ☉ :: ☉ :: ☉ ::
২. দুইটি সমজাতীয় রাশির একটি অপরটির তুলনায় কতগুণ বা কত অংশ তা কিসের মাধ্যমে প্রকাশ করা হয়? (সহজ)
☉ রাশির ● ভগ্নাংশের ☉ সংখ্যার ☉ বর্গমূলের
৩. ২ : ৫ অনুপাতের উত্তর রাশি নিচের কোনটি? (সহজ)
☉ ২ ● ৫ ☉ ৭ ☉ ১১
৪. অনুপাত কী? [কুমিল্লা জিলা স্কুল; যশোর জিলা স্কুল]
☉ একটি পূর্ণসংখ্যা ☉ যৌগিক সংখ্যা
☉ মৌলিক সংখ্যা ● ভগ্নাংশ
৫. দুইটির রাশির তুলনা করতে নিচের কোন শব্দটি ব্যবহার করা হয়? [কুমিল্লা মর্ডান হাইস্কুল]
☉ বর্গমূল ● অনুপাত ☉ সমানুপাত ☉ মিশ্রণ
৬. একটি শ্রেণিতে ছাত্র ও ছাত্রীসংখ্যা যথাক্রমে ৫০ জন ও ৪০ জন। ছাত্র ও ছাত্রীর সংখ্যার অনুপাত কত? [নওগাঁ জিলা স্কুল]
☉ ৪ : ৫ ● ৫ : ৪ ☉ ৩ : ২ ☉ ৪ : ৩
ব্যাখ্যা: ছাত্র ও ছাত্রীর সংখ্যার অনুপাত = $\frac{৫০}{৪০} = \frac{৫}{৪} = ৫ : ৪$
৭. গরিমার ওজন ৪০ কেজি ও তার পিতার ওজন ৮০ কেজি। পিতার ওজন গরিমার ওজনের কতগুণ? (মধ্যম)
☉ ১ ● ২ ☉ ৩ ☉ ৪

বহুপদী সমাশ্টিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৮. নিচের তথ্যগুলো লক্ষ কর :
i. অনুপাত একটি ভগ্নাংশ
ii. অনুপাতের কোনো একক নেই
iii. অনুপাতের এককগুলোকে এক জাতীয় করতে হবে
নিচের কোনটি সঠিক? (সহজ)
☉ i ও ii ☉ i ও iii ☉ ii ও iii ● i, ii ও iii
৯. অনুপাত— [বিদ্যাময়ী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, ময়মনসিংহ]
i. তুলনা থেকেই সৃষ্টি
ii. এর কোনো একই নাই
iii. ভগ্নাংশ আকারেও লেখা যায়
নিচের কোনটি সঠিক?
☉ i ও ii ☉ i ও iii ☉ ii ও iii ● i, ii ও iii
১০. নিচের তথ্যগুলো লক্ষ কর :
i. অনুপাতের চিহ্নকে ‘:’ প্রতীক দ্বারা প্রকাশ করা হয়
ii. ৫ : ১ কে পড়া হয় ৫ অনুপাত ১
iii. ৩ : ৫ অনুপাতের ৩ হলো পূর্ব রাশি ৫ হলো উত্তর রাশি
নিচের কোনটি সঠিক? (সহজ)
☉ i ও ii ☉ i ও iii ☉ ii ও iii ● i, ii ও iii

অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

নিচের তথ্যের আলোকে ১১ ও ১২ নং প্রশ্নের উত্তর দাও:
ফাহিমের বয়স ৬ বছর ও তার বোনের বয়স ১২ মাস।

১১. ফাহিম ও তার বোনের বয়সের অনুপাত কত? (মধ্যম)
☉ ২ : ৩ ☉ ৩ : ২ ● ৬ : ১ ☉ ১২ : ১
ব্যাখ্যা: ৬ বছর = (৬ × ১২) মাস = ৭২ মাস।

$$\text{ফাহিম ও তার বোনের বয়সের অনুপাত} = \frac{৭২}{১২} = \frac{৬}{১} = ৬ : ১।$$

১২. অনুপাতটির যোগফল কত? (সহজ)
● ৭ ☉ ৯ ☉ ১১ ☉ ১৩

➔ ২.২ : বিভিন্ন অনুপাত ➔ বোর্ড বই, পৃষ্ঠা ৪০–৪৫

সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

১৩. সরল অনুপাতের পূর্ব রাশিকে উত্তর রাশি এবং উত্তর রাশিকে পূর্ব রাশি করে প্রাপ্ত অনুপাতকে বলে— (সহজ)
☉ লঘু অনুপাত ☉ গুরু অনুপাত
● ব্যস্ত অনুপাত ☉ একক অনুপাত
১৪. অনুপাতে দুটি রাশি থাকলে, তাকে বলা হয়— [খুলনা জিলা স্কুল]
☉ একানুপাত | মিশ্র অনুপাত ☉ ব্যস্তানুপাত ● সরল অনুপাত
১৫. নিচের কোনটি একানুপাত? [রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা]
☉ ১৬ : ১৩ ☉ ১৩ : ১৭ ● ২১ : ২১ ☉ ৫ : ৪
১৬. ২ : ৫ ও ৬ : ১৫ কোন ধরনের অনুপাত? [কুষ্টিয়া জিলা স্কুল]
● সমতল ☉ লঘু ☉ গুরু ☉ ব্যস্ত
১৭. ৫ : ৫ কোন ধরনের অনুপাত? [মতিঝিল বালক উচ্চ বিদ্যালয়, ঢাকা]
☉ লঘু ☉ গুরু ☉ ব্যস্ত ● একক
১৮. ৪০ কেজি মিশ্রণে চাল ও চিনির পরিমাণের অনুপাত ৪ : ১। মিশ্রণটিতে চালের পরিমাণ নির্ণয় কর। [হকিমুস বালিকা উচ্চ বিদ্যালয়, ঢাকা]
● ৩২ কেজি ☉ ৮ কেজি ☉ ৫ কেজি ☉ ৩০ কেজি
১৯. ৫ : ৯, ৪ : ১৭ ও ৩ : ১১ এর মিশ্র অনুপাত নিচের কোনটি? [দিনাজপুর জিলা স্কুল]
● ২০ : ৫৬১ ☉ ৫৬১ : ২০ ☉ ৫৪১ : ২০ ☉ ২০ : ৫৪১
২০. নিচের কোনটি গুরু অনুপাত? [ময়মনসিং জিলা স্কুল]
☉ ১০ : ১২ ☉ ২ : ৭ ● ১০ : ৭ ☉ ৩ : ৫
২১. নিচের কোনটি ১৬ : ৫ এর ব্যস্ত অনুপাত? [ফরিদপুর জিলা স্কুল]
● ৫ : ১৬ ☉ ৫ : ৮ ☉ ৩২ : ১০ | কোনোটিই নয়
২২. ৭ : ৫ এর দ্বিগুণানুপাত কোনটি? (মধ্যম)
● ১৪ : ১০ ☉ ৫ : ৭ ☉ ১৭ : ১০ ☉ ২ : ৫১
২৩. ১১ : ১১ কোন ধরনের অনুপাত? [চট্টগ্রাম কলেজিয়েট স্কুল]
☉ ব্যস্ত অনুপাত ☉ মিশ্র অনুপাত
☉ সমতুল অনুপাত ● একক অনুপাত
২৪. ৫ : ৭, ৪ : ৯ ও ৩ : ২ মিশ্র অনুপাত কত? [নওগাঁ জিলা স্কুল]
☉ ৩০ : ২০ ● ১০ : ২১ ☉ ৬০ : ৩০ ☉ ৪০ : ২০
২৫. ২ : ৫ এর সমতুল অনুপাত কত? [তোলা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]
☉ $\frac{৪}{৮}$ ☉ $\frac{৪}{৬}$ ● $\frac{৪}{১০}$ ☉ $\frac{৬}{১০}$
২৬. ১০ : ৫০ অনুপাতটির সমতুল অনুপাত নিচের কোনটি? [বাগেরহাট সরকারি উচ্চ বিদ্যালয়]
● ১ : ৫ ☉ ৫ : ১ ☉ ৮ : ১ ☉ ১ : ৮
ব্যাখ্যা : কোনো অনুপাতের পূর্ব ও উত্তর রাশিকে শূন্য (০) ব্যতিত একই সংখ্যা দ্বারা গুণ বা ভাগ করলে অনুপাতের মানের কোনো পরিবর্তন হয় না। এরূপ অনুপাতকে সমতুল অনুপাত বলা হয়।
 $\therefore ১০ : ৫০ = \frac{১০}{৫০} = \frac{১০ \div ১০}{৫০ \div ১০} = \frac{১}{৫} = ১ : ৫।$
২৭. যে অনুপাতের পূর্ব রাশি, উত্তর রাশি অপেক্ষা ছোট তাকে বলা হয়— [খুলনা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]
☉ সরল অনুপাত ☉ গুরু অনুপাত
☉ ব্যস্তানুপাত ● লঘু অনুপাত
২৮. কোনো অনুপাতের পূর্ব রাশি উত্তর রাশি অপেক্ষা বড় হলে, তাকে কী বলা হয় (সহজ)
☉ সরল অনুপাত ● গুরু অনুপাত
☉ লঘু অনুপাত ☉ একক অনুপাত
২৯. যে অনুপাতের পূর্বরাশি ও উত্তর রাশি পরস্পর সমান, তাকে কী বলা হয় (সহজ)

৩০. নিচের কোনটি লঘু অনুপাত? [চট্টগ্রাম কলেজিয়েট স্কুল]
- ক) ৭ : ৫ ● ২ : ৫ গ) ৫ : ২ ঘ) ৫ : ৫
ব্যাখ্যা : লঘু অনুপাতের পূর্ব রাশি উত্তর রাশি অপেক্ষা ছোট।
৩১. নিচের কোনটি গুরু অনুপাত? (সহজ)
- ক) ৫ : ৭ খ) ৫ : ৬ ● ৫ : ২ ঘ) ২ : ৫
ব্যাখ্যা : গুরু অনুপাতের পূর্ব রাশি উত্তর রাশি অপেক্ষা বড়।
৩২. নিচের কোনটি একক অনুপাত? (সহজ)
- ক) ৫ : ৭ খ) ৭ : ৫ ● ৫ : ৫ ঘ) ২ : ৫
৩৩. নিচের কোনটি ১৮ : ৭ এর ব্যস্ত অনুপাত? (সহজ)
- ক) ১৫ : ২১ খ) ১৬ : ২১ ● ৭ : ১৮ ঘ) ৭ : ১৬
৩৪. ৭ : ৫-এর ব্যস্ত অনুপাত কোনটি?
[সরকারি ইকবালনগর মাধ্যমিক বালিকা বিদ্যালয়, খুলনা]
- ক) ১ : ৫ ● ৫ : ৭ গ) ২১ : ১৫ ঘ) ২৮ : ২০
ব্যাখ্যা : সরল অনুপাতের পূর্ব রাশিকে উত্তর রাশি এবং উত্তর রাশিকে পূর্ব রাশি করে প্রাপ্ত অনুপাত হলো ব্যস্ত অনুপাত।
∴ ৭ : ৫ এর ব্যস্ত অনুপাত ৫ : ৭
৩৫. নিচের কোনটি ১৫ : ৫ এর ব্যস্ত অনুপাত?
[খুলনা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]
- ক) ১৫ : ৫ ● ৫ : ১৫ গ) ৩ : ১ ঘ) ১ : ৩
৩৬. ২ : ৩; ৩ : ৪; ৪ : ৫ এর মিশ্র অনুপাত কত? [খুলনা জিলা স্কুল]
- ক) ১৮ : ৬০ খ) ১২ : ২০ ● ২৪ : ৬০ ঘ) ২১ : ১৮
ব্যাখ্যা : নির্ণেয় মিশ্র অনুপাতের পূর্ব রাশি = $২ \times ৩ \times ৪ = ২৪$
এবং উত্তর রাশি = $৩ \times ৪ \times ৫ = ৬০$
∴ মিশ্র অনুপাতটি = ২৪ : ৬০
৩৭. এক গ্রাম শরবতে পানি ও সিরাপের অনুপাত ৩ : ১। ঐ গ্রামে ২০ গ্রাম শরবত থাকলে সিরাপের পরিমাণ কত? (কঠিন)
- ৫ গ্রাম খ) ৪ গ্রাম গ) ১৬ গ্রাম ঘ) ১২ গ্রাম
৩৮. দুইটি বইয়ের মূল্যের অনুপাত ৪ : ৫। দ্বিতীয়টির মূল্য ৮০ টাকা হলে, প্রথমটির মূল্য কত? (কঠিন)
- ক) ৬০ টাকা ● ৬৪ টাকা গ) ৮৫ টাকা ঘ) ৯৪ টাকা
৩৯. পিতা পুত্রের বয়সের অনুপাত ১১ : ৩। পুত্রের বয়স ১২ বছর হলে, পিতার বয়স কত? [বগুড়া জিলা স্কুল]
- ক) ৪০ বছর ● ৪৪ বছর গ) ৫০ বছর ঘ) ৬৪ বছর

নিচের কোনটি সঠিক? (মধ্যম)

ক) i ও ii খ) i ও iii

● ii ও iii ঘ) i, ii ও iii

অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

নিচের তথ্যের আলোকে ১২১ – ১২৩ নং প্রশ্নের উত্তর দাও:

কোনো ছাত্রাবাসে ৫০০ জন ছাত্রের ৫০ দিনের খাবার আছে। ১০ দিন পর ঐ ছাত্রাবাসে আরও ৩০০ জন ছাত্র আসল

২৫. ঐ খাদ্য ১ জনের কত দিন চলবে?

ক) ২০০০ দিন ● ২৫০০০ দিন

গ) ২৬০০০ দিন ঘ) ৩০০০০ দিন

২৬. ১০ দিন পর কত দিনের খাদ্য অবশিষ্ট থাকবে?

কি ১০ দিন খি ৩০ দিন ● ৪০ দিন ঘি ৫০ দিন

২৭. ১০ দিন পর ঐ ছাত্রাবাসের মোট ছাত্র সংখ্যা কত হবে?

● ৮০০ জন খি ৫০০ জন

গি ৩০০ জন ঘি ২০০ জন

নিচের তথ্যের আলোকে ১২৪ ও ১২৫ নং প্রশ্নের উত্তর দাও:

একটি পুকুর খনন করতে ২২০ জন লোকের ২১ দিন লাগে। পুকুর

খননের জন্য ৪২০ জন লোক নিয়োগ করা হলো।

২৮. ঐ পুকুর খনন করতে ১ জন লোকের কতদিন লাগবে?

কি ৪৩২০ দিন খি ৪৪৩০ দিন

● ৪৬২০ দিন ঘি ৪৮২০ দিন

২৯. ৪২০ জন লোক ঐ পুকুরটি কত দিনে খনন করতে পারবে?

কি ১০ দিন ● ১১ দিন গি ১২ দিন ঘি ১৩ দিন

নিচের তথ্যের আলোকে ১২৬ ও ১২৭ নং প্রশ্নের উত্তর দাও:

কোনো একটি কাজ 'ক' ১২ দিনে ও 'খ' ২০ দিনে করতে পারে।

৩০. 'ক' ১ দিনে সম্পন্ন করে কাজটির কত অংশ? (মধ্যম)


কি $\frac{1}{৮}$ অংশ ● $\frac{1}{১২}$ অংশ গি $\frac{1}{১৬}$ অংশ ঘি $\frac{1}{২০}$ অংশ

৩১. 'খ' ১ দিনে সম্পন্ন করে কাজটির কত অংশ? (মধ্যম)

● $\frac{1}{২০}$ অংশ খি $\frac{1}{১৬}$ অংশ গি $\frac{1}{১২}$ অংশ ঘি $\frac{1}{৮}$ অংশ

রাইসুল ইসলাম হুদয়

তৃতীয় অধ্যায় পূর্ণসংখ্যা



অনুশীলনী ৩.১



পাঠ সম্পর্কিত গুরুত্বপূর্ণ বিষয়াদি



অনুশীলনী ৩.১ গুরুত্বপূর্ণ তথ্যাবলি

- **পূর্ণসংখ্যা** : যে সকল সংখ্যা ভগ্নাংশ নয় তাই পূর্ণসংখ্যা। দৈনন্দিন জীবনে মানুষের হিসাব নিকাশের প্রয়োজনে প্রথমে 1, 2, 3, সংখ্যাগুলো আবিষ্কৃত হয়। এগুলোকে স্বাভাবিক সংখ্যা বা ধনাত্মক পূর্ণসংখ্যা বলে। স্বাভাবিক সংখ্যার সাথে 0 নিয়ে আমরা পাই, 0, 1, 2, 3, এগুলোকে অঋণাত্মক পূর্ণসংখ্যা বলা হয়। আবার, -4, -3, -2, -1 হলো ঋণাত্মক পূর্ণসংখ্যা। অঋণাত্মক পূর্ণসংখ্যা ও ঋণাত্মক পূর্ণসংখ্যা একত্র করে আমরা পাই, -4, -3, -2, -1, 0, 1, 2, 3, 4, এই সংখ্যাগুলো পূর্ণসংখ্যা। অর্থাৎ, 0 শূন্যসহ ঋণাত্মক, অঋণাত্মক সব সংখ্যাকেই পূর্ণসংখ্যা বলে।

- **ধনাত্মক সংখ্যার ব্যবহার :**

আয়, ব্যয়

লাভ, ক্ষতি

বৃদ্ধি, হ্রাস


জোড়ার প্রথমটি দ্বিতীয়টির বিপরীত। আয়, লাভ ও বৃদ্ধি বলতে পরিমাণে বাড়ে। আবার ব্যয়, ক্ষতি ও হ্রাস বলতে পরিমাণে কমে।

5 টাকা আয়কে + 5 টাকা দ্বারা চিহ্নিত করলে 7 টাকা ব্যয়কে -7 টাকা দ্বারা চিহ্নিত করা যায়।

একই জাতীয় কিন্তু বিপরীতমুখী দুইটি রাশির পার্থক্য বোঝাতে একটিকে (+) চিহ্নযুক্ত ধরলে অপরটি (-) চিহ্নযুক্ত হবে। (+) চিহ্নযুক্ত রাশিকে ধনাত্মক রাশি বা ধন রাশি বলে এবং (-) চিহ্নযুক্ত রাশিকে ঋণাত্মক রাশি বা ঋণ রাশি বলে। এজন্য (+) ও (-) চিহ্নদ্বয়কে যথাক্রমে ধনাত্মক চিহ্ন ও ঋণাত্মক চিহ্ন বলে।

- **সংখ্যারেখায় পূর্ণসংখ্যা স্থাপন (পূর্ণসংখ্যার অবস্থান নির্ণয়) :** একটি সরলরেখা অঙ্কন করে তার উপরে একটি বিন্দু 0 নিলে তা রেখাটিকে দুইটি অংশে বিভক্ত করে। 0 বিন্দুর ডানদিকে ও বামদিকে রেখাটি সীমাহীনভাবে বিস্তৃত। রেখাটির ডানদিকে ধনাত্মক এবং বামদিকে ঋণাত্মক ধরা হয়।

এখন একটি নির্দিষ্ট দৈর্ঘ্যকে একক ধরে 0 বিন্দু থেকে শুরু করে ডানদিকে ও বামদিকে পরপর সমান দূরত্বে দাগ দিই। এখন 0 বিন্দুর ডানদিকে দাগগুলোকে পর্যায়ক্রমে + 1, + 2, + 3, বা শুধুমাত্র 1, 2, 3 ... লিখে এবং বামদিকের দাগগুলোকে -1, -2, -3, লিখে চিহ্নিত করি।



কোনো পূর্ণসংখ্যার অবস্থান নির্ণয় করতে হলে, তা সংখ্যারেখার 0 বিন্দু থেকে তত একক ডানদিকে বা বামদিকে সেই সংখ্যার অবস্থান জানা যায়।

- **পূর্ণসংখ্যার ক্রম :** আমরা জানি, $5 > 3$ এবং সংখ্যারেখায় আমরা দেখি যে, 3 এর ডানে 5। অনুরূপভাবে $3 > 0$ অর্থাৎ, 0 এর ডানে 3। আবার যেহেতু -3 এর ডানে 0, সুতরাং $0 > -3$ । অনুরূপভাবে, -5 এর ডানে -2 হওয়ায় $-2 > -5$ । এভাবে আমরা দেখতে পাই, সংখ্যারেখার ডানদিকে গেলে সংখ্যার মান বৃদ্ধি পায় এবং বামদিকে গেলে হ্রাস পায়।

অনুশীলনী ৩.১ এর প্রশ্ন ও সমাধান

প্রশ্ন ১ ১ ৥ নিচের বাক্যাংশগুলো বিপরীত অর্থে লিখ :

সমাধান :

প্রদত্ত বাক্যাংশ	বিপরীত অর্থ
(ক) ওজন বৃদ্ধি	ওজন হ্রাস
(খ) 30 কি.মি. উত্তর দিক	30 কি.মি. দক্ষিণ দিক
(গ) বাড়ি হতে বাজার 8 কি.মি. পূর্বে	বাড়ি হতে বাজার 8 কি.মি. পশ্চিমে
(ঘ) 700 টাকা ক্ষতি	700 টাকা লাভ
(ঙ) সমুদ্রপৃষ্ঠ থেকে 100 মিটার উপরে	সমুদ্রপৃষ্ঠ থেকে 100 মিটার নিচে

প্রশ্ন ১ ২ ৥ নিচের বাক্যাংশগুলোতে উল্লেখিত সংখ্যাগুলো উপযুক্ত চিহ্ন সহকারে লেখ :

(ক) একটি উড়োজাহাজ সমতল ভূমি থেকে দুই হাজার মিটার উপর দিয়ে উড়ছে।

সমাধান : একটি উড়োজাহাজ সমতল ভূমি থেকে দুই হাজার মিটার উপর দিয়ে উড়ছে অর্থাৎ + 2000 মিটার।

(খ) একটি ডুবোজাহাজ সমুদ্রপৃষ্ঠ থেকে আটশত মিটার গভীরে চলছে।

সমাধান : একটি ডুবোজাহাজ সমুদ্রপৃষ্ঠ থেকে আটশত মিটার গভীরে চলছে অর্থাৎ - 800 মিটার।

(গ) দুইশত টাকা ব্যাংকে জমা রাখা।

সমাধান : দুইশত টাকা ব্যাংকে জমা রাখা অর্থাৎ + 200 টাকা।


(ঘ) সাতশত টাকা ব্যাংক থেকে ঋণ নেওয়া।

সমাধান : সাতশত টাকা ব্যাংক থেকে ঋণ নেওয়া অর্থাৎ - 700 টাকা।

প্রশ্ন ১ ৩ ৥ নিচের সংখ্যাগুলোকে সংখ্যারেখায় স্থাপন কর :


(ক) + 5

সমাধান : সংখ্যারেখার উপর ধনাত্মক পূর্ণসংখ্যা 5 স্থাপনের জন্য 0 বিন্দুর ডানদিকে 5 একক দূরের বিন্দুটিকে গাঢ় গোল চিহ্ন দ্বারা আবদ্ধ করি। তাহলে এই বিন্দুটিই হবে +5 এর অবস্থান।




(খ) - 10

সমাধান : সংখ্যারেখার উপর ঋণাত্মক পূর্ণসংখ্যা 10 স্থাপনের জন্য 0 বিন্দুর বামদিকে 10 একক দূরের বিন্দুটিকে গাঢ় গোল চিহ্ন দ্বারা আবদ্ধ করি। তাহলে এই বিন্দুটিই হবে -10 এর অবস্থান।




(গ) + 8

সমাধান : সংখ্যারেখার উপর ধনাত্মক পূর্ণসংখ্যা 8 স্থাপনের জন্য 0 বিন্দুর ডানদিকে 8 একক দূরের বিন্দুটিকে গাঢ় গোল চিহ্ন দ্বারা আবদ্ধ করি। তাহলে এই বিন্দুটিই হবে +8 এর অবস্থান।




(ঘ) - 1

সমাধান : সংখ্যারেখার উপর ঋণাত্মক পূর্ণসংখ্যা 1 স্থাপনের জন্য 0 বিন্দুর বামদিকে 1 একক দূরের বিন্দুটিকে গাঢ় গোল চিহ্ন দ্বারা আবদ্ধ করি। তাহলে এই বিন্দুটিই হবে -1 এর অবস্থান।



(ঙ) - 6

সমাধান : সংখ্যারেখার উপর ঋণাত্মক পূর্ণসংখ্যা 6 স্থাপনের জন্য 0 বিন্দুর বামদিকে 6 একক দূরের বিন্দুটিকে গাঢ় গোল চিহ্ন দ্বারা আবদ্ধ করি। তাহলে এই বিন্দুটিই হবে -6 এর অবস্থান।



প্রশ্ন ১৪ ৥ কোনো একটি নির্দিষ্ট দিনে বিভিন্ন দেশের চারটি স্থানের তাপমাত্রার তালিকা নিম্নে উল্লেখ করা হলো :


স্থানের নাম	তাপমাত্রা	ফাঁকা কলাম
ঢাকা	0°C এর উপরে 30°C
কাঠমুন্ডু	0°C এর নিচে 2°C
শ্রীনগর	0°C এর নিচে 5°C
রিয়াদ	0°C এর উপরে 40°C

(ক) বিভিন্ন স্থানের তাপমাত্রা উপযুক্ত চিহ্ন সহকারে পূর্ণসংখ্যায় উপরের ফাঁকা কলামে লেখ।

সমাধান :

স্থানের নাম	তাপমাত্রা	ফাঁকা কলাম
ঢাকা	0°C এর উপরে 30°C	$+ 30^{\circ}\text{C}$
কাঠমুন্ডু	0°C এর নিচে 2°C	$- 2^{\circ}\text{C}$
শ্রীনগর	0°C এর নিচে 5°C	$- 5^{\circ}\text{C}$
রিয়াদ	0°C এর উপরে 40°C	$+ 40^{\circ}\text{C}$

(খ) নিচের সংখ্যারেখায় উল্লিখিত সংখ্যাগুলো দ্বারা তাপমাত্রা দেখানো হয়েছে।




(i) তাপমাত্রা অনুযায়ী উপরোক্ত স্থানগুলোর নাম সংখ্যারেখায় লেখ।

(ii) কোন স্থানটি সবচেয়ে শীতল?

(iii) যে সকল স্থানের তাপমাত্রা 10°C এর বেশি সে সকল স্থানের নাম লেখ।

সমাধান :

(i) তাপমাত্রা অনুযায়ী উপরিউক্ত স্থানগুলোর নাম সংখ্যারেখায় দেখানো হলো :




(ii) শ্রীনগর স্থানটি সবচেয়ে শীতল ($- 5^{\circ}\text{C}$)। কারণ এই স্থানের তাপমাত্রা সংখ্যারেখার সর্ববামে।

(iii) তাপমাত্রা 10°C এর চেয়ে বেশি তাপমাত্রার স্থানসমূহ ঢাকা ও রিয়াদ।

প্রশ্ন ১৫ ৥ নিম্নে প্রদত্ত সংখ্যাঘরের মধ্যে কোনটি অন্যটির ডানে অবস্থিত তা সংখ্যারেখায় দেখাও :

(ক) 2, 9


সমাধান :



সংখ্যারেখায় 9 এর অবস্থান হলো 2 এর ডানে।

(খ) $-3, -8$


সমাধান :



সংখ্যারেখায় দেখা যায় -3 এর অবস্থান -8 এর ডানে।

(গ) 0, -1


সমাধান :



সংখ্যারেখায় দেখা যায় 0 এর অবস্থান -1 এর ডানে।

(ঘ) $-11, 10$


সমাধান :



সংখ্যারেখায় দেখা যায় 10 এর অবস্থান -11 এর ডানে।

(ঙ) $-6, 6$


সমাধান :



সংখ্যারেখায় দেখা যায় 6 এর অবস্থান -6 এর ডানে।

(চ) 1, -10

সমাধান :



সংখ্যারেখায় দেখা যায় 1 এর অবস্থান -10 এর ডানে।

প্রশ্ন ১৬ ১ নিম্নে প্রদত্ত সংখ্যাদ্বয়ের মধ্যবর্তী পূর্ণসংখ্যাগুলো মানের উর্ধ্বক্রম অনুযায়ী লেখ :

(ক) 0 এবং -7

সমাধান : 0 এবং -7 সংখ্যাদ্বয়ের মধ্যবর্তী পূর্ণসংখ্যাগুলো মানের উর্ধ্বক্রম অনুযায়ী নিম্নে লেখা হলো :

-6, -5, -4, -3, -2, -1

(খ) -4 এবং 4

সমাধান : -4 এবং 4 সংখ্যাদ্বয়ের মধ্যবর্তী পূর্ণসংখ্যাগুলো মানের উর্ধ্বক্রম অনুযায়ী নিম্নে লেখা হলো :

-3, -2, -1, 0, 1, 2, 3

(গ) -4 এবং -15

সমাধান : -4 এবং -15 সংখ্যাদ্বয়ের মধ্যবর্তী পূর্ণসংখ্যাগুলো মানের উর্ধ্বক্রম অনুযায়ী নিম্নে লেখা হলো :

-14, -13, -12, -11, -10, -9, -8, -7, -6, -5

(ঘ) -30 এবং -23

সমাধান : -30 এবং -23 সংখ্যাদ্বয়ের মধ্যবর্তী পূর্ণসংখ্যাগুলো মানের উর্ধ্বক্রম অনুযায়ী নিম্নে লেখা হলো :

-29, -28, -27, -26, -25, -24

প্রশ্ন ১৭ ১ (ক) -20 হতে বড় চারটি ঋণাত্মক পূর্ণসংখ্যা লেখ।

সমাধান : -20 হতে বড় চারটি ঋণাত্মক পূর্ণসংখ্যা হলো :
-19, -18, -17 ও -16

(খ) -10 হতে ছোট চারটি ঋণাত্মক পূর্ণসংখ্যা লেখ।

সমাধান : -10 হতে ছোট চারটি ঋণাত্মক পূর্ণসংখ্যা হলো :
-11, -12, -13 ও -14

(গ) -10 ও -5 এর মধ্যবর্তী চারটি ঋণাত্মক পূর্ণ সংখ্যা লেখ।

সমাধান : -10 ও -5 এর মধ্যবর্তী চারটি ঋণাত্মক পূর্ণ সংখ্যা হলো :
-9, -8, -7 ও -6

প্রশ্ন ১৮ ১ নিচের বাক্যগুলোর পাশে সত্য হলে (স) এবং মিথ্যা হলে (মি) লেখ। মিথ্যা হলে বাক্যটি শুদ্ধ কর।

(ক) সংখ্যারেখায় -10 এর ডানে -8.

সমাধান : সংখ্যারেখায় -10 এর ডানে -8. (স)

(খ) সংখ্যারেখায় -60 এর ডানে -70.

সমাধান : সংখ্যারেখায় -60 এর ডানে -70. (মি)
শুদ্ধ : সংখ্যারেখায় -60 এর বামে -70

(গ) সবচেয়ে ছোট ঋণাত্মক পূর্ণসংখ্যা -1.

সমাধান : সবচেয়ে ছোট ঋণাত্মক পূর্ণ সংখ্যা -1. (মি)
শুদ্ধ : সবচেয়ে বড় ঋণাত্মক পূর্ণসংখ্যা -1.

(ঘ) -20 এর চেয়ে -26 বড়।

সমাধান : -20 এর চেয়ে -26 বড়। (মি)
শুদ্ধ : -20 এর চেয়ে -26 ছোট।

অতিরিক্ত অনুশীলনের প্রশ্ন ও সমাধানঃ অনুশীলনী ৩.১ এর আলোকে

প্রশ্ন- ১▶▶

পূর্ণসংখ্যার ক্রম

পূর্ণসংখ্যার একটি তালিকায় নিচের সংখ্যাগুলো লেখা আছে।

-6, 2, -4, 6, -2, 4

ক. সংখ্যাগুলোকে সংখ্যারেখায় স্থাপন কর। ২


খ. সংখ্যারেখায় অবস্থান দেখে সংখ্যাগুলোকে উর্ধ্বক্রম ও অধঃক্রম অনুসারে সাজাও। ৪

গ. উর্ধ্বক্রমে প্রাপ্ত সংখ্যাগুলোর যোগাত্মক বিপরীত সংখ্যা নির্ণয় করে সংখ্যারেখায় স্থাপন

কর এবং দেখাও যে, তা প্রথম সংখ্যারেখাটির সাথে সম্পূর্ণ রূপে মিলে যায়। ৪

১ নং প্রশ্নের সমাধান

ক. প্রদত্ত -6, 2, -4, 6, -2, 4 সংখ্যাগুলোকে সংখ্যারেখায় স্থাপন করা হলো :



খ. আমরা জানি, সংখ্যারেখায় বাম থেকে ডানে গেলে ক্রমান্বয়ে বড় সংখ্যা পাওয়া যায়।

উপরের সংখ্যারেখায় সর্ববামে আছে -6 , সুতরাং -6 প্রদত্ত তালিকার সবচেয়ে ছোট সংখ্যা এবং 6 এর অবস্থান সর্বডানে, কাজেই 6 প্রদত্ত তালিকার সবচেয়ে বড় সংখ্যা।

∴ প্রদত্ত সংখ্যাগুলোকে উর্ধ্বক্রম অনুসারে সাজালে পাই,
 $-6, -4, -2, 2, 4, 6$. (Ans.)


এবং অধঃক্রম অনুসারে সাজালে পাই, $6, 4, 2, -2, -4, -6$.
 (Ans.)

গ. 'খ' থেকে, উর্ধ্বক্রমে সাজানো সংখ্যাগুলো হলো—

$-6, -4, -2, 2, 4, 6$.

∴ এদের যোগাত্মক বিপরীত সংখ্যাগুলো হলো যথাক্রমে
 $6, 4, 2, -2, -4, -6$.

প্রাপ্ত যোগাত্মক বিপরীত সংখ্যাগুলোকে সংখ্যারেখায় স্থাপন করে পাই,



দেখা যাচ্ছে যে, প্রথম ও দ্বিতীয় সংখ্যারেখা সম্পূর্ণরূপে একই রকম।

প্রশ্ন-২▶▶ _____ পূর্ণসংখ্যার ক্রম

— 9 এবং — 3 দুইটি ঋণাত্মক পূর্ণসংখ্যা।

ক. প্রদত্ত প্রত্যেকটি সংখ্যার পূর্ববর্তী ও পরবর্তী সংখ্যা লেখ।

খ. প্রদত্ত সংখ্যা দুইটির মধ্যবর্তী ঋণাত্মক পূর্ণসংখ্যা নির্ণয় কর। 8

গ. প্রদত্ত প্রথম সংখ্যা হতে ছোট পাঁচটি ঋণাত্মক পূর্ণসংখ্যা এবং দ্বিতীয় সংখ্যা হতে বড় দুইটি ঋণাত্মক পূর্ণসংখ্যা নির্ণয় কর। 8

— ২ নং প্রশ্নের সমাধান —

ক. -9 এর পূর্ববর্তী সংখ্যা -10

-9 এর পরবর্তী সংখ্যা -8

এবং -3 পূর্ববর্তী সংখ্যা -4

-3 এর পরবর্তী সংখ্যা -2 .

খ. -9 এবং -3 এর মধ্যবর্তী ঋণাত্মক পূর্ণসংখ্যা হলো,

-8 থেকে -4 পর্যন্ত পূর্ণসংখ্যা। এগুলো হলো,

$-8, -7, -6, -5, -4$. (Ans.)

গ. -9 এর চেয়ে ছোট পাঁচটি ঋণাত্মক পূর্ণসংখ্যা হলো,

$-10, -11, -12, -13, -14$ এবং -3 এর চেয়ে বড় দুইটি ঋণাত্মক পূর্ণসংখ্যা হলো $-2, -1$. (Ans.)

প্রশ্ন-৩▶▶ _____ সংখ্যারেখায় পূর্ণসংখ্যা স্থাপন, পূর্ণসংখ্যার বিয়োগ

কোনো একটি নির্দিষ্ট দিনে বিভিন্ন দেশের চারটি স্থানের তাপমাত্রার তালিকা নিম্নে উল্লেখ করা হলো :

স্থানের নাম	তাপমাত্রা
ঢাকা	0°C এর উপর 30°C
কাঠমুন্ডু	0°C এর নিচে 2°C
শ্রীনগর	0°C এর নিচে 5°C
রিয়াদ	0°C এর উপর 40°C

[চট্টগ্রাম কলেজিয়েট স্কুল; খুলনা জিলা স্কুল]

ক. বিভিন্ন স্থানের তাপমাত্রা উপযুক্ত চিহ্নসহ লেখ। ২

খ. তাপমাত্রাগুলো সংখ্যারেখায় দেখাও। 8

গ. কোনটি সবচেয়ে শীতল ও উষ্ণ সংখ্যারেখা থেকে দেখাও। সবচেয়ে উষ্ণ স্থানের তাপমাত্রা অপেক্ষা 1°C বেশি এবং সবচেয়ে শীতল স্থানের তাপমাত্রা অপেক্ষা 1°C কম তাপমাত্রা নির্ণয় করে তাদের পার্থক্য নির্ণয় কর। 8

— ৩ নং প্রশ্নের সমাধান —

ক. বিভিন্ন স্থানের তাপমাত্রা চিহ্নসহ দেখানো হলো :


ঢাকা $+30^{\circ}\text{C}$

কাঠমুন্ডু -2°C

শ্রীনগর -5°C

রিয়াদ $+40^{\circ}\text{C}$

খ. 'ক' অংশ হতে প্রাপ্ত তথ্যানুযায়ী পাই,



গ. সংখ্যারেখা হতে পাই,

সবচেয়ে শীতল স্থান — শ্রীনগর

সবচেয়ে উষ্ণ স্থান – রিয়াদ

সবচেয়ে উষ্ণ স্থানের তাপমাত্রা অপেক্ষা 1°C বেশি তাপমাত্রা

$$= +40^{\circ}\text{C} + 1^{\circ}\text{C} = +41^{\circ}\text{C}$$

সবচেয়ে শীতল স্থানের তাপমাত্রা অপেক্ষা 1°C কম তাপমাত্রা

$$= -5^{\circ}\text{C} - 1^{\circ}\text{C} = -6^{\circ}\text{C}$$

$$\text{পার্থক্য} = +41^{\circ}\text{C} - (-6^{\circ}\text{C}) = +41^{\circ}\text{C} + 6^{\circ}\text{C} = +47^{\circ}\text{C}$$

তাদের পার্থক্য 47°C (Ans.)

দূরত্ব নির্ণয় কর?

8

8 নং প্রশ্নের সমাধান

ক. তথ্যগুলোর কোনগুলো ধনাত্মক কোনগুলো ঋণাত্মক তা চিহ্নসহ নিচে দেখানো হলো :


$$600 \text{ টাকা লাভ, ধনাত্মক} = +600$$

$$400 \text{ টাকা জমা, ধনাত্মক} = +400$$

$$300 \text{ টাকা ক্ষতি, ঋণাত্মক} = -300$$

$$200 \text{ টাকা ঋণ, ঋণাত্মক} = -200 \text{ (Ans.)}$$

খ. 'ক' হতে প্রাপ্ত তথ্যগুলো সংখ্যারেখায় স্থাপন করা হলো :



গ. 'ক' হতে, সবচেয়ে বড় $+600$ ও ছোট হচ্ছে -300

$$\text{বড়টির ডানে} = +600 + (+1) = +601 \text{ (Ans.)}$$

$$\text{ছোটটির বামে} = -300 + (-1) = -301 \text{ (Ans.)}$$

$$\text{দূরত্ব} = +601 - (-301) = +601 + 301 = +902$$

$$\text{তাদের দূরত্ব} = 902 \text{ (Ans.)}$$

প্রশ্ন- 8 ▶▶ সংখ্যারেখায় পূর্ণসংখ্যা স্থাপন

600 টাকা লাভ, 400 টাকা ব্যাংকে জমা, 300 টাকা ক্ষতি, 200 টাকা ঋণ নেওয়া।

ক. কোনগুলো ধনাত্মক ও কোনগুলো ঋণাত্মক চিহ্নসহ লিখ। ২

খ. তথ্যগুলোকে সংখ্যারেখায় দেখাও। 8

গ. সবচেয়ে বড় ও ছোটটির ডানে ও বামে যথাক্রমে একটি করে সংখ্যা বের কর ও তাদের

■ অনুশীলনের জন্য সৃজনশীল প্রশ্ন ব্যাংক (উত্তরসংকেত)

প্রশ্ন- ১৯ ▶▶ পূর্ণসংখ্যার ক্রম

$-8, 2$ দুইটি পূর্ণসংখ্যা।

ক. প্রদত্ত সংখ্যা দুইটির কোনটি কোন ধরনের সংখ্যা? ২

খ. প্রদত্ত সংখ্যা দুয়ের মধ্যবর্তী পূর্ণসংখ্যাগুলো মানের উর্ধ্বক্রম ও অধঃক্রম অনুযায়ী সাজিয়ে লেখ। 8

গ. প্রদত্ত সংখ্যা দুয়ের মধ্যে কোনটি অন্যটির ডানে অবস্থিত তা সংখ্যারেখার মাধ্যমে দেখাও। 8

উত্তর : ক. -8 হচ্ছে ঋণাত্মক পূর্ণসংখ্যা এবং 2 হচ্ছে ধনাত্মক পূর্ণসংখ্যা; গ. $2, -8$ এর ডানে অবস্থিত

প্রশ্ন- ২০ ▶▶ পূর্ণসংখ্যার যোগ

800 টাকা লাভ, 600 টাকা ব্যাংকে জমা, 500 টাকা ক্ষতি, 400 টাকা ঋণ নেওয়া।

ক. কোনগুলো ধনাত্মক ও কোনগুলো ঋণাত্মক চিহ্নসহ লেখ। ২

খ. তথ্যগুলোকে সংখ্যারেখায় দেখাও। 8

গ. সবচেয়ে বড় ও ছোটটির ডানে ও বামে যথাক্রমে একটি করে সংখ্যা বের কর ও তাদের দূরত্ব নির্ণয় কর। 8

উত্তর : ক. $+800, +600, -500, -400$; গ. $+801, 501, 1302$

সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

১. 0 থেকে ছোট পূর্ণসংখ্যাকে কী বলে?

- ক) অঋণাত্মক পূর্ণসংখ্যা ● ঋণাত্মক সংখ্যা
গ) স্বাভাবিক সংখ্যা ঘ) ধনাত্মক পূর্ণসংখ্যা

২. অঋণাত্মক পূর্ণসংখ্যা ও ঋণাত্মক পূর্ণসংখ্যা একত্রে করলে কী পাওয়া যায়—

- ক) স্বাভাবিক সংখ্যা খ) ধনাত্মক সংখ্যা
গ) ঋণাত্মক সংখ্যা ● পূর্ণসংখ্যা

৩. ঋণাত্মক পূর্ণসংখ্যা নিচের কোনটি? (সহজ)

- ক) 3 খ) 3.5 গ) -3.5 ● -3

ব্যাখ্যা : যেসব সংখ্যা ভগ্নাংশ নয় তা পূর্ণসংখ্যা। ঋণাত্মক সংখ্যা ‘-’ চিহ্ন দ্বারা লেখা হয়। এখানে 3.5 পূর্ণসংখ্যা নয়। এটি একটি ভগ্নাংশ। 3 পূর্ণ সংখ্যা এবং ঋণাত্মক পূর্ণসংখ্যা হলো -3।

বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৪. নিচের তথ্যগুলো লক্ষ কর : (সহজ)

- i. ঋণাত্মক পূর্ণসংখ্যা শূন্যের চেয়ে ছোট
ii. 0 (শূন্য) এর ডান দিকের সংখ্যা ঋণাত্মক পূর্ণসংখ্যা
iii. -5 একটি ঋণাত্মক পূর্ণসংখ্যা

নিচের কোনটি সঠিক?

- ক) i ও ii ● i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

নিচের তথ্যের আলোকে ৫ ও ৬ নং প্রশ্নের উত্তর দাও:

-4, -3, -2, -1, 0, 1, 2, 3, 4

৫. প্রদত্ত সংখ্যাগুলোর মধ্যে কোন সংখ্যাটি শূন্যের চেয়ে ছোট?(সহজ)

- -4 খ) 4
গ) 3 ঘ) 2

৬. প্রদত্ত সংখ্যাগুলোর মধ্যে কোন সংখ্যাগুলো শূন্যের ডানদিকে অবস্থিত? (সহজ)

- ক) -3, 2, 3 খ) 1, 2, -3
গ) -3, -2, -1 ● 2, 3, 4

সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৭. (-) চিহ্নযুক্ত রাশিকে কী বলে?

[সরকারি করোনেশন মাধ্যমিক বালিকা বিদ্যালয়, খুলনা]

- ঋণাত্মক রাশি খ) ধনাত্মক রাশি
গ) ধন রাশি ঘ) সংখ্যা রেখা

৮. ঋণাত্মক সংখ্যা লেখার জন্য কোন চিহ্ন ব্যবহার করা হয়?(সহজ)

- ক) + ● - গ) / ঘ) ~

৯. কোনো বিন্দু শূন্য থেকে ডানদিকে 5টি ধাপ হলে, তার অবস্থান নিচের কোনটি? (সহজ)

- ক) -5 ● +5 গ) 5 ঘ) ±5

১০. শূন্য বিন্দুর বামদিকে 6টি ধাপ নিচের কোনটি?(সহজ)

- ক) 6 খ) ±6 ● -6 ঘ) +6

বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

১১. ঋণাত্মক সংখ্যা লিখন পদ্ধতিতে—

- i. শূন্য বিন্দুর ডানদিকের ধাপকে ‘+’ চিহ্ন দ্বারা সূচিত করা হয়
ii. শূন্য বিন্দুর বামদিকের ধাপকে ‘-’ চিহ্ন দ্বারা সূচিত করা হয়
iii. ধনাত্মক ও ঋণাত্মক সংখ্যার মধ্যবিন্দুতে শূন্যের অবস্থান

নিচের কোনটি সঠিক? (মধ্যম)

- ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ● i, ii ও iii

সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

১২. -6 এর পূর্ববর্তী সংখ্যাটি কত?

- ক) -5 খ) -6 ● -7 ঘ) 7

১৩. 7 এর পরবর্তী সংখ্যাটি কত? (মধ্যম)

- ক) 7 ● 8 গ) -7 ঘ) -8

১৪. -15 এর পরবর্তী সংখ্যাটি কত?

- ক) -16 ● -14 গ) -13 ঘ) -12

১৫. -10 এর পরবর্তী সংখ্যাটি কত?

- ক) -11 খ) -12 গ) -13 ● -9

১৬. -1 এর 2 ধাপ ডানের সংখ্যা কত?

- +1 খ) +2 গ) 0 ঘ) -3

১৭. +3 এর 3 ধাপ বামের সংখ্যা কোনটি?

- ক) -3 খ) +6 ● 0 ঘ) -6

১৮. যদি কোনো সংখ্যা থেকে 1 ধাপ বামদিকে যাওয়া যায়, তবে
ঐ সংখ্যার নিচের কোনটি পাওয়া যায়? (সহজ)

- পূর্ববর্তী সংখ্যাটি (খ) পরবর্তী সংখ্যা
(গ) সমান সংখ্যাটি (ঘ) মান দ্বিগুণ

১৯. যদি কোনো সংখ্যা থেকে 1 ধাপ ডানদিকে যাওয়া যায়, তবে
ঐ সংখ্যার নিচের কোনটি পাওয়া যায়? (সহজ)

- (ক) পূর্ববর্তী সংখ্যাটি ● পরবর্তী সংখ্যাটি
(গ) সমান সংখ্যাটি (ঘ) মান দ্বিগুণ

২০. - 5 এর পরবর্তী সংখ্যাটি কত?

- (ক) 6 (খ) - 6 (গ) 4 ● - 4

২১. - 6 এর পরবর্তী সংখ্যা কত?

- - 5 (খ) 5 (গ) - 7 (ঘ) 7

বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

২২. i. 6 এর পূর্ববর্তী সংখ্যা 5

ii. - 7 এর পূর্ববর্তী সংখ্যা - 6

iii. - 5 এর পরবর্তী সংখ্যা - 4

নিচের কোনটি সঠিক? (মধ্যম)

- (ক) i ও ii ● i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

ব্যাখ্যা : i. 6 এর পূর্ববর্তী সংখ্যা $6 - 1 = 5$; সুতরাং প্রদত্ত উক্তিটি সঠিক।

ii. - 7 এর পূর্ববর্তী সংখ্যা $-7 - 1 = -8$; সুতরাং প্রদত্ত উক্তিটি সঠিক নয়।

iii. - 5 এর পরবর্তী সংখ্যা $-5 + 1 = -4$; সুতরাং প্রদত্ত উক্তিটি সঠিক।

সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

২৩. আয়, লাভ ও বৃদ্ধি বলতে পরিমাণে—

- বাড়ে (খ) কমে (গ) সমান (ঘ) হ্রাস

২৪. ব্যয়, ক্ষতি ও হ্রাস বলতে পরিমাণে— (সহজ)

- (ক) বাড়ে ● কমে (গ) সমান (ঘ) অপরিবর্তিত

২৫. যদি + 7 দ্বারা 7 টাকা আয় বুঝায় তাহলে 5 টাকা ব্যয় বুঝাবে কোনটি দিয়ে? (সহজ)

- (ক) 5 ● - 5 (গ) + 5 (ঘ) = 5

২৬. নিচের কোন শব্দযুগল পরস্পর বিপরীত? [নওগাঁ জিলা স্কুল]

- (ক) হাস, ক্ষতি (খ) আয়, বৃদ্ধি (গ) ব্যয়, হ্রাস
● লাভ, ক্ষতি

২৭. 30 কি. মি. উত্তর দিক এর বিপরীত অর্থ কোনটি?

- (ক) 30 কি.মি. পূর্ব দিক
● 30 কি.মি. দক্ষিণ দিক
(গ) 30 কি.মি. পশ্চিম দিক
(ঘ) 30 কি.মি. উত্তর দিক

২৮. দুইশত টাকা ব্যাংকে জমা রাখা উপযুক্ত চিহ্নসহ কোনটি?

- (ক) 200 (খ) - 200 ● + 200 (ঘ) = 200

বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

২৯. i. আয়, লাভ ও বৃদ্ধি বলতে পরিমাণে বাড়ে

ii. (+) চিহ্নযুক্ত রাশিকে ধনাত্মক রাশি বা ধনরাশি বলে

iii. 7 টাকা আয়কে + 7 টাকা দ্বারা চিহ্নিত করলে, 10 টাকা ব্যয়কে - 10 টাকা দ্বারা চিহ্নিত করা যায়

নিচের কোনটি সঠিক? (মধ্যম)

- (ক) i (খ) ii (গ) ii ও iii ● i, ii ও iii

সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৩০. 1, 2, 3, সংখ্যাগুলো কী ধরনের সংখ্যা? (মধ্যম)

- স্বাভাবিক (খ) অঋণাত্মক
(গ) মৌলিক (ঘ) অমূলদ

৩১. 0, 1, 2, 3, এগুলো কী ধরনের পূর্ণসংখ্যা?

- (ক) স্বাভাবিক ● অঋণাত্মক
(গ) মৌলিক (ঘ) ধনাত্মক

৩২. সকল পূর্ণসংখ্যাগুলোকে কয় ভাগে ভাগ করা যায়?

- (ক) 1 (খ) 2 ● 3 (ঘ) 4

৩৩. ... - 4, - 3, - 2, - 1, 0, 1, 2, 3, 4, এগুলো কী ধরনের সংখ্যা? (মধ্যম)

- পূর্ণসংখ্যা (খ) ঋণাত্মক
(গ) ধনাত্মক (ঘ) অমূলদ

৩৪. নিচের কোনগুলো অঋণাত্মক পূর্ণসংখ্যা?

- 0, 1, 2, 3 (খ) -3, -2, -1
(গ), 3, -2, -1, 0, 1, 2 (ঘ) 1, 2, 3
.....

বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৩৫. i. 1, 2, 3, সংখ্যাগুলো স্বাভাবিক সংখ্যা
 ii., -3, -2, -1 সংখ্যাগুলো অঋণাত্মক পূর্ণসংখ্যা
 iii. -3 -2, -1, 0, 1, 2, 3, সংখ্যাগুলো পূর্ণসংখ্যা
 নিচের কোনটি সঠিক? (মধ্যম)
 ক) i ও ii ● i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii




৩৬. 0, 1, 2, 3 এগুলো কী ধরনের সংখ্যা?

- i. অঋণাত্মক সংখ্যা
 ii. ধনাত্মক সংখ্যা
 iii. পূর্ণসংখ্যা

নিচের কোনটি সঠিক? (সহজ)

- ক) i খ) ii ● i ও iii ঘ) i, ii ও iii

৩৭. সংখ্যার ক্ষেত্রে—

- i. অঋণাত্মক পূর্ণসংখ্যার চিত্র 
 ii. ঋণাত্মক পূর্ণসংখ্যার চিত্র 
 iii. পূর্ণসংখ্যার চিত্র 

নিচের কোনটি সঠিক? (সহজ)

- ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ● i, ii ও iii

অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

নিচের তথ্যের আলোকে ৩৮ - ৪০ নং প্রশ্নের উত্তর দাও:

1, 2, 3,

৩৮. উপরের সংখ্যাগুলো কী ধরনের সংখ্যা? (সহজ)

- স্বাভাবিক সংখ্যা খ) অঋণাত্মক পূর্ণসংখ্যা
 গ) ঋণাত্মক পূর্ণসংখ্যা ঘ) ভগ্নাংশ সংখ্যা

৩৯. উপরের প্রদত্ত সংখ্যাগুলোর সাথে 0 নিলে সংখ্যাগুলো কোন ধরনের সংখ্যা হবে? (মধ্যম)

- ক) ঋণাত্মক পূর্ণসংখ্যা ● অঋণাত্মক পূর্ণসংখ্যা
 গ) ধনাত্মক পূর্ণসংখ্যা ঘ) স্বাভাবিক সংখ্যা

৪০. সকল পূর্ণসংখ্যাকে কয় ভাগে ভাগ করা যায়?

(মধ্যম)

- ক) 2 ● 3 গ) 4 ঘ) 5

ব্যাখ্যা : পূর্ণসংখ্যা : -3, -2, -1, 0, 1, 2, 3, কে তিনভাগে ভাগ করা যায়।

i. 1, 2, 3 এগুলো স্বাভাবিক বা ধনাত্মক পূর্ণসংখ্যা

ii. 0, 1, 2, 3 এগুলো অঋণাত্মক পূর্ণসংখ্যা

iii., -3, -2, -1 এগুলো হলো ঋণাত্মক পূর্ণসংখ্যা

সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৪১. সংখ্যারেখার বাম দিকের সংখ্যাগুলোকে কী বলে? (সহজ)

- ক) শূন্য রাশি খ) পরমমান সংখ্যা
 ● ঋণাত্মক সংখ্যা ঘ) ধনাত্মক সংখ্যা

৪২. সংখ্যারেখার ডান দিকের সংখ্যাগুলোকে কী বলে?

- ক) পরম সংখ্যা ● ধনাত্মক সংখ্যা
 গ) ঋণাত্মক সংখ্যা ঘ) শূন্য


৪৩. সংখ্যারেখায় 0 বিন্দু থেকে ডানদিকে প্রথম 5 ধাপ অতিক্রম করে কোন বিন্দু পাওয়া যায়? (মধ্যম)

- ক) -5 খ) -7 ● 5 ঘ) 0

৪৪. সংখ্যারেখায় 0 বিন্দু থেকে বামদিকে প্রথম 8 ধাপ অতিক্রম করে কোন বিন্দু পাওয়া যায়?

(মধ্যম)

- ক) 0 ● -8 গ) 8 ঘ) 10

৪৫. সংখ্যারেখা 

প্রদত্ত সংখ্যাগুলোর মধ্যে সবচেয়ে ছোট ঋণাত্মক পূর্ণসংখ্যা কোনটি? [সরকারি ইকবালনগর মাধ্যমিক বালিকা বিদ্যালয়, খুলনা]

- ক) 0 খ) -1 গ) +1 ● -2

৪৬. সংখ্যারেখার বামদিকে গেলে সংখ্যার

- ক) বাড়ে ● কমে
 গ) সমান থাকে ঘ) অপরিবর্তিত থাকে

৪৭. সংখ্যারেখার সর্ববামে কোনটি অবস্থিত?

- ক) -7 ● -9 গ) 4 ঘ) 8



৪৮. কোনটি সংখ্যারেখার সর্বডানে অবস্থিত? [


- ক) -7 খ) 0 গ) 8 ● 9

৪৯. -6, 0, 8 সংখ্যাগুলোর মধ্যে কোনটি সংখ্যারেখায় সর্বডানে অবস্থিত? (মধ্যম)

- ক) -6 খ) 0 ● 8 ঘ) 9


৫০. -3 কে সংখ্যারেখায় স্থাপন করলে নিচের কোনটি হবে? (মধ্যম)

- ক) 
 ● 



৫১. + 2 কে সংখ্যারেখায় স্থাপন করলে নিচের কোনটি হবে?

(মধ্যম)



বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৫২. i. সংখ্যারেখার সাহায্যে দুইটি সংখ্যার মধ্যবর্তী দূরত্ব নির্ণয় করা যায়

ii. শূন্য (0) বিন্দুটি সংখ্যারেখাকে দুইটি অংশে বিভক্ত করে

iii. সংখ্যারেখার 0 এর ডানদিককে ঋণাত্মক দিক ধরা হয়

নিচের কোনটি সঠিক? (মধ্যম)

- i ও ii খ) i ও iii
 গ) ii ও iii ঘ) i, ii ও iii

অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

নিচের তথ্যের আলোকে ৫৩ ও ৫৪ নং প্রশ্নের উত্তর দাও:

বকুল ও টুটুল কোনো স্থানের শূন্য বিন্দু থেকে পরস্পর বিপরীত দিকে হাঁটা শুরু করলো। শূন্য বিন্দুর ডান দিকের ধাপকে (+) ও বামদিকের ধাপকে (-) দ্বারা সূচিত করা হলো।


৫৩. বকুল যদি ডানদিকে 4টি ধাপ অতিক্রম করে তাহলে তার অবস্থান চিহ্নসহ কোনটি? (সহজ)

- ক) 4 ● + 4 গ) - 4 ঘ) ± 4

৫৪. টুটুল যদি বাম দিকে 5টি ধাপ অতিক্রম করে তাহলে তার অবস্থান চিহ্নসহ কোনটি? (সহজ)

- ক) 5 খ) + 5 ● - 5 ঘ) ± 5

নিচের তথ্যের আলোকে ৫৫ ও ৫৬ নং প্রশ্নের উত্তর দাও:



৫৫. উপরের সংখ্যারেখায় স্থাপিত সংখ্যাটি কী ধরনের সংখ্যা? (মধ্যম)

- ক) মূলদ সংখ্যা খ) ঋণাত্মক পূর্ণসংখ্যা
 গ) অঋণাত্মক পূর্ণসংখ্যা ● ধনাত্মক পূর্ণসংখ্যা

৫৬. উপরে স্থাপিত সংখ্যাটি সংখ্যারেখার কোন দিকে অবস্থিত? (সহজ)

- ডানদিকে খ) বামদিকে
 গ) উপরের দিকে ঘ) নিচের দিকে

সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৫৭. সংখ্যারেখায় ডানদিকে গেলে সংখ্যার মান কী হয়? (সহজ)

- ক) কমে যায় ● বৃদ্ধি পায়
 গ) হ্রাস পায় ঘ) সমান থাকে

৫৮. সংখ্যারেখায় বামদিকে গেলে সংখ্যার মান— (সহজ)

- ক) বাড়ে খ) বৃদ্ধি পায় ● হ্রাস পায় ঘ)
 সমান থাকে

৫৯. উর্ধ্বক্রম অনুসারে ক্রম কোনটি

- - 4, - 3, 0, 1 খ) 0, - 4, - 3, 1
 গ) 0, 1, - 3, - 4 ঘ) 0, - 4, - 3, 1

৬০. নিচের কোনটি সঠিক? [ভোলা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]

- $0 > - 1$ খ) $- 1 > 0$
 গ) $0 = 1$ ঘ) $- 1 \geq 0$

৬১. সমতল মেঝেকে শূন্য (0) ধরে মেঝে থেকে 4টি সিঁড়ি নিচে নামলে কোনটি সঠিক? (মধ্যম)

- ক) 4 ● - 4 গ) + 4 ঘ) ± 4

৬২. ঋণাত্মক পূর্ণ সংখ্যার মধ্যে কোনটি সবচেয়ে বড়?

- ক) - 8 খ) - 6 গ) - 4 ● - 1

৬৩. যদি সমতল মেঝেকে 0 (শূন্য) বিন্দু ধরা হয় তাহলে 6টি সিঁড়ি ওপরে উঠলে হবে? (মধ্যম)

- ক) 6 ● + 6 গ) - 6 ঘ) = 6

৬৪. দুইতলার সমতল মেঝেকে 0 (শূন্য) বিন্দু ধরা হলে, 6টি সিঁড়ি নিচে নামলে নিচের কোনটি হবে?

- ক) 6 খ) + 6 গ) = 6 ● - 6

বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৬৫. সংখ্যারেখা থেকে আমরা লক্ষ করি :

- i. $6 > 4$, অর্থাৎ, 4 এর ডানে 6
 ii. $3 > 0$, অর্থাৎ, 3 এর ডানে 0

iii. -7 এর ডানে -4 হওয়ায় $-4 > -7$

নিচের কোনটি সঠিক? (মধ্যম)

ক) i ও ii ● i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii




অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

নিচের তথ্যের আলোকে ৬৬ ও ৬৭ নং প্রশ্নের উত্তর দাও:

$-1, 2, 4, -4, -2$ হলো পাঁচটি পূর্ণসংখ্যা।

৬৬. -4 এর অবস্থান কোন সংখ্যারেখায় দেখানো হয়েছে?

(মধ্যম)



৬৭. ক্রমানুসারে সাজালে কোনটি সঠিক? (মধ্যম)


● $-4, -2, -1, 2, 4$ খ) $-4, -2, 2,$

$-1, 4$

গ) $-4, 4, -2, 2, -1$ ঘ) $-4, 4, -1, 2, -2$

রাইসুল ইসলাম হুদয়

তৃতীয় অধ্যায় পূর্ণসংখ্যা



অনুশীলনী ৩.২




পাঠ সম্পর্কিত গুরুত্বপূর্ণ বিষয়াদি



অনুশীলনী ৩.২ গুরুত্বপূর্ণ তথ্যাবলি


- সংখ্যারেখার সাহায্যে পূর্ণসংখ্যার যোগ : আমরা জানি, সংখ্যারেখার 0 বিন্দুর ডানদিকে ধনাত্মক সংখ্যা এবং বামদিকে ঋণাত্মক সংখ্যা নির্দেশ করে। যদি কোনো পূর্ণসংখ্যার সাথে একটি ধনাত্মক পূর্ণসংখ্যা যোগ করা হয় তবে যোগফল পূর্ণসংখ্যাটি থেকে বড় হয়। আবার, যদি কোনো পূর্ণসংখ্যার সাথে একটি ঋণাত্মক পূর্ণসংখ্যা যোগ করা হয় তবে যোগফল পূর্ণসংখ্যাটি থেকে ছোট হয়।
- সংখ্যারেখার সাহায্যে পূর্ণসংখ্যার যোগকে 5 ও 3 এর যোগ অর্থাৎ, $5 + 3$ নির্ণয় :
প্রথমে একটি সংখ্যারেখা আঁকি।



সংখ্যারেখার 0 বিন্দু থেকে ডানদিকে প্রথমে 5 ধাপ অতিক্রম করে 5 বিন্দুতে পৌঁছাই। তারপর 5 বিন্দুর ডানদিকে আরও 3 ধাপ অতিক্রম করি এবং 8 বিন্দুতে পৌঁছাই। তাহলে, 5 ও 3 এর যোগফল হবে $5 + 3 = 8$ ।

- (খ) সংখ্যারেখার সাহায্যে 5 ও -3 এর যোগ অর্থাৎ, $5 + (-3)$ নির্ণয় :

প্রথমে একটি সংখ্যারেখা আঁকি।



সংখ্যারেখার উপর 0 বিন্দু থেকে ডানদিকে প্রথমে 5 ধাপ অতিক্রম করে 5 বিন্দুতে পৌঁছাই। তারপর 5 বিন্দুর বামদিকে 3 ধাপ অতিক্রম করি এবং 2 বিন্দুতে পৌঁছাই। তাহলে, 5 ও -3 এর যোগফল হবে $(+5) + (-3) = 2$ ।


- ☑ একটি ধনাত্মক পূর্ণসংখ্যার সাথে তার ঋণাত্মক পূর্ণসংখ্যা যোগ করলে যোগফল শূন্য হয়। এক্ষেত্রে, -3 কে +3 এর যোগাত্মক বিপরীত এবং +3 কে -3 এর যোগাত্মক বিপরীত বলা হয়।

অনুশীলনী ৩.২ এর প্রশ্ন ও সমাধান

প্রশ্ন ১ ১ সংখ্যারেখা ব্যবহার করে নিচের যোগফলগুলো নির্ণয় কর:

(ক) $9 + (-6)$


সমাধান : প্রথমে একটি সংখ্যারেখা আঁকি।



সংখ্যারেখার ওপর 0 বিন্দু থেকে ডানদিকে প্রথমে 9 ধাপ অতিক্রম করে 9 বিন্দুতে পৌঁছাই। তারপর 9 বিন্দুর বামদিকে 6 ধাপ অতিক্রম করি এবং 3 বিন্দুতে পৌঁছাই। তাহলে 9 ও -6 এর যোগফল হবে, $(+9) + (-6) = 3$ (Ans.)

(খ) $5 + (-11)$


সমাধান : প্রথমে একটি সংখ্যারেখা আঁকি।



সংখ্যারেখার ওপর 0 বিন্দু থেকে ডানদিকে প্রথমে 5 ধাপ অতিক্রম করে 5 বিন্দুতে পৌঁছাই। তারপর 5 বিন্দুর বামদিকে 11 ধাপ অতিক্রম করি এবং -6 বিন্দুতে পৌঁছাই। তাহলে 5 ও -11 এর যোগফল হবে, $(+5) + (-11) = -6$ (Ans.)

(গ) $(-1) + (-7)$


সমাধান : প্রথমে একটি সংখ্যা রেখা আঁকি।



সংখ্যারেখার ওপর 0 বিন্দু থেকে বামদিকে প্রথমে 1 ধাপ অতিক্রম করে -1 বিন্দুতে পৌঁছাই। তারপর -1 বিন্দুর বামদিকে আরও 7 ধাপ অতিক্রম করি এবং -8 বিন্দুতে পৌঁছাই। তাহলে -1 ও -7 এর যোগফল হবে, $(-1) + (-7) = -8$ (Ans.)

(ঘ) $(-5) + 10$

সমাধান : প্রথমে একটি সংখ্যারেখা আঁকি।



সংখ্যারেখার ওপর 0 বিন্দু থেকে বামদিকে প্রথমে 5 ধাপ অতিক্রম করে -5 বিন্দুতে পৌঁছাই। তারপর -5 বিন্দুর ডানদিকে 10 ধাপ অতিক্রম করি এবং 5 বিন্দুতে পৌঁছাই। তাহলে $(-5) + 10$ এর যোগফল হবে, $(-5) + (+10) = 5$ (Ans.)

প্রশ্ন ২ ২ সংখ্যারেখা ব্যবহার না করে নিচের যোগফলগুলো নির্ণয় কর :

(ক) $11 + (-7)$

সমাধান : $11 + (-7)$
 $= 11 - 7$
 $= 4$ (Ans.)

(খ) $(-13) + (+18)$

সমাধান : $(-13) + (+18)$
 $= -13 + 18$
 $= 5$ (Ans.)

(গ) $(-10) + (+19)$

সমাধান : $(-10) + (+19)$
 $= -10 + 19$
 $= 9$ (Ans.)

(ঘ) $(-1) + (-2) + (-3)$

সমাধান : $(-1) + (-2) + (-3)$
 $= -1 - 2 - 3 = -6$ (Ans.)

(ঙ) $(-2) + 8 + (-4)$

সমাধান : $(-2) + 8 + (-$ [ঋণাত্মক সংখ্যাগুলো একত্রে পাশাপাশি সাজিয়ে]
 $= (-2) + (-4) -$
 $= (-6) + 8$
 $= 8 - 6$
 $= 2$ (Ans.)

প্রশ্ন ৩ ৩ যোগ কর :

(ক) 137 এবং -35

সমাধান : $137 + (-35)$
 $= 137 - 35 = 102$ (Ans.)

(খ) -52 এবং 52

সমাধান : $(-52) + (52)$
 $= -52 + 52 = 0$ (Ans.)

(গ) -31, 39 এবং 19

সমাধান : $(-31) + (+39) + (+19)$
 $= 39 + 19 + (-31)$
 $= 58 + (-31) = 58 - 31$
 $= 27$ (Ans.)

(ঘ) -50, -200 এবং 300

সমাধান : $(-50) + (-200) + (+300)$
 $= (-50) + (-200) + 300$
 $= (-250) + 300$
 $= 300 - 250$
 $= 50$ (Ans.)

প্রশ্ন ৪ ৪ যোগফল নির্ণয় কর :

(ক) $(-7) + (-9) + 4 + 16$

সমাধান : $(-7) + (-9) + 4 + 16$ [ধনাত্মক এবং ঋণাত্মক]

$$\begin{aligned} &= (-16) + 4 + 16 \quad \text{পূর্ণসংখ্যাগুলো একত্রে} \\ &= (-16) + 20 \quad \text{পাশাপাশি সাজিয়ে} \\ &= -16 + 20 \\ &= 4 \text{ (Ans.)} \end{aligned}$$

(খ) $37 + (-2) + (-65) + (-8)$

সমাধান : $37 + (-2) + (-65) + (-8)$ [ধনাত্মক এবং ঋণাত্মক]

$$\begin{aligned} &= 37 + (-2) + (-73) \\ &\quad \text{[পূর্ণসংখ্যাগুলো একত্রে পাশাপাশি সাজিয়ে]} \\ &= 37 + (-75) \\ &= 37 - 75 \\ &= -38 \text{ (Ans.)} \end{aligned}$$

অতিরিক্ত সৃজনশীল প্রশ্ন ও সমাধানঃ অনুশীলনী ৩.২ এর আলোকে

প্রশ্ন- ৫▶▶ _____ পূর্ণসংখ্যার যোগ

নিচের রাশিটি পড় এবং প্রশ্নগুলোর উত্তর দাও :

$(+7) + (-5)$ একটি রাশি।

- ক. রাশি কাকে বলে? প্রদত্ত রাশিটির যোগাত্মক বিপরীত সংখ্যাটি লিখ। ২
- খ. $(+7)$ এর সাথে (-5) এর যোগাত্মক বিপরীত রাশির যোগফল নির্ণয় কর। ৪
- গ. উপর্যুক্ত রাশিটিকে সংখ্যারেখার সাহায্যে যোগ কর। ৪

৫ নং প্রশ্নের সমাধান


ক. রাশি : বীজগণিতীয় সংখ্যা এবং ক্রিয়াসূচক চিহ্নগুলোর অর্থবোধক সংযোগকে বীজগণিতীয় রাশিমালা বা সংক্ষেপে রাশি বলে।

$(+7)$ এর যোগাত্মক বিপরীত সংখ্যা (-7)
 (-5) এর যোগাত্মক বিপরীত সংখ্যা $(+5)$

খ. (-5) এর যোগাত্মক বিপরীত রাশি $(+5)$
এখন, $(+7)$ এর সাথে $(+5)$ এর যোগফল নির্ণয় করতে হবে।

নির্ণয় যোগফল = $(+7) + (+5) = 7 + 5 = 12$
(Ans.)

গ. $(+7) + (-5)$



এখানে, সংখ্যারেখার 0 বিন্দু থেকে ধনাত্মক দিকে 7 ঘর গেলে $(+7)$ বিন্দুটি পাওয়া যায়। এর সাথে (-5) যোগ করার অর্থ হলো $(+7)$ বিন্দুটি হতে ঋণাত্মক দিকে 5 ঘর ফিরে আসা। $(+7)$ বিন্দুটি থেকে ঋণাত্মক দিকে 5 ঘর গেলে $(+2)$ বিন্দুটি পাওয়া যায়। তাহলে, $(+7) + (-5) = 2$. (Ans.)

প্রশ্ন- ৬▶▶ _____ সংখ্যা রেখায় পূর্ণসংখ্যা স্থাপন, পূর্ণ সংখ্যার যোগ

$+5, -10, +8$ তিনটি পূর্ণ সংখ্যা।

[মতিঝিল আইডিয়াল স্কুল এন্ড কলেজ, ঢাকা]

- ক. সংখ্যা তিনটির যোগাত্মক বিপরীত সংখ্যামানের উর্ধ্বক্রম অনুসারে লিখ। ২
- খ. সংখ্যারেখায় ২য় সংখ্যাটি স্থাপন কর। ৪
- গ. সংখ্যারেখার সাহায্যে $-10 - (+8)$ এর মান

নির্ণয় কর।

8

৬ নং প্রশ্নের সমাধান

ক. দেওয়া আছে, তিনটি পূর্ণসংখ্যা +5, -10, +8


+5 এর যোগাত্মক বিপরীত সংখ্যা -5

-10 " " " " +10

+8 " " " " -8

-5, +10 এবং -8 কে সংখ্যামানের উর্ধ্বক্রম অনুসারে সাজানো হলো $-8 < -5 < +10$


খ. ২য় সংখ্যাটি = -10



সংখ্যারেখার উপর ঋণাত্মক পূর্ণসংখ্যা -10 স্থাপনের জন্য শূন্য বিন্দুর বামদিকে 10 একক দূরের বিন্দুকে গাঢ় গোল চিহ্ন দ্বারা আবদ্ধ করি, তাহলে এই বিন্দুটিই হবে -10 এর অবস্থান।

গ. সংখ্যারেখায় $-10 - (+8)$ বা, $(-10) + (-8)$ স্থাপন করা হলো-


সংখ্যারেখা :



ব্যাখ্যা : সংখ্যারেখার উপর 0 বিন্দুর বাম দিকে 10 ধাপ অতিক্রম করি -10 বিন্দুতে পৌঁছাই। তারপর -10 বিন্দু থেকে 8 ধাপ বাম দিকে অতিক্রম করে -18 বিন্দুতে পৌঁছাই। সুতরাং -10 এবং -8 এর যোগফল = $(-10) + (-8) = -18$. (Ans.)

সংখ্যারেখার সাহায্যে যোগ

প্রশ্ন- ৭



[বিয়াম মডেল স্কুল ও কলেজ, বগুড়া]

ক. প্রদত্ত সংখ্যারেখায় D ও L এর মান কী কী? ২

খ. সংখ্যারেখা ব্যবহার করে H ও D এর যোগফল নির্ণয় কর। 8


গ. মান নির্ণয় কর : $H - D - I + J$ 8

৭ নং প্রশ্নের সমাধান

ক. সংখ্যারেখায় D ও L এর মান যথাক্রমে -3 ও 9.

খ. সংখ্যারেখায় H এর মান 3, এখন H ও D এর যোগফল $3 + (-3)$ নির্ণয় করতে হবে।

সংখ্যারেখা :



ব্যাখ্যা : প্রথম সংখ্যারেখার উপর 0 বিন্দুর ডান দিকে 3 ধাপ অতিক্রম করি এবং +3 বিন্দুতে পৌঁছাই। অতঃপর, 3 বিন্দুর বামদিকে 3 ধাপ অতিক্রম করি এবং 0 বিন্দুতে পৌঁছাই।

সুতরাং $3 + (-3) = 0$ (Ans.)

গ. সংখ্যারেখায় I ও J এর মান যথাক্রমে 7, -7

এখন, $H - D - I + J = 3 - (-3) - 7 + (-7)$
 $= 3 + 3 - 7 - 7$
 $= 6 - 14$
 $= -8$ (Ans.)

সংখ্যারেখায় পূর্ণসংখ্যা স্থাপন, পূর্ণসংখ্যার যোগ

প্রদত্ত সংখ্যা -5 ও -3.


ক. সংখ্যারেখায় প্রদত্ত সংখ্যাগুলোর অবস্থান নির্ণয় কর। ২

খ. যোগফল নির্ণয় কর এবং সংখ্যারেখায় এর অবস্থান নির্দেশ কর। 8

গ. সংখ্যারেখার সাহায্যে যোগফল নির্ণয় কর এবং দেখাও যে তা 'খ' এর ফলাফলের একই অবস্থান নির্দেশ করে। 8

৮ নং প্রশ্নের সমাধান


ক. সংখ্যারেখায় সংখ্যা দুটির অবস্থান



খ. প্রদত্ত সংখ্যা দুটির যোগফল

$= (-5) + (-3)$
 $= -5 - 3$
 $= -8$ (Ans.)


সংখ্যারেখায় সংখ্যা দুটির যোগফলের অবস্থান



গ. সংখ্যারেখার সাহায্যে -5 ও -3 এর যোগফল

অর্থাৎ, $(-5) + (-3)$ নির্ণয়:

প্রথমে একটি সংখ্যারেখা আঁকি।



সংখ্যারেখার উপর 0 বিন্দু থেকে বামদিকে প্রথমে 5 ধাপ অতিক্রম করে -5 বিন্দুতে পৌঁছাই। তারপর -5 বিন্দুর বামদিকে আরও 3 ধাপ অতিক্রম করি এবং -8 বিন্দুতে পৌঁছাই। তাহলে -5 ও -3 এর যোগফল $(-5) + (-3) = -8$

∴ ‘খ’ এর ফলাফলের একই অবস্থান নির্দেশ করে। (দেখানো হলো)

প্রশ্ন- ৯ ▶▶ _____ পূর্ণসংখ্যার যোগ

$(-5), (7), (8), (-3), (-1), (2), (1), (9)$ আটটি পূর্ণসংখ্যা।

[বীরশ্রেষ্ঠ মুন্সী আব্দুর রউফ পাবলিক কলেজ, ঢাকা]

ক. সংখ্যাগুলোকে ছোট থেকে বড় সাজাও। ২

খ. সংখ্যাগুলোর যোগফল নির্ণয় কর। ৪

গ. সংখ্যা রেখা ব্যবহার করে প্রথম সংখ্যা দুটির যোগফল নির্ণয় কর। ৪

৯ নং প্রশ্নের সমাধান


ক. দেওয়া আছে, আটটি পূর্ণসংখ্যা $(-5), (7), (8), (-3), (-1), (2), (1), (9)$.

সংখ্যাগুলোকে ছোট থেকে বড় আকারে সাজানো হলো :

$(-5), (-3), (-1), (1), (2), (7), (8), (9)$

খ. সংখ্যাগুলোর যোগফল = $(-5) + (-3) + (-1) + (1) + (2) + (7) + (8) + (9)$
 $= (-9) + (27) = -9 + 27$
 $= 18$ (Ans.)

গ. প্রথম সংখ্যা দুইটি (-5) ও (7)



সংখ্যারেখার উপর 0 বিন্দু থেকে বামদিকে প্রথমে 5 ধাপ অতিক্রম করি এবং -5 বিন্দুতে পৌঁছাই। তারপর -5 বিন্দুর ডানদিকে 7 ধাপ অতিক্রম করি এবং 2 বিন্দুতে পৌঁছাই।

তাহলে (-5) এবং (7) এর যোগফল হবে $(-5) + 7 = 2$

প্রশ্ন- ১০ ▶▶ _____ পূর্ণসংখ্যার যোগ

$(-7) + (+5)$ এবং $(-7) + (-8) + (-90)$ একটি রাশি।

ক. 5 এর যোগাত্মক বিপরীত সংখ্যা কত? ২

খ. দ্বিতীয় রাশির যোগফল নির্ণয় কর। ৪

গ. ১ম রাশিকে সংখ্যারেখার সাহায্যে যোগফল নির্ণয় কর। ৪

১০ নং প্রশ্নের সমাধান


ক. 5 এর যোগাত্মক বিপরীত সংখ্যা -5 . (Ans.)

খ. প্রদত্ত দ্বিতীয় রাশি = $(-7) + (-8) + (-90)$

∴ নির্ণেয় যোগফল = $(-7) + (-8) + (-90)$
 $= -7 - 8 - 90$
 $= -105$ (Ans.)

গ. $(-7) + (+5)$

প্রথমে একটি সংখ্যারেখা আঁকি।



সংখ্যারেখার উপর 0 বিন্দু থেকে বামদিকে প্রথমে 7 ধাপ অতিক্রম করে -7 বিন্দুতে পৌঁছাই। তারপর -7 বিন্দুর ডানদিকে 5 ধাপ অতিক্রম করি এবং -2 বিন্দুতে পৌঁছাই। তাহলে যোগফল হবে $(-7) + (+5) = -2$.

অতিরিক্ত সৃজনশীল প্রশ্ন (উত্তর সংকেত)

প্রশ্ন- ১১ ▶▶ _____ পূর্ণসংখ্যার যোগ

$(-7) + (+3)$ একটি রাশি।

ক. (-7) এর যোগাত্মক বিপরীত রাশি কত? ২

খ. (-7) এর সাথে $(+3)$ এর যোগাত্মক বিপরীত রাশির যোগফল নির্ণয় কর। ৪

গ. উপর্যুক্ত রাশিটিকে সংখ্যারেখার সাহায্যে যোগ কর। ৪

উত্তর : ক. (-7) এর যোগাত্মক বিপরীত রাশি $(+7)$; খ. -10 ; গ. -4

প্রশ্ন- ২২▶▶ সংখ্যারেখার সাহায্যে পূর্ণসংখ্যার যোগ

$(-5) + (+5)$ একটি রাশি।

ক. $+5$ এর অবস্থান সংখ্যারেখার 0 বিন্দুর কোন পাশে? ২

খ. -5 এর সাথে $+5$ এর যোগাত্মক বিপরীত রাশির যোগফল নির্ণয় কর। ৪

গ. উপরিউক্ত রাশিটিকে সংখ্যারেখার সাহায্যে যোগ কর। ৪

উত্তর : ক. $+5$ এর অবস্থান সংখ্যারেখায় 0 বিন্দুর ডান পাশে।

খ. -10 ; গ. 0

বহুনির্বাচনী প্রশ্নঃ

সাধারণ বহুনির্বাচনী প্রশ্নোত্তর

১. 5 এবং -5 যোগ করলে পাই?

[

ক) 10 খ) -10 গ) -25 ● 0

২. -50 , -100 এবং 400 এর যোগফল নিচের কোনটি?

ক) -550 খ) 550 গ) 150 ● 250


৩. সমতল মেঝেকে শূন্য (0) ধরে মেঝে থেকে 5টি সিঁড়ি নিচে নেমে এবং সেখান থেকে 3টি সিঁড়ি উপরে উঠলে নিচের কোনটি সঠিক? (মধ্যম)

ক) 2 খ) 8 ● -2 ঘ) -8

ব্যাখ্যা : $(-5) + (+3) = -2$

বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনী প্রশ্নোত্তর

৪.



i. সমতল মেঝে থেকে 4টি সিঁড়ি উপরে উঠলে হবে $+4$

ii. সমতল মেঝে থেকে 8টি সিঁড়ি নিচে নামলে হবে -8

iii. সমতল মেঝে থেকে 4 সিঁড়ি উপরে উঠে এবং সেখান থেকে 8 সিঁড়ি নিচে নামলে হবে -4

নিচের কোনটি সঠিক? (মধ্যম)

ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ● i, ii ও iii

সাধারণ বহুনির্বাচনী প্রশ্নোত্তর

৫. $(+30) + (-22) + (-62) + (+44) =$ কত?

[নওগাঁ জিলা স্কুল]

● -10 খ) 10 গ) 12 ঘ) -12

৬. কোনো পূর্ণসংখ্যার সাথে একটি ধনাত্মক পূর্ণসংখ্যা যোগ করলে যোগফল কী হবে?

(সহজ)

● পূর্ণসংখ্যাটি থেকে বড় হয়

খ) পূর্ণসংখ্যাটি ছোট হয়

গ) পূর্ণসংখ্যাটির সমান হয়

ঘ) পূর্ণসংখ্যাটির অর্ধেক হয়

৭. কোনো পূর্ণসংখ্যার সাথে একটি ঋণাত্মক পূর্ণসংখ্যা যোগ করলে যোগফল— (সহজ)

ক) পূর্ণসংখ্যাটির সমান হয়

খ) পূর্ণসংখ্যাটির দ্বিগুণ হয়

● পূর্ণসংখ্যাটি থেকে ছোট হয়

ঘ) পূর্ণসংখ্যাটি থেকে বড় হয়

৮. একটি ধনাত্মক পূর্ণসংখ্যার সাথে তার ঋণাত্মক পূর্ণসংখ্যা যোগ করলে যোগফল কত? (সহজ)

ক) ধনাত্মক খ) ঋণাত্মক ● শূন্য ঘ) জটিল

৯. -2 এর যোগাত্মক বিপরীত সংখ্যা কোনটি?

ক) -1 খ) -2 গ) 2 ● $+2$


১০. -12 এর যোগাত্মক বিপরীত রাশি কোনটি?


[খুলনা জিলা স্কুল]

ক) 6 ● 12 গ) 18 ঘ) -12

১১. $+5 + 3$ এর সংখ্যারেখায় যোগ কোনটি?

(সহজ)





১২. সংখ্যারেখা ব্যবহার করে -9 এবং -2 যোগ করলে যোগফল
নিচের কোনটি হবে? (কঠিন)

কি -7 খি 7 ● -11 ঘি 11

১৩. $(+5)$ এর সাথে (-5) এর যোগাত্মক বিপরীত রাশির
যোগফল কত?

কি -10 খি 0 গি 1 ● 10

ব্যাখ্যা : (-5) এর যোগাত্মক বিপরীত রাশি $= +5$

এখন $(+5) + (+5) = +(5 + 5) = +10 = 10$

১৪. $(-5) + (-4) =$ কত?

● -9 খি -1 গি $+1$ ঘি $+9$

১৫. $(-2) + (-15) + 4 + 12 =$ কত? (মধ্যম)

কি -2 ● -1 গি 1 ঘি 33

১৬. $5 + (-5) =$ কত?

কি -5 ● 0 গি $\frac{1}{5}$ ঘি 5

১৭. $(+30) + (-22) + (-62) + (+44)$ এর যোগফল
নির্ণয় করলে কত হবে?

● -10 খি 10 গি 12 ঘি -12

১৮. $-(-5) + (-2) + (+6) =$ কত? [খুলনা জিলা স্কুল]

কি 8 ● 9 গি 10 ঘি 12

১৯. $(+3)$ এর সাথে (-3) এর যোগাত্মক বিপরীত রাশির যোগফল
কত? (মধ্যম)

কি -9 খি 0 গি 1 ● 6

২০. (-4) এর যোগাত্মক বিপরীত রাশি নিচের কোনটি?

কি -4 খি -1 গি 1 ● 4

২১. $-a$ এর সাথে যোগাত্মক বিপরীত সংখ্যা যোগ করলে
যোগফল কত?

কি a ● 0 গি $-a$ ঘি 1

বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

২২. i. কোনো পূর্ণসংখ্যার সাথে ঋণাত্মক পূর্ণসংখ্যা যোগ করলে
যোগফল পূর্ণসংখ্যাটি থেকে ছোট হয়।

ii. $6 + (-7) = -1$

iii. $(-7) + (-3) = 4$

নিচের কোনটি সঠিক?

(মধ্যম)

● i ও ii খি i ও iii গি ii ও iii ঘি i, ii ও iii

২৩. i. $(+5)$ এর সাথে (-5) এর যোগাত্মক বিপরীত রাশির
যোগফল 10

ii. $30 + (-20) + (10) + (-15) = 5$

iii. $8 + (-8) = 0$

নিচের কোনটি সঠিক?

(কঠিন)

কি i ও ii খি i ও iii গি ii ও iii ● i, ii ও iii

২৪. i. দুইটি পূর্ণসংখ্যা 3 ও -3 এর যোগফল 6

ii. $(-5) + (+3) = -2$

iii. $(-9) + (+4) + (-6) = -11$

নিচের কোনটি সঠিক?

(মধ্যম)

কি i ও ii খি i ও iii ● ii ও iii ঘি i, ii ও iii

২৫. i. $(+4)$ এর সাথে (-4) এর যোগাত্মক বিপরীত রাশির
যোগফল 8

ii. $12 + (-12) = 0$

iii. $30 + (-40) + (-10) = 0$

নিচের কোনটি সঠিক?

(মধ্যম)

● i ও ii খি i ও iii গি ii ও iii ঘি i, ii ও iii

অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

নিচের তথ্যের আলোকে ৯৩ - ৯৬ নং প্রশ্নের উত্তর দাও:

২৪ একটি সংখ্যা। [আদমজী ক্যান্টনমেন্ট পাবলিক কলেজ, ঢাকা]

২৬. প্রদত্ত সংখ্যাটি কোন ধরনের সংখ্যা?

● ধনাত্মক পূর্ণ সংখ্যা খি ঋণাত্মক সংখ্যা

গি ঋণাত্মক পূর্ণ সংখ্যা ঘি ভগ্নাংশ সংখ্যা

২৭. প্রদত্ত সংখ্যাটি যোগাত্মক বিপরীত সংখ্যা কত?

কি 0 খি 24 ● -24 ঘি 42

২৮. প্রদত্ত সংখ্যার সাথে 1 এর যোগাত্মক বিপরীত সংখ্যা যোগ
করলে যোগফল নিচের কোনটি হবে?

কি 48 খি 42 ● 23 ঘি 0

২৯. প্রদত্ত সংখ্যাটি সাথে যোগাত্মক বিপরীত সংখ্যা বিয়োগ করলে
বিয়োগফল নিচের কোনটি হবে?

কি 1 খি 0 ● 48 ঘি 42

নিচের তথ্যের আলোকে ৯৭ ও ৯৮ নং প্রশ্নের উত্তর দাও:

– 3 একটি পূর্ণসংখ্যা।

৩০. – 3 এর যোগাত্মক বিপরীত সংখ্যা কোনটি?

(সহজ)

ক) – 3 ● 3 গ) 1 ঘ) 0

৩১. –3 এর যোগাত্মক বিপরীত সংখ্যার যোগফল কত?(সহজ)

ক) 3 ● 0 গ) 1 ঘ) – 3


নিচের তথ্যের আলোকে ৯৯ ও ১০০ নং প্রশ্নের উত্তর দাও:

– 7, – 9, 4, 8 চারটি পূর্ণসংখ্যা।

৩২. সর্বদানে কোনটি অবস্থিত (সংখ্যারেখায়)(সহজ)

ক) – 7 খ) – 9 গ) 4 ● 8

ব্যাখ্যা : সংখ্যারেখাটি হলো



৩৩. প্রদত্ত সংখ্যাগুলোর যোগফল কত? (মধ্যম)

● – 4 খ) + 4 গ) + 6 ঘ) – 6

নিচের তথ্যের আলোকে ১০১ – ১০৩ নং প্রশ্নের উত্তর দাও:

– 9 একটি সংখ্যা। [

৩৪. প্রদত্ত সংখ্যাটি কোন ধরনের সংখ্যা?

ক) ধনাত্মক পূর্ণসংখ্যা খ) স্বাভাবিক সংখ্যা

● ঋণাত্মক পূর্ণসংখ্যা ঘ) যৌগিক সংখ্যা

৩৫. প্রদত্ত সংখ্যাটির যোগাত্মক বিপরীত সংখ্যা নিচের কোনটি?


ক) – 5 খ) 5 গ) – 9 ● 9

৩৬. প্রদত্ত সংখ্যাটির সাথে এর যোগাত্মক বিপরীত সংখ্যা যোগ

করলে যোগফল নিচের কোনটি?

● 0 খ) 1 গ) 9 ঘ) 18

তৃতীয় অধ্যায় পূর্ণসংখ্যা



অনুশীলনী ৩.৩



পাঠ সম্পর্কিত গুরুত্বপূর্ণ বিষয়াদি



■ অনুশীলনী ৩.৩ এর গুরুত্বপূর্ণ তথ্যাবলি

■ পূর্ণসংখ্যা বিয়োগ : একটি সংখ্যা থেকে অপর একটি সংখ্যা বিয়োগ করার অর্থ হলো, প্রথম সংখ্যার সাথে দ্বিতীয় সংখ্যার যোগাত্মক বিপরীত সংখ্যা যোগ করা। যখন কোনো সংখ্যা থেকে একটি ঋণাত্মক পূর্ণসংখ্যা বিয়োগ করা হয়, তখন ঐ সংখ্যা থেকে বড় কোনো সংখ্যা পাওয়া যায়।

$$\text{যেমন, } 4 - (-2) = 4 + 2 = 6; -7 - (-2) = -7 + 2 = -5$$

■ অনুশীলনী ৩.৩ এর প্রশ্ন ও সমাধান

প্রশ্ন ১ ১ $-a$ এর যোগাত্মক বিপরীত রাশি কোনটি?

- $+a$ (খ) $-a^2$ (গ) $\frac{1}{a}$ (ঘ) $-\frac{1}{a}$

প্রশ্ন ১ ২ ১২ এর সাথে, এর যোগাত্মক বিপরীত সংখ্যা যোগ করলে হয়—

- (ক) -24 (খ) -12 ● 0 (ঘ) 24

প্রশ্ন ১ ৩ $\square - 15 = -10$; \square চিহ্নিত স্থানের সংখ্যাটি কত?

- (ক) -25 (খ) -5 (গ) 25 ● 5

নিচের তথ্যের আলোকে (৪ ও ৫) নং প্রশ্নের উত্তর দাও।
 $-7, -8, -9$ তিনটি পূর্ণসংখ্যা।

প্রশ্ন ১ ৪ প্রথম সংখ্যার সাথে ২য় সংখ্যার যোগাত্মক বিপরীত সংখ্যা যোগ করলে হয়—

- (ক) -15 (খ) -1 ● 1 (ঘ) 15

প্রশ্ন ১ ৫ ১ম ও ৩য় সংখ্যার যোগাত্মক বিপরীত সংখ্যার যোগফলের সাথে ২য় সংখ্যা যোগ করলে যোগফল A হলে—

- (ক) $A < -15$ ● $A > -90$ (গ) $A > 97$
(ঘ) $A < -97$


প্রশ্ন ১ ৬ $A = 45 - (11)$ এবং $B = 57 + (-4)$ হলে—

- (i) $A = 56$ (ii) $B = -53$ (iii) $A - B = 3$;

নিচের কোনটি সঠিক?

- (ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

বি.দ্র. : ঠিক উত্তর নেই। $A = 45 - (-11)$ হলে উত্তর i ও iii হবে।

প্রশ্ন ১ ৭ 

চিত্রের চিহ্নিত অংশে আছে—


- (i) অঋণাত্মক পূর্ণ সংখ্যা (ii) সকল মৌলিক সংখ্যা
(iii) সকল জোড় সংখ্যা

নিচের কোনটি সঠিক?

- i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

নিচের তথ্যের আলোকে (৮ ও ৯) নং প্রশ্নের উত্তর দাও।

চিত্র :



প্রশ্ন ১ ৮ সমতল মেঝের অবস্থান সূচক কোন ধরনের?

(ক) ঋণাত্মক ● অঋণাত্মক

(গ) বিজোড়(ঘ)

মৌলিক

প্রশ্ন ৯ ৥ সমতল মেঝে থেকে ৩ ধাপ ওপরে গিয়ে সেখানে থেকে

৫ ধাপ নিচে গেলে হবে-

(ক) -৪ ● -২ (গ) ২ (ঘ) ৪

প্রশ্ন ১০ ৥ বিয়োগফল নির্ণয় কর :

(ক) $35 - 20$

সমাধান : $35 - 20$

$$= 35 - (+ 20)$$

$$= 35 + (+ 20 \text{ এর যোগাত্মক বিপরীত})$$

$$= 35 - 20$$

$$= 15 \text{ (Ans.)}$$

(খ) $72 - 90$

সমাধান : $72 - 90$

$$= 72 - (+ 90)$$

$$= 72 + (+ 90 \text{ এর যোগাত্মক বিপরীত})$$

$$= 72 - 90$$

$$= -18 \text{ (Ans.)}$$

(গ) $(-15) - (-18)$

সমাধান : $(-15) - (-18)$

$$= (-15) + (-18 \text{ এর যোগাত্মক বিপরীত})$$

$$= -15 + 18$$

$$= 3 \text{ (Ans.)}$$

(ঘ) $(-20) - 13$

সমাধান : $(-20) - 13$

$$= (-20) - (+ 13)$$

$$= -20 + (+ 13 \text{ এর যোগাত্মক বিপরীত})$$

$$= -20 - 13$$

$$= -33 \text{ (Ans.)}$$

(ঙ) $23 - (-12)$

সমাধান : $23 - (-12)$

$$= 23 + (-12 \text{ এর যোগাত্মক বিপরীত})$$

$$= 23 + 12$$

$$= 35 \text{ (Ans.)}$$

(চ) $(-32) - (-40)$

সমাধান : $(-32) - (-40)$

$$= -32 + (-40 \text{ এর যোগাত্মক বিপরীত})$$

$$= -32 + 40$$

$$= 8 \text{ (Ans.)}$$

প্রশ্ন ১১ ৥ নিচের ফাঁকা ঘরগুলোতে $>$, $<$ বা $=$ চিহ্ন বসায় :

(ক) $(-3) + (-6)$ $(-3) - (-6)$

সমাধান : $(-3) + (-6)$ $(-3) - (-6)$

$$\text{বা, } -9$$
 $(-3) + 6$

$$\text{বা, } -9$$
 3

$$\therefore (-3) + (-6)$$
 $(-3) - (-6)$ **(Ans.)**

(খ) $(-21) - (-10)$ $(-31) + (-11)$

সমাধান : $(-21) - (-10)$ $(-31) + (-11)$

$$\text{বা, } -21 + 10$$
 $-31 - 11$

$$\text{বা, } -11$$
 -42

$$\therefore (-21) - (-10)$$
 $(-31) + (-11)$ **(Ans.)**

(গ) $45 - (-11)$ $57 + (-4)$

সমাধান : $45 - (-11)$ $57 + (-4)$

$$\text{বা, } 45 + 11$$
 $57 - 4$

$$\text{বা, } 56$$
 53

$$\therefore 45 - (-11)$$
 $57 + (-4)$ **(Ans.)**

(ঘ) $(-25) - (-42)$ $(-42) - (-25)$

সমাধান : $(-25) - (-42)$ $(-42) - (-25)$

$$\text{বা, } -25 + 42$$
 $-42 + 25$

$$\text{বা, } 17$$
 -17

$$\therefore (-25) - (-42)$$
 $(-42) - (-25)$ **(Ans.)**

প্রশ্ন ১২ ৥ নিচের ফাঁকা ঘরগুলো পূরণ কর :

$$(ক) (-8) + \square = 0$$

$$\text{সমাধান : } (-8) + \square = 0$$

$$\text{বা, } 8 + (-8) + \square = 8 + 0 \text{ [উভয়পক্ষে } (-8) \text{]} \\ \text{এর}$$

এর

$$\text{বা, } 0 + \square = 8 \text{ যোগাত্মক বিপরীত যোগ করে}$$

$$\therefore \square = 8$$

অর্থাৎ, খালি ঘরে 8 হবে।

$$\therefore (-8) + \square 8 = 0 \text{ (Ans.)}$$

$$(খ) 13 + \square = 10$$

$$\text{সমাধান : } 13 + \square = 10$$

$$\text{বা, } (-13) + 13 + \square = (-13) + 10$$

[উভয়পক্ষে (13) এর যোগাত্মক বিপরীত যোগ করে]

$$\text{বা, } 0 + \square = -3$$

$$\therefore \square = -3$$

অর্থাৎ, খালি ঘরে (-3) হবে।

$$\therefore 13 + \square -3 = 10 \text{ (Ans.)}$$

$$(গ) 12 + (-12) = \square$$

$$\text{সমাধান : } 12 + (-12) = \square$$

$$\text{এখানে, } 12 + (-12) = 12 - 12 = 0$$

অর্থাৎ, খালি ঘরে 0 হবে।

$$\therefore 12 + (-12) = \square 0 \text{ (Ans.)}$$

$$(ঘ) (-4) + \square = -12$$

$$\text{সমাধান : } (-4) + \square = -12$$

$$\text{বা, } 4 + (-4) + \square = 4 + (-12)$$

[উভয়পক্ষে (-4) এর যোগাত্মক বিপরীত যোগ করে]

$$\text{বা, } 0 + \square = 4 - 12$$

$$\therefore \square = -8$$

অর্থাৎ, খালি ঘরে (-8) হবে।

$$\therefore (-4) + \square -8 = -12 \text{ (Ans.)}$$

$$(ঙ) \square - 15 = -10$$

$$\text{সমাধান : } \square - 15 = -10$$

$$\text{বা, } \square - 15 + 15 = -10 + 15 \text{ [উভয়পক্ষে } (-15) \text{ এর}$$

যোগাত্মক বিপরীত যোগ করে]

$$\text{বা, } \square + 0 = 5$$

$$\therefore \square = 5$$

অর্থাৎ, খালি ঘরে 5 হবে।

$$\therefore \square 5 - 15 = -10 \text{ (Ans.)}$$

প্রশ্ন 11 ১৩ 11 মান নির্ণয় কর :

$$(ক) (-7) - 8 - (-25)$$

$$\text{সমাধান : } (-7) - 8 - (-25)$$

$$= (-7) - 8 + (-25 \text{ এর যোগাত্মক বিপরীত})$$

$$= (-7) - 8 + 25$$

$$= -7 - 8 + 25$$

$$= -15 + 25$$

$$= 10 \text{ (Ans.)}$$

$$(খ) (-13) + 32 - 8 - 1$$

$$\text{সমাধান : } (-13) + 32 - 8 - 1$$

$$= (-13) + 32 - 9$$

$$= -13 - 9 + 32$$

$$= -22 + 32$$

$$= 10 \text{ (Ans.)}$$

$$(গ) (-7) + (-8) + (-90)$$

$$\text{সমাধান : } (-7) + (-8) + (-90)$$

$$= -7 - 8 + (-90)$$

$$= -15 + (-90)$$

$$= -15 - 90$$

$$= -105 \text{ (Ans.)}$$

$$(ঘ) 50 - (-40) - (-2)$$

$$\text{সমাধান : } 50 - (-40) - (-2)$$

$$= 50 + (-40 \text{ এর যোগাত্মক বিপরীত})$$

$$+ (-2 \text{ এর যোগাত্মক বিপরীত})$$

$$= 50 + 40 + 2$$

$$= 92 \text{ (Ans.)}$$

প্রশ্ন ১১৪ ১১ -3, 6, 9 তিনটি পূর্ণসংখ্যা

(ক) -3 এবং 6; 9 এবং -3; (-3 + 6) এবং (9 - 6) এর

মধ্যে > বা < বা = চিহ্ন বসায়।

(খ) -(-3) + (-6) + 9 এর মান নির্ণয় কর।

(গ) সংখ্যারেখার সাহায্যে -3 এবং 6 এর যোগফল; 9 এবং 6

এর বিয়োগফল নির্ণয় কর।

সমাধান :

(ক) -3 এবং 6 এর মধ্যে চিহ্নটি হবে $-3 < 6$.

9 এবং -3 এর মধ্যে চিহ্নটি হবে $9 > -3$.

আবার, $-3 + 6$ রাশির মান 3

এবং $9 - 6$ রাশির মান 3

$$\therefore (-3 + 6) = (9 - 6)$$

(খ) $-(-3) + (-6) + 9$

$$= +(-3 \text{ এর যোগাত্মক বিপরীত}) - 6 + 9$$

$$= +3 - 6 + 9$$

$$= +12 - 6$$

$$= 12 + (6 \text{ এর যোগাত্মক বিপরীত})$$


$$= 12 - 6$$

$$= 6 \text{ (Ans.)}$$

(গ) সংখ্যারেখার সাহায্যে -3 এবং 6 এর যোগফল অর্থাৎ (-3)

+ (+6) নির্ণয় :

প্রথমে একটি সংখ্যারেখা আঁকি।



সংখ্যারেখায় 0 বিন্দু থেকে বামদিকে প্রথমে 3 ধাপ অতিক্রম


করে -3 বিন্দুতে পৌঁছাই। তারপর -3 বিন্দুর ডানদিকে 6

ধাপ অতিক্রম করি এবং 3 বিন্দুতে পৌঁছাই। তাহলে -3

এবং 6 এর যোগফল $(-3) + 6 = 3$ ।

আবার, সংখ্যারেখার সাহায্যে 9 এবং 6 এর বিয়োগফল

অর্থাৎ, $(+9) - (+6)$ নির্ণয় :



সংখ্যারেখার উপর 0 বিন্দু হতে ডানদিকে 9 ধাপ অতিক্রম

করে

+ 9 বিন্দুতে পৌঁছাই।

আমরা জানি, $(+9) - (+6) = 9 + (-6)$, যেহেতু +

6 এর যোগাত্মক বিপরীত -6। এখন $9 + (-6)$ এর মান

নির্ণয় করার জন্য আমরা +9 বিন্দু থেকে বামদিকে 6 ধাপ

অতিক্রম করি এবং +3 বিন্দুতে পৌঁছাই। তাহলে আমরা

পাই, $(+9) + (-6) = 3$ ।

সুতরাং $(+9) - (+6) = 3$. (Ans.)

অতিরিক্ত সৃজনশীল প্রশ্ন ও সমাধানঃ অনুশীলনী ৩.৩ এর আলোকে

প্রশ্ন- ১১১ >> সংখ্যারেখার সাহায্যে পূর্ণসংখ্যার বিয়োগ

$-8 - (-10)$ একটি রাশি.

ক. -10 এর যোগাত্মক বিপরীত সংখ্যাটি লেখ। ২

খ. -8 এর সাথে 'ক' নং থেকে প্রাপ্ত সংখ্যাটির

যোগ করলে যোগফল কত হবে? ৪

গ. প্রদত্ত রাশিটিকে সংখ্যারেখায় প্রকাশ কর। ৪

১১ নং প্রশ্নের সমাধান

প্রদত্ত রাশি $-8 - (-10)$


ক. -10 এর যোগাত্মক বিপরীত সংখ্যা = +10 (Ans.)

খ. -8 এর সাথে (+10) এর যোগ = $-8 + (+10)$

$$= -8 + 10$$

$$= 2 \text{ (Ans.)}$$

গ. সংখ্যারেখা :



ব্যাখ্যা : সংখ্যারেখার উপর 0 বিন্দু থেকে প্রথমে 8 ধাপ বামে

অতিক্রম করি এবং -8 বিন্দুতে পৌঁছাই। তারপর -8 বিন্দু

থেকে ডানদিকে 10 ধাপ অতিক্রম করি এবং 2 বিন্দুতে পৌঁছাই।

$$\therefore -8 - (-10) = 2$$

প্রশ্ন- ১২ সংখ্যারেখার সাহায্যে যোগ

+7 + (-4) একটি রাশি। [বিন্দুবাসিনী সরকারি বালক উচ্চ বিদ্যালয়, টাঙ্গাইল]

ক. +7 ও -4 এর যোগাত্মক বিপরীত সংখ্যা কী? ২

খ. +7 এর সাথে (-4) যোগাত্মক বিপরীত রাশিটি বিয়োগ করলে বিয়োগফল কত হবে? ৪

গ. উপরিউক্ত রাশিটিকে সংখ্যারেখার সাহায্যে যোগ কর। ৪

১২ নং প্রশ্নের সমাধান

ক. +7 যোগাত্মক বিপরীত সংখ্যা = -7

এবং -4 " " " = +4


খ. +7 এর সাথে -4 এর যোগাত্মক বিপরীত রাশির বিয়োগ করে পাই, +7 - (+4)

$$= 7 - 4$$

$$= 3 \text{ (Ans.)}$$

গ. প্রদত্ত রাশি, +7 + (-4)

সংখ্যারেখা :



ব্যাখ্যা : সংখ্যারেখার শূন্য বিন্দু থেকে ডানদিকে 7 ধাপ অতিক্রম করে 7 বিন্দুতে পৌঁছাই। তারপর 7 বিন্দু থেকে বাম দিকে 4 ধাপ অতিক্রম করে 3 বিন্দুতে পৌঁছে।

সুতরাং প্রদত্ত রাশিটি +7 + (-4) = 3 (Ans.)

প্রশ্ন- ১৩ সংখ্যারেখার সাহায্যে যোগ

(-6) + (+3) একটি রাশি। [খুলনা কলেজিয়েট গার্লস স্কুল]

ক. +3 এর পরমমান কত? ২

খ. -6 এর সাথে +3 এর যোগাত্মক বিপরীত রাশির যোগফল নির্ণয় কর। ৪

গ. উপরিউক্ত রাশিটিকে সংখ্যারেখার সাহায্যে যোগ কর। ৪

১৩ নং প্রশ্নের সমাধান

প্রদত্ত রাশি (-6) + (+3)

ক. +3 এর যোগাত্মক পরম মান 3

খ. +3 এর যোগাত্মক বিপরীত রাশি -3

এখন, -6 এর সাথে +3 এর যোগাত্মক বিপরীত রাশির যোগফল


$$= -6 + (-3)$$

$$= -6 - 3$$

$$= -9 \text{ (Ans.)}$$

গ. প্রদত্ত রাশি (-6) + (3)

সংখ্যারেখা :



ব্যাখ্যা : সংখ্যারেখার উপর শূন্য বিন্দুর বাম দিকে প্রথমে 6 ধাপ অতিক্রম করি এবং -6 বিন্দুতে পৌঁছাই। তারপর, -6 বিন্দুর ডানদিকে 3 ধাপ অতিক্রম করি এবং -3 বিন্দুতে পৌঁছাই।

সুতরাং -6 এবং +3 এর যোগফল (-6) + (+3) = -3।

(Ans.)

প্রশ্ন- ১৪ সংখ্যারেখার সাহায্যে যোগ

(-6) ও (+11) এর সাহায্যে নিচের প্রশ্নগুলোর উত্তর দাও :


ক. সংখ্যারেখায় উপরের সংখ্যা দুটির অবস্থান দেখাও। ২

খ. সংখ্যা দুটির যোগাত্মক বিপরীত সংখ্যার সমষ্টি নির্ণয় কর। ৪

গ. সংখ্যা রেখা ব্যবহার করে (-8) - (-10) এর মান নির্ণয় কর। ৪

দুইটি ক্রমিক স্বাভাবিক জোড় সংখ্যার যোগফল 38.

[জয়পুরহাট সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]

ক. বড় সংখ্যাটি x হলে, ছোট সংখ্যাটিকে x এর মাধ্যমে প্রকাশ কর। ২

খ. সংখ্যা দুটি নির্ণয় কর। ৪

গ. সংখ্যা দুটিকে বাগানের দৈর্ঘ্য ও প্রস্থ ধরে বাগানের পরিসীমা নির্ণয় কর। ৪

৪ নং প্রশ্নের সমাধান

ক. ক্রমিক স্বাভাবিক জোড় সংখ্যার, বড় সংখ্যাটি = x

$$\therefore \text{ছোট সংখ্যাটি} = x - 2$$

খ. প্রশ্নমতে, $x - 2 + x = 38$

$$\text{বা, } x + x - 2 = 38$$

$$\text{বা, } 2x - 2 + 2 = 38 + 2 \text{ [উভয়পক্ষে 2 যোগ করে]}$$

$$\text{বা, } 2x = 40$$

$$\text{বা, } \frac{2x}{2} = \frac{40}{2} \text{ [উভয়পক্ষকে 2 দ্বারা ভাগ করে]}$$

$$\text{বা, } x = 20$$

\therefore বড় সংখ্যাটি = 20

$$\text{এবং ছোট সংখ্যাটি} = 20 - 2 = 18$$

\therefore সংখ্যা দুইটি যথাক্রমে 20 ও 18 (Ans.)

গ. মনে করি, বাগানের দৈর্ঘ্য x এবং বাগানের প্রস্থ $x - 2$ আমরা জানি, পরিসীমা = 2 (দৈর্ঘ্য + প্রস্থ) একক।

$$\begin{aligned}
&= 2(x + x - 2) \text{ একক} \\
&= 2(2x - 2) \text{ একক} \\
&= 2(2.20 - 2) \text{ একক [x = 20} \\
&\text{বসিয়ে]} \\
&= 2(40 - 2) \text{ একক} \\
&= 2.38 \text{ একক} \\
&= 76 \text{ একক (Ans.)}
\end{aligned}$$

প্রশ্ন- ৫▶▶

সরল সমীকরণ সমাধান

$7x + 4 = x + 16$ একটি সরল সমীকরণ। [চট্টগ্রাম সরকারি উচ্চ বিদ্যালয়]

- ক. সমীকরণটি দ্বারা কী বোঝায়? ২
 খ. সমীকরণটি সমাধান কর। ৪
 গ. সমাধান শুদ্ধ হয়েছে কিনা যাচাই কর। ৪

৫ নং প্রশ্নের সমাধান

ক. $7x + 4 = x + 16$ সমীকরণে একটি চলক রয়েছে। যার ঘাত এক।
 সুতরাং সমীকরণটি দ্বারা এক চলকবিশিষ্ট এক ঘাত বিশিষ্ট সমীকরণ বোঝায়।

খ. $7x + 4 = x + 16$

বা, $7x - x + 4 = x - x + 16$ [উভয়পক্ষ থেকে x বিয়োগ করে]

$$\text{বা, } 6x + 4 = 16$$

$$\text{বা, } 6x = 12$$

$$\text{বা, } \frac{6x}{6} = \frac{12}{6} \text{ [উভয়পক্ষকে 6 দ্বারা ভাগ করে]}$$

$$\therefore x = 2 \text{ (Ans.)}$$

গ. বামপক্ষ = $7x + 4$

$$= 7 \times 2 + 4 \quad [x \text{ এর মান বসিয়ে}]$$

$$= 14 + 4 = 18$$

$$\text{আবার, ডানপক্ষ} = x + 16$$

$$= 2 + 16 \quad [x \text{ এর মান বসিয়ে}]$$

এখানে, বামপক্ষ = ডানপক্ষ

সুতরাং সমাধান শুদ্ধ হয়েছে।

প্রশ্ন- ৬▶▶

বাস্তব সমস্যার ভিত্তিতে সমীকরণ গঠন ও

সমাধান

একটি আয়তাকার বাগানের প্রস্থ অপেক্ষা দৈর্ঘ্য 2 মিটার বেশি।

[রাজশাহী কলেজিয়েট স্কুল]

- ক. বাগানটির প্রস্থ x মিটার হলে, এর পরিসীমা x এর মাধ্যমে লেখ। ২
 খ. বাগানটির পরিসীমা 36 মিটার হলে, এর প্রস্থ কত? ৪
 গ. বাগানটি পরিকার করতে মোট 320 টাকা খরচ হলে, প্রতি বর্গমিটার পরিকার করতে কত খরচ হবে? ৪

৬ নং প্রশ্নের সমাধান

ক. দেওয়া আছে, বাগানের প্রস্থ x মিটার এবং দৈর্ঘ্য (x + 2) মিটার
 আমরা জানি,

$$\text{আয়তাকার বাগানের পরিসীমা} = 2(\text{দৈর্ঘ্য} + \text{প্রস্থ})$$

একক

$$= 2(x + 2 + x) \text{ মিটার}$$

$$= 2(2x + 2) \text{ মিটার}$$

(Ans.)

খ. প্রশ্নমতে, $2(2x + 2) = 36$

$$\text{বা, } 2x + 2 = \frac{36}{2}$$

$$\text{বা, } 2x + 2 = 18$$

$$\text{বা, } 2x = 18 - 2$$

$$\text{বা, } x = \frac{16}{2}$$

$$\therefore x = 8$$

\therefore প্রস্থ = 8 মিটার। (Ans.)

গ. 'খ' থেকে পাই, বাগানের প্রস্থ = 8 মিটার

\therefore বাগানের দৈর্ঘ্য = (x + 2) মিটার

$$= (8 + 2) \text{ মিটার} = 10 \text{ মিটার}$$

\therefore বাগানের ক্ষেত্রফল = (দৈর্ঘ্য \times প্রস্থ) বর্গএকক

$$= (10 \times 8) \text{ বর্গমিটার} = 80 \text{ বর্গমিটার}$$

80 বর্গমিটার পরিকার করতে খরচ হয় 320 টাকা

$$\therefore 1 \text{ " " " " " } \frac{320}{80} \text{ টাকা}$$

‘খ’ থেকে প্রাপ্ত সবচেয়ে ছোট ও বড় সংখ্যা দুইটি যথাক্রমে 7 ও 9.

প্রশ্নমতে, $2y = 7 + 9 + 4$

বা, $2y = 20$

বা, $\frac{2y}{2} = \frac{20}{2}$ [উভয়পক্ষকে 2 দ্বারা ভাগ করে]

$\therefore y = 10$

$\therefore y$ এর মান 10 (Ans.)

প্রশ্ন- ৯ সরল সমীকরণ সমাধান

নিচের সমীকরণটি লক্ষ কর :

$7x - 2 = x + 16$

ক. সরল সমীকরণ কাকে বলে? উদাহরণ দাও। ২

খ. উপরিউক্ত সমীকরণটির বীজ নির্ণয় কর। ৪

গ. সমীকরণটির সমাধান শুদ্ধ হয়েছে কিনা যাচাই কর। ৪

৯ নং প্রশ্নের সমাধান

ক. অজ্ঞাত রাশির বা চলকের একঘাতবিশিষ্ট সমীকরণকে সরল সমীকরণ বলে।

উদাহরণ : $2x + 1 = 5$

খ. প্রদত্ত সমীকরণ, $7x - 2 = x + 16$

বা, $7x - x = 16 + 2$

বা, $6x = 18$

বা, $\frac{6x}{6} = \frac{18}{6}$ [উভয়পক্ষকে 6 দ্বারা ভাগ করে]

$\therefore x = 3$

\therefore সমীকরণটির বীজ 3. (Ans.)

গ. প্রদত্ত সমীকরণ, $7x - 2 = x + 16$

বামপক্ষ = $7x - 2$

= $7 \times 3 - 2$ [$\because x = 3$]

= $21 - 2 = 19$

ডানপক্ষ = $x + 16$

= $3 + 16$ [$\because x = 3$]

= 19

\therefore বামপক্ষ = ডানপক্ষ

\therefore সমীকরণটির সমাধান শুদ্ধ হয়েছে।

প্রশ্ন- ১০ বাস্তব সমস্যার ভিত্তিতে সমীকরণ গঠন ও সমাধান

পিতা ও পুত্রের বর্তমান বয়সের সমষ্টি 84 বছর। পিতার বয়স পুত্রের বয়সের তিনগুণ অপেক্ষা 4 বছর বেশি। [খুলনা মডেল স্কুল এন্ড কলেজ]

ক. পুত্রের বর্তমান বয়সকে x ধরে একটি সমীকরণ গঠন কর। ২

খ. পুত্রের বর্তমান বয়স নির্ণয় কর। ৪

গ. দশ বছর পর পিতা ও পুত্রের বয়স কত হবে? ৪

১০ নং প্রশ্নের সমাধান

ক. মনে করি, পুত্রের বর্তমান বয়স x বছর

তাহলে, পিতার বর্তমান বয়স $(x \times 3 + 4)$ বছর = $(3x + 4)$ বছর

প্রশ্নমতে, $x + (3x + 4) = 84$

বা, $x + 3x + 4 = 84$

$\therefore 4x + 4 = 84$

\therefore গঠিত সমীকরণ, $4x + 4 = 84$ (Ans.)

খ. ‘ক’ হতে প্রাপ্ত সমীকরণ $4x + 4 = 84$

বা, $4x + 4 - 4 = 84 - 4$ [উভয়পক্ষ হতে 4 বিয়োগ করে]

বা, $4x = 80$

বা, $\frac{4x}{4} = \frac{80}{4}$ [উভয়পক্ষকে 4 দ্বারা ভাগ করে]

$\therefore x = 20$

\therefore পুত্রের বর্তমান বয়স 20 বছর। (Ans.)

গ. ‘খ’ থেকে পাই, পুত্রের বর্তমান বয়স 20 বছর।

\therefore পিতার বর্তমান বয়স $(3x + 4)$ বছর = $(3 \times 20 + 4)$ বছর

= $(60 + 4)$ বছর = 64 বছর

10 বছর পর পুত্রের বয়স হবে $(20 + 10)$ বছর বা 30 বছর

এবং 10 বছর পর পিতার বয়স হবে $(64 + 10)$ বছর বা 74 বছর

\therefore পিতার বয়স 74 বছর এবং পুত্রের বয়স 30 বছর। (Ans.)

প্রশ্ন- ১১ ▶▶

বাস্তব সমস্যার ভিত্তিতে সমীকরণ গঠন ও

সমাধান

শিখা ও রানির বয়সের অনুপাত 2 : 3.

- ক. অনুপাতটির পূর্বরাশির সাথে x যোগ করলে অনুপাতটি 5 : 1 হয়। সমীকরণের মাধ্যমে তথ্যগুলো প্রকাশ কর। ২
- খ. পূর্বরাশির সাথে কত যোগ করতে হবে? ৪
- গ. রানির বয়স প্রাপ্ত সংখ্যার দ্বিগুণ থেকে 11 কম হলে, শিখা ও রানির বয়স নির্ণয় কর। ৪

১১ নং প্রশ্নের সমাধান

ক. শিখার বয়স : রানির বয়স = 2 : 3

প্রশ্নমতে, $(2 + x) : 3 = 5 : 1$

$$\text{বা, } \frac{2+x}{3} = \frac{5}{1} \therefore \frac{2+x}{3} = 5$$

খ. 'ক' থেকে পাই, $\frac{2+x}{3} = 5$

বা, $2 + x = 3 \times 5$ [উভয়পক্ষকে 3 দ্বারা গুণ করে]

$$\text{বা, } 2 + x = 15$$

বা, $2 + x - 2 = 15 - 2$ [উভয়পক্ষ থেকে 2 বিয়োগ করে]

$$\therefore x = 13$$

\therefore পূর্বরাশির সাথে 13 যোগ করতে হবে। (Ans.)

গ. 'খ' থেকে প্রাপ্ত সংখ্যা 13

$$\therefore \text{রানির বয়স} = (2 \times 13 - 11) \text{ বছর} \\ = (26 - 11) \text{ বছর} = 15 \text{ বছর}$$

$$\therefore \text{শিখার বয়স} = (15 \text{ বছর এর } \frac{2}{3}) = 10 \text{ বছর}$$

সুতরাং, শিখা ও রানির বয়স যথাক্রমে 10 বছর ও 15 বছর

(Ans.)

প্রশ্ন- ১২ ▶▶

বাস্তব সমস্যার ভিত্তিতে সমীকরণ গঠন ও

সমাধান

একটি আইসক্রিমের মূল্য একটি চকলেটের মূল্যের 10 গুণ।

একটি আইসক্রিম ও একটি চকলেটের মূল্য একত্রে 22 টাকা।

ক. উদ্দীপকের আলোকে সমীকরণ গঠন কর। ২

খ. একটি আইসক্রিম ও একটি চকলেটের মূল্য নির্ণয় কর। ৪

গ. 6টি আইসক্রিমের মূল্য ও 5টি চকলেটের মূল্যকে সমীকরণ আকারে প্রকাশ কর। ৪

১২ নং প্রশ্নের সমাধান

ক. মনে করি, একটি চকলেটের মূল্য x টাকা
একটি আইসক্রিমের মূল্য একটি চকলেটের মূল্যের 10 গুণ
 \therefore আইসক্রিমের মূল্য = x এর 10 গুণ = 10x টাকা
প্রশ্নানুসারে, $10x + x = 22$
 \therefore গঠিত সমীকরণ $10x + x = 22$ (Ans.)

খ. 'ক' হতে প্রাপ্ত সমীকরণ, $10x + x = 22$

$$\text{বা, } 11x = 22$$

$$\text{বা, } \frac{11x}{11} = \frac{22}{11} \text{ [উভয়পক্ষকে 11 দ্বারা ভাগ}$$

$$\therefore x = 2$$

1টি চকলেটের মূল্য x বা 2 টাকা

1টি আইসক্রিমের মূল্য 10x বা 10×2 টাকা = 20 টাকা

\therefore চকলেটের মূল্য 2 টাকা এবং আইসক্রিমের মূল্য 20 টাকা
(Ans.)

গ. 1টি চকলেটের মূল্য x টাকা

5টি চকলেটের মূল্য $(5 \times x)$ টাকা বা 5x টাকা বা 5×2 টাকা

বা 10 টাকা

1টি আইসক্রিমের মূল্য 10x টাকা

6টি আইসক্রিমের মূল্য $6 \times 10x$ বা 60x টাকা

$$= 60 \times 2 \text{ টাকা বা } 120 \text{ টাকা}$$

সুতরাং $60x + 5x = 120 + 10 = 130$

নির্ণেয় সমীকরণ, $60x + 5x = 130$ (Ans.)

■ অনুশীলনের জন্য সৃজনশীল প্রশ্নব্যাংক (উত্তরসংকেতসহ)

প্রশ্ন- ১৩ বাস্তব সমস্যার ভিত্তিতে সমীকরণ গঠন ও

সমাধান

তিনটি ক্রমিক বিজোড় স্বাভাবিক সংখ্যার যোগফল 33।

- ক. প্রথম সংখ্যাটি $(2x + 1)$ হলে তৃতীয় সংখ্যাটি কত? ২
 খ. সংখ্যা তিনটি নির্ণয় কর। ৪
 গ. কোনো অজ্ঞাত সংখ্যার দ্বিগুণ হতে দ্বিতীয় সংখ্যাটি বাদ দিলে যদি তৃতীয় সংখ্যাটি পাওয়া যায় অজ্ঞাত সংখ্যাটি কত? ৪
 উত্তর : ক. $2x + 5$; খ. 9, 11 ও 13; গ. 12

প্রশ্ন- ১৪ বাস্তব সমস্যার ভিত্তিতে সমীকরণ গঠন ও

সমাধান

একটি সংখ্যার পাঁচগুণ থেকে সংখ্যাটির দ্বিগুণের বিয়োগফল সংখ্যাটি অপেক্ষা 8 বেশি।

- ক. অজ্ঞাত সংখ্যাটি x হলে সমীকরণ গঠন কর। ২
 খ. সংখ্যাটি নির্ণয় কর। ৪
 গ. প্রাপ্ত সংখ্যাটি অপর একটি সংখ্যা y এর দ্বিগুণ অপেক্ষা 10 কম হলে, y এর মান নির্ণয় কর। ৪
 উত্তর : ক. $5x - 2x = x + 8$; খ. 4.; গ. 7

প্রশ্ন- ১৫ বাস্তব সমস্যার ভিত্তিতে সমীকরণ গঠন ও

সমাধান

একটি আয়তাকার ফুলের বাগানের দৈর্ঘ্য a মিটার। প্রস্থ, দৈর্ঘ্য অপেক্ষা 2 মিটার কম। বাগানটিতে ফুলের চারা লাগাতে মোট 320 টাকা খরচ হয়।

- ক. বাগানের পরিসীমা নির্ণয় কর। ২
 খ. বাগানের পরিসীমা 36 মিটার হলে a এর মান নির্ণয় কর। ৪

গ. প্রতি বর্গমিটারে চারা লাগাতে কত খরচ হবে? ৪

উত্তর : ক. $4(a - 1)$ মিটার; খ. 10 মিটার।; গ. 4 টাকা।

প্রশ্ন- ১৬ বাস্তব সমস্যার ভিত্তিতে সমীকরণ গঠন ও

সমাধান

তিনটি ক্রমিক স্বাভাবিক জোড় সংখ্যার যোগফল 90।

- ক. সবচেয়ে ছোট সংখ্যাটি x হলে, অপর সংখ্যা দুইটি x এর মাধ্যমে লেখ। ২
 খ. 'ক' এর তথ্যের সাহায্যে সংখ্যা তিনটি বের কর। ৪
 গ. y একটি সংখ্যা যার চারগুণ, প্রাপ্ত সবচেয়ে ছোট ও সবচেয়ে বড় সংখ্যা দুইটির যোগফল অপেক্ষা 4 কম। y এর মান বের কর। ৪
 উত্তর : ক. $(x + 2)$, $(x + 4)$; খ. 28, 30 ও 32; গ. 14

প্রশ্ন- ১৭ বাস্তব সমস্যার ভিত্তিতে সমীকরণ গঠন ও

সমাধান

কনিকার কাছে যতগুলো চকলেট আছে, মনিকার কাছে তার তিনগুণ চকলেট আছে। দুইজনের একত্রে 48টি চকলেট আছে। আবার লিপিকার কাছে y টি চকলেট আছে।

- ক. কনিকার চকলেট x টি হলে, মনিকার চকলেট সংখ্যা x এর মাধ্যমে লেখ। ২
 খ. কনিকার কতটি চকলেট আছে? ৪
 গ. মনিকার চকলেট লিপিকার চকলেটের চারগুণ হলে, লিপিকার কয়টি চকলেট আছে? ৪
 উত্তর : ক. $3x$ টি; খ. 12টি; গ. 9টি

বহুনির্বাচনী প্রশ্নঃ

১. সমীকরণের অজ্ঞাত রাশিকে কী বলা হয়? (সহজ)
 (ক) সহগ (খ) চলক (গ) ধ্রুবক (ঘ) প্রক্রিয়া চিহ্ন
২. সমীকরণের সমান (=) চিহ্নের বাম পাশের রাশিকে কী বলে? (সহজ)
 (ক) পক্ষ (খ) বামপক্ষ (গ) ডানপক্ষ (ঘ) মান
৩. সমীকরণের সমান (=) চিহ্নের ডানপাশের রাশিকে কী বলে? (সহজ)
 (ক) বামপক্ষ (খ) ডানপক্ষ (গ) পক্ষ (ঘ) মান
৪. একটি সমীকরণ থেকে এর চলকটির মান বের করার প্রক্রিয়াকে সমীকরণের কী বলা হয়? [রাজশাহী ল্যাবরেটরি হাই স্কুল]
 (ক) সমাধান (খ) ইনটু (গ) ডিভিশন (ঘ) ভগ্নাংশ

৫. অজানা বা অজ্ঞাত রাশি বা চলক, প্রক্রিয়া চিহ্ন এবং সমান চিহ্ন সংবলিত গাণিতিক বাক্যকে কী বলে? (সহজ)

- সমীকরণ (খ) অভেদ (গ) অসমতা (ঘ) গুণক

৬. সমান (=) চিহ্ন দ্বারা একটি রাশির সাথে অপর একটি রাশির সম্পর্ককে কী বলে? (সহজ)

- (ক) রাশি ● সমীকরণ (গ) অভেদ (ঘ) অসমতা

৭. $x + 3 = 7$ সমীকরণে বামপক্ষ কোনটি? (সহজ)

- (ক) $x + 5$ ● $x + 3$ (গ) 7 (ঘ) -7

বহুপদী সমাঙ্গিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৮. সমীকরণে—

- i. দুইটি পক্ষ থাকে
ii. x, y, z চলক হিসেবে ব্যবহৃত হয়
iii. সমান (=) চিহ্ন দ্বারা দুটি রাশি যুক্ত থাকে

নিচের কোনটি সঠিক? (সহজ)

- (ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii ● i, ii ও iii

৯. $x + 1 = 5$ একটি সমীকরণ হলে—

- i. এটি একটি অসমতা
ii. $x + 1$ কে বামপক্ষ বলা হয়
iii. অজ্ঞাত রাশি x কে চলক বলা হয়

নিচের কোনটি সঠিক? (সহজ)

- (ক) i ও ii (খ) i ও iii ● ii ও iii (ঘ) i, ii ও iii

অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

নিচের তথ্যের আলোকে ১০ ও ১১ নং প্রশ্নের উত্তর দাও :

$x + 2 = 3$ একটি সমীকরণ।

১০. প্রদত্ত সমীকরণের চলক কোনটি? (সহজ)

- (ক) 1 (খ) 2 (গ) 3 ● x

১১. প্রদত্ত সমীকরণের ডানপক্ষ কত? (সহজ)

- (ক) 1 (খ) 2 ● 3 (ঘ) $x + 2$

সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

১২. অজ্ঞাত রাশির বা চলকের একঘাতবিশিষ্ট সমীকরণকে কী বলে? (সহজ)

- সরল সমীকরণ (খ) জটিল সমীকরণ
(গ) একক সমীকরণ (ঘ) দ্বিঘাত সমীকরণ

১৩. নিচের কোনটি এক চলকবিশিষ্ট সরল সমীকরণ? (সহজ)

- (ক) $2x + 3y = 7$ (খ) $2x = 2y - 5$
● $x + 3 = 3x - 5$ (ঘ) $2x + 3y + 8 = 0$

১৪. নিচের কোনটি দুই চলকবিশিষ্ট সরল সমীকরণ? (সহজ)

● $3x + 2y = 10$ (খ) $5x + 7 = 3x + 8$

(গ) $3x + 4 = 12 - x$ (ঘ) $3x = 5 - 2x$

বহুপদী সমাঙ্গিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

১৫. i. $8x - x = 40 + 2x$ সমীকরণের মূল 8

ii. $16x + 2 = 50$ সমীকরণের মূল 3

iii. $20x - 2x = 36$ সমীকরণের মূল 5

নিচের কোনটি সঠিক?

- i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১৬. $x + 1 = 5$ একটি সমীকরণ হলে—

- i. চলক দুইটি ii. $x + 1$ কে বামপক্ষ বলা হয়
iii. সমীকরণটির অজ্ঞাত রাশি x কে চলক বলা হয়
নিচের কোনটি সঠিক?

[সরকারি ইকবালনগর মাধ্যমিক বালিকা বিদ্যালয়, খুলনা]

- (ক) i ও ii (খ) i ও iii ● ii ও iii (ঘ) i, ii ও iii

সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

১৭. $3x - 5 = 10$ সমীকরণটির সমাধান নিচের কোনটি? (মধ্যম)

- (ক) 3 ● 5 (গ) 4 (ঘ) $\frac{5}{3}$

১৮. $5x - x = 8$ হলে, x এর মান নিচের কোনটি? (মধ্যম)

- 2 (খ) 3 (গ) 4 (ঘ) 5

১৯. $2x = 18$ হলে নিচের কোনটি সঠিক? (মধ্যম)

(ক) $x + 3 = 10$ ● $x - 2 = 7$

(গ) $2x + 1 = 16$ (ঘ) $x - 1 = 7$

২০. $x + 3 = 10$ সমীকরণের চলকের মান নিচের কোনটি? (মধ্যম)

- (ক) 4 ● 7 (গ) 8 (ঘ) -13

ব্যাখ্যা : $x + 3 = 10$ বা, $x = 10 - 3 \therefore x = 7$

২১. $4x = 16$ হলে, $x + 3$ এর মান নিচের কোনটি? (মধ্যম)

- (ক) 4 (খ) 8 ● 7 (ঘ) 12

২২. $12 - x = 7$ হলে $x = ?$

- 5 (খ) 2 (গ) 4 (ঘ) -2

২৩. $3x = 9$ হলে $x =$ কত?

- 3 (খ) 9 (গ) -3 (ঘ) 0

২৪. $x + 2 = 5$ সমীকরণে x এর মান কত? (মধ্যম)

- 3 (খ) 4 (গ) 5 (ঘ) 6

ব্যাখ্যা : $x + 2 = 5$ বা, $x = 5 - 2 = 3$

২৫. $4x + 2 = 18$ হলে, নিচের কোনটি প্রদত্ত সমীকরণের মূল?

(মধ্যম)

- 4 খ) 3 গ) 2 ঘ) -2

২৬. $3x - 5 = 13$ হলে, x এর মান কত? (মধ্যম)

- ক) 3 খ) 4 গ) 5 ● 6

২৭. $5x - 2 = 23$ হলে, x এর মান কত? (মধ্যম)

- ক) 4 খ) 3 ● 5 ঘ) 9

২৮. $6x + 5 = 11$ হলে, x এর মান কত? (মধ্যম)

- 1 খ) 2 গ) 3 ঘ) 4

বহুপদী সমাঙ্গিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

২৯. সমান সমান রাশির ক্ষেত্রে—

- i. একই রাশি যোগ করলে বা বিয়োগ করলে তারা পরস্পর সমান হয়
ii. শূন্য ছাড়া একই রাশি দ্বারা ভাগ করলে ভাগফলগুলো পরস্পর সমান হয়
iii. একই রাশি দ্বারা গুণ করলে গুণফল পরস্পর সমান হয় না
নিচের কোনটি সঠিক? (সহজ)

- i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

ব্যাখ্যা : iii. সঠিক নয়; কারণ, সমান সমান রাশিকে একই রাশি দ্বারা গুণ করলে গুণফল পরস্পর সমান হয়।

৩০. নিচের তথ্যগুলো লক্ষ কর:

- i. $x + 3 = 7$ সমীকরণের মূল 4
ii. $a + 10 = 20$ সমীকরণের মূল 5
iii. $3x + 5 = 26$ সমীকরণের মূল 7

নিচের কোনটি সঠিক? (কঠিন)

- ক) i ও ii ● i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

৩১. $a = b$ হলে—

- i. $a + c = b + c$ ii. $ac = bc$
iii. $\frac{a}{c} = \frac{b}{c}$

নিচের কোনটি সঠিক? (মধ্যম)

- ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ● i, ii ও iii

অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

নিচের তথ্যের আলোকে ৩২ - ৩৪ নং প্রশ্নের উত্তর দাও :

$$2x = 6 + x$$

৩২. নিচের কোনটি সমীকরণটির একটি মূল? (মধ্যম)

- ক) 5 খ) -5 ● 6 ঘ) -6

৩৩. $x = 2$ বসালে সমীকরণের বামপক্ষের মান নিচের কোনটি? (মধ্যম)

- ক) -6 খ) 6 ● 4 ঘ) -4

৩৪. $x = 3$ বসালে সমীকরণের ডানপক্ষের মান নিচের কোনটি? (মধ্যম)

- ক) 5 ● 9 গ) 12 ঘ) 15

নিচের তথ্যের আলোকে ৩৫ - ৩৭ নং প্রশ্নের উত্তর দাও :

$$6x - x = 40 - 3x$$

৩৫. সমীকরণটির মূল নিচের কোনটি? (মধ্যম)

- 5 খ) 6 গ) 10 ঘ) 12

$$\text{ব্যাখ্যা : } 6x - x = 40 - 3x$$

$$\text{বা, } 5x = 40 - 3x$$

$$\text{বা, } 5x + 3x = 40 - 3x + 3x$$

$$\text{বা, } 8x = 40 \therefore x = 5$$

৩৬. $x = 2$ হলে সমীকরণটির ডানপক্ষের মান কত? (মধ্যম)

- ক) 30 ● 34 গ) 38 ঘ) 48

৩৭. $x = -1$ হলে সমীকরণটির বামপক্ষের মান নিচের কোনটি? (মধ্যম)

- ক) -10 খ) 10 গ) 5 ● -5

সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৩৮. প্রধানত সমীকরণের সমাধানে সরলীকরণের জন্য ব্যবহৃত হয়—

- ক) সমীকরণের মূল ● স্বতঃসিদ্ধ
গ) সমীকরণের চলক ঘ) শূন্য পরীক্ষা

৩৯. একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য প্রস্থ অপেক্ষা 3 মিটার বেশি। ক্ষেত্রটির প্রস্থ y মিটার এবং এর পরিসীমা 16 মিটার হলে, কোন সমীকরণটি সঠিক? (কঠিন)

- ক) $y + y - 3 = 16$ ● $2(y + y + 3) = 16$
গ) $y + 3 = 16$ ঘ) $2(y + 6) = 16$

৪০. কোনো সংখ্যার 3 গুণ সমান 45। সংখ্যাটি কত? (মধ্যম)

- ক) 5 খ) 9 ● 15 ঘ) 18

৪১. কোনো সংখ্যার 7 গুণের সাথে 5 যোগ করলে যোগফল 54 হয়। সংখ্যাটি কত? (মধ্যম)

- ক) -7 ● 7 গ) 8 ঘ) -8

৪২. রুপুর কাছে 15টি চকলেট ছিল। তা থেকে সে তার বন্ধুকে কিছু চকলেট দেওয়াতে তার কাছে আর 10টি চকলেট থাকল। সে তার বন্ধুকে কয়টি চকলেট দিয়েছিল? (সহজ)

- 5টি খ) 10টি গ) 20টি ঘ) 25টি

৪৩. $x + 3 = 9$ সমীকরণটির চলকের মান নিচের কোনটি? (মধ্যম)

- ক) 3 খ) 4 গ) 5 ● 6

৪৪. $8x = 24$ সমীকরণের মূল নিচের কোনটি? (খুলনা জিলা স্কুল)

- 3 খ) 4 গ) 5 ঘ) 6

৪৫. কোন সংখ্যার দ্বিগুণের সাথে 2 যোগ করলে যোগফল 24 হবে? (মধ্যম)

- ক) 8 খ) 9 গ) 10 ● 11

৪৬. দুইটি স্বাভাবিক সংখ্যার বিয়োগফল 25। বড় সংখ্যাটি 40 হলে, ছোট সংখ্যাটি কত?

- কি 5 খি 10 ● 15 ঘি 20

৪৭. একটি সংখ্যার 3 গুণের সাথে 2 যোগ করলে 20 হবে। উক্ত তথ্যের আলোকে গঠিত সমীকরণ নিচের কোনটি? (মধ্যম)

- কি $3x - 2 = 20$ ● $3x + 2 = 20$
গি $6 - 3x = 20$ ঘি $3x - 2 = -20$

৪৮. নিচের কোন তিনটি জোড় ক্রমিক স্বাভাবিক সংখ্যা নির্দেশ করে?(সহজ)

- কি $x, x + 1, x + 2$ খি $2x - 1, 2x - 2, 2x - 3$
● $2x, 2x + 2, 2x + 4$ ঘি $3x, 3x + 1, 3x + 2$

৪৯. পিতার বয়স পুত্রের বয়সের দ্বিগুণ অপেক্ষা 10 বছর বেশি। পুত্রের বয়স 15 বছর হলে, পিতার বয়স কত? (কঠিন)

- কি 35 বছর ● 40 বছর খি 45 বছর ঘি 50 বছর
ব্যাখ্যা : পিতার বয়স = $2 \times$ পুত্রের বয়স + 10 = $2 \times 15 + 10 = 40$

৫০. $6x - 4x = 8$ হলে $3x - 5 = ?$ (মধ্যম)

- কি 1 খি 0 ● 7 ঘি 2

বহুপদী সমাঙ্গিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৫১. সমীকরণের সমাধানে—

- i. চলকের মানকে সমীকরণের মূল বলে
ii. সমীকরণের মূল দ্বারা সমীকরণ সিদ্ধ হয়
iii. সমীকরণে দুই পক্ষ সমান হয়

নিচের কোনটি সঠিক?

- কি i ও ii খি i ও iii গি ii ও iii ● i, ii ও iii

৫২. x এর 3 গুণ 21 এর সমান হলে—

- i. x এর 3 গুণ $3x$ ii. প্রশ্নমতে, $3x = 21$
iii. সংখ্যাটি 7

নিচের কোনটি সঠিক? (মধ্যম)

- কি i ও ii খি i ও iii গি ii ও iii ● i, ii ও iii

৫৩. নিচের তথ্যগুলো লক্ষ কর :

- i. x এর দ্বিগুণ ও x এর তিনগুণ যোগ সমান $2x + 3x$
ii. x এর দ্বিগুণের সাথে তিন যোগ সমান $2x + 3$
iii. x এর পাঁচগুণ থেকে x এর তিনগুণ বিয়োগ করলে বিয়োগফল সমান $2x$

নিচের কোনটি সঠিক? (কঠিন)

- কি i ও ii খি i ও iii গি ii ও iii ● i, ii ও iii

৫৪. i. দুইটি স্বাভাবিক সংখ্যা x, x + 1

ii. একটি সংখ্যার তিন গুণ 45 হলে সংখ্যাটি 25 হবে।

iii. দুইটি সংখ্যার সমষ্টি 10 এবং একটি সংখ্যা 6 হলে, অপর সংখ্যাটি 4 হবে

নিচের কোনটি সঠিক? (কঠিন)

- কি i ও ii ● i ও iii গি ii ও iii ঘি i, ii ও iii

অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

নিচের তথ্যের আলোকে ৫৫ – ৫৭ নং প্রশ্নের উত্তর দাও :

দুটি স্বাভাবিক সংখ্যার যোগফল 24। [নূর মোহাম্মদ পাবলিক স্কুল অ্যান্ড কলেজ, ঢাকা]

৫৫. একটি সংখ্যা 8 হলে অপর সংখ্যা কত?

- কি 10 ● 16 গি 20 ঘি 32

৫৬. কোন সংখ্যার দ্বিগুণের সাথে 6 যোগ করলে যোগফল উদ্দীপকের যোগফলের সমান হবে?

- কি 6 খি 16 ● 9 ঘি 12

৫৭. কোন সংখ্যা থেকে 4 বিয়োগ করলে বিয়োগফল প্রদত্ত যোগফলের অর্ধেক হবে?

- কি 8 খি 12 ● 16 ঘি 20

নিচের তথ্যের আলোকে ৫৮ – ৬০ নং প্রশ্নের উত্তর দাও :

তিনটি ক্রমিক স্বাভাবিক সংখ্যার যোগফল 54 এবং x হচ্ছে এদের মধ্যে ক্ষুদ্রতম।

৫৮. x এর মান নিচের কোনটি?

- 17 (খ) 19 (গ) 9 (ঘ) 10

৫৯. যদি ৩য় সংখ্যার সাথে $2x$ যোগ করলে যোগফল 29 হয় তবে x এর মান কত হবে?

- (ক) 10 ● 5 (গ) 15 (ঘ) 20

৬০. যদি দ্বিতীয় সংখ্যার থেকে $3x$ বিয়োগ করলে বিয়োগফল $3x$ হয় তবে x এর মান কত হবে?

- 3 (খ) 6 (গ) 9 (ঘ) 12

নিচের তথ্যের আলোকে ৬১ – ৬৩ নং প্রশ্নের উত্তর দাও :

কোনো সংখ্যার 5 গুণ থেকে 3 বিয়োগ করলে বিয়োগফল ঐ সংখ্যার সাথে 17 যোগ করলে তার সমান।

৬১. তথ্যটিকে সমীকরণের মাধ্যমে প্রকাশ করলে হয়— (মধ্যম)

- (ক) $5x - 3 = 20x$ ● $5x - 3 = x + 17$
(গ) $5x - 3 = 17$ (ঘ) $5x - 3x = x + 17$

৬২. সংখ্যাটি কত? (মধ্যম)

- (ক) -6 (খ) -5 ● 5 (ঘ) 3

৬৩. প্রাপ্ত সংখ্যাটির সাথে 7 এর কতগুণ যোগ করলে যোগফল 26 হবে?

(মধ্যম)

- (ক) 1 (খ) 2 ● 3 (ঘ) 4

নিচের তথ্যের আলোকে ৬৪ – ৬৬ নং প্রশ্নের উত্তর দাও :

তিনটি ক্রমিক স্বাভাবিক সংখ্যার যোগফল 90।

৬৪. সবচেয়ে ছোট সংখ্যাটি x হলে, বৃহত্তম সংখ্যাটি কত হবে?(সহজ)

- (ক) 28 (খ) 30 ● 31 (ঘ) 34

৬৫. সংখ্যা তিনটি হবে—

(মধ্যম)

- (ক) 26, 27, 28 (খ) 28, 29, 30 ● 29, 30, 31 (ঘ) 30, 31, 32


ব্যাখ্যা : 29, 30 ও 31 তিনটি ক্রমিক জোড় সংখ্যা এবং $29 + 30 + 31 = 90$.

৬৬. কোনো সংখ্যার চারগুণ, উদ্দীপকের সবচেয়ে ছোট ও সবচেয়ে বড় সংখ্যা দুইটির যোগফল অপেক্ষা 4 কম হলে, সংখ্যাটি কত?(কঠিন)

- (ক) 13 ● 14 (গ) 15 (ঘ) 16

রাইসুল ইসলাম হুদয়

ষষ্ঠ অধ্যায় জ্যামিতির মৌলিক ধারণা



অনুশীলনী ৬.১



পাঠ সম্পর্কিত গুরুত্বপূর্ণ বিষয়াদি



■ অনুশীলনী ৬.১ এর গুরুত্বপূর্ণ তথ্যাবলি

জ্যামিতি : জ্যামিতি গণিত শাস্ত্রের একটি প্রাচীন শাখা। ‘জ্যা’ শব্দের অর্থ ভূমি এবং ‘মিতি’ শব্দের অর্থ পরিমাপ। সুতরাং জ্যামিতি শব্দের অর্থ ভূমির পরিমাপ। ভূমি বা স্থানের পরিমাপ সম্পর্কে আলোচনা থেকেই জ্যামিতির উদব। জ্যামিতি হলো স্থানভিত্তিক বিজ্ঞান।

গণিত শাস্ত্রের যে শাখায় বিন্দু, রেখা, তল ও ঘনবস্তু সম্পর্কিত গুণাবলি নিয়ে যুক্তি, সিদ্ধ ও সুচিন্তিত আলোচনা করা হয় সে শাস্ত্রকে জ্যামিতি বলে।

ঘনবস্তু : যে বস্তুর দৈর্ঘ্য, প্রস্থ ও বেধ বা উচ্চতা আছে তাকে ঘনবস্তু বলে। যেমন, বই, খাতা, ইট, বাস ইত্যাদি।

স্থান : স্থান বলতে আমরা বুঝি কোনো নির্দিষ্ট আকারের বস্তু যতটুকু জায়গা দখল করে।

তল : বিভিন্ন বস্তুর উপরিভাগকে তল বলে। তলের দৈর্ঘ্য ও প্রস্থ আছে কিন্তু বেধ নেই। যেমন, ইট, টেবিলের উপরিভাগ, কাগজের পৃষ্ঠা ইত্যাদি।

রেখা : যার দৈর্ঘ্য আছে কিন্তু প্রস্থ ও বেধ বা উচ্চতা নাই তাকে রেখা বলে।

বিন্দু : যার শুধু অবস্থান আছে দৈর্ঘ্য, প্রস্থ ও বেধ বা উচ্চতা নাই তাকে বিন্দু বলে।

কোণ : একই সমতলে দুইটি রশ্মি একটি বিন্দুতে মিলিত হলে যে জ্যামিতিক চিত্র তৈরি হয় তাকে কোণ বলে। রশ্মি দুইটিকে কোণের বাহু এবং তাদের সাধারণ বিন্দুকে কোণের শীর্ষবিন্দু বলে। রশ্মি দুইটির মধ্যবর্তী পরিমাপই হলো ঐ কোণের পরিমাণ।

সরল কোণ : দুইটি পরস্পর বিপরীত রশ্মি তাদের সাধারণ প্রান্তবিন্দুতে যে কোণ উৎপন্ন করে, তাকে সরল কোণ বলে।

সন্নিহিত কোণ : যদি কোনো তলে দুইটি কোণের একই শীর্ষবিন্দু হয় এবং কোণদ্বয় সাধারণ বাহুর বিপরীত পার্শ্বে অবস্থান করে, তবে ঐ কোণদ্বয়কে সন্নিহিত কোণ বলে।

সমকোণ : যদি একই রেখার উপর অবস্থিত দুইটি সন্নিহিত কোণ পরস্পর সমান হয়, তবে কোণ দুইটির প্রত্যেকটিকে সমকোণ বলে।

লম্ব : সমকোণের বাহু দুটিকে পরস্পরের উপর লম্ব বলা হয়।


বিপ্রতীপ কোণ : কোনো কোণের বাহুদ্বয়ের বিপরীত রশ্মি দুইটি যে কোণ তৈরি করে তাকে ঐ কোণের বিপ্রতীপ কোণ বলে।

পূরক কোণ : দুইটি কোণের পরিমাপের যোগফল ৯০° হলে, কোণ দুইটির একটি অপরটির পূরক কোণ।

সম্পূরক কোণ : দুইটি কোণের পরিমাপের যোগফল ১৮০° হলে, কোণ দুইটির একটি অপরটির সম্পূরক কোণ।

■ অনুশীলনী ৬.১ এর প্রশ্ন ও সমাধান

প্রশ্ন ১১ নিচের ছবিটি লক্ষ কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও।



ক. উপরের তিনটি বিন্দু দিয়ে কয়টি ভিন্ন রেখাংশের নাম করা যায়? নামগুলো উল্লেখ কর।

খ. উপরের তিনটি বিন্দু দিয়ে কয়টি ভিন্ন রেখার নাম করা যায়?

নামগুলো লেখ।

গ. উপরের তিনটি বিন্দু দিয়ে কয়টি রশ্মির নাম করা যায়? নামগুলো লেখ।

ঘ. AB, BC, AC রেখাংশগুলোর মধ্যে একটি সম্পর্ক উল্লেখ কর।

সমাধান :

ক. উপরের তিনটি বিন্দু দিয়ে ভিন্ন ভিন্ন তিনটি রেখাংশের নাম করা যায়। নিম্নে নামগুলো উল্লেখ করা হলো :

- (i) AB রেখাংশ (ii) BC রেখাংশ
(iii) AC রেখাংশ।

খ. উপরের তিনটি বিন্দু দিয়ে তিনটি রেখার নাম করা যায়।

রেখাগুলোর নাম হলো : (i) \overleftrightarrow{AB} (ii) \overleftrightarrow{BC} ও (iii) \overleftrightarrow{AC} ।


গ. উপরের তিনটি বিন্দু দিয়ে ছয়টি রশ্মির নাম করা যায়। নিচে রশ্মিগুলোর নাম দেয়া হলো :

- (i) AC রশ্মি (iii) AB রশ্মি (v) BC রশ্মি
(ii) CA রশ্মি (iv) BA রশ্মি (vi) CB রশ্মি

ঘ. AB, BC, AC রেখাংশগুলোর মধ্যে সম্পর্ক হলো :

$$AC = AB + BC$$

প্রশ্ন ২২ নিচের চিত্রটি লক্ষ কর :



চিত্রের আলোকে নিচের কোনটি সঠিক একান্তর কোণ নির্দেশ করে?

- ক. $\angle AMP$, $\angle CNP$ ● $\angle CNP$, $\angle BMQ$
গ. $\angle BMP$, $\angle BMQ$ ঘ. $\angle BMP$, $\angle DNQ$

প্রশ্ন ২৩

পাশের	a =	
চিত্রে,	?	
	b =	
	?	
	c =	
	?	
	d =	

সমাধান : চিত্রে 30° কোণ এর বিপ্রতীপ কোণ b ।

$$\therefore b = 30^\circ \text{ [কারণ বিপ্রতীপ কোণসমূহ পরস্পর সমান]}$$

আবার, প্রদত্ত চিত্রে 30° কোণ এর বিপ্রতীপ কোণ c

$$\therefore c = 30^\circ$$

এখন, $a + b + c =$ এক সরলকোণ $= 180^\circ$

$$\text{বা, } a + 30^\circ + 30^\circ = 180^\circ$$

$$\text{বা, } a = 180^\circ - 30^\circ - 30^\circ$$

$$\therefore a = 120^\circ$$


আবার, a কোণ এর বিপ্রতীপ কোণ d

$$\therefore d = 120^\circ$$

$$\therefore a = 120^\circ, b = 30^\circ, c = 30^\circ \text{ এবং } d = 120^\circ$$

প্রশ্ন ২৪ প্রমাণ কর যে, বিপ্রতীপ কোণদ্বয়ের সমদ্বিখন্ডকদ্বয় একই সরলরেখায় অবস্থিত।

সমাধান :



মনে করি, AB এবং CD সরলরেখা পরস্পর O বিন্দুতে ছেদ করেছে। তাহলে, $\angle AOD$ এর বিপ্রতীপ $\angle BOC$ । $\angle AOD$

এর সমদ্বিখন্ডক EO এবং $\angle BOC$ এর সমদ্বিখন্ডক FO।

প্রমাণ করতে হবে যে, EO এবং FO একই সরলরেখায় অবস্থিত অর্থাৎ EF একটি সরলরেখা।

প্রমাণ : DO রেখা AB রেখার সাথে O বিন্দুতে মিলিত হয়েছে।

$$\therefore \angle AOD + \angle BOD = 2 \text{ সমকোণ} \dots\dots\dots (i)$$

আবার, BO রেখা CD রেখার সাথে O বিন্দুতে মিলিত হয়েছে।

$$\therefore \angle BOD + \angle BOC = 2 \text{ সমকোণ} \dots\dots\dots (ii)$$

সমীকরণ (i) ও (ii) তুলনা করলে পাই,

$$\therefore \angle AOD + \angle BOD = \angle BOD + \angle BOC$$

$$\therefore \angle AOD = \angle BOC \text{ [উভয়পক্ষ হতে } \angle BOD \text{ বাদ দিয়ে]}$$

$$\text{বা, } \frac{1}{2} \angle AOD = \frac{1}{2} \angle BOC \text{ [উভয়পক্ষে } \frac{1}{2} \text{ দ্বারা গুণ করে]}$$

$$\therefore \angle AOE = \angle BOF$$

[\because OE ও OF যথাক্রমে $\angle AOD$ ও $\angle BOC$ এর সমদ্বিখন্ডক]

সমীকরণ (i) হতে পাই,

$$\text{এখন, } \angle AOE + \angle EOD + \angle BOD = 2 \text{ সমকোণ;}$$

$$[\because \angle AOD = \angle AOE + \angle EOD]$$

$$\text{বা, } \angle BOF + \angle EOD + \angle BOD = 2 \text{ সমকোণ; } \quad [\because \angle AOE = \angle BOF]$$

বা, $\angle EOD + \angle BOD + \angle BOF = 2$ সমকোণ

$\therefore \angle EOF = 2$ সমকোণ = এক সরল কোণ


\therefore EO এবং FO সরলরেখাদ্বয় একই সরলরেখায় অবস্থিত। অর্থাৎ EF একটি সরলরেখা।

অতএব, বিপ্রতীপ কোণদ্বয়ের সমদ্বিখণ্ডকদ্বয় একই সরলরেখায় অবস্থিত।

[প্রমাণিত]

প্রশ্ন ১১ পাশের চিত্র থেকে প্রমাণ কর যে,

$\angle x + \angle y = 90^\circ$.



সমাধান : প্রদত্ত চিত্র হতে প্রমাণ করতে হবে যে, $\angle x + \angle y = 90^\circ$

প্রমাণ : প্রদত্ত চিত্র হতে,

$\angle x + \angle x + \angle y + \angle y = 180^\circ = 1$ সরলকোণ

বা, $2\angle x + 2\angle y = 180^\circ$ [\because 1 সরলকোণ = 180°]

বা, $2(\angle x + \angle y) = 180^\circ$

বা, $\angle x + \angle y = \frac{180^\circ}{2}$

$\therefore \angle x + \angle y = 90^\circ$ [প্রমাণিত]

অতিরিক্ত সৃজনশীল প্রশ্ন ও সমাধানঃ অনুশীলনী ৬.১ এর আলোকে


প্রশ্ন-১ \gg সম্পূরক কোণ, বিপ্রতীপ কোণ

AB সরলরেখার O বিন্দুতে OC রশ্মির প্রান্তবিন্দু মিলিত হয়েছে। ফলে $\angle AOC$ ও $\angle COB$ সন্নিহিত কোণ উৎপন্ন হয়েছে।

ক. তথ্য চিত্র আঁক।

খ. প্রমাণ কর যে, $\angle AOC + \angle COB =$ দুই সমকোণ।

গ. যদি OC রশ্মির বিপরীতে OD বরাবর বর্ধিত করায় O বিন্দুতে চারটি কোণ উৎপন্ন হয়। তবে প্রমাণ কর যে, $\angle AOC =$ বিপ্রতীপ $\angle BOD$, $\angle COB =$ বিপ্রতীপ $\angle AOD$.



প্রমাণ : $\angle AOC + \angle COB$

$= \angle AOP + \angle POC + \angle COB$

[$\because \angle AOC = \angle AOP + \angle POC$]


$= \angle AOP + \angle POB$ [$\because \angle POC + \angle COB = \angle POB$]

$= 2$ সমকোণ [$\because \angle AOP$ ও $\angle BOP$ প্রত্যেকে এক সমকোণ]

(প্রমাণিত)

গ. AB রেখা DC রেখার সাথে O বিন্দুতে মিলিত হলে প্রমাণ করতে হবে যে, $\angle AOC =$ বিপ্রতীপ $\angle BOD$ এবং $\angle COB =$ বিপ্রতীপ $\angle AOD$.

অঙ্কন : OC রশ্মিকে OD বরাবর বর্ধিত করা হলো এতে AB রেখা DC রেখার সাথে O বিন্দুতে মিলিত হয়।




প্রমাণ : OC রেখাংশের O বিন্দুতে AB রেখা মিলিত হয়।

$\therefore \angle AOC + \angle COB =$ দুই সমকোণ

আবার, AO রেখার O বিন্দুতে CD রেখা মিলিত হয়।

১ নং প্রশ্নের সমাধান

ক. (ক) প্রদত্ত তথ্যের ভিত্তিতে চিত্রটি আঁকা হলো-




খ. AB একটি সরলরেখা O বিন্দুতে OC রশ্মির প্রান্ত বিন্দুতে মিলিত হয়েছে। প্রমাণ করতে হবে যে $\angle AOC + \angle COB =$ দুই সমকোণ।

অঙ্কন : $OP \perp AB$ আঁকি।

$\therefore \angle AOD + \angle AOC =$ দুই সমকোণ
 $\therefore \angle AOC + \angle COB = \angle AOD + \angle AOC$
 $\therefore \angle COB = \angle AOD$; কিন্তু এরা পরস্পর বিপ্রতীপ কোণ।

$\therefore \angle COB =$ বিপ্রতীপ $\angle AOD$
 অনুরূপভাবে, $\angle AOC =$ বিপ্রতীপ $\angle BOD$ (প্রমাণিত)




অঙ্কনের ধাপসমূহ :

- 1। O বিন্দুকে কেন্দ্র করে যেকোনো ব্যাসার্ধ নিয়ে একটি বৃত্তচাপ আঁকি। বৃত্তচাপটি AB রেখাকে R ও Q বিন্দুতে ছেদ করে।
- 2। R ও Q কে কেন্দ্র করে RQ এর অর্ধেকের বেশি ব্যাসার্ধ নিয়ে RQ এর একই পাশে দুইটি বৃত্তচাপ আঁকি। বৃত্তচাপ দুইটি পরস্পরকে P বিন্দুতে ছেদ করে।
- 3। P, O যোগ করি। তাহলে AB রেখার উপর OP লম্ব আঁকা হলো।
- 4। OP রেখার উপর একটি বিন্দু C নিই এবং অনুরূপভাবে $CE \perp OP$ আঁকি।

প্রশ্ন- ২ সঙ্গ্রহক কোণ, লম্ব অঙ্কন

চিত্রে AB || CD.



[মতিঝিল আইডিয়াল স্কুল এন্ড কলেজ, ঢাকা]

- ক. চিত্রে $\angle CDO =$ কত ডিগ্রি? ২
 খ. প্রমাণ কর যে, $\angle BOD + \angle DOA =$ দুই সমকোণ। ৪
 গ. AB রেখার O বিন্দুতে এবং OP রেখার C বিন্দুতে লম্ব আঁক। ৪

২ নং প্রশ্নের সমাধান


- ক. চিত্র হতে পাই, $\angle BOD = 50^\circ$
 কিন্তু $\angle BOD$ এর একান্তর $\angle CDO$ পরস্পর সমান।
 $\therefore \angle CDO = 50^\circ$ (Ans.)
 খ. OD রেখার O বিন্দুতে AB রেখা মিলিত হয়েছে। প্রমাণ করতে হবে যে, $\angle BOD + \angle DOA =$ দুই সমকোণ।

অঙ্কন : O বিন্দুতে $OC \perp AB$ আঁকি।

প্রমাণ : $\angle BOD + \angle DOA$
 $= \angle BOD + \angle AOC + \angle COD$
 $= \angle AOC + \angle BOD + \angle COD$
 $= \angle AOC + \angle BOC$ [$\because \angle BOD + \angle COD = \angle BOC$]
 $= 2$ সমকোণ। (প্রমাণিত)

- গ. মনে করি, AB রেখার O বিন্দুতে এবং OP রেখার C বিন্দুতে লম্ব আঁকতে হবে।

প্রশ্ন- ৩ সঙ্গ্রহক কোণ, বিপ্রতীপ কোণ, লম্ব অঙ্কন



[তাসলিমা মেমোরিয়াল একাডেমি, বরগুনা]

- ক. প্রমাণ কর যে, $\angle ROD = 1$ সমকোণ। ২
 খ. AB ও CD পরস্পরকে O বিন্দুতে ছেদ করেছে। প্রমাণ কর যে, উৎপন্ন বিপ্রতীপ কোণগুলো পরস্পর সমান। ৪
 গ. CD রেখাংশের দৈর্ঘ্য 7.6 cm। C বিন্দু থেকে 2.5 cm দূরে P বিন্দুতে লম্ব আঁক। ৪

৩ নং প্রশ্নের সমাধান

ক. চিত্র হতে পাই,

$$\angle x + \angle y + \angle x + \angle y = 180^\circ$$

$$\text{বা, } 2\angle x + 2\angle y = 180^\circ$$

$$\text{বা, } 2(\angle x + \angle y) = 180^\circ$$

বা, $\frac{2(\angle x + \angle y)}{2} = \frac{180^\circ}{2}$ [উভয়পক্ষকে 2 দ্বারা ভাগ

করে]

বা, $\angle x + \angle y = 90^\circ$

$\therefore \angle ROD =$ এক সমকোণ। (প্রমাণিত)


- খ. AB ও CD রেখা পরস্পর O বিন্দুতে ছেদ করলে প্রমাণ করতে হবে যে, $\angle BOD =$ বিপ্রতীপ $\angle AOC$ এবং $\angle BOC =$ বিপ্রতীপ কোণ $\angle AOD$

প্রমাণ : OA রশ্মি O বিন্দুতে CD রেখা মিলিত হয়েছে।

$\therefore \angle AOC + \angle AOD = 180^\circ$

আবার, OD রশ্মি O বিন্দুতে AB রেখা মিলিত হয়েছে।

$\therefore \angle AOD + \angle BOD = 180^\circ$




সুতরাং $\angle AOC + \angle AOD = \angle AOD + \angle BOD$

$\therefore \angle AOC = \angle BOD$

সুতরাং $\angle BOD =$ বিপ্রতীপ $\angle AOC$

অনুরূপভাবে $\angle BOC =$ বিপ্রতীপ $\angle AOD$ (প্রমাণিত)

- গ. CD = 7.6 cm একটি রেখাংশ আঁকি। C বিন্দু থেকে 2.5 cm দূরে P বিন্দু চিহ্নিত করি। উক্ত বিন্দুতে লম্ব আঁকতে হবে।



অঙ্কনের ধাপসমূহ :

- 1। P কে কেন্দ্র করে সুবিধামত ব্যাসার্ধ নিয়ে একটি বৃত্তচাপ আঁকি যা CD কে A ও B বিন্দুতে ছেদ করে।
- 2। A ও B কে কেন্দ্র করে AB এর অর্ধেকের বেশি ব্যাসার্ধ নিয়ে একই পাশে দুইটি বৃত্তচাপ আঁকি, যারা পরস্পর Q বিন্দুতে ছেদ করে।
- 3। Q, P যোগ করি। সুতরাং PQ রেখাংশ CD রেখাংশের উপর লম্ব।

প্রশ্ন- 8

বর্গ, লম্ব অঙ্কন

অপু এমন একটি বর্গ আঁকল যার প্রতিটি বাহুর দৈর্ঘ্য 5 সে.মি.।

- ক. বর্গটির ক্ষেত্রফল কত বর্গ সে.মি.? ২
- খ. বর্গটি আঁক। বাহুগুলোর মধ্যবিন্দু চিহ্নিত কর। মধ্যবিন্দুগুলো সংযুক্ত করলে যে চতুর্ভুজ উৎপন্ন হয় তা কী ধরনের? ৪
- গ. প্রদত্ত পরিমাপের রেখাংশের নির্দিষ্ট কোনো বিন্দুতে একটি লম্ব আঁক। ৪


৪ নং প্রশ্নের সমাধান

ক. বর্গের প্রত্যেক বাহুর দৈর্ঘ্য 5 সে.মি.

\therefore বর্গের ক্ষেত্রফল = $(5)^2$ বর্গ সে.মি.

= 25 বর্গ সে.মি. (Ans.)

খ.




ABCD একটি বর্গ। যার প্রত্যেকটি বাহু 5 সে.মি.। বর্গের বাহু AB, BC, CD ও DA এর মধ্যবিন্দু যথাক্রমে E, F, G এবং H. মধ্যবিন্দুগুলো যোগ করলে EFGH একটি চতুর্ভুজ উৎপন্ন হয়। যার প্রত্যেকটি বাহু সমান অর্থাৎ $EF = FG = GE$, এবং এর প্রত্যেকটি কোণ সমকোণ। সুতরাং উৎপন্ন চতুর্ভুজটি একটি বর্গ।

- গ. প্রদত্ত পরিমাপের রেখাংশের উপর একটি নির্দিষ্ট বিন্দুতে একটি লম্ব আঁকতে হবে।

অঙ্কনের ধাপসমূহ :

- 1। মনে করি, AB একটি রেখাংশ। যখন $AB = 5$ সে.মি.



- 2। AB এর উপর একটি নির্দিষ্ট বিন্দু P.

- 3। P কে কেন্দ্র করে যেকোনো ব্যাসার্ধ নিয়ে একটি বৃত্তচাপ আঁকি। যা AB কে C ও D বিন্দুতে ছেদ করে।

৪। C ও D কে কেন্দ্র করে, যেকোনো ব্যাসার্ধ নিয়ে AB এর একই পাশে দুইটি বৃত্তচাপ আঁকি। যারা পরস্পর Q বিন্দুতে ছেদ করছে।

৫। P ও Q যোগ করি। সুতরাং AB এর উপর PQ লম্ব।


প্রশ্ন- ৫ ▶▶ _____ সম্পূরক কোণ, বিপ্রতীপ কোণ

AB ও CD পরস্পর O বিন্দুতে ছেদ করেছে।

- ক. উপরের তথ্যের আলোকে বিবরণসহ একটি চিত্র আঁক। ২
- খ. $\angle BOC$ এর দুইটি সম্পূরক এবং উৎপন্ন বিপ্রতীপ কোণগুলোর নাম লেখ। ৪
- গ. প্রমাণ কর যে, বিপ্রতীপ কোণগুলো পরস্পর সমান। ৪

৫ নং প্রশ্নের সমাধান

ক.




অঙ্কনের ধাপসমূহ :

- প্রথমে AB রেখা আঁকি।
 - AB রেখার উপর যেকোনো একটি বিন্দু O নিই।
 - O বিন্দু দিয়ে CD রেখা আঁকি। যারা পরস্পর O বিন্দুতে ছেদ করে।
- খ. $\angle BOC$ এর দুইটি সম্পূরক $\angle AOC$ এবং $\angle BOD$ আবার, $\angle BOD$ এর বিপ্রতীপ $\angle AOC$ এবং $\angle BOC$ এর বিপ্রতীপ $\angle AOD$.
- গ. মনে করি, AB ও CD রেখা দুয় পরস্পর O বিন্দুতে ছেদ করেছে। ফলে O বিন্দুতে $\angle AOC$, $\angle COB$, $\angle BOD$, $\angle AOD$ কোণ উৎপন্ন হয়েছে। প্রমাণ করতে হবে যে, $\angle AOC =$ বিপ্রতীপ $\angle BOD$ এবং $\angle COB =$ বিপ্রতীপ $\angle AOD$.
- প্রমাণ : OA রশ্মির O বিন্দুতে CD রেখা মিলিত হয়েছে।
 $\therefore \angle AOC + \angle AOD = 1$ সরলকোণ $= 2$ সমকোণ
 আবার, OD রশ্মির O বিন্দুতে AB রেখা মিলিত হয়েছে।

$\therefore \angle AOD + \angle BOD = 1$ সরলকোণ $= 2$ সমকোণ
 সুতরাং $\angle AOC + \angle AOD = \angle AOD + \angle BOD$
 $\therefore \angle AOC = \angle BOD$ [উভয়পক্ষ থেকে $\angle AOD$ বাদ দিয়ে]

অনুরূপভাবে দেখানো যায় যে, $\angle COB = \angle AOD$ (প্রমাণিত)

প্রশ্ন- ৬ ▶▶ _____ সম্পূরক কোণ, বিপ্রতীপ কোণ ও এর সমদ্বিখন্ডক




[কুমিল্লা মডার্ন হাই স্কুল]

- ক. বিপ্রতীপ কোণ কাকে বলে? ২
- খ. প্রমাণ কর যে, $\angle AOC = \angle BOD$ ৪
- গ. প্রমাণ কর যে, $\angle AOD$ এবং $\angle BOC$ সমদ্বিখন্ডক একই সরল রেখায় অবস্থিত। ৪

৬ নং প্রশ্নের সমাধান

ক. কোন কোণের বাহুদ্বয়ের বিপরীত রশ্মিদ্বয় যে কোণ তৈরি করে তাকে ঐ কোণের বিপ্রতীপ কোণ বলে। যেমন চিত্রে, $\angle AOC =$ বিপ্রতীপ $\angle BOD$.

খ. মনে করি, AB, CD রেখা পরস্পর O বিন্দুতে মিলিত হয়েছে।



প্রমাণ করতে হবে যে, $\angle AOC = \angle BOD$

প্রমাণ : OA রশ্মির O বিন্দুতে CD রেখা মিলিত হয়েছে।

$\therefore \angle AOD + \angle AOC = 2$ সমকোণ


আবার, OD রশ্মির O বিন্দুতে AB রেখা মিলিত হয়েছে।

$\therefore \angle AOD + \angle BOD = 2$ সমকোণ

সুতরাং $\angle AOD + \angle AOC = \angle AOD + \angle BOD$

$\therefore \angle AOC = \angle BOD$ (প্রমাণিত)

- গ. মনে করি, $\angle AOC$ এর সমদ্বিখন্ডক OE এবং $\angle BOD$ এর সমদ্বিখন্ডক OF। প্রমাণ করতে হবে যে, OE ও OF



একই সরলরেখায় অবস্থিত।

প্রমাণ : AB রেখা ও CD রেখা O বিন্দুতে মিলিত হয়েছে।

$$\angle AOC = \angle BOD \text{ [“খ” হতে]}$$

$$\text{বা, } \frac{1}{2} \angle AOC = \frac{1}{2} \angle BOD$$

$$\therefore \angle AOE = \angle BOF$$

[\because OE ও OF যথাক্রমে $\angle AOC$ ও $\angle BOD$ এর সমদ্বিখন্ডক]

এখন, $\angle AOD + \angle DOF + \angle BOF = 2$ সমকোণ

বা, $\angle AOD + \angle DOF + \angle AOE = 2$ সমকোণ

$$\therefore \angle EOF = 2 \text{ সমকোণ}$$


\therefore OE ও OF একই সরলরেখায় অবস্থিত।

সুতরাং, $\angle AOD$ ও $\angle BOC$ এর সমদ্বিখন্ডক একই সরলরেখায় অবস্থিত। (প্রমাণিত)

গ. মনে করি, AB সরলরেখাটির O বিন্দুতে OC রশ্মির প্রান্তবিন্দু মিলিত হয়েছে। প্রমাণ করতে হবে যে, $\angle AOC + \angle BOC = 2$ সমকোণ।

অঙ্কন : O বিন্দুতে $OD \perp AB$ আঁকি।

প্রমাণ :



AB রেখার উপর DO লম্ব আঁকি।

এখন, $\angle AOC + \angle BOC$

$$= \angle AOD + \angle COD + \angle BOC \text{ [}\because \angle AOC = \angle AOD + \angle COD\text{]}$$

$$= \angle AOD + \angle BOD \text{ [}\because \angle BOD = \angle COD = \angle BOC\text{]}$$

$$= 2 \text{ সমকোণ (প্রমাণিত)}$$

প্রশ্ন- ৭

সম্পূরক কোণ

OC রশ্মির প্রান্তবিন্দু O তে AB সরলরেখাটি মিলিত হয়েছে।

[চট্টগ্রাম সরকারি উচ্চ বিদ্যালয়]


ক. উপরের তথ্যের ভিত্তিতে চিত্র অঙ্কন কর। ২

খ. $\angle BOC$ এর সম্পূরক কোণ কোনটি এবং কেন? ৪

গ. প্রমাণ কর যে, $\angle AOC + \angle BOC = 2$ সমকোণ। ৪

৭ নং প্রশ্নের সমাধান

ক. প্রদত্ত তথ্যের ভিত্তিতে চিত্র অঙ্কন করা হলো-




চিত্রে OC রশ্মির প্রান্তবিন্দু O তে AB সরলরেখাটি মিলিত হয়েছে।

খ. $\angle BOC$ এর সম্পূরক $\angle AOC$ কেননা, AB সরলরেখা OC এর O বিন্দু দিয়ে যায়। সুতরাং $\angle AOC + \angle BOC = 180^\circ$ অতএব, আমরা বলি $\angle BOC$ এর সম্পূরক $\angle AOC$ ।

প্রশ্ন- ৮

সম্পূরক কোণ



[রংপুর জিলা স্কুল]

ক. $\angle BOM$ এর সমদ্বিখন্ডক বাহু কোনটি? ২

খ. চিত্রে সরলকোণ কোনটি এবং কেন? ৪


গ. দেখাও যে, $\angle x + \angle y = 90^\circ$ ৪

৮ নং প্রশ্নের সমাধান

ক. $\angle BOM$, OP দ্বারা $\angle POM$ ও $\angle BOP$ কোণে সমদ্বিখন্ডিত।

অতএব, $\angle BOM$ এর সমদ্বিখন্ডক বাহু OP।

খ. চিত্রে $\angle AOB = 180^\circ$ এক সরলকোণ।



মনে করি, AB সরলরেখার O বিন্দুতে OP রশ্মির প্রান্তবিন্দু মিলিত হয়েছে। ফলে $\angle AOP$ এবং $\angle POB$ দুইটি সন্নিহিত কোণ উৎপন্ন হলো।

AB রেখার উপর OM লম্ব আঁকি।

$$\therefore \angle AOP + \angle POB = \angle AOM + \angle POM + \angle POB$$

$$= \angle AOM + \angle MOB$$

$$[\text{যেহেতু } \angle POM + \angle POB = \angle MOB]$$

$$= 2 \text{ সমকোণ।}$$

$$\therefore \angle AOP + \angle POB = 2 \text{ সমকোণ বা সরল কোণ।}$$

[যেহেতু $\angle AOM$ ও $\angle MOB$ প্রত্যেকেই এক সমকোণ]

$$\text{অর্থাৎ, } \angle AOB = 180^\circ$$

গ. প্রমাণ : চিত্র হতে, $\angle x + \angle x + \angle y + \angle y = 1$ সরলকোণ

$$\text{বা, } 2\angle x + 2\angle y = 180^\circ [\because \text{সরল কোণ} = 180^\circ]$$

$$\text{বা, } 2(\angle x + \angle y) = 180^\circ$$

$$\text{বা, } \angle x + \angle y = \frac{180^\circ}{2}$$

$$\text{সুতরাং } \angle x + \angle y = 90^\circ \text{ [দেখানো হলো]}$$

$$\therefore \angle ZOT = 35^\circ$$

$$\text{সুতরাং } \angle ZOT \text{ এর সম্পূরক কোণ} = (180^\circ - 35^\circ) = 145^\circ.$$

খ. 'ক' থেকে প্রাপ্ত $\angle ROZ = \angle B = 35^\circ$

এখন OW ও OZ রশ্মিদ্বয়ের সাধারণ প্রান্তবিন্দু O তে $\angle WOZ$ সরলকোণ উৎপন্ন করে,

$$\therefore \angle WOZ = 180^\circ$$

$$\text{বা, } \angle WOS + \angle SOR + \angle ROZ = 180^\circ$$

$$\text{বা, } 35^\circ + \angle C + 35^\circ = 180^\circ$$

$$\text{বা, } \angle C + 70^\circ = 180^\circ$$

$$\text{বা, } \angle C + 70^\circ - 70^\circ = 180^\circ - 70^\circ \text{ [উভয়পক্ষ থেকে } 70^\circ \text{ বাদ দিয়ে]}$$

$$\text{বা, } \angle C = 110^\circ$$

$$\text{সুতরাং } \angle C = 110^\circ \text{ (দেখানো হলো)}$$

গ. মনে করি, ST সরল রেখাটির O বিন্দুতে OR রশ্মির প্রান্তবিন্দু মিলিত হয়েছে। ফলে $\angle SOR$ ও $\angle TOR$ সন্নিহিত কোণ উৎপন্ন হলো। প্রমাণ করতে হবে যে

$$\angle SOR + \angle TOR = 180^\circ$$


$$\text{এখন, } \angle SOR + \angle TOR = \angle SOR + \angle ROZ + \angle TOZ$$

$$= \angle SOR + \angle B + \angle A \text{ ['ক' থেকে]}$$

$$= 110^\circ + 35^\circ + 35^\circ = 180^\circ$$

$$\text{সুতরাং } \angle SOR + \angle TOR = 180^\circ \text{ (প্রমাণিত)}$$

প্রশ্ন- ৯ \rightarrow সম্পূরক কোণ, বিপ্রতীপ কোণ



চিত্রে PR, ST, WZ রেখাদ্বয় পরস্পর O বিন্দুতে ছেদ করেছে।

ক. চিত্রে $\angle ROZ$ ও $\angle ZOT$ এর যথাক্রমে পূরক ও সম্পূরক কোণ লেখ। ২

খ. দেখাও যে, $\angle C = 110^\circ$ ৪

গ. প্রমাণ কর যে, $\angle SOR$ ও $\angle TOR$ সন্নিহিত কোণ দুইটির সমষ্টি 180° । ৪

৯ নং প্রশ্নের সমাধান \rightarrow


ক. $\angle ROZ =$ বিপ্রতীপ $\angle POW = 35^\circ$.

$$\therefore \angle ROZ = 35^\circ$$

$$\text{সুতরাং } \angle ROZ \text{ এর পূরক কোণ} = (90^\circ - 35^\circ) = 55^\circ$$

$$\angle ZOT = \text{বিপ্রতীপ } \angle SOW = 35^\circ$$

প্রশ্ন- ১০ \rightarrow সম্পূরক কোণ, বিপ্রতীপ কোণ



চিত্রে, AB ও CD রেখাংশ দুইটি পরস্পর O বিন্দুতে ছেদ করে।

ক. AB সরলরেখার O বিন্দুতে লম্ব আঁক। ২


খ. প্রমাণ কর যে, $\angle AOC + \angle BOC =$ দুই

সমকোণ। ৪

গ. দেখাও যে, $\angle AOC = \angle BOD$ এবং
 $\angle AOD = \angle BOC$. ৪

১০ নং প্রশ্নের সমাধান স্ত

ক.



AB সরলরেখার O বিন্দুতে OP লম্ব আঁকা হলো।

খ. চিত্র 'ক' এর আলোকে,

মনে করি, AB সরলরেখাটির O বিন্দুতে OC রশ্মির প্রান্তবিন্দু মিলিত হয়েছে। ফলে $\angle AOC$ ও $\angle COB$ দুইটি সন্নিহিত কোণ উৎপন্ন হলো।

অঙ্কন : AB এর উপর OP লম্ব আঁকি।

প্রমাণ : $\angle AOC + \angle COB = \angle AOC + \angle COP + \angle POB$


$$= \angle AOP + \angle POB$$

$$[\text{যেহেতু } \angle AOC + \angle COP = \angle AOP]$$

$$= \text{দুই সমকোণ}$$

[যেহেতু $\angle AOP$ ও $\angle POB$ এর প্রত্যেকে এক সমকোণ]
(প্রমাণিত)

গ.



মনে করি, AB ও CD রেখাদ্বয় পরস্পর O বিন্দুতে ছেদ করেছে। ফলে O বিন্দুতে $\angle AOC$, $\angle COB$, $\angle BOD$, $\angle AOD$ কোণ উৎপন্ন হয়েছে। প্রমাণ করতে হবে যে, $\angle AOC =$ বিপ্রতীপ $\angle BOD$ এবং $\angle AOD =$ বিপ্রতীপ $\angle BOC$.

প্রমাণ : OA রশ্মির O বিন্দুতে CD রেখা মিলিত হয়েছে।

$$\therefore \angle AOC + \angle AOD = 1 \text{ সরল কোণ} = 2 \text{ সমকোণ}$$

আবার, OD রশ্মির O বিন্দুতে AB রেখা মিলিত হয়েছে।

$$\therefore \angle AOD + \angle BOD = 1 \text{ সরলকোণ} = 2 \text{ সমকোণ}$$

সুতরাং $\angle AOC + \angle AOD = \angle AOD + \angle BOD$

$$\therefore \angle AOC = \angle BOD \text{ [উভয়পক্ষ থেকে } \angle AOD \text{ বাদ দিয়ে]}$$

অনুরূপভাবে দেখানো যায় যে, $\angle AOD = \angle BOC$ (প্রমাণিত)

অতিরিক্ত সৃজনশীল প্রশ্ন ও উত্তরসংকেত অনুশীলনী ৬.১ এর আলোকে

প্রশ্ন- ১৯ \gg _____ রেখা, রেখাংশ \gg

তোমার খাতায় P ও R দুইটি বিন্দু নাও।


ক. বিন্দু দুইটি দিয়ে একটি সরলরেখা এবং তিনটি বক্ররেখা আঁক। ২

খ. PR রেখার অন্তঃস্থ একটি বিন্দু Q নাও এবং বিন্দু তিনটি দিয়ে উৎপন্ন রেখাংশগুলোর নাম লেখ। ৪

গ. যদি $PQ : QR = 1 : 3$ এবং $PQ = 12$ সে. মি হয় তবে QR এর দৈর্ঘ্য নির্ণয় কর। ৪

উত্তর : গ. 36 সে.মি।

প্রশ্ন- ২০ \gg _____ সম্পূরক কোণ \gg




ক. $\angle POR$ ও $\angle QOR$ কোণ দুইটির একটি অপরটির কী ধরনের কোণ? ২

খ. প্রমাণ কর যে, $\angle POR + \angle QOR = 2$ সমকোণ। ৪

গ. $\angle POR = (3x - 25)^\circ$ এবং $\angle QOR = (2x + 5)^\circ$ হয় তবে, প্রতিটি কোণের মান নির্ণয় কর। ৪

উত্তর : ক. সম্পূরক কোণ; গ. 95° , 85° ।

প্রশ্ন- ২১ \gg _____ বিপ্রতীপ কোণ, সম্পূরক কোণ \gg



- খ. দেখাও যে, $\angle S = 120^\circ$. 8
 গ. $\angle P + \angle Q + \angle R + \angle S =$ কত? 8
 উত্তর : ক. $\angle BOF, \angle DOF$; গ. 300° ।

চিত্রে O বিন্দু হচ্ছে AB, CD ও EF সরলরেখার ছেদবিন্দু।

ক. চিত্রে $\angle AOE$ ও $\angle EOC$ এর বিপ্রতীপ কোণ দেখাও।

২

সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

- Elements গ্রন্থটি কত খণ্ডে লিপিবদ্ধ হয়েছিল?
 ক ১০ গ ১৩ ঘ ১৫ ঙ ১৭
- ইউক্লিড কোন দেশের পণ্ডিত ছিলেন?
 ক চীন খ মিসর গ ইতালি ঘ গ্রিস
- 'জ্যা' অর্থ কী?
 ক পরিমাপ খ পরিমাণ গ ভূমি ঘ রাশি
- 'মিতি' অর্থ কী? (সহজ)
 ক পরিমাপ খ পরিমাণ গ ভূমি ঘ স্থান
- কিসের পরিমাপ সম্পর্কে আলোচনা থেকেই জ্যামিতির উদ্ভব?
 (সহজ)
 ক পানির গ ভূমির ঘ তেলের ঙ গাছের
- খ্রিস্টপূর্ব কত অব্দে গ্রিক পণ্ডিত ইউক্লিড Elements পুস্তকটি রচনা করেন?
 ক ৩০০ খ ৩১০ গ ৩৩০ ঘ ৪০০
- অধ্যাপক ইউক্লিড জ্যামিতিক পরিমাপ তাঁর কোন পুস্তকে লিপিবদ্ধ করেন?
 ক Elements খ Neucleus
 গ Mole ঘ Atom

বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৮. ইউক্লিডীয় জ্যামিতির মূল প্রতিপাদ্য বিষয়—

- কিছু মৌলিক ধারণা বা স্বতঃসিদ্ধের ওপর নির্ভর করে জ্যামিতিক অঙ্কন।
 - যুক্তি দ্বারা অঙ্কনের নির্ভুলতা প্রমাণ
 - সামান্তরিকের ক্ষেত্রফল নির্ণয়
- নিচের কোনটি সঠিক? (সহজ)
 ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর


- যার দৈর্ঘ্য, প্রস্থ ও বেধ বা উচ্চতা আছে তাকে কী বলে?
 ক রেখা খ তল গ বিন্দু ঘ ঘনবস্তু
- নিচের কোনটি ঘনবস্তু? (সহজ)
 ক ইট খ বৃত্ত গ রেখা ঘ বিন্দু
- কোনো নির্দিষ্ট আকারের বস্তু যতটুকু জায়গা দখল করে তা হলো—
 (সহজ)
 ক স্থান খ তল গ রেখা ঘ বিন্দু
- যার দৈর্ঘ্য ও প্রস্থ আছে, কিন্তু বেধ নেই তাকে কী বলে?(সহজ)
 ক রেখা খ বিন্দু গ ঘনবস্তু ঘ তল
- বস্তুর উপরিভাগ থেকে আমরা কোনটির ধারণা পাই?
 ক বিন্দুর খ রেখার গ স্থানের ঘ তলের
- বস্তুর প্রত্যেক পৃষ্ঠই এক একটি—
 (সহজ)
 ক রেখা খ বিন্দু গ তল ঘ ঘনবস্তু

১৫. একটি ইটের কয়টি তল আছে?

(সহজ)

- ক তিন খ চার গ পাঁচ ঘ ছয়

১৬. পাশের চিত্রে কতটি তল আছে? [বগুড়া সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]



- ক ৩ খ ৪ গ ৬ ঘ ৮

১৭. যার কেবল অবস্থান আছে, কিন্তু দৈর্ঘ্য, প্রস্থ ও বেধ নেই তাকে কী বলে? (সহজ)

- ক রেখা গ ঘনবস্তু ঘ তল

বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

১৮. একটি ঘনবস্তুর আছে—

i. দৈর্ঘ্য, প্রস্থ ও বেধ

ii. নির্দিষ্ট আকার

iii. একটি মাত্র প্রান্ত বিন্দু

নিচের কোনটি সঠিক? [বগুড়া সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]

- ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

১৯. তলের—

i. একটি প্রান্তবিন্দু থাকে

ii. দৈর্ঘ্য ও প্রস্থ আছে

iii. বেধ নেই

নিচের কোনটি সঠিক? (সহজ)

- ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

নিচের তথ্যের আলোকে ২০ – ২২ নং প্রশ্নের উত্তর দাও:



২০. উপরের চিত্রটি একটি— (সহজ)

- ক ঘনবস্তু খ আয়ত গ বর্গ ঘ রম্বস

ব্যাখ্যা : উপরের চিত্রটি একটি ইটের যার দৈর্ঘ্য, প্রস্থ ও উচ্চতা আছে। তাই এটি ঘনবস্তু।

২১. উপরের চিত্রটিতে কয়টি তল আছে? (সহজ)

- ক ৪ গ ৮ ঘ ১০

ব্যাখ্যা : উপরের চিত্রটি একটি ইট। ইটের ৬টি পৃষ্ঠই ছয়টি তল নির্দেশ করে।

২২. উপরের চিত্রে কতটি বিন্দু আছে? (সহজ)

- ক ৮ খ ৯ গ ১২ ঘ ১৪

সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

২৩. রশ্মির প্রান্ত বিন্দু কয়টি থাকে?

- ক একটি খ দুইটি গ তিনটি ঘ বহু

২৪. দুইটি নির্দিষ্ট বিন্দু দিয়ে অঙ্কিত সরলরেখার সংখ্যা হবে—

- ক একটি খ দুইটি গ তিনটি ঘ অসংখ্য

ব্যাখ্যা : দুইটি নির্দিষ্ট বিন্দু দিয়ে একটি ও কেবলমাত্র একটি সরলরেখা আঁকা যায়।

২৫. পাশের চিত্রটি কী নির্দেশ করে? $\bullet \longrightarrow$ (মধ্যম)


- ক রেখা গ রেখাংশ ঘ বক্ররেখা

ব্যাখ্যা : চিত্রটির একটি প্রান্তবিন্দু আছে তাই এটি রশ্মি।

২৬. রেখার একটি অংশকে কী বলে? (সহজ)

- ক বক্ররেখা খ সরলরেখা গ রেখাংশ ঘ রশ্মি

২৭.



উপরের চিত্রে AB কে কী বলা হয়?

- ক রেখাংশ খ রশ্মি
 গ সরলরেখা ঘ বক্ররেখা

২৮. $\longleftarrow \longrightarrow$ চিত্রটি কী নির্দেশ করে? (মধ্যম)

- ক সরলরেখা খ রশ্মি
 গ রেখাংশ ঘ বক্ররেখা

ব্যাখ্যা : চিত্রটির নির্দিষ্ট প্রান্তবিন্দু বা দৈর্ঘ্য নেই তাই এটি একটি সরল রেখা।

২৯. প্রান্ত বিন্দুদ্বয়ের দূরত্বই হচ্ছে একটি রেখাংশের—

- ক দৈর্ঘ্য খ প্রস্থ গ উচ্চতা ঘ ক্ষেত্রফল

৩০. রেখাংশের কয়টি প্রান্ত বিন্দু আছে?

- ক একটি গ দুইটি
 গ তিনটি ঘ কোনো প্রান্তবিন্দু নেই

৩১. যেসব বিন্দু একই সরলরেখায় অবস্থান করে তাদের কী বলে? (সহজ)

- ক বিন্দুর দূরত্ব গ সমরেখ বিন্দু

গ) অন্তঃস্থ বিন্দু

ঘ) সংযোগ রেখা

৩২. প্রান্তবিন্দুদ্বয় ছাড়া রেখাংশের যেকোনো বিন্দুকে ঐ রেখাংশের কী বিন্দু বলে?

(সহজ)

ক) সংযোগ বিন্দু

খ) সমবিন্দু

● অন্তঃস্থ বিন্দু

ঘ) প্রান্তবিন্দু

৩৩. একই সমতলে দুইটি রেখা কয়টি বিন্দুতে ছেদ করতে পারে?

(মধ্যম)

● ১

খ) ২

গ) ৫

ঘ) অসংখ্য

৩৪. PR রেখাংশের অন্তঃস্থ কোনো বিন্দু Q হলে, নিচের কোন

সম্পর্কটি সঠিক?

(কঠিন)


ক) $PQ = QR$

● $PQ + QR = PR$

| $PQ - QR = PR$

| $PR + QR = PQ$

৩৫.



চিত্রে A, B, C, D বিন্দুগুলোকে কী বলে?

(সহজ)

ক) সমবিন্দু

● সমরেখ বিন্দু

গ) বহিঃস্থ বিন্দু

ঘ) মধ্যবিন্দু

বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৩৬. রেখার—

i. নির্দিষ্ট দৈর্ঘ্য ও প্রস্থ আছে

ii. কোনো প্রান্তবিন্দু নেই

iii. উপরে অবস্থিত বিন্দুগুলো সমরেখ

নিচের কোনটি সঠিক?

(সহজ)

ক) i ও ii

খ) i ও iii

● ii ও iii

ঘ) i, ii ও iii

৩৭. রেখাংশের—

i. দৈর্ঘ্যই তার প্রান্তবিন্দুদ্বয়ের দূরত্ব। ii. দুইটি প্রান্তবিন্দু আছে

iii. নির্দিষ্ট দৈর্ঘ্য আছে

নিচের কোনটি সঠিক? [রাজশাহী কলেজিয়েট স্কুল]

ক) i ও ii

খ) i ও iii

গ) ii ও iii

● i, ii ও iii

৩৮. রশ্মির—

i. একটি মাত্র প্রান্তবিন্দু আছে

ii. নির্দিষ্ট দৈর্ঘ্য নেই

iii. নির্দিষ্ট প্রস্থ আছে

নিচের কোনটি সঠিক?

(মধ্যম)

● i ও ii


খ) i ও iii

গ) ii ও iii

ঘ) i, ii ও iii

অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

নিচের তথ্যের আলোকে ৩৯ – ৪১ নং প্রশ্নের উত্তর দাও:



৩৯. AB কী?

(সহজ)

ক) সরলরেখা

● রেখাংশ

গ) রশ্মি

ঘ) বক্ররেখা

৪০. A, B, C বিন্দু তিনটিকে কী বলা হয়?

(সহজ)

ক) সমবিন্দু

● সমরেখ বিন্দু

গ) পরস্পরছেদী বিন্দু

ঘ) বহিঃস্থ বিন্দু

৪১. AB রেখাংশের C বিন্দুটি হচ্ছে ঐ রেখাংশের—(সহজ)

ক) সমবিন্দু

● অন্তঃস্থ বিন্দু

গ) বহিঃস্থ বিন্দু

ঘ) ছেদবিন্দু

সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৪২. দুইটি রশ্মির একটি প্রান্তবিন্দু থাকলে তাকে কী বলে?

ক) মধ্যবিন্দু

● শীর্ষবিন্দু

গ) প্রান্তবিন্দু

ঘ) সমবিন্দু

৪৩. দুইটি কোণের যোগফল ৯০° হলে কোণ দুইটির একটি

অপরটির কী কোণ?

(মধ্যম)

ক) সম্পূরক কোণ

খ) সমকোণ

● পূরক কোণ

ঘ) সরলকোণ

৪৪. যদি দুইটি কোণের যোগফল ১৮০° হয়; তবে কোণ দুইটি কী হবে?

ক) সন্নিহিত কোণ

খ) পূরক কোণ

● সম্পূরক কোণ

ঘ) বিপ্রতীপ কোণ

৪৫. কোনো কোণের বাহুদ্বয়ের বিপরীত রশ্মিদ্বয় যে কোণ তৈরি

করে তা ঐ কোণের—

(মধ্যম)

ক) সম্পূরক

● বিপ্রতীপ কোণ

গ) সমকোণ

ঘ) সরলকোণ

৪৬. দুইটি সরলরেখা পরস্পর ছেদ করলে উৎপন্ন বিপ্রতীপ

কোণগুলো পরস্পর কী হবে?

(সহজ)


● সমান

খ) অসমান

গ) সমকোণ

ঘ) সরলকোণ

৪৭.




$$\therefore EF \text{ একই সরলরেখা।}$$


$$\therefore OE \text{ ও } OF \text{ সমদ্বিখন্ডকদ্বয় একই সরলরেখায় অবস্থিত।}$$

(প্রমাণিত)

প্রশ্ন ২০ ৥ চিত্রে $\angle ABC = 90^\circ$

ক. ত্রিভুজের তিনটি কোণের সমষ্টি কে x এর মাধ্যমে প্রকাশ কর।

খ. $\angle ABC$ কে সমদ্বিখন্ডিত কর



এবং অংকনের বিবরণ দাও।

গ. x কোণের সমান করে একটি কোণ আঁক এবং বিবরণ দাও।

সমাধান :


ক) চিত্রানুযায়ী,

$$\Delta ABC \text{ -এ } \angle ABC = 2x, \angle ACB = x \text{ এবং } \angle BAC = x$$

$$\therefore \angle ABC + \angle ACB + \angle BAC = 2x + x + x = 4x$$

$$\text{উত্তর : } 4x$$

খ)



দেওয়া আছে, ΔABC এ $\angle ABC$ একটি নির্দিষ্ট কোণ। কোণটিকে সমদ্বিখন্ডিত করতে হবে।

অঙ্কনের বিবরণ :

১। B বিন্দুকে কেন্দ্র করে যেকোনো ব্যাসার্ধ নিয়ে একটি বৃত্তচাপ আঁকি। বৃত্তচাপটি AB ও BC রেখাকে যথাক্রমে Q ও P বিন্দুতে ছেদ করে।

২। P কে কেন্দ্র করে PQ এর অর্ধেকের চেয়ে বেশি ব্যাসার্ধ নিয়ে $\angle ABC$ এর অভ্যন্তরে একটি বৃত্তচাপ আঁকি।

৩। Q বিন্দুকে কেন্দ্র করে ঐ একই ব্যাসার্ধ নিয়ে $\angle ABC$ এর অভ্যন্তরে অপর একটি বৃত্তচাপ আঁকি। ঐ বৃত্তচাপটি আগের বৃত্তচাপকে D বিন্দুতে ছেদ করে।

৪। B, D যোগ করি।

তাহলে, BD রেখাংশ $\angle ABC$ এর সমদ্বিখন্ডক।


গ) 'ক' থেকে পাই,

$$\Delta ABC \text{ এর তিন কোণের সমষ্টি} = 4x$$

$$\therefore 4x = 180^\circ$$

$$\text{বা, } x = \frac{180^\circ}{4}$$

$$\therefore x = 45^\circ$$



$\triangle ABC$ -এ $\angle x = 45^\circ$ । এর সমান একটি কোণ আঁকতে হবে।

অঙ্কনের বিবরণ :

- ১। BC রেখার B বিন্দুকে কেন্দ্র করে সুবিধামতো ব্যাসার্ধ নিয়ে একটি বৃত্তচাপ আঁকি যা BC কে P বিন্দুতে ছেদ করে।
- ২। P কে কেন্দ্র করে ঐ একই ব্যাসার্ধ নিয়ে একটি বৃত্তচাপ আঁকি যা আগের বৃত্তচাপকে M বিন্দুতে ছেদ করে। আবার M কে কেন্দ্র করে ঐ একই ব্যাসার্ধ নিয়ে একটি বৃত্তচাপ আঁকি যা প্রথমে আঁকা বৃত্তচাপকে N বিন্দুতে ছেদ করে।
- ৩। M ও N কে কেন্দ্র করে ঐ একই ব্যাসার্ধ নিয়ে একই দিকে দুইটি বৃত্তচাপ আঁকি। বৃত্তচাপ দুইটি R বিন্দুতে ছেদ করে।
- ৪। B, R যোগ করে A পর্যন্ত বর্ধিত করি। BR রেখা প্রথম বৃত্তচাপকে Q বিন্দুতে ছেদ করে।
- ৫। P ও Q কে কেন্দ্র করে PQ এর অর্ধেকের বেশি ব্যাসার্ধ নিয়ে একই দিকে দুইটি বৃত্তচাপ আঁকি। বৃত্তচাপদ্বয় পরস্পরকে D বিন্দুতে ছেদ করে। B, D যোগ করি।

তাহলে, $\angle DBC = \angle ABD = \angle x$ অঙ্কিত হলো।

অতিরিক্ত সৃজনশীল প্রশ্নের উত্তরঃ

প্রশ্ন- ১ ▶▶ নির্দিষ্ট রেখাংশের সমদ্বিখন্ডক অঙ্কন, কোণ অঙ্কন


তোমার কাছে বুলার, কম্পাস ও পেন্সিল আছে।

[বিন্দুবাসিনী সরকারি বালক উচ্চ বিদ্যালয়, টাঙ্গাইল]

- | | |
|---|---|
| ক. 7 সেন্টিমিটার দৈর্ঘ্যের একটি রেখাংশ অঙ্কন কর। | ২ |
| খ. অঙ্কিত রেখাংশকে সমদ্বিখন্ডিত কর। | ৪ |
| গ. রেখাংশটির মধ্যবিন্দুতে বুলার ও কম্পাসের সাহায্যে 45° কোণ আঁক। | ৪ |


১ নং প্রশ্নের সমাধান

ক. 7 সে.মি. দৈর্ঘ্যের রেখাংশ আঁকা হলো—



অঙ্কনের ধাপসমূহ :


১. একটি রেখাংশ PQ আঁকি। এর একটি বিন্দু P চিহ্নিত করি।
২. কাঁটা কম্পাসের সাহায্যে 7 সে.মি. বুলার থেকে মেপে নিই।
৩. বুলারের এক প্রান্ত P বিন্দু স্থাপন করি। অপর প্রান্ত প্রদত্ত রেখার উপর বসাই এবং Q বিন্দুতে চিহ্নিত করি।
৪. সুতরাং PQ রেখাংশের দৈর্ঘ্য 7 সে.মি.।
- খ. মনে করি, PQ কে O বিন্দুতে সমদ্বিখন্ডিত করতে হবে।



অঙ্কনের ধাপসমূহ :

১. PQ রশ্মি আঁকি।

২. P কে কেন্দ্র করে PQ এর অর্ধেকের বেশি ব্যাসার্ধ নিয়ে PQ এর উভয় পাশে দুইটি বৃত্তচাপ আঁকি।
৩. Q কে কেন্দ্র করে একই ব্যাসার্ধ নিয়ে PQ এর উভয় পাশে দুইটি বৃত্তচাপ আঁকি। যারা পরস্পর A ও B বিন্দুতে ছেদ করে।
৪. A, B যোগ করি। AB রেখাংশ PQ কে O বিন্দুতে ছেদ করে। সুতরাং PQ রেখাংশ O বিন্দুতে সমদ্বিখন্ডিত হলো।
- গ. মনে করি, PQ রেখাংশের মধ্যবিন্দু O তে 45° কোণ আঁকতে হবে।



অঙ্কনের ধাপসমূহ :

- ১। PQ রেখা AB দ্বারা O বিন্দুতে সমদ্বিখন্ডিত হয়। [‘খ’ থেকে]
- ২। এখানে $AB \perp PQ$ হওয়ায় $\angle AOQ = 90^\circ$
- ৩। O কে কেন্দ্র করে যেকোনো ব্যাসার্ধ নিয়ে একটি বৃত্তচাপ আঁকি, যা OA কে M বিন্দুতে এবং OQ কে N বিন্দুতে ছেদ করে।
- ৪। M ও N কে কেন্দ্র করে MN এর অর্ধেকের বেশি ব্যাসার্ধ নিয়ে একই দিকে দুইটি বৃত্তচাপ আঁকি, যারা পরস্পর C বিন্দুতে ছেদ করে।
- ৫। C, O যোগ করি। যেখানে, OC রেখাংশ $\angle AOQ$ কে সমদ্বিখন্ডিত করে।
- ৬। সুতরাং $\angle QOC = 45^\circ$ কোণ আঁকা হলো।


প্রশ্ন- ২ ▶▶ লম্ব অঙ্কন, কোণ অঙ্কন

M ←————→ N

চিত্রে, MN একটি সরলরেখা


- ক. সরলরেখা কাকে বলে? ২
- খ. বহিঃস্থ কোনো বিন্দু থেকে MN এর উপর একটি লম্ব অঙ্কন কর। ৪
- গ. চাঁদার সাহায্যে 40° কোণ অঙ্কন কর। [অঙ্কনের বিবরণ আবশ্যিক] ৪

- ক. যার নিকট নির্দিষ্ট দৈর্ঘ্য ও প্রান্ত বিন্দু নেই এবং হচ্ছে মতো সরল পথে চলতে পারে তাকে সরলরেখা বলে। যেমন চিত্রে, MN একটি সরলরেখা।
- খ. মনে করি, MN রেখার বহিঃস্থ বিন্দু P. P বিন্দু থেকে MN এর উপর লম্ব আঁকতে হবে।



অঙ্কনের ধাপসমূহ :

১. P বিন্দু থেকে যেকোনো ব্যাসার্ধ নিয়ে MN এর উপর একটি বৃত্তচাপ আঁকি। বৃত্তচাপটি MN কে A ও B বিন্দুতে ছেদ করে।
২. A ও B কে কেন্দ্র করে একই ব্যাসার্ধ নিয়ে P বিন্দুর বিপরীত দিকে দুইটি বৃত্তচাপ আঁকি। বৃত্তচাপ দুইটি পরস্পর Q বিন্দুতে ছেদ করে।
৩. P, Q যোগ করি। তাহলে PQ রেখা MN রেখার উপর লম্ব।
- গ. চাঁদার সাহায্যে 40° কোণ আঁকতে হবে।



অঙ্কনের ধাপসমূহ :

১. একটি চাঁদা কাগজের উপর রেখে কেন্দ্রবিন্দু থেকে ব্যাস বরাবর ডানদিকে একটি কাগজের উপর BA রশ্মি আঁকি।
২. ডান দিক থেকে চাঁদার স্কেলের 40° নির্দেশক দাগের উপর একটি বিন্দু C নিই।
৩. চাঁদাটি সরিয়ে C, B যোগ করি।
৪. তাহলে $\angle ABC = 40^\circ$ আঁকা হলো।

প্রশ্ন- ৩ ▶▶ একটি নির্দিষ্ট রেখাংশের সমদ্বিখন্ডক অঙ্কন


P |—————| Q

- ক. রেখাংশ কাকে বলে? ২
- খ. PQ কে সমদ্বিখন্ডিত কর। ৪

3 নং প্রশ্নের সমাধান


ক. রেখাংশ একটি সরলরেখার অংশের প্রতিল্প। যার দুইটি প্রান্ত বিন্দু আছে এবং নির্দিষ্ট দৈর্ঘ্য আছে।

খ.



PQ কে O বিন্দুতে সমদ্বিখন্ডিত করা হয়েছে।

গ. মনে করি, PQ কে O বিন্দুতে সমদ্বিখন্ডিত করতে হবে।



অঙ্কনের ধাপসমূহ :

- ১। PQ রেখাংশ আঁকি।
- ২। P কে কেন্দ্র করে PQ এর অর্ধেকের বেশি ব্যাসার্ধ নিয়ে PQ এর উভয় পাশে দুইটি বৃত্তচাপ আঁকি।
- ৩। Q কে কেন্দ্র করে একই ব্যাসার্ধ নিয়ে PQ এর উভয় পাশে দুইটি বৃত্তচাপ আঁকি, যারা পরস্পর A ও B বিন্দুতে ছেদ করে।
- ৪। A, B যোগ করি। AB রেখাংশ PQ কে O বিন্দুতে ছেদ করে। সুতরাং PQ রেখাংশ O বিন্দুতে সমদ্বিখন্ডিত হলো।


প্রশ্ন- ৪ >> নির্দিষ্ট কোণের সমদ্বিখন্ডক অঙ্কন

একটি কোণের পরিমাণ 120° । [চট্টগ্রাম সরকারি উচ্চ বিদ্যালয়]

- ক. চাঁদার সাহায্যে কোণটি আঁকি। ২
- খ. কোণটিকে সমান চার ভাগে ভাগ করে প্রত্যেকটি কোণের পরিমাণ চাঁদার সাহায্যে নির্ণয় কর। ৪
- গ. চিত্রসহ অঙ্কনের বিবরণ দাও। ৪


৪ নং প্রশ্নের সমাধান

ক.



একটি চাঁদা কাগজের উপর রেখে কেন্দ্রবিন্দু থেকে ডানদিকে একটি রেখা OA আঁকি। এখন স্কেলের নিচের দাগ থেকে ডানদিক হতে 120° নির্দেশক দাগ চিহ্নিত করি এবং এতে B বিন্দু স্থাপন করি। O, B যোগ করি। সুতরাং $\angle AOB = 120^\circ$ ।


খ.



$\angle AOB = 120^\circ$ কোণটিকে পেন্সিল কম্পাসের সাহায্যে সমান চার ভাগে ভাগ করি। এখন, একটি চাঁদার কেন্দ্র O বিন্দুতে রেখে চাঁদাটিকে OA বরাবর স্থাপন করি। এখন, ডানদিক হতে স্কেলের নিচের দাগের যে বিন্দুতে R বিন্দু মিলিত হয়েছে তা লক্ষ করি এবং দেখা যাচ্ছে যে, $\angle AOR = 30^\circ$ ।

অনুরূপভাবে $\angle ROQ$, $\angle QOP$ এবং $\angle POB$ নির্ণয় করি এবং লক্ষ করি প্রত্যেকটি কোণের মান 30° ।

গ. মনে করি, $\angle AOB$ কে সমান চার ভাগে ভাগ করতে হবে।



অঙ্কনের ধাপসমূহ :

- ১। O বিন্দুকে কেন্দ্র করে যেকোনো পরিমাণ ব্যাসার্ধ নিয়ে একটি বৃত্তচাপ আঁকি। বৃত্তচাপটি কোণের রশ্মিগুলোকে M ও N বিন্দুতে ছেদ করে।
- ২। M ও N কে কেন্দ্র করে MN এর অর্ধেকের বেশি ব্যাসার্ধ নিয়ে দুইটি বৃত্তচাপ আঁকি। বৃত্তচাপ দুইটি পরস্পর Q বিন্দুতে ছেদ করে।
- ৩। O, Q যোগ করি। সুতরাং OQ দ্বারা $\angle AOB$ সমদ্বিখন্ডিত হলো।

৪। অনুরূপভাবে $\angle AOQ$, $\angle QOB$ কে যথাক্রমে OR, OP রশ্মি দ্বারা সমদ্বিখন্ডিত করি।


৫। সুতরাং $\angle AOB$, OP, OQ, OR রশ্মি দ্বারা সমান চারভাগে বিভক্ত হলো।

ক. $\angle DCE$ এর বিপ্রতীপ কোণ কোনটি? ২

খ. $\angle ACB$ এর মান কত এবং কেন? ৪

গ. প্রমাণ কর B, C, D একই সরলরেখায় অবস্থিত। ৪

প্রশ্ন- ৫ ▶▶ নির্দিষ্ট কোণের সমদ্বিখন্ডক অঙ্কন



ক. $\angle ABC =$ কত ডিগ্রি? ২


খ. $\angle ABC$ কে সমদ্বিখন্ডিত কর। ৪

গ. অঙ্কনের বিবরণ দাও। ৪

৫ নং প্রশ্নের সমাধান

ক. চাঁদার সাহায্যে মেপে পাই, $\angle ABC = 60^\circ$ ।

খ. $\angle ABC$ কে BP বাহু দ্বারা সমদ্বিখন্ডিত করা হলো—



গ. অঙ্কনের ধাপসমূহ :


১. B কে কেন্দ্র করে যেকোনো পরিমাণ ব্যাসার্ধ নিয়ে একটি বৃত্তচাপ আঁকি। বৃত্তচাপটি BC ও AB কে যথাক্রমে N ও M বিন্দুতে ছেদ করে।

২. M ও N কে কেন্দ্র করে সুবিধামতো ব্যাসার্ধ নিয়ে $\angle ABC$ এর অভ্যন্তরে দুইটি বৃত্তচাপ আঁকি। বৃত্তচাপ দুইটি পরস্পর P বিন্দুতে ছেদ করে।

৩. B, P যোগ করি। তাহলে BP দ্বারা $\angle ABC$ সমদ্বিখন্ডিত হলো।

প্রশ্ন- ৬ ▶▶ বিপ্রতীপ কোণ, সমস্পরক কোণ

চিত্রে—



[মতিঝিল সরকারি বালক উচ্চ বিদ্যালয়, ঢাকা]

৬ নং প্রশ্নের সমাধান

ক. কোনো কোণের বাহুদ্বয়কে বিপরীত বাহুদ্বয়কে বিপরীত দিকে বর্ধিত করলে যে কোণ উৎপন্ন হয় তাকে ঐ কোণের বিপ্রতীপ কোণ বলে।

সুতরাং $\angle DCE$ এর বিপ্রতীপ $\angle ACB$.


খ. আমরা জানি, বিপ্রতীপ কোণদ্বয় পরস্পর সমান।

সুতরাং, $\angle ACB = \angle DCE$

চিত্র হতে পাই, $\angle DCE = 50^\circ$

$\therefore \angle ACB = 50^\circ$

গ. এখানে, BD ও AE রেখা পরস্পর C বিন্দুতে ছেদ করে। প্রমাণ করতে হবে যে, B, C, D একই সরলরেখায় অবস্থিত।



প্রমাণ : EC রেখাংশের C বিন্দুতে BD রেখা মিলিত হয়েছে।

$\angle DCE + \angle BCE = 180^\circ$

আবার, DC রেখাংশের C বিন্দুতে AE রেখা মিলিত হয়েছে।

$\angle ECD + \angle DCA = 180^\circ$

সুতরাং $\angle DCE + \angle BCE = \angle DCE + \angle DCA$

বা, $\angle BCE = \angle DCA$

বা, $\frac{1}{2} \angle BCE = \frac{1}{2} \angle DCA$

$\therefore \angle PCE = \angle QCA$; অনুরূপে $\angle ECD = \angle BCA$

এখন, $\angle PCE + \angle ECD + \angle DCQ = 180^\circ$

বা, $\angle QCA + \angle ECD + \angle DCQ = 180^\circ$

$$\text{বা, } \angle QCA + \angle BCA + \angle DCQ = 180^\circ$$

$$\therefore \angle DCB = 180^\circ$$

অতএব বলা যায়, B, C, D একই সরলরেখায় অবস্থিত।

প্রশ্ন- ৭ নির্দিষ্ট রেখাংশের লম্বদ্বিখলক অঙ্কন

AB একটি 7 সে.মি. রেখাংশ। [বীরশ্রেষ্ঠ নূর মোহাম্মদ পাবলিক কলেজ, ঢাকা]


ক. বর্ণনাসহ চিত্র আঁক। ২

খ. AB এর মধ্যবিন্দু O তে লম্ব আঁক। ৪


গ. অঙ্কনের বিবরণ দাও। ৪

৭ নং প্রশ্নের সমাধান

ক. যেকোনো একটি রেখাংশ AC নিই। AC থেকে 7 সে.মি. এর সমান হবে AB অংশ কেটে নিই। সুতরাং AB = 7 সে.মি.।



খ. AB এর মধ্যবিন্দু O তে PO লম্ব আঁকতে হবে।



গ. অঙ্কনের ধাপসমূহ :

১। A ও B কে কেন্দ্র করে অর্ধেকের বেগি ব্যাসার্ধ নিয়ে AB এর উভয় পাশে দুইটি করে বৃত্তচাপ আঁকি এবং এদের মিলন বিন্দু O বা মধ্যবিন্দু নির্ণয় করি।

২। O কে কেন্দ্র করে যেকোনো ব্যাসার্ধ নিয়ে একটি বৃত্তচাপ আঁকি। বৃত্তচাপটি AB কে S বিন্দুতে ছেদ করে।

৩। S কে কেন্দ্র করে একই ব্যাসার্ধ নিয়ে একটি বৃত্তচাপ আঁকি, যা প্রথম বৃত্তচাপকে T বিন্দুতে ছেদ করে।

৪। T কে কেন্দ্র করে একই ব্যাসার্ধ নিয়ে একটি বৃত্তচাপ আঁকি, যা প্রথম বৃত্তচাপকে T বিন্দুতে ছেদ করে।

৫। T ও R কে কেন্দ্র করে সেই একই ব্যাসার্ধ নিয়ে একই পাশে দুইটি বৃত্তচাপ আঁকি। বৃত্তচাপদ্বয় পরস্পর P বিন্দুতে মিলিত হয়েছে।

৬। P, O যোগ করি। সুতরাং PO হচ্ছে AB এর উপর লম্ব।

প্রশ্ন- ৮ একটি রেখার বহিঃস্থ কোনো বিন্দু থেকে লম্ব অঙ্কন

XY রেখার বহিঃস্থ বিন্দু P.


ক. বর্ণনাসহ চিত্র আঁক। ২

খ. P থেকে XY এর উপর লম্ব আঁক। ৪


গ. অঙ্কনের বিবরণ দাও। ৪

৮ নং প্রশ্নের সমাধান

ক. XY রেখার বহিঃস্থ কোনো P বিন্দু নেয়া হলো।



খ. P থেকে XY এর উপর লম্ব আঁকি।



গ. অঙ্কনের ধাপসমূহ :

১। XY রেখার বহিঃস্থ বিন্দু P.

২। P কে কেন্দ্র করে সুবিধামতো ব্যাসার্ধ নিয়ে একটি বৃত্তচাপ আঁকি, যা XY বিন্দুতে ছেদ করে।

৩। C ও D কে কেন্দ্র করে সুবিধামতো ব্যাসার্ধ নিয়ে P বিন্দুর বিপরীত দিকে দুইটি বৃত্তচাপ আঁকি। বৃত্তচাপ দুইটি পরস্পরকে O বিন্দুতে ছেদ করে।

৪। O, P যোগ করি।

৫। PO রেখাংশ XY এর উপর লম্ব।

অনুশীলনের জন্য সৃজনশীল প্রশ্নব্যাংক (উত্তরসংকেতসহ)

প্রশ্ন- ৯ বিপ্রতীপ কোণ, সম্পূরক কোণ

দুইটি সরলরেখা AB ও CD পরস্পর O বিন্দুতে ছেদ করেছে।

ক. উপরিউক্ত তথ্যের আলোকে চিত্রটি অঙ্কন করে O বিন্দুতে উৎপন্ন কোণগুলো উল্লেখ কর। ২

- খ. প্রমাণ কর যে, $\angle AOD + \angle BOD = 2$ সমকোণ। ৪
- গ. প্রমাণ কর যে, $\angle AOD$ ও $\angle BOC$ এর সমদ্বিখন্ডকদ্বয় একই সরলরেখায় অবস্থিত। ৪

প্রশ্ন- ১০

কোণ অঙ্কন

আলমাস গণিত পরীক্ষা দিচ্ছিল। পরীক্ষার হলে দেখল তার জ্যামিতি বক্সে চাঁদাটি নেই। তার মন খারাপ হয়ে গেল কারণ বিভিন্ন কোণ পরিমাপের জন্য চাঁদার প্রয়োজন হবে।

- ক. চাঁদা ছাড়া আঁকা যাবে এমন তিনটি কোণ লেখ। ২
- খ. চাঁদা ব্যবহার না করে 45° কোণ আঁক। ৪
- গ. চাঁদা ব্যবহার না করে আলমাস কীভাবে 120° কোণ আঁকবে বর্ণনা কর। ৪

প্রশ্ন- ১১

নির্দিষ্ট রেখাংশের লম্ব সমদ্বিখন্ডক অঙ্কন

A ————— B
6 সে.মি.

ক. AB রেখাংশটির দৈর্ঘ্যের সমান আরেকটি রেখাংশ আঁক। ২

- খ. বুলার ও কম্পাসের সাহায্যে রেখাংশটিকে সমদ্বিখন্ডিত কর। ৪
- গ. ৪ সে.মি. দৈর্ঘ্যের রেখাংশের মধ্যবিন্দুতে লম্ব আঁক। (অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যিক) ৪

প্রশ্ন- ১২

সম্পূরক কোণ

AB একটি সরলরেখা O বিন্দুতে OC রশ্মির প্রান্ত বিন্দুতে মিলিত হয়েছে।

- ক. প্রদত্ত তথ্যের ভিত্তিতে চিত্রটি আঁক। ২
- খ. প্রমাণ কর যে, $\angle AOC + \angle BOC = 180^\circ$ ৪
- গ. যদি $\angle AOC = 2x^\circ$ এবং $\angle BOC = x^\circ$ হয় তাহলে কোণ দুইটির পরিমাণ নির্ণয় কর। ৪

উত্তর : গ. $120^\circ, 60^\circ$ ।

প্রশ্ন- ১৩

নির্দিষ্ট রেখাংশের সমদ্বিখন্ডক অঙ্কন

একটি রেখাংশের দৈর্ঘ্য ৪ সে.মি.।

- ক. রেখাংশ কাকে বলে? ২

- খ. উপরের তথ্যের ভিত্তিতে রেখাংশটিকে সমদ্বিখন্ডিত কর। ৪
- গ. অঙ্কনের বিবরণ দাও। ৪

প্রশ্ন- ১৪

নির্দিষ্ট রেখাংশের সমদ্বিখন্ডক অঙ্কন, কোণ অঙ্কন

হারুনকে জ্যামিতিক চিত্র অঙ্কনের জন্য বুলার, কম্পাস, চাঁদা ও পেন্সিল দেওয়া হলো।

- ক. প্রয়োজনীয় যন্ত্রের সাহায্যে 10 সে.মি. দৈর্ঘ্যের একটি রেখাংশ আঁক। ২
- খ. বুলার ও কম্পাসের সাহায্যে রেখাংশটির সমান চার ভাগের এক ভাগ আঁক। ৪
- গ. ঐ দৈর্ঘ্যের সমান করে বুলার ও কম্পাসের সাহায্যে আরেকটি রেখাংশ অঙ্কন কর এবং তার উপর চাঁদার সাহায্যে ব্যতীত 60° কোণ আঁক। ৪

প্রশ্ন- ১৫

কোণ অঙ্কন, রেখাংশের সমদ্বিখন্ডক অঙ্কন

A ————— B
P

চিত্রে, AB রেখাংশের উপর P একটি নির্দিষ্ট বিন্দু এবং এর দৈর্ঘ্য 7.5 সে.মি.।

- ক. বিন্দু ও রেখা কাকে বলে? ২
- খ. AB রেখাংশের উপর P বিন্দুতে পেন্সিল কম্পাসের সাহায্যে 45° কোণ অঙ্কন করে বিবরণ দাও। ৪
- গ. পেন্সিল কম্পাসের সাহায্যে AB রেখাংশকে সমান চার ভাগে বিভক্ত করে বিবরণ দাও। ৪

প্রশ্ন- ১৬

AB একটি নির্দিষ্ট রেখাংশ, যার দৈর্ঘ্য 7 সে.মি.।

- ক. বুলারের সাহায্যে 7 সে.মি. দৈর্ঘ্য AB রেখাংশ আঁক। ২
- খ. AB রেখাংশের মধ্য বিন্দুতে লম্ব আঁক। ৪
- গ. উৎপন্ন লম্ব AB রেখার সহিত যে কোণ উৎপন্ন করেছে তাকে সমদ্বিখন্ডিত কর। ৪

বহুনির্বাচনী প্রশ্নঃ

১. সম্পূর্ণ চাঁদার ডিগ্রি পরিমাপ কত?
 ১৮০° ৩৬০° ২৪০° ২৮০°
২. দুটি রশ্মির মিলনস্থলে কী উৎপন্ন হয়?
 কোণ রেখা সমতল বক্ররেখা
৩. 59° কোণের সম্পূরক কোণ কোনটি?
 21° 31° 131° 121°
৪. চাঁদার সাহায্যে প্রতিবার সর্বোচ্চ কত ডিগ্রি কোণ পরিমাপ করা যায়?
 90° 180° 270° 360°
৫. বৃত্ত অঙ্কন করতে নিচের কোনটি ব্যবহার করা হয়? (সহজ)
 রুলার কম্পাস ত্রিকোণী কাঁটা কম্পাস
৬. সমান দৈর্ঘ্য চিহ্নিত করা হয় কোনটি দিয়ে? (সহজ)
 কম্পাস রুলার চাঁদা ত্রিকোণী
৭. 24° কোণের সম্পূরক কোণ কত?
 66° 156° 180° 204°
৮. 111° কোণের সম্পূরক কোণ কত?
 ৬৯° ৭০° ৯০° ৮০°
৯. 37° এর বিপ্রতীপ কোণ কত?
 53° 37° 127° 143°
১০. দুই সমকোণের চেয়ে বড় কোণকে কী বলা হয়? (সহজ)
 সরল কোণ সম্পূরক কোণ
 পূরক কোণ প্রবৃদ্ধ কোণ
১১. 45° এর পূরক কোণের মান কত? (সহজ)
 0° 45° 90° 135°
১২. সম্পূরক কোণের একটি কোণ ৮০° হলে অপর কোণের মান কত? [
 ৮০° ৯০° ১০০° ১২০°
১৩. 60° এর সম্পূরক কোণ—
 20° 30° 120° 180°
১৪. ত্রিকোণী বা সেন্ট্রোয়ারে কয়টি সমকোণ থাকে
 ১ ২ ৩ ৪
১৫. ৩৫° কোণের পূরক কোণ কোনটি?
 ৪৫° ৫৫° ৯০° ১৮০°
১৬. এক সমকোণ = কত ডিগ্রি?
 30° 45° 90° 180°
১৭. সমকোণ ছাড়া ত্রিকোণীর একটি কোণ ৪৫° হলে অপর কোণটির পরিমাপ কত? (মধ্যম)
 ৩০° ৪৫° ৬০° ৯০°
১৮. 72° কোণের সম্পূরক কোণ—
 180° 108° 90° 18°
১৯. এক সরলকোণ সমান কত ডিগ্রি?
 90° 180° 270° 360°
২০. সমকোণ ছাড়া ত্রিকোণীর একটি কোণ ৩০° হলে অপর কোণটির পরিমাপ কত? (মধ্যম)
 ৩০° ৪৫° ৬০° ৯০°
২১. চাঁদার অর্ধবৃত্তের বক্ররেখাটি সমান কয়টি ভাগে ভাগ করা থাকে? (সহজ)
 ১০ ৩০ ১০০ ১৮০
-
- বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনী প্রশ্নোত্তর
-
২২. কম্পাস দ্বারা—
 i. সমান দৈর্ঘ্য চিহ্নিত করা যায় ii. বৃত্ত আঁকা যায়
 iii. রেখাংশের দৈর্ঘ্য পরিমাপ করা যায়
 নিচের কোনটি সঠিক? (মধ্যম)
 i i ও ii ii ও iii i, ii ও iii
২৩. চাঁদার—
 i. নিচে একটি রেখাংশ আছে, যা অর্ধবৃত্তের ব্যাস
 ii. অর্ধবৃত্তের বক্ররেখাটি সমান ১৮০ ভাগে ভাগ করা আছে
 iii. চাঁদার ব্যাসের বামদিকের প্রান্তবিন্দু থেকে শুরু করে ডানদিকে পরপর সংখ্যাগুলো লেখা হয়েছে
 নিচের কোনটি সঠিক? (সহজ)

কি i ও ii খি i ও iii গি ii ও iii ● i, ii ও iii

অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

নিচের তথ্যের আলোকে ২৪ ও ২৫ নং প্রশ্নের উত্তর দাও:



২৪. চিত্রটির নাম কী? (সহজ)
কি কাঁটা কম্পাস ● পেন্সিল কম্পাস গি ত্রিকোণী
ঘি রুলার

২৫. শুধুমাত্র চিত্রের যন্ত্রটি ব্যবহার করে আঁকা সম্ভব—(সহজ)
কি আয়ত খি সরলরেখা ● বৃত্ত ঘি কোণ

সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

২৬. দুইটি পরস্পরছেদী সরলরেখার অন্তর্গত কোণগুলো কত হলে
রেখাদ্বয় পরস্পর লম্ব হবে? (সহজ)

কি ৪৫° খি ৬০° ● ৯০° ঘি ১৮০°

২৭. লম্ব বোঝাতে নিচের কোন চিহ্নটি ব্যবহার করা হয়? (মধ্যম)
কি T খি || গি \angle ● \perp

২৮. EF রেখার উপর ST লম্ব হলে নিচের কোনটি সঠিক?
(মধ্যম)

● EF \perp ST খি EF T ST গি EF
|| ST ঘি EF \angle ST

বহুপদী সমাঙ্গিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

২৯. একটি সরলরেখার নির্দিষ্ট কোনো বিন্দুতে লম্ব আঁকা যায়—

i. রুলার ও কম্পাসের সাহায্যে ii. ত্রিকোণী ও রুলারের সাহায্যে
iii. শুধু কম্পাসের সাহায্যে
নিচের কোনটি সঠিক? (সহজ)

● i ও ii খি i ও iii গি ii ও iii ঘি i, ii ও iii

অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

নিচের চিত্রের আলোকে ৩০ ও ৩১ নং প্রশ্নের উত্তর দাও:

• E

P ← → Q

৩০. PQ একটি সরলরেখা এবং E তার বহিঃস্থ একটি বিন্দু। E
বিন্দু থেকে PQ রেখার উপর লম্ব আঁকার কয়টি পদ্ধতি
আছে? (সহজ)

কি 1 ● 2 গি 3 ঘি 4

৩১. E বিন্দু থেকে PQ রেখার উপর লম্ব আঁকতে কয়টি বৃত্তচাপ
আঁকতে হবে? (মধ্যম)

কি 2 ● 3 গি 5 ঘি 6

সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর


৩২. চাঁদা ছাড়া নিচের কোনটি দিয়ে 45° কোণ আঁকা যাবে?

কি রুলার খি কাঁটা কম্পাস
● রুলার ও কম্পাস ঘি ত্রিকোণী

৩৩. নিচের কোনটির সাহায্যে নির্দিষ্ট পরিমাপের কোণ আঁকা ও
কোণের পরিমাপ আসন্নভাবে নির্ণয় করা যায়? (মধ্যম)

কি রুলার খি কাঁটা কম্পাস
গি ত্রিকোণী ● চাঁদা

৩৪.



$\angle ABC$ কে পরিমাপ করতে প্রয়োজন নিচের কোনটির? (সহজ)
● চাঁদা খি ত্রিকোণী গি সেটস্কোয়ার ঘি রুলার
কম্পাস


বহুপদী সমাঙ্গিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৩৫. নিচের তথ্যগুলো লক্ষ কর :

i. চাঁদার সাহায্যে 45° কোণ আঁকা যায়
ii. রুলার কম্পাসের সাহায্যে 60° কোণ আঁকা যায়
iii. চাঁদা ব্যবহার না করেও 120° কোণ আঁকা যাবে
নিচের কোনটি সঠিক? (কঠিন)
কি i ও ii খি i ও iii গি ii ও iii ● i, ii ও iii

অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

নিচের চিত্রের আলোকে ৩৬ – ৩৮ নং প্রশ্নের উত্তর দাও :



৩৬. চিত্রটির নাম কী?

● ত্রিকোণী খি চাঁদা গি কম্পাস ঘি রুলার

৩৭. চিত্রটির তিন কোণের সমষ্টি কত?


কি ৯০° ● ১৮০° গি ৩৬০° ঘি ২৮০°

৩৮. চিত্রটির একটি কোণ সমকোণ অপর দুটি কোণের নাম কী?

ক) স্কলকোণ খ) সমকোণ ● সূক্ষ্মকোণ ঘ) পূরককোণ

রাইসুল ইসলাম হুদয়

অষ্টম অধ্যায় তথ্য ও উপাত্ত



অনুশীলনী ৮



পাঠ সম্পর্কিত গুরুত্বপূর্ণ বিষয়াদি



অতিরিক্ত সৃজনশীল প্রশ্ন ও সমাধানঃ

প্রশ্ন- ১▶▶

বিন্যস্ত উপাত্ত, গড়

গণিতের একটি সমস্যা সমাধান করতে হলিক্রস স্কুল এন্ড কলেজের ৬ষ্ঠ শ্রেণির ১৫ জন ছাত্রীর গৃহীত সময় (মিনিট) নিম্নে দেওয়া হলো : ৩, ৭, ৬, ৮, ২, ৫, ৭, ৩, ২, ৮, ৫, ২, ৪, ৩, ৬।

- ক. ছাত্রীদের গৃহীত সময়ের উপাত্তটি মানের উর্ধ্বক্রম অনুসারে বিন্যস্ত কর। ২
- খ. বিন্যস্ত উপাত্তটি সারণিভুক্ত করে গড় নির্ণয় কর। ৪
- গ. কত জন ছাত্রী ৫ মিনিট সময়ের মধ্যে সমাধান করতে পেরেছে? তাদের সময়ের গড়ের সাথে খ-এ প্রাপ্ত গড়ের পার্থক্য নির্ণয় কর। ৪

১ নং প্রশ্নের সমাধান :-

ক. ছাত্রীদের গৃহীত সময় মানের উর্ধ্বক্রম অনুসারে বিন্যস্ত করা হলো :

২, ২, ২, ৩, ৩, ৩, ৪, ৫, ৫, ৬, ৬, ৭, ৭, ৮, ৮।

খ. ছাত্রীদের গৃহীত সময়ের সারণি নিচে দেওয়া হলো :

গৃহীত সময় (মিনিট)	ছাত্রী সংখ্যা
২	৩
৩	৩
৪	১
৫	২
৬	২
৭	২
৮	২

$$\therefore \text{গড়} = \frac{২+২+২+৩+৩+৩+৪+৫+৫+৬+৬+৭+৭+৮+৮}{১৫}$$

$$= \frac{৭১}{১৫} = ৪.৭৩৩ \text{ মিনিট}$$

উত্তর : গড় ৪.৭৩৩ মিনিট

গ. এখন, ৫ মিনিট সময়ের মধ্যে যে সকল ছাত্রী সমাধান করতে পেরেছে তাদের সারণি :

গৃহীত সময় (মিনিট)	ছাত্রী সংখ্যা
২	৩
৩	৩
৪	১
৫	২

মোট ৯

\therefore ৯ জন ছাত্রী ৫ মিনিট সময়ের মধ্যে সমাধান করতে পেরেছে।

$$\therefore \text{গড়} = \frac{২+২+২+৩+৩+৩+৪+৫+৫}{৯}$$

$$= \frac{২৯}{৯} \text{ মিনিট} = ৩.২২২ \text{ মিনিট}$$

এখন 'খ' নং এর গড়ের সাথে নির্ণয় গড়ের পার্থক্য

$$= (৪.৭৩৩ - ৩.২২২) \text{ মিনিট} = ১.৫১১ \text{ মিনিট}$$

উত্তর : ১.৫১১ মিনিট


প্রশ্ন- ২▶▶

রেখাচিত্র

তন্দ্রা চাকমা হাসপাতালে ভর্তি হয়েছে দুপুর ১২টা থেকে তিন ঘণ্টা অন্তর ১২ ঘণ্টার তাপমাত্রা নিচে দেখান হলো :

১০৩, ১০১, ১০৪, ১০০, ৯৯। [সাতক্ষীরা পুলিশ লাইন মাধ্যমিক
বিদ্যালয়]

- ক. 0° থেকে ৯৮° পর্যন্ত তাপমাত্রা অক্ষ থেকে
কেন বাদ দেওয়া হয়েছে? ২
- খ. উপরিউক্ত তথ্যগুলোর সাহায্যে রেখাচিত্র অঙ্কন
কর। ৪
- গ. ১২ ঘণ্টার তাপমাত্রার প্রকৃতি রেখাচিত্র অনুসারে
বর্ণনা দাও। ৪



২ নং প্রশ্নের সমাধান হু

- ক. একজন সুস্থ মানুষের শরীরের স্বাভাবিক তাপমাত্রা ৯৮ ডিগ্রি
ফারেনহাইট। এ কারণে মানুষের শরীরের তাপমাত্রা সচরাচর
 ৯৮ ডিগ্রি ফারেনহাইট এর কম থাকে না।
এ জন্য y -অক্ষে 0° থেকে ৯৮° পর্যন্ত তাপমাত্রা বাদ দেওয়া
হয়েছে।
- খ. দুপুর ১২টা থেকে তিন ঘণ্টা অন্তর ১২ ঘণ্টার তাপমাত্রা
(ফারেনহাইট) উপাত্ত নিম্নে দেওয়া হলো :

সময়	দুপুর ১২ টা	বিকাল ৩ টা	সন্ধ্যা ৬ টা	রাত্রি ৯ টা	রাত্রি ১২ টা
তাপমাত্রা	103°	101°	108°	100°	99°

ছক কাগজে পরস্পর লম্ব দুইটি সরলরেখা আঁকা হলো।
আমরা জানি, আনুভূমিক রেখা x -অক্ষ এবং y -অক্ষের উপর
লম্ব সরলরেখা y -অক্ষ যারা O বিন্দুতে ছেদ করেছে। এখন,
 x - অক্ষের প্রতি পাঁচ ঘর সমান ৩ ঘণ্টা ও y -অক্ষের প্রতি ৫
ঘর সমান ১ ডিগ্রি ফারেনহাইট ধরে রেখাচিত্র আঁকা হয়েছে।
 y -অক্ষ 0 থেকে ৯৮ পর্যন্ত সংখ্যাগুলো বিদ্যমান আছে
বোঝাতে ভাঙা চিহ্ন ব্যবহার করা হয়েছে।

তন্দ্রা চাকমার শরীরের তাপমাত্রার লেখচিত্র।

- গ. লেখচিত্র হতে দেখা যায় যে, দুপুর ৩ টার সময় তাপমাত্রা
 101° হয়। কিন্তু সন্ধ্যা ৬ টার সময় তাপমাত্রা বৃদ্ধি পেয়ে
 108° হয়, আবার রাত্রি ৯ টার সময় তাপমাত্রা কমে 100°
ফারেনহাইট হয়। রাত ১২ টায় তাপমাত্রা সবচেয়ে কম
থাকে। এ সময় তার দেহের তাপমাত্রা $99^\circ F$ ।

প্রশ্ন- ৩ বিন্যস্ত উপাত্ত, গড়, মধ্যক, প্রচুরক

ষষ্ঠ শ্রেণির ২০ জন ছাত্র-ছাত্রীর গণিতে প্রাপ্ত নম্বর দেওয়া হলো :
৩০, ৪০, ৩৫, ৫০, ৬০, ৭০, ৬৫, ৭৫, ৬০, ৭০, ৬০, ৩০,
৪০, ৮০, ৭৫, ৯০, ১০০, ৯৫, ৯০, ৮৫। [ভিকারুননিসা নূন স্কুল
এন্ড কলেজ, ঢাকা]

- ক. প্রদত্ত উপাত্তগুলো কী বিন্যস্ত উপাত্ত? ২
- খ. উপাত্তসমূহকে সারণিভুক্ত কর এবং গড় নির্ণয়
কর। ৪
- গ. উপাত্তসমূহের মধ্যক ও প্রচুরক নির্ণয় কর। ৪

৩ নং প্রশ্নের সমাধান হু

- ক. যে উপাত্তগুলো উর্ধ্বক্রমে বা অধঃক্রমে সাজানো থাকে সেই
উপাত্তকে বিন্যস্ত উপাত্ত বলে। এখানে, উপাত্ত উপাত্তগুলো
কোনো ক্রমে সাজানো নেই। সুতরাং প্রদত্ত উপাত্তটি অবিন্যস্ত
উপাত্ত।
- খ. প্রদত্ত উপাত্তকে উর্ধ্বক্রমে সাজিয়ে পাই,
৩০, ৩০, ৩৫, ৪০, ৪০, ৫০, ৬০, ৬০, ৬০, ৬৫, ৭০, ৭০,
৭৫, ৭৫, ৮০, ৮৫, ৯০, ৯০, ৯৫, ১০০
উপাত্তসমূহ সারণিবদ্ধ করে পাই,

প্রাপ্ত নম্বর	ছাত্রছাত্রীর সংখ্যা	প্রাপ্ত নম্বর \times ছাত্রছাত্রীর সংখ্যা
------------------	------------------------	---

৩০	২	৬০
৩৫	১	৩৫
৪০	২	৮০
৫০	১	৫০
৬০	৩	১৮০
৬৫	১	৬৫
৭০	২	১৪০
৭৫	২	১৫০
৮০	১	৮০
৮৫	১	৮৫
৯০	২	১৮০
৯৫	১	৯৫
১০০	১	১০০
মোট	২০	১৩০০

$$\text{সুতরাং গড়} = \frac{\text{মোট নম্বর}}{\text{ছাত্রছাত্রীর সংখ্যা}} = \frac{১৩০০}{২০} = ৬৫$$

উত্তর : গড় ৬৫।

গ. উপাত্তের মোট সংখ্যা = ২০

$$\therefore \frac{২০}{২} = ১০$$

সুতরাং মধ্যক হবে ১০তম ও ১১তম পদের মানের সমষ্টির অর্ধেক।

এখানে, ১০তম পদ = ৬৫

১১তম পদ = ৭০

$$\therefore \text{মধ্যক} = \frac{৬৫ + ৭০}{২} = \frac{১৩৫}{২} = ৬৭.৫$$

আবার, আমরা জানি, উপাত্তের সর্বাধিক বিদ্যমান সংখ্যাই হলো উপাত্তের প্রচুরক। এখানে, ৬০ সর্বাধিক ৩ বার বিদ্যমান।

সুতরাং উপাত্তের প্রচুরক = ৬০।

উত্তর : প্রচুরক ৬০

প্রশ্ন- ৪ ▶▶ _____ গড়, রেখাচিত্র ▶▶

গভা	১ম	২য়	৩য়	৪র্থ	৫ম	৬ষ্ঠ	৭ম	৮ম	৯	১০
-----	----	-----	-----	------	----	------	----	----	---	----

র									ম	ম
রান	১০	৮	৫	০	৭	১২	৮	৫	৯	১২

- ক. রেখাচিত্র কী? ২
খ. উপরের তথ্যের ভিত্তিতে রানের গড় নির্ণয় কর। ৪
গ. উপরের তথ্যের রেখাচিত্র অঙ্কন কর। ৪

৪ নং প্রশ্নের সমাধান ▶▶

ক. কোনো তথ্যসমূহকে চিত্তাকর্ষক ও সহজে বোঝার জন্য রেখাচিত্রের মাধ্যমে উপস্থাপন করাকে রেখাচিত্র বলে।

খ. উদ্দীপকের সারণি হতে প্রাপ্ত রান যথাক্রমে ১০, ৮, ৫, ০, ৭, ১২, ৮, ৫, ৯ ও ১২।


$$\text{রানের যোগফল} = (১০ + ৮ + ৫ + ০ + ৭ + ১২ + ৮ + ৫ + ৯ + ১২) \text{ রান} = ৭৬ \text{ রান}$$

$$\therefore \text{গড়} = \frac{\text{মোট রান}}{\text{মোট ওভার}} = \frac{৭৬}{১০} = ৭.৬।$$

উত্তর : প্রতি ওভারে গড় রান ৭.৬

গ. ছক কাগজে পরস্পর লম্ব দুইটি সরলরেখা আঁকা হলো।

অনুভূমিক রেখা x-অক্ষ এবং x-অক্ষের উপর লম্ব সরলরেখা y অক্ষ যারা (0,0) বিন্দুতে ছেদ করেছে। এখন, x-অক্ষের ক্ষুদ্রতম প্রতি পাঁচ ঘর পরপর একটি বিন্দুকে ওভার ধরে এবং y-অক্ষের প্রতি ঘরকে রানের সংখ্যার একক ধরে রেখাচিত্রটি আঁকা হয়েছে।



প্রশ্ন- ৫ ▶▶ _____ বিন্যস্ত উপাত্ত, গড়, মধ্যক ▶▶

২০ জন শ্রমিকের দৈনিক মজুরি নিম্নরূপ :

২৭৫, ২৭৮, ২৮৫, ২২০, ২২৫, ২৫০, ২৭০, ২৫০, ২৯০, ২০০, ২৮৫, ২৯৫, ২৬০, ২৫০, ২৩৫, ২২২, ২৪০, ২১০, ২৮০, ৩০০।

- ক. উপাত্তগুলোকে অধঃক্রমে সাজাও। ২
খ. গড় নির্ণয় কর। ৪

৫ নং প্রশ্নের সমাধান

ক. প্রদত্ত উপাত্তগুলোকে অধঃক্রমে সাজিয়ে পাই,

৩০০, ২৯৫, ২৯০, ২৮৫, ২৮০, ২৭৮, ২৭৫, ২৭০,
২৬০, ২৫০, ২৫০, ২৫০, ২৪০, ২৩৫, ২২৫, ২২২, ২২০,
২১০, ২০০।

খ. উপাত্তসমূহের সমষ্টি = ৩০০ + ২৯৫ + ২৯০ + ২৮৫ +
২৮০ + ২৭৮ + ২৭৫ + ২৭০ + ২৬০ + ২৫০ + ২৫০ +
২৫০ + ২৫০ + ২৪০ + ২৩৫ + ২২৫ + ২২২ + ২২০ + ২১০ +
২০০ = ৫১২০

উপাত্তের মোট সংখ্যা = ২০

$$\therefore \text{গড়} = \frac{\text{উপাত্তসমূহের সমষ্টি}}{\text{উপাত্তের মোট সংখ্যা}} = \frac{৫১২০}{২০} = ২৫৬$$

উত্তর : গড় ২৫৬।

গ. এখানে, উপাত্তের সংখ্যা ২০; যা জোড় সংখ্যা।

$$\therefore \frac{২০}{২} = ১০$$

সুতরাং মধ্যক হবে ১০তম ও ১১তম পদের গড়।

এখানে, ১০তম পদ = ২৬০

১১তম পদ = ২৫০

$$\therefore \text{মধ্যক} = \frac{২৬০ + ২৫০}{২} = \frac{৫১০}{২} = ২৫৫$$

উত্তর : মধ্যক ২৫৫।

প্রশ্ন- ৬▶▶ বিন্যস্ত উপাত্ত, গড়, মধ্যক

তোমাদের শ্রেণির অর্ধ-বার্ষিক পরীক্ষার ২০ জন ছাত্রের গণিত বিষয়ের প্রাপ্ত নম্বর নিচে দেওয়া হলো :

৮০, ৫৫, ৭২, ৭৫, ৪৫, ৬০, ৬৫, ৭০, ৫০, ৭৫, ৪০, ৪৫,
৫৫, ৬০, ৭০, ৭৫, ৫০, ৬০, ৪৫, ৫০।

ক. উপাত্তগুলোকে উর্ধ্বক্রম অনুসারে সাজাও। ২

খ. উপাত্তগুলোর মধ্যক নির্ণয় কর। ৪

গ. উপাত্তগুলোকে সারণিবদ্ধ কর এবং গড় নির্ণয় কর। ৪

৬ নং প্রশ্নের সমাধান

ক. উপাত্তগুলোকে মানের উর্ধ্বক্রমে সাজিয়ে পাই—

৪০, ৪৫, ৪৫, ৪৫, ৫০, ৫০, ৫০, ৫৫, ৫৫, ৬০, ৬০, ৬০,
৬৫, ৭০, ৭০, ৭২, ৭৫, ৭৫, ৭৫, ৮০।

খ. উপাত্তের মোট সংখ্যা = ২০

$$\therefore \frac{২০}{২} = ১০।$$

সুতরাং মধ্যক হবে ১০তম ও ১১তম পদের মানের গড়।

এখানে, ১০তম পদ = ৬০

১১তম পদ = ৬০

$$\therefore \text{মধ্যক} = \frac{৬০ + ৬০}{২} = \frac{১২০}{২} = ৬০$$

উত্তর : মধ্যক ৬০।

গ. উপাত্তগুলোকে সারণিবদ্ধ করা হলো—

ছাত্রের ক্রমিক নং	প্রাপ্ত নম্বর	ছাত্রের ক্রমিক নম্বর	প্রাপ্ত নম্বর
১	৪০	১১	৬০
২	৪৫	১২	৬০
৩	৪৫	১৩	৬৫
৪	৪৫	১৪	৭০
৫	৫০	১৫	৭০
৬	৫০	১৬	৭২
৭	৫০	১৭	৭৫
৮	৫৫	১৮	৭৫
৯	৫৫	১৯	৭৫
১০	৬০	২০	৮০

উপাত্তের সংখ্যাগুলোর যোগফল = ৪০ + ৪৫ + ৪৫ + ৪৫ +
৫০ + ৫০ + ৫০ + ৫৫ + ৫৫ + ৬০ + ৬০ + ৬০ + ৬৫ +
৭০ + ৭০ + ৭২ + ৭৫ + ৭৫ + ৭৫ + ৮০ = ১১৯৭

উপাত্তের মোট সংখ্যা = ২০

$$\therefore \text{গড়} = \frac{\text{সংখ্যাগুলোর যোগফল}}{\text{মোট সংখ্যা}} = \frac{১১৯৭}{২} = ৫৯.৮৫$$

উত্তর : গড় ৫৯.৮৫।

প্রশ্ন- ৭▶▶ বিন্যস্ত উপাত্ত, গড়, মধ্যক, প্রচুরক

বগুড়া জিলা স্কুলের ৬ষ্ঠ শ্রেণির ২৫ জন ছাত্রীর বার্ষিক পরীক্ষার
গণিত বিষয়ের প্রাপ্ত নম্বর নিচে দেওয়া হলো—

৭২, ৮৫, ৭৮, ৮৪, ৭৮, ৭৫, ৬৯, ৬৭, ৮৮, ৮০, ৭৪, ৭৭,
৭৯, ৬৯, ৭৪, ৭৩, ৮৩, ৬৫, ৭৫, ৬৯, ৬৩, ৭৫, ৮৬, ৬৬,
৭১।

[খুলনা কলেজিয়েট গার্লস স্কুল]

- ক. উপরে বর্ণিত নম্বরগুলো বিন্যস্ত কর। ২
খ. প্রাপ্ত নম্বরের গড় নির্ণয় কর। ৪
গ. উপাত্তসমূহের মধ্যক ও প্রচুরক নির্ণয় কর। ৪

৭ নং প্রশ্নের সমাধান

ক. উপাত্তের নম্বরগুলোকে মানের উর্ধ্বক্রমে সাজিয়ে পাই,
৬৩, ৬৫, ৬৬, ৬৭, ৬৯, ৬৯, ৭১, ৭২, ৭৩, ৭৪, ৭৪,
৭৫, ৭৫, ৭৫, ৭৭, ৭৮, ৭৮, ৭৯, ৮০, ৮৩, ৮৪, ৮৫, ৮৬,
৮৮।

খ. উপাত্তসমূহের সমষ্টি = ৬৩ + ৬৫ + ৬৬ + ৬৭ + ৬৯ + ৬৯
+ ৭১ + ৭২ + ৭৩ + ৭৪ + ৭৪ + ৭৫ + ৭৫ + ৭৫
+ ৭৭ + ৭৮ + ৭৮ + ৭৯ + ৮০ + ৮৩ + ৮৪ + ৮৫ + ৮৬
+ ৮৮ = ১৮৭৫

উপাত্তসমূহের সংখ্যা = ২৫

আমরা জানি,

$$\text{গড়} = \frac{\text{উপাত্তসমূহের সমষ্টি}}{\text{উপাত্তসমূহের সংখ্যা}} = \frac{১৮৭৫}{২} = ৭৫$$

উত্তর : গড় ৭৫।

গ. উপাত্তসমূহের সংখ্যা ২৫, যা বিজোড় সংখ্যা।

$$\text{সুতরাং মধ্যক} = \frac{২৫ + ১}{২} \text{তম পদ} = \frac{২৬}{২} \text{তম পদ} = ১৩তম$$

পদ

এখানে, ১৩তম পদ = ৭৫

∴ মধ্যক = ৭৫

উপাত্তে সর্বাধিক বিদ্যমান সংখ্যাই হচ্ছে প্রচুরক। এখানে ৬৯
এবং ৭৫ সর্বাধিক ৩ বার করে বিদ্যমান।

সুতরাং প্রচুরক ৬৯ এবং ৭৫।

উত্তর : মধ্যক ৭৫ এবং প্রচুরক ৬৯ ও ৭৫।

প্রশ্ন- ৮

গড়, মধ্যক, প্রচুরক

আনিকাদের বিদ্যালয়ের ৬ষ্ঠ শ্রেণির ২০ জন শিক্ষার্থীর ইংরেজি
বিষয়ে প্রাপ্ত নম্বর নিচে দেওয়া হলো :

৭০, ৬০, ৭১, ৬০, ৮০, ৭৮, ৯০, ৭৫, ৮০, ৯২, ৮০, ৯০,
৯৫, ৯০, ৮৫, ৯০, ৭৮, ৭৫, ৯০, ৮৫।

- ক. উপরিউক্ত উপাত্তটি কোন ধরনের উপাত্ত? ২
খ. উপাত্তগুলোর গড় নির্ণয় কর। ৪
গ. উপাত্তগুলোর সাহায্যে মধ্যক ও প্রচুরক নির্ণয়
কর। ৪

৮ নং প্রশ্নের সমাধান

ক. প্রদত্ত উপাত্তগুলো কোন ক্রম মেনে চলে না। অর্থাৎ উপাত্তে
শিক্ষার্থীদের ইংরেজিতে প্রাপ্ত নম্বর এলোমেলোভাবে
বিদ্যমান। সুতরাং এটি অবিন্যস্ত উপাত্ত।

খ. উপাত্তগুলোর সমষ্টি = ৭০ + ৬০ + ৭১ + ৬০ + ৮০ +
৭৮ + ৯০ + ৭৫ + ৮০ + ৯২ + ৮০ + ৯০ + ৯৫ + ৯০
+ ৮৫ + ৯০ + ৭৮ + ৭৫ + ৯০ + ৮৫ = ১৬১৪

$$\therefore \text{গড়} = \frac{\text{উপাত্তসমূহের সমষ্টি}}{\text{উপাত্তগুলোর মোট সংখ্যা}} = \frac{১৬১৪}{২০} = ৮০.৭$$

উত্তর : গড় ৮০.৭।

গ. উপাত্তটিকে মানের উর্ধ্বক্রম অনুসারে সাজানো হলো :

৬০, ৬০, ৭০, ৭১, ৭৫, ৭৫, ৭৮, ৭৮, ৮০, ৮০, ৮০,
৮৫, ৮৫, ৯০, ৯০, ৯০, ৯০, ৯০, ৯২, ৯৫।

মধ্যক নির্ণয় : এখানে সংখ্যাগুলোর সংখ্যা ২০ যা জোড় সংখ্যা

$$\therefore \frac{২০}{২} = ১০$$

∴ ১০তম ও ১১তম উপাত্তের গড় হবে মধ্যক।

$$\therefore \text{মধ্যক} = \frac{১০তম পদ + ১১তম পদ}{২}$$

এখানে, ১০তম পদ হলো ৮০ এবং ১১তম পদ হলো ৮০

$$\therefore \text{মধ্যক} = \frac{৮০ + ৮০}{২} = \frac{১৬০}{২} = ৮০$$

প্রচুরক নির্ণয় : প্রদত্ত মানগুলো লক্ষ করলে দেখা যায় যে, ৯০
সংখ্যাটি সর্বাধিক ৫ বার আছে।

∴ প্রচুরক = ৯০

উত্তর : মধ্যক ৮০ এবং প্রচুরক ৯০।

প্রশ্ন- ৯

বিন্যস্ত উপাত্ত, গড়

তোমাদের শ্রেণির ২০ জন ছাত্র-ছাত্রীর গণিতে প্রাপ্ত নম্বর হলো :
৩০, ৩৫, ৪০, ৫০, ৬০, ৭০, ৬৫, ৬০, ৭৫, ৭০, ৬০, ৩০,
৪০, ৮০, ৭৫, ৯০, ৯৫, ১২০, ৯০, ৮৫।

- ক. বিন্যস্ত উপাত্ত কাকে বলে? ২
 খ. উপাত্তগুলোকে মানের উর্ধ্বক্রম ও অধঃক্রম অনুসারে সাজাও। ৪
 গ. উপাত্তগুলোর গড় নির্ণয় কর। ৪

৯ নং প্রশ্নের সমাধান স্ব

ক. উপাত্তসমূহকে মানের অধঃক্রম বা উর্ধ্বক্রমে সাজানো হলে তাদের বিন্যস্ত উপাত্ত বলে।

খ. উপাত্তগুলোকে মানের উর্ধ্বক্রমে সাজানো হলো:
 ৩০, ৩০, ৩৫, ৪০, ৪০, ৫০, ৬০, ৬০, ৬০, ৬৫, ৭০,
 ৭০, ৭৫, ৭৫, ৮০, ৮৫, ৯০, ৯০, ৯৫, ১২০।
 আবার, এদেরকে মানের অধঃক্রমে সাজানো হলো:
 ১০০, ৯৫, ৯০, ৯০, ৮৫, ৮০, ৭৫, ৭৫, ৭০, ৭০, ৬৫,
 ৬০, ৬০, ৬০, ৫০, ৪০, ৪০, ৩৫, ৩০, ৩০।

গ. এখানে, উপাত্তগুলোর মোট সংখ্যা ২০।
 উপাত্তগুলোর সমষ্টি = ৩০ + ৩০ + ৩৫ + ৪০ + ৪০ +
 ৫০ + ৬০ + ৬০ + ৬০ + ৬৫ + ৭০ + ৭০ + ৭৫ + ৭৫
 + ৮০ + ৮৫ + ৯০ + ৯০ + ৯৫ + ১২০ = ১৩২০

$$\therefore \text{উপাত্তসমূহের গড়} = \frac{\text{উপাত্তগুলোর সমষ্টি}}{\text{উপাত্তগুলোর মোট সংখ্যা}} = \frac{১৩২০}{২০}$$

= ৬৬

উত্তর : গড় ৬৬।

প্রশ্ন- ১০ অবিবিন্যস্ত উপাত্ত, বিন্যস্ত উপাত্ত, মধ্যক

৮০, ৮০, ৯০, ৩৬, ৮২, ৪০, ৯০, ৮২, ৯০, ৫০, ৪০, ৮০,
 ৩৬, ৪০, ৯০, ৯৪, ৯৬, ৯৬, ৯৮, ৩৮।

প্রশ্ন- ১১ গড়, মধ্যক, প্রচুরক

কুষ্টিয়া জিলা স্কুলের ৭ম শ্রেণির ১৮ জন ছাত্রীর ইংরেজি প্রাপ্ত নম্বর নিচে দেওয়া হলো :

৪৫, ৫০, ৪০, ৪২, ৪৮, ৫২, ৫৫, ৪৪, ৬০, ৬৫, ৫৫, ৫৫,
 ৪৪, ৭০, ৪০, ৬৬, ৬০, ৬৫।

- ক. নম্বরগুলো গড় নির্ণয় কর। ২
 খ. নম্বরগুলোর প্রচুরক নির্ণয় কর। ৪

- ক. অবিবিন্যস্ত উপাত্ত কী? ২
 খ. উপাত্তগুলোর মানের উর্ধ্বক্রম ও অধঃক্রম বিন্যস্ত কর। ৪
 গ. উপাত্তগুলোর মধ্যক কত? ৪

১০ নং প্রশ্নের সমাধান স্ব

ক. এলোমেলো বা অবিবিন্যস্তভাবে উপস্থাপিত উপাত্তসমূহকে অবিবিন্যস্ত উপাত্ত বলে।

খ. নিম্নে উপাত্তগুলো মানের উর্ধ্বক্রম অনুসারে বিন্যস্ত করা হলো :
 ৩৬, ৩৬, ৩৮, ৪০, ৪০, ৪০, ৫০, ৮০, ৮০, ৮০, ৮২,
 ৮২, ৯০, ৯০, ৯০, ৯০, ৯৪, ৯৬, ৯৬, ৯৮।

নিম্নে উপাত্তগুলো মানের অধঃক্রম অনুসারে বিন্যস্ত করা হলো :
 ৯৮, ৯৬, ৯৬, ৯৪, ৯০, ৯০, ৯০, ৯০, ৮২, ৮২, ৮০,
 ৮০, ৮০, ৫০, ৪০, ৪০, ৪০, ৩৮, ৩৬, ৩৬।

গ. এখানে, উপাত্তের সংখ্যা ২০, যা একটি জোড়সংখ্যা।

$$\therefore \text{মধ্যক} = \frac{\left(\frac{\text{উপাত্তের সংখ্যা}}{২}\right) \text{তম পদ} + \left(\frac{\text{উপাত্তের সংখ্যা}}{২} + ১\right) \text{তম পদ}}{২}$$

$$= \frac{\left(\frac{২০}{২}\right) \text{তম পদ} + \left(\frac{২০}{২} + ১\right) \text{তম পদ}}{২} = \frac{১০ \text{তম পদ} + ১১ \text{তম পদ}}{২} = \frac{৮০ + ৮২}{২} = ৮১$$

উত্তর : মধ্যক ৮১।

অনুশীলনের জন্য সৃজনশীল প্রশ্নব্যাংক (উত্তরসংকেতসহ)

প্রশ্ন- ১২ বিন্যস্ত উপাত্ত, মধ্যক, প্রচুরক

৬, ৮, ১৫, ১০, ৮, ১০, ১৭, ১৬, ১০, ৭, ১৬, ১৫, ৬, ১০,
 ১৭, ২০, ৭, ১৩ উপাত্তসমূহের মাধ্যমে নিচের প্রশ্নগুলোর উত্তর দাও :

- গ. নম্বরগুলোর মধ্যক নির্ণয় কর। ৪
 উত্তর : ক. ৫২; খ. ৫৫; গ. ৫১

- ক. উপাত্তগুলোর বিন্যস্ত কর। ২
 খ. উপাত্তগুলোর মধ্যক নির্ণয় কর। ৪
 গ. উপাত্তগুলোর প্রচুরক নির্ণয় কর। ৪
 উত্তর : খ. ১০; গ. ১০।

প্রশ্ন- ১৩ বিন্যস্ত উপাত্ত, গড়

তোমাদের শ্রেণির ২০ জন ছাত্রীর বাংলায় প্রাপ্ত নম্বর নিচে দেওয়া হলো—

৫০, ৪০, ৩০, ৩৫, ৪৫, ৬০, ৭০, ৭৫, ৮০, ৮৫, ৫৫, ৭৫, ৭০, ৭৩, ৬৮, ৬৬, ৭৭, ৮২, ৪৮, ৫৪।

- ক. উদ্দীপকের উপাত্তগুলো কী ধরনের এবং কেন? ২
 খ. উপাত্তগুলোকে সারণিভুক্ত কর। (মানের উর্ধ্বক্রমে সাজিয়ে) ৪
 গ. উপাত্তগুলোর গড় নির্ণয় কর। ৪

উত্তর : গ. ৬১.৯।

প্রশ্ন- ১৪ বিন্যস্ত উপাত্ত, প্রচুরক

কুমিল্লা মর্ডান স্কুলের ৬ষ্ঠ শ্রেণির ২০ জন ছাত্রের গণিতে প্রাপ্ত নম্বর হলো :

- ৩০, ৪০, ৩৫, ৫০, ৬০, ৭০, ৬৫, ৭৫, ৬০, ৭০, ৭৫, ৬০,
 ৩০, ৪০, ৮০, ৯০, ১০০, ৯৫, ৯০, ৮৫।
 ক. উপাত্তগুলোকে বিন্যস্ত কর। ২
 খ. উপাত্তগুলোকে মানের উর্ধ্বক্রম ও অধঃক্রম অনুসারে সাজাও। ৪

- গ. উপাত্তগুলোর প্রচুরক নির্ণয় কর। ৪

উত্তর : গ. ৬০।

প্রশ্ন- ১৫ বিন্যস্ত উপাত্ত, গড়

খুলনা পাবলিক কলেজের ৬ষ্ঠ শ্রেণির ২০ জন ছাত্রের গণিত বিষয়ের প্রাপ্ত নম্বর নিচে দেওয়া হলো :

৫১, ৭৫, ৬০, ৬১, ৮০, ৭৮, ৯০, ৭৫, ৮০, ৯২, ৮০, ৯০, ৯৫, ৯০, ৮৫, ৯০, ৭৮, ৭৫, ৯০, ৮৫।

- ক. উপাত্তগুলোকে মানের উর্ধ্বক্রম ও অধঃক্রম অনুসারে সাজাও। ২

- খ. প্রাপ্ত নম্বরের গড় নির্ণয় কর। ৪

- গ. বর্ণিত উপাত্তসমূহ সারণিভুক্ত কর। ৪

উত্তর : খ. ৮০।

সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

১. পরিসংখ্যানের উপাত্ত কয় ধরনের?
 ক ১ গ ৩ ঘ ৪
২. পরিসংখ্যান উপাত্ত কিসের মাধ্যমে প্রকাশ করা হয়?(মধ্যম)
 ক সংখ্যা খ তথ্য গ উপাত্ত ঘ বর্ণনা
৩. কোনো সংখ্যাবাচক তথ্যকে কী বলে?
 ক উপাত্ত গ পরিসংখ্যান
 গ মধ্যক ঘ প্রচুরক
৪. সংখ্যার মাধ্যমে প্রকাশিত তথ্যকে কী বলে? (সহজ)
 ক সংখ্যাতত্ত খ সাংখ্যিক তথ্য
 গ উপাত্ত ঘ সংখ্যাত্মক তথ্য
৫. নিচের কোনটি পরিসংখ্যান? (মধ্যম)
 ক তিনজন ছাত্রের প্রাপ্ত নম্বর ৮০, ৯০, ৯৫
 খ অলির বয়স ৫০ বছর

গ রনির উচ্চতা 7' 6"

ঘ রানার ওজন ৬০ কেজি

বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৬. নিচের তথ্যগুলো লক্ষ কর :
- i. দৈনিক পত্রিকা, রেডিও, টেলিভিশন ইত্যাদি হলো গণমাধ্যম
 ii. একটি সংখ্যা দ্বারা প্রকাশিত উপাত্ত পরিসংখ্যান নয়
 iii. পরিসংখ্যান হলো সংখ্যাভিত্তিক তথ্য
- নিচের কোনটি সঠিক? (সহজ)
- ক i ও ii খ i ও iii
 গ ii ও iii ঘ i, ii ও iii
৭. ক্লাস পরীক্ষায় নিলু বিভিন্ন বিষয়ে ৪৮, ৩৮, ৪৯, ৫০ নম্বরগুলো পেল। এগুলো হলো— (সহজ)
- i. পরিসংখ্যান

ii. সংখ্যাভিত্তিক তথ্য

iii. পরিসংখ্যানের উপাত্ত

নিচের কোনটি সঠিক? (সহজ)

- ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ● i, ii ও iii

সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৮. এলোমেলোভাবে উপস্থাপিত তথ্যকে কী বলে?

- ক) পরিসংখ্যান খ) উপাত্ত
● অবিন্যস্ত উপাত্ত ঘ) বিন্যস্ত উপাত্ত

৯. N ট্যালির সংখ্যা মান কত? (সহজ)

- ক) ৪ ● ৫ গ) ৬ ঘ) ৭

১০. ২০ – ২৯ এর শ্রেণি ব্যবধান কত? [কুমিল্লা জিলা স্কুল]

- ক) ৫ খ) ৯ ● ১০ ঘ) ১১

১১. কোনটি মানের উর্ধ্বক্রমে বিন্যস্ত?

- ক) ২৫, ৩০, ৩৮, ৩৭, ৩৫
খ) ৩৮, ৩৭, ৩৫, ৩০, ২৫
গ) ৩৫, ৩০, ২৫, ৩৮, ৩৭
● ২৫, ৩০, ৩৫, ৩৭, ৩৮

১২. 66, 70, 52, 33, 72, 50, 45, 42, 67, 77, 39

উপাত্তগুলো কোন ধরনের?

- ক) বিন্যস্ত ● অবিন্যস্ত
গ) উর্ধ্বক্রমে সাজানো ঘ) অধঃক্রমে সাজানো

১৩. ১০ জন শিক্ষার্থীর ওজন (কেজিতে) ২৫, ২৮, ৩০, ৩১, ৩২, ৩৩, ৩৪, ৩৭, ৩৮, ৪২ উপাত্তগুলো কীভাবে সাজানো?

(মধ্যম)

- মানের উর্ধ্বক্রমে খ) মানের অধঃক্রমে
গ) এলোমেলোভাবে ঘ) চাহিদা অনুসারে

১৪. ২, ৮, ৩, ৭, ১ নম্বরসমূহকে মানের অধঃক্রমে সাজালে কোনটি হবে?

(কঠিন)

- ক) ১, ২, ৩, ৭, ৮ খ) ১, ২, ৭, ৩
● ৮, ৭, ৩, ২, ১ ঘ) ৮, ৭, ১, ২

বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

১৫. ১০ জন শিক্ষার্থীর ওজন (কেজিতে) ২৮, ৩০, ৩১, ৩১, ৩৪, ৩৪, ৩৪, ৩৬, ৩৮, ৪০। প্রদত্ত উপাত্তসমূহ—

i. বিন্যস্ত

ii. মানের অধঃক্রমে সাজানো

iii. মানের উর্ধ্বক্রমে সাজানো

নিচের কোনটি সঠিক? (মধ্যম)

- ক) i ও ii ● i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

১৬. উপাত্তসমূহের সমষ্টিতে উপাত্তসমূহের সংখ্যা দিয়ে ভাগ করলে কী পাওয়া যায়?

- ক) প্রচুরক খ) গড় সমাধান
গ) মধ্যক ● গাণিতিক গড়

১৭. পাঁচটি ক্রমিক সংখ্যা যথাক্রমে ৬১, ৬২, ৬৩, ৬৪, ৬৫ সংখ্যাগুলোর গড় কত?

- ক) ৬২ ● ৬৩ গ) ৬৪ ঘ) ৬৫

১৮. সংগৃহীত উপাত্তসমূহের সমষ্টিতে উপাত্তসমূহের সংখ্যা দিয়ে ভাগ করলে কী পাওয়া যাবে? (সহজ)

- ক) প্রচুরক গ) মধ্যক
গ) গড় সমাধান ● গড়

১৯. গড় বের করার সূত্র নিচের কোনটি? (সহজ)

ক) $গড় = \frac{\text{উপাত্তসমূহের সংখ্যা}}{\text{উপাত্ত সমূহের সমষ্টি}}$

● $গড় = \frac{\text{উপাত্তসমূহের সমষ্টি}}{\text{উপাত্তসমূহের সংখ্যা}}$

গ) $গড় = \frac{\text{প্রথম উপাত্ত} + \text{শেষ উপাত্ত}}{\text{উপাত্তসমূহের সংখ্যা}}$

ঘ) $গড় = \frac{\text{উপাত্তসমূহের সমষ্টি}}{\text{শেষ উপাত্ত}}$

২০. ১ থেকে ১০ পর্যন্ত বিজোড় সংখ্যার গড় নিচের কোনটি? (মধ্যম)

- ক) ৩ ● ৫ গ) ৬ ঘ) ৮

২১. ১ থেকে ১১ সংখ্যাগুলোর গড় কত? (মধ্যম)

- ৬ খ) ৫.৫ গ) ৫ ঘ) ৪.৫

২২. ৬, ১০, ১২, ১৫, ৯ সংখ্যাগুলোর গড় কত? (মধ্যম)

- ক) ৯.৪ খ) ১০ ● ১০.৪ ঘ) ১২

২৩. সুমি পরপর ৬ দিন ৭ ঘণ্টা, ৫ ঘণ্টা, ৫ ঘণ্টা, ৩ ঘণ্টা, ৪ ঘণ্টা ও ৬ ঘণ্টা পড়ে। প্রতিদিন সে গড়ে কত ঘণ্টা পড়ে?
(কঠিন)

কি ৩ খি ৪ ● ৫ ঘি ৬

২৪. ২৫ নম্বরের প্রতিযোগিতামূলক পরীক্ষার ৫ জনের প্রাপ্ত নম্বর দেওয়া হলো, ১৬, ২০, ২৪, ১৪, ১৬ তাদের গড় নম্বর কত?
(মধ্যম)

কি ১৪ খি ১৬ ● ১৮ ঘি ২৪

২৫. ৫, ৪, ৬, ৩, ৭ এর গড় কত?

কি ৭ খি ৬ ● ৫ ঘি ৪

বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

২৬. নিচের তথ্যগুলো লক্ষ কর :

i. গাণিতিক গড় = উপাত্তসমূহের সমষ্টি ÷ উপাত্তসমূহের সংখ্যা

ii. ১ থেকে ১০ পর্যন্ত জোড় সংখ্যাগুলোর গড় = ৫.৫

iii. ১০টি বইয়ের মূল্য ১২০০ টাকা হলে, প্রতিটি বইয়ের গড় মূল্য ১২০ টাকা।

নিচের কোনটি সঠিক? (সহজ)

কি i ও ii ● i ও iii গি ii ও iii ঘি i, ii ও iii

অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

নিচের তথ্যের আলোকে ২৭-২৯ নং প্রশ্নের উত্তর দাও:

২৫. নম্বরের প্রতিযোগিতামূলক গণিত পরীক্ষায় ১০ জনের প্রাপ্ত নম্বর ২০, ১৬, ২৪, ১৬, ১৫, ১৬, ২০, ১৬, ১৫, ১২।

২৭. প্রথম পাঁচ জনের প্রাপ্ত নম্বরের গড় কত? (মধ্যম)

কি ১৭.২ ● ১৮.২ গি ১৮ ঘি ১৭.৮

২৮. শেষ পাঁচ জনের প্রাপ্ত নম্বরের গড় কত? (মধ্যম)

● ১৫.৮ খি ১৪.৫ গি ১৩.৫ ঘি ১২.৬

২৯. প্রতিযোগীদের প্রাপ্ত নম্বরের গড় কত? (কঠিন)

কি ১৫ খি ১৬ ● ১৭ ঘি ১৮

সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৩০. কোনটি বিন্যস্ত উপাত্তকে সমান দুই ভাগে ভাগ করে?

● মধ্যক খি গাণিতিক গড়

গি প্রচুরক ঘি আদর্শ মান

৩১. উপাত্তের সংখ্যা যদি জোড় হয় তবে মধ্যক কী হবে?

● মধ্যপদদ্বয়ের গড় খি মধ্য পদ

গি শেষ পদদ্বয়ের গড় ঘি প্রথম পদদ্বয়ের গড়

৩২. উপাত্তের সংখ্যা যদি বিজোড় হয় তবে মধ্যক কী হবে?

কি প্রথম পদ ● মধ্যম পদ

গি শেষ পদ ঘি প্রথম পদ ও শেষ পদ

৩৩. ১০, ৯, ১২, ৬, ১৫, ৭, ৮, ১৪, ১৩ সংখ্যাগুলোর মধ্যক কত?
(মধ্যম)

কি ৯ ● ১০ গি ১৩ ঘি ১৫

৩৪. সংগৃহীত উপাত্তের মধ্যম মান হলো— (সহজ)

কি গড় ● মধ্যক গি প্রচুরক ঘি শ্রেণি ব্যবধান

৩৫. উপাত্তের সংখ্যা n বিজোড় হলে মধ্যক নির্ণয়ের সূত্র কোনটি?
(সহজ)

● মধ্যক = $\frac{n+1}{2}$ তম পদ

খি মধ্যক = $\frac{n-1}{2}$ তম পদ

গি মধ্যক = $\frac{n}{2} + 1$ ঘি $\frac{n}{2} - 1$

৩৬. ৪, ৬, ৭, ৯, ১২ সংখ্যাগুলোর মধ্যে মধ্যক কোনটি?

কি ১২ খি ৯ ● ৭ ঘি ৬

৩৭. উপাত্তের সংখ্যা জোড় হলে মধ্যক নির্ণয়ের সূত্র নিচের কোনটি?

$$\text{মধ্যক} = \frac{\text{মধ্যপদ দুইটির বিয়োগফল}}{2}$$

● মধ্যক = $\frac{\text{মধ্যপদ দুইটির যোগফল}}{2}$

গি মধ্যক = $\frac{\text{মধ্যপদ দুইটির গুণফল}}{2}$

ঘি মধ্যক = $\frac{\text{মধ্যপদ দুইটির ভাগফল}}{2}$

৩৮. ৭, ১২, ১৪, ১৭, ২৫ সংখ্যাগুলোর মধ্যক কত? (সহজ)

কি ৭ খি ১৩ ● ১৪ ঘি ২৫

৩৯. ১৪, ১৬, ১৮, ২০, ২২, ২৪ সংখ্যাগুলোর মধ্যক কত? (মধ্যম)

কি ১৮ ● ১৯ গি ২০ ঘি ২৪

৪০. ১ থেকে ১০ এর মধ্যে জোড় সংখ্যাগুলোর মধ্যক কত? (মধ্যম)

কি ৮ ● ৬ গি ৪ ঘি ২

৪১. ৫ জন ছাত্রের প্রাপ্ত নম্বর হলো, ৪০, ৪০, ৫০, ৯০, ১০০ মধ্যক কোনটি?

(মধ্যম)

কি ৪০ খি ৪৫ ● ৫০ ঘি ৯০

৪২. ৫, ৬, ৭, ৮, ১০, ১১, ১৩, ১৬ সংখ্যাগুলোর মধ্যক কী হবে?

কি ৮ ● ৯ গি ১০ ঘি ১১

৪৩. ৮, ৯, ১০, ১২, ১৪, ১৬ সংখ্যাগুলোর কোনটি মধ্যক?

কি ৯ ● ১১ গি ১৪ ঘি ১৬

৪৪. ৪, ৫, ৬, ৭, ৮, ১০, ১১, ১২, ১৩, ১৪ সংখ্যাগুলোর মধ্যক কত?

কি ৮ ● ৯ গি ১০ ঘি ১১

৪৫. ৮, ৬, ১৫, ১১, ১২, ১০, ৭ সংখ্যাগুলোর মধ্যক কত?

কি ৭ ● ১০ গি ১১ ঘি ১৩

বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৪৬. নিচের তথ্যগুলো লক্ষ কর:

i. মধ্যক = $\frac{\text{সংখ্যাগুলোর সংখ্যা} + ১}{২}$ যদি উপাত্তের সংখ্যা জোড় হয়

হয়

ii. ৪, ৫, ৬, ৭, ৮ এর মধ্যক ৬

iii. ২, ৩, ৪, ৬, ৫, ৭ এর মধ্যক ৪.৫

নিচের কোনটি সঠিক?

(মধ্যম)

কি i ও ii খি i ও iii ● ii ও iii ঘি i, ii ও iii

৪৭. নিচের তথ্যগুলো লক্ষ কর :

(সহজ)

i. মধ্যক হলো সংগৃহীত উপাত্তের মধ্যম মান

ii. কেবল জোড় সংখ্যক উপাত্তের মধ্যক নির্ণয় করা যায়

iii. মধ্যক নির্ণয় করতে হলে, উপাত্তের সংখ্যাগুলোকে মানের ক্রমানুসারে সাজাতে হয়

নিচের কোনটি সঠিক?

কি i ও ii ● i ও iii গি ii ও iii ঘি i, ii ও iii

অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

নিচের তথ্যের আলোকে ৪৮ ও ৪৯ নং প্রশ্নের উত্তর দাও :

৯, ৮, ৬, ৭, ১৩, ১৫, ১২, ১৪, ১০ কয়েকটি সংখ্যা।

৪৮. উপরিউক্ত উপাত্তের মধ্যক কত?

কি ৮ খি ৯ ● ১০ ঘি ১১

৪৯. উপরিউক্ত উপাত্তের গড় কত?

কি ৮ খি ৯.৫ ● ১০.৪৪ ঘি ১১.৫

নিচের তথ্যের আলোকে ৫০ – ৫২ নং প্রশ্নের উত্তর দাও :

কোনো ক্লাসের গণিত বিষয়ের ১০ জন ছাত্রের গণিত বিষয়ের প্রাপ্ত নম্বর নিম্নরূপ : ৯০, ৮০, ৮০, ৯২, ৯০, ৮০, ৮২, ৮২, ৮৮, ৮০।

৫০. উপরের তথ্যগুলো কী?

কি সংখ্যা রাশি খি পাটিগণিত

গি জ্যামিতি ● পরিসংখ্যান

৫১. মধ্যক কত?

কি ৮০ খি ৯০ গি ৮১.৫ ● ৮২

৫২. প্রচুরক কত?

কি ৯০ ● ৮০ গি ৮২ ঘি কোনোটিই নয়

সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৫৩. ৫, ৯, ৮, ৭, ১৫, ১০, ৮ সংখ্যাগুলোর প্রচুরক কত?

কি ৭ ● ৮ গি ১৫ ঘি .৫

৫৪. উপাত্তের ক্ষেত্রে প্রচুরক হবে কোনটি?

কি সর্বনিম্ন সংখ্যা খি সর্বাপেক্ষা বড় সংখ্যা

গি মধ্যের সংখ্যা ● সর্বাধিক সংখ্যা

৫৫. ৬০, ৬১, ৬২, ৬২, ৬৩, ৬৪, ৬৫ উপাত্তগুলোর প্রচুরক কত?

(মধ্যম)

কি ৬০ ● ৬২ গি ৬৩ ঘি ৬৫

ব্যাখ্যা : উপাত্তগুলোর মধ্যে ৬২ সবচেয়ে বেশি ২ বার আছে। তাই প্রচুরক ৬২।

৫৬. ৮, ৬, ১৭, ১১, ৮, ৭, ১০, ৮, ১৩ সংখ্যাগুলোর মধ্যে কোনটি প্রচুরক?

(মধ্যম)

● ৮ খি ১০ গি ১১ ঘি ১৭

৫৭. ৬, ৪, ৭, ৯, ৮, ১২, ৯, ১২, ১০, ১৪, ১৬ সংখ্যাগুলোর প্রচুরক কোনটি?

(মধ্যম)

কি ৮ খি ১০ ● ৯ ও ১২ ঘি ১৪

৫৮. ৮০, ৮৫, ৯০, ৯৫, ৮৭, ৯৫, ৯২, ৯৫, ১০০ সংখ্যাগুলোর প্রচুরক কত?

কি ৮৫ খি ৯০ ● ৯৫ ঘি ১০০

৫৯. ৮, ১২, ১১, ১২, ১৪, ১৮ সংখ্যাগুলোর মধ্যে কোনটি প্রচুরক?

(মধ্যম)

কি ৮ খি ১১ ● ১২ ঘি ১৮

বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৬০. i. প্রচুরক একাধিক হতে পারে
ii. পরিসংখ্যান হলো সংখ্যাভিত্তিক তথ্য
iii. ৬, ৮, ১১, ১৩, ১২, ১৫ এর গড় এবং মধ্যক একই
নিচের কোনটি সঠিক?
● i ও ii খি i ও iii গি ii ও iii ঘি i, ii ও iii

৬১. i. উপাত্তে যে সংখ্যা সর্বাধিক বার থাকে তা প্রচুরক
ii. প্রচুরক একাধিক হতে পারে
iii. মধ্যক এর মানই প্রচুরক
নিচের কোনটি সঠিক? (সহজ)
● i ও ii খি i ও iii গি ii ও iii ঘি i, ii ও iii

৬২. ৬, ১২, ২২, ৩০, ৩৬, ২২, ২৬ উপাত্তসমূহের –
i. প্রচুরক হলো ২২ ii. মধ্যক হলো ২৪
iii. গড়, মধ্যক ও প্রচুরক সমান
নিচের কোনটি সঠিক? (মধ্যম)
কি i ও ii ● i ও iii গি ii ও iii ঘি i, ii ও iii

অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

নিচের উপাত্তগুলোর ভিত্তিতে ৬৩ – ৬৫ নং প্রশ্নের উত্তর দাও :
৭, ৯, ৫, ১০, ৯

৬৩. উপাত্তসমূহের প্রচুরক কত?
কি ৭ খি ৮ ● ৯ ঘি ১৭
৬৪. উপাত্তসমূহের মধ্যক কত?
কি ৭ খি ৮ ● ৯ ঘি ১৭
৬৫. উপাত্তসমূহের গড় কত?
কি ৭ ● ৮ গি ৯ ঘি ১৭

সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৬৬. রেখাচিত্রে অনুপস্থিত ঘর আছে বুঝাতে কোন চিহ্ন ব্যবহার করা হয়?
(সহজ)
কি ডট চিহ্ন খি হালকা লাইন
● ভাঙা চিহ্ন ঘি গাড়া লাইন
৬৭. কোন মাধ্যমে ক্রিকেট খেলার প্রতি ওভারে রান সহজ উপায়ে
উপস্থাপন করতে দেখা যায়? (সহজ)
কি পাই চিত্র খি বহুভুজ ● স্তম্ভলেখ ঘি পরিসর

সবগুলো অধ্যায়ের সমাধান

২০২৫ শিক্ষাবর্ষ

ষষ্ঠ-গণিত

জীবে দয়া করো।

তথ্য, সেবা ও সামাজিক সমস্যা প্রতিকারের জন্য '৩৩৩' কলসেন্টারে ফোন করুন।

নারী ও শিশু নির্যাতনের ঘটনা ঘটলে প্রতিকার ও প্রতিরোধের জন্য ন্যাশনাল হেল্পলাইন সেন্টারের
১০৯ নম্বর-এ (টোল ফ্রি, ২৪ ঘণ্টা সার্ভিস) ফোন করুন।

রাইসুল ইসলাম শ্রদ্ধয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক বিনামূল্যে বিতরণের জন্য।